Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

2/265 36
LIBRARY
No. 11/142
Shri Shr...

ওঁ

বনফুল সাধন গীতিমালিকা

শ্রীশ্রী মৎ সানন্দ ব্রহ্মচারী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বনফুল সাধন গীতিমালিকা

LIBRARY
No.......... 11/14
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

শ্রীশ্রীমৎ সানন্দ ব্রহ্মচারী মহারাজ

কর্ত্তৃক বিরচিত।

স্বনাম ধন্য সাহিত্যিক

শ্রীঅচিন্ত্যকুমার সেনগুপ্ত

লিখিত ভূমিকা সম্বলিত।

প্রথম সংস্করণ প্রকাশিত মাঘীপূর্ণিমা ২২শে মাঘ সন ১৩৭২ সাল

(ইং ৫ই ফেব্রুয়ারী ১৯৬৬)

ভজনরসের রসিক স্বামী অমরানন্দজী
যিনি সুমধুর ভাবপূর্ণ ভজন গাইয়ে সকলকে
আনন্দের আস্বাদন করাচ্ছেন সেই আনন্দময়
সাধকের করকমলে এই প্রাণমাতানো "সাধন
গীতিমালিকা" যাহাতে পরমানন্দের সন্ধান প্রকাশ
পাচ্ছে সমর্পণ করে আমি ধন্য হলাম।

শ্রীগুরুসেবক সঙ্ঘ

২৪।৭, গরচা ফার্ষ্ট লেন, কলিকাতা-১৯

ভাগবতাচার্য্য চৈতন্য নাথ
ভট্টাচার্য্য, কাশী।
বসন্তপঞ্চমী, ২৩শে মাঘ
/ ১৩৭২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক :
শ্রীগুরুসেবক সঙ্ঘ
২৪।৭, গরচা ফার্ষ্ট লেন, বালীগঞ্জ,
কলিকাতা-১৯

প্রকাশক শ্রীগুরুসেবক সঙ্ঘ কর্ত্তৃক সর্ব্বস্বত্ব সংরক্ষিত।

প্রাপ্তিস্থান ঃ—

১। মহেশ লাইব্রেরী
২।১, শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা-১২

২। শ্রীগুরুসেবক সঙ্ঘ
২৪।৭, গরচা ফার্ষ্ট লেন, কলিকাতা-১৯

এবং

৩। শান্তিধাম আশ্রম
পোঃ এবং গ্রাম রাজপুর
(ভায়া সোনারপুর)
জিলা ২৪ পরগণা

উপহার সংখ্যা
মুল্য—প্রেম ও ভক্তিসহ ২.৫০ পঃ মাত্র।

মুদ্রাকর :
শ্রীঅমরেন্দ্র নাথ মুখোপাধ্যায়
এম্. আই. প্রেস
৩০, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.........11.|142
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

ভূমিকা

'কবিতো নহি গো আমি, নহি তো গায়ক'—কোনো আয়োজন নেই, আড়ম্বর নেই, বিন্যাস পারিপাট্য নেই,—শুধু একটি আন্তরিকতার পবিত্র প্রবাহ স্বতোৎসারিত হ'য়ে কবিতার আকারে, গানের আকারে পরম গায়ক ভগবানের দিকে এগিয়ে চলেছে। আর্ত্ত-প্রাণের আকূতি ও ব্যাকুল প্রাণের প্রার্থনা তাঁকে পৌঁছে দেবার জন্যই তো যত কাব্য, আর গান। তিনি তো গানের ঝর্‌না তলায়ই স্নান করতে আসেন, পথের ধারে গানের আসনখানি পাতলেই তো তিনি বসে' পড়েন নিঃশব্দে, গানের টানে মেঘলা-দিনের বাদল অন্ধকারেও আনন্দের আলোটি জ্বেলে দেখা দেন। গানের মত সিঁড়ি নেই উপরে ওঠবার, গানের মত দড়ি নেই তাঁকে টেনে নামাবার। তাই আমাদের সমস্ত সাধকই 'গানানন্দ'। মদ্ভক্তাঃ যত্র গায়ন্তি তত্র তিষ্ঠামি নারদ !

লেখক কোন্ শ্রেণীর সাধক জানি না, আলাপ-পরিচয় নেই, শুধু তাঁর লেখা একরাশ গান হাতে এসে পড়েছে। যেন এক থালা প্রসাদী ফুল। শুধু প্রাণ ঢালা ভক্তি, প্রশ্ন-না-রাখা শরণাগতি। নিঃশেষ অর্পণ। ভগবান পত্রপুষ্প চান না, চান শুধু অনুরাগের চন্দন। তেমনি বাক্য, কাব্য পদ-সম্পদ চান না, চান শুধু একটি আন্তরিকতার সুর। সেই সুরেই এই গানগুলি অনুস্যূত।

লেখক কথনো বলছেন, 'আমি তোমার হাতের পুতুল, যেমন নাচাও তেমনি নাচি', কখনো কাঁদছেন, 'পথ দেখাও প্রিয় ! দারুণ দুর্যোগ আঁধার রাতে'। কখনো অভিমান করছেন, 'কে বলে দুর্ব্বলের বল হরি দয়াময় !' কখনো বা ভয় করছেন, 'খঞ্জ চরণ, অন্ধ নয়ন, ভগ্নহৃদয় ভিখারী'! কখনো বা তৃপ্তিতে তন্ময় হয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছেন, 'দুখের সাগর মথিয়া আজিকে পেয়েছি অমিয় তোমারে,' আবার কখনো বা বিবৃদ্ধ তৃষ্ণা—, (আমার) এ তৃষাতো কভু মিটিবে না,—যুগে যুগান্তরে, লোকে লোকান্তরে তোমারে পাবার বাসনা'। কখনো অনুতাপ, 'কেন রে মন-পাখী, সংসার পিঞ্জরে থাকি, ভুলে আছ কিবা সুখে বিমুক্ত সে, বনশাখী' আবার কখনো অন্বেষণ, 'শ্রাবণ ধারা দুকূল হারা, আশাতটিনী বহিয়া যায়, খর-পবন গরজে ঘন, নীল রতন তোর কোথায় !' আবার কখনো আত্ম-নিবেদনে বিভোর হয়ে গাইছেন,

"আমার নিবেদিত প্রাণ চরণে,
অনাদি অনন্ত জীবনে।"

আবার কখনো বা নিজ হৃদয়খানিকে তপোবনে পরিণত করে বলছেন, 'আমার হৃদয় তপোবনে! সমাহিত মন, বিভুপদ লীন, বসি নিশিদিন নিরজনে'। অদ্বৈত ভাবের ভাবুক লেখক কখনো আকুল প্রাণে বলছেন, 'তুমি হবো, বঁধু! আমি এবার।

বুঝিবে তখন তুমি ব্যথা আমার।'

সর্ব্বোপরি সাক্ষাৎকার—,

'আজ আস্‌বে রে তোর রাজা
কুঁড়েখানি ধুয়ে মুছে ভালো ক'রে সাজা!
একটি ফুলে গাঁথবি মালা, কাজকি ফুলের বোঝা!

এই গীতিমালিকা একটিমাত্র ফুলে গাঁথা, আর সে ফুলটির নাম ভক্তি। শুদ্ধ ভক্ত কী করে? নিরন্তর বাক্য দ্বারা স্তব করে, মন দ্বারা স্মরণ করে, শরীর দ্বারা প্রণাম করে। এ গীতগ্রন্থে সেই স্তব, সেই স্মরণ, সেই প্রণাম ওতঃপ্রোত। সেই স্বভাবের ধন, সেই অর্জ্জন ছাড়াই মূলধন, ভক্তি দিয়েই বিনিদামে কিনে নেওয়া যায় ভগবানকে। এই গ্রন্থে সেই অচেষ্ট অমল অহেতুক ভক্তির সুধাস্রোত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৎসাধকের বাঁচার ইচ্ছা কেন ? কেন তার দেহটি রক্ষার চেষ্টা ? মৃত্যুর ভয়ে নয়, দেহসুখের উপভোগের জন্য নয়, শুধু ভজন লোভে। যত বেশী বাঁচা যাবে, ততই বেশী উপাসনা করা যাবে। শুধু উপাসনার জন্যই জীবন বাসনা। শুধু নামময়, প্রেমময় হবার জন্যে।

নাম আর প্রেম, প্রেম আর নাম। ভক্তি আর সর্ব্ব সমর্পণ। এই গীতিমালিকা পড়লে মনে হবে আরো কটা দিন বাঁচি, আরো কিছু উপাসনা করে যাই।

ইং ১৮ই ডিসেম্বর ১৯৬৫ সাল।
বাং ২রা পৌষ—সন ১৩৭২ সাল
৫, শ্যামানন্দ রোড, কলিকাতা-২৫

অচিন্ত্যকুমার সেনগুপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No.............
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

উৎসর্গ

তোমারি বনফুলে তোমারে সাজাব বলে
আনিয়াছি আঁচল ভরিয়া।
অমি চির বনবাসী, অফুট মলিন ভাষী
কেমনে গাঁথিব ফুল মালা !!
চামেলী মল্লিকা বেল, সৌরভে করে আকুল,
ক্ষুধিত মানব মনোহরা,
তার মাঝে বনফুল, জানি তো শোভে না ভাল,
জ্যোছনাতে জোনাকীর মালা ;
তথাপি অবোধ মন না শুনে মম বারণ
সাজাইতে ফুলসাজে আশা,
তোমারি চরণ গুণে, যা দিব শোভিবে জেনে,
করিয়াছি এমত দুরাশা ॥

শ্রীগুরুদেবের প্রার্থনা মত আমার এই 'বনফুল' গীতিমালিকা তাঁরই শ্রীপাদ পদ্মে ভক্তির সহিত অঞ্জলী দিলাম।

শ্রীচরণের দাস,
শ্রীসানন্দ ব্রহ্মচারী।
২১শে ফাল্গুন
শনিবার
সন ১৩৫৫ সাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীগুরুসেবক সঙ্ঘের সংক্ষিপ্ত পরিচয় ঃ

(ক) সঙ্ঘপতি ঃ ভাগবদাচার্য শ্রীবৈদ্যনাথ শাস্ত্রী, বি ৫।২৯৩ প্রমথনাথ তর্কভূষণ মার্গ, আউধ ঘরবী, বারাণসী।

(খ) সহঃসভাপতি ঃ শ্রীঅতুলচন্দ্র আচার্য্য, বি. এ. কাব্যতীর্থ, গ্রাম ছোট পলাশী, পোঃ যশপুর, জিলা মেদিনীপুর।

(গ) হিসাব পরীক্ষক ঃ শ্রীদ্বিজেন্দ্রনাথ মল্লিক, বি. এল. উকিল কাঁথি, জিলা মেদিনীপুর, বর্ত্তমান ঠিকানা—পি, ১২, ব্লক সি, বাঙুর এভেনিউ, কলিকাতা-২৮

(ঘ) কোষাধ্যক্ষ ঃ শ্রীঅভয়পদ বন্দ্যোপাধ্যায়, সওদাগর, ৫।এ, জাষ্টিস্ চন্দ্রমাধব রোড, কলিকাতা-২০

(ঙ) সম্পাদক ঃ শ্রীগৌরীশঙ্কর চট্টোপাধ্যায়, এম. এ. বি. এল, অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ, 'পঞ্চবটী' ২৪।৭ নং গরচা ফাষ্ট´ লেন, কলিকাতা-১৯

(চ) যুগ্ম সম্পাদক ঃ শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়, অবসরপ্রাপ্ত রেলওয়ে ইঞ্জিনিয়ার, ১৩।কে, বালীগঞ্জ প্লেস, ঈষ্ট, কলিকাতা-১৯

কার্য্যকরী সমিতির সদস্যগণ ঃ—

উপরোক্ত ছয়জন এবং

শ্রীগুরুপদ বন্দ্যোপাধ্যায়,
২৮।বি, প্রিয়নাথ মল্লিক রোড, কলিকাতা-২৬

শ্রীসচ্চিদানন্দ মুখোপাধ্যায়,
সাং মহেশতলা, জিলা ২৪-পরগণা।

সঙ্ঘের কার্য্যালয় ঃ—

'পঞ্চবটী' ২৪।৭, গরচা ফাষ্ট´ লেন, কলিকাতা-১৯।

বিশেষ দ্রষ্টব্য ঃ—প্রত্যেক শিষ্য শিষ্যাই সাধারণ সমিতির সদস্য হইতে পারেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরমহংস শ্রীশ্রীমৎ ১০৮ প্রণবানন্দ গিরি মহারাজ

আবির্ভাব—
সন ১২৫০ সাল

তিরোভাব—
২৫শে কার্ত্তিক
সন ১৩২৫ সাল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরমহংস শ্রীশ্রীমৎ ১০৮ স্বামী প্রণবানন্দ গিরি মহারাজের সংক্ষিপ্ত জীবনী ঃ—

পুণ্যভূমি ভারত ভূমির সাধনাকাশ অসংখ্য উজ্জ্বল জ্যোতিষ্ক মণ্ডলীতে পরিপূর্ণ। উক্ত পরমহংস গিরি মহারাজ তাহার অন্যতম। তাঁহার পবিত্র এবং অদ্ভূত জীবনী সংক্ষেপে বলিতে যাওয়া বাতুলতা মাত্র। তথাপি এই প্রয়াস করিতে হইতেছে, কারণ মহাপুরুষের পূত চরিত্র সংক্ষেপেই হউক আর বিশদই হউক সমান ভাবেই পাঠকের চিত্তে পবিত্র জাহ্নবীর তরঙ্গ মালা বহাইয়া দেয়।

বঙ্গাব্দ—আন্দাজ সন ১২৫০ সালে হুগলী জেলার অন্তর্গত গুপ্তিপাড়ার নিকটস্থ সাতগাছিয়া (ওঃ সাতগেছে) গ্রামে সম্ভ্রান্ত ও শ্রীমন্ত ব্রাহ্মণ বংশে এই সাধক চূড়ামণি জন্ম গ্রহণ করেন। তিনি ৺গিরীশ চন্দ্র মুখোপাধ্যায়ের একমাত্র পুত্র; পূর্ব্বাশ্রমের নাম শ্রীনীলমাধব মুখোপাধ্যায়। উক্ত গুপ্তিপাড়া গ্রামে তাঁহার মাতুলালয় ছিল। বাল্যকাল হইতেই তাঁহার চরিত্রের দৃঢ়তা বুদ্ধিমত্বা, সত্যনিষ্ঠা, ঔদার্য্য, পরোপকারবৃত্তি, ইত্যাদি সদগুণরাজি সকলের চিত্তাকর্ষণ করিয়া, সকলের নিকট তাঁহাকে প্রিয়পাত্র করিয়া তুলিয়াছিল। তাঁহার অধ্যাত্ম রস-লিপ্সা বাল্যকাল হইতেই পরিস্ফুট হয়, এবং উপনয়নের পর হইতেই বিশেষ নিষ্ঠা সহকারে দেবদেবীগণের পূজার্চ্চনা করিতে থাকেন। ইংরাজী লেখাপড়াও কিছুদূর করিয়াছিলেন, এবং তৎসহ বাংলা ও সংস্কৃত সাহিত্যও অধ্যয়ন করেন। প্রথম যৌবনে সঙ্গীত চর্চ্চায় বিশেষ মনোনিবেশ করেন ও সুগায়ক বলিয়া পরিচিত হন। বিখ্যাত যাত্রা পার্টির মালিক ৺মতিলাল রায় নবদ্বীপধাম হইতে আসিয়া—তাঁহার সখের যাত্রাদলে যোগদান করিয়া প্রথম জীবন অতিবাহিত করেন এবং পরে ভক্তিমূলক যাত্রাগান করিয়া সমগ্র-দেশে যশোলাভ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বামীজীর জন্মদাতা পিতা কলিকাতার দক্ষিণে কুঁদঘাটে তৎকালীন পুলিশের দারোগা ছিলেন। নীলমাধব ও তাঁহার ছোট এক ভগিনী শবাসনা দেশেই অবস্থান করিতেন। এই ভগিনীর জন্মের অল্পকাল পরেই তাঁহার জননী ইহলোক পরিত্যাগ করেন। নীলমাধব এই ভগিনীর প্রতি অত্যন্ত স্নেহ পরায়ণ ছিলেন। তাঁহার পিতা ও আর দ্বিতীয়বার দার পরিগ্রহ করেন নাই। প্রথম যৌবনে একবার তাঁহার দেহে রোগ সঞ্চার হইয়া দীর্ঘদিন কষ্ট দেয়। পরে আরোগ্য লাভ করিলেও তাঁহাকে বিশ্রাম ও নিজ মনোরঞ্জনকারী কার্যাবলীতে লিপ্ত থাকিতে দেওয়া হয়।

প্রায় ২০ বৎসর বয়সের সময় তাঁহার মাতৃবিয়োগ ঘটিলে সংসারে নানারূপ অশান্তি ও অসুবিধা দেখা দেয়। কিন্তু তিনি নির্বিকার চিত্তে গানবাজনা ও যাত্রাভিনয় ইত্যাদিতে কালক্ষেপ করায় এবং যদৃচ্ছ অর্থব্যয় করায় তাঁহার পিতৃদেব একদিন অসন্তোষ প্রকাশ করিলে, ২২ বৎসর বয়সে তিনি নিজের পায়ে দাঁড়াইবার উদ্দেশ্যে কাহাকেও কিছু না বলিয়া—গৃহত্যাগ করেন এবং ৺কাশীধাম ও অন্যান্য বহুতীর্থ পর্যটন করিয়া 'তীরহুতে' আগমন করিয়া তথাকার ষ্টেট রেলে একটি চাকুরী গ্রহণ করেন। তথায় টেলিগ্রাফের কাজ শিখিয়া টেলিগ্রাফ যন্ত্রের নির্মাণ কৌশল শিক্ষা করিয়া উপরিওয়ালা সাহেবের বিশেষ প্রিয়পাত্র হয়েন। ক্রমে তিনি 'সমস্তিপুর' রেলওয়ে ষ্টেশনের—ষ্টেশন মাষ্টার হয়েন, এবং স্বোপার্জ্জিত অর্থে গানবাজনা ইত্যাদির খরচ চালাইয়া সাধু সন্ন্যাসীগণের সেবায় মুক্তহস্ত হয়েন। এই সময় তিনি জটাধারণ করিয়া তন্ত্রমতে সাধনা আরম্ভ করেন এবং কিছুদিন শবসাধনা ও করিয়াছিলেন। কিন্তু তাঁহার গতি ছিল রাজযোগ সাধনার দিকে। তাই তন্ত্র সাধন ও চাকুরী পরিত্যাগ করিয়া পুনরায় তীর্থ-ভ্রমণে যাত্রা করিলেন এবং বহুস্থান ঘুরিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নেপালে উপস্থিত হইলেন। তখন নেপালের রাজধানী কাঠমুণ্ডে নূতন টেলিগ্রাফ প্রবর্ত্তিত হইয়া যন্ত্রটী বিকল হইয়া যায়। ঐ যন্ত্রটীকে চালু করিলে, তিনি নেপালের জংবাহাদুরের সুনজরে পড়েন। তাঁহাকে ব্রহ্মচারী বেশধারী দেখিয়া তাঁহার সহিত নেপালের এক ব্রাহ্মণ কন্যার বিবাহ দিয়া, তথায় স্থিত করিবার প্রয়াস হয় দেখিয়া, তৎক্ষণাৎ তিনি নেপাল পরিত্যাগ করিয়া ৺কাশীধামে আসিয়া উপস্থিত হন। এইবার তিনি ৺কাশীধামে যোগীরাজ শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ী মহাশয়ের নিকট যোগ-দীক্ষা এবং অষ্টাঙ্গ ক্রিয়াযোগ গ্রহণ করিয়া—তীব্রসংবেগে সাধনক্ষেত্রে অগ্রসর হইতে থাকেন। কথিত আছে নেপালের জঙ্গলে ভ্রমণ করিতে করিতেই স্বামীজি ব্যাসদেবের ও তাঁহার যোগদীক্ষা গুরু লাহিড়ী মহাশয়ের জ্যোতির্ময় মূর্ত্তির সাক্ষাৎ পান, এবং কাশীতে চলিয়া আসার নির্দ্দেশপান। যোগ সাধন মার্গে তাঁহার দ্রুত উন্নতি দেখিয়া, লাহিড়ী মহাশয় তাঁহাকে 'মালব' পর্ব্বতে এক গুরু ভ্রাতার নিকট পাঠাইয়া দেন। লাহিড়ী মহাশয়ের যোগদীক্ষা গুরু পরমহংস শ্রীশ্রীমৎ ১০০৮ "বাবাজী" মহারাজ নামীয় এক সিদ্ধ মহাপুরুষ হিমাচলের নির্জ্জন প্রদেশে অবস্থান করিতেন এবং তাঁহার বয়ঃক্রম প্রায় ৪০০ বৎসর হইয়া থাকিলেও তাঁহাকে ২৪।২৫ বৎসরের যুককের ন্যায় প্রতীয়মান হইত। সাধারণ পাঠকের নিকট ইহা অবিশ্বাস্য বা অতিরঞ্জিত মনে হইলেও, যাঁহারা সাধন মার্গে কিছু দূর অগ্রসর হইয়াছেন তাঁহারা ইহা বিশ্বাস করিবেন আশা করি। স্বামীজি উত্তর জীবনে লাহিড়ী মহাশয়ের ভবনেই এই 'বাবাজী মহারাজকে' যুবকরূপে দর্শন লাভ করেন এবং তখন শিষ্য, গুরু ও পরম গুরু এই ত্রিমূর্ত্তি এক অনাবিল ব্রহ্মানন্দ রসে নিমগ্ন হয়েন।

যোগদীক্ষা গ্রহণের পর স্বামীজী সন্ন্যাস গ্রহণের বাসনা পোষণ করেন। কিন্তু বংশরক্ষা করতঃ পিতৃঋণ শোধ করা কর্ত্তব্য এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপদেশ লাহিড়ী মহাশয়ের নিকট প্রাপ্ত হইয়া এবং পিতার আদেশে গৃহে প্রত্যাবর্ত্তন করতঃ বিবাহ করিতে রাজী হইলেন। প্রায় এই সময়েই তাঁহার ভগ্নি শবাসনা দেবীর বিবাহ হয়। তৎপরে তিনি স্বগ্রামেই শাণ্ডিল্য গোত্রীয়া শ্রীযুক্তা মনোরমা দেবীর পাণিগ্রহণ করেন। কালক্রমে তাঁহার এক পুত্র শ্রীনিরঞ্জন ও এক কন্যা সাবিত্রী দেবীর জন্ম হয়।

বিবাহের পর কিছুদিন তিনি বাড়ী যাতায়াত করিতে লাগিলেন এবং গ্রামের অনেককে লইয়া গিয়া রেলে চাকুরী করিয়া দেন।

তিনি প্রায়শঃই সমস্তিপুর হইতে তাঁহার শ্রীগুরু লাহিড়ী মহাশয়ের দর্শনে ৺কাশীধামে আসিতেন। কিছুদিন পরে তিনি গুরুকৃপায় ই, আই, রেলওয়ের এক ষ্টেশনে ৺কাশীধামের নিকটেই ষ্টেশন মাষ্টার রূপে প্রেরিত হয়েন।

এই সময়ে তাঁহার পিতৃবিয়োগ ঘটে। তাহার পর তিনি পরিবার নিজের কাছে লইয়া রাখিতেন। পুত্রকন্যা জন্মাইবার পর হইতেই তাঁহার সন্ন্যাস গ্রহণের ইচ্ছা জন্মে। তাঁহার দেশের বাড়ীঘর তাঁহার শ্বশুর মহাশয়ের তত্ত্বাবধানে থাকিত এবং তিনি স্বয়ংও মধ্যে মধ্যে দেশে আসিয়া দেখাশুনা করিতেন।

তারপর তিনি প্রায় একমাস অসুস্থ হইয়া পড়েন। তখন তাঁহার উপরিওয়ালা সাহেব তাঁহাদের দেখাশুনা করেন। কিন্তু তিনি মৃত্যুপণ করিয়াও ডাক্তারি ঔষধ খান নাই। নিজের মনোবলে ক্রমশঃ আরোগ্যলাভ করেন। ইহার পর গঙ্গার ভাঙ্গনে তাঁহার সাতগাছিয়ার পৈতৃক গৃহ গঙ্গার গর্ভে চলিয়া যায়। তৎপূর্বেই ইঁট কাঠ স্থানান্তরিত করা হইয়াছিল এবং নবগৃহ নির্ম্মাণের ভার তাঁহার শ্বশুর মহাশয়কেই দেওয়া হয়। তাঁহার জন্য দুটি ঘর ও একটি দরদালান নির্ম্মাণ করিয়া শ্বশুর মহাশয় বাকী সরঞ্জাম নিজের কাজে লাগাইলে তাঁহার সহিত কিছু বিরোধ ঘটে। কিন্তু তাঁহার স্ত্রীর পিত্রালয়ের প্রতি বিশেষ টান ছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তখন হইতে তিনি সংসারের প্রতি বিশেষ বীতশ্রদ্ধ হইয়া সংসার ত্যাগ করার সংকল্প করিতে থাকেন। কিন্তু তাঁহার গুরুর আদেশে আরও কিছুদিন অপেক্ষা করিতে থাকেন। কিন্তু সুবিধা পাইলেই ৺কাশীধামে যাইয়া মঠে মঠে ঘুরিয়া সন্ন্যাসী ও পরমহংস দিগের সহিত মেলামেশা করিতে লাগিলেন। অবশেষে কৈলাস মঠের অধীশ্বর পরমহংস শ্রীশ্রীমৎ ১০৮ স্বামী আত্মানন্দ গিরি মহারাজের নিকট সন্ন্যাস গ্রহণের বাসনা প্রকাশ করিলেন। আত্মানন্দ স্বামী এ পর্য্যন্ত কাহাকেও শিষ্যত্বে গ্রহণ করেন নাই এবং করিবেন না মনে করিয়াছিলেন। কিন্তু তাঁহার প্রতি প্রসন্ন হইয়া স্বামীজী তাঁহাকে সন্ন্যাস দিয়া শিষ্য করিতে স্বীকৃত হন। এইরূপ আশা পাইয়া তিনিও সংসার ত্যাগ করিবার ব্যবস্থায় মন দিলেন।

গৃহে ফিরিয়া স্ত্রী ও পুত্র কন্যাকে তাঁহার শ্বশুরালয়ে অবস্থান করিতে দেখেন। তাঁহার শ্বশুর মহাশয়ের ব্যবহারের উল্লেখ করিয়া স্ত্রীকে পিত্রালয় পরিত্যাগ করিয়া চলিয়া আসিতে বলেন। স্ত্রী সম্মত না হওয়ায় তিনি শেষ প্রস্তাব করিলেন যে হয় স্ত্রী তৎক্ষণাৎ পিত্রালয় পরিত্যাগ করিয়া তাঁহার সহগামিনী হইবেন, নতুবা তিনি সংসারের সহিত সংস্রব ত্যাগ করিয়া সন্ন্যাস লইবেন। স্ত্রী তাঁহার কথার গুরুত্ব না বুঝিয়া বলিলেন, "যা ইচ্ছা করগে. আমি যাব না।" নিয়তির কৌশল সফল হইল। মহামায়া তাঁহাকে সংসারের মায়াপাশ হইতে মুক্ত করিলেন। তিনি সন্ন্যাস গ্রহণ করিতে চলিয়া গেলেন। সন্ন্যাস গ্রহণের পর, আর শত অনুরোধেও তাঁর স্ত্রীর মুখদর্শন করেন নাই, যদিও তাঁহার অসংখ্য শিষ্য ও ভক্তের আনুকুল্যে তাঁহার স্ত্রীপুত্র ভরণ-পোষণের জন্য কষ্ট পান নাই। তাঁহার তিন পৌত্র অদ্যাপি বর্ত্তমান আছেন শুনিয়াছি। তাঁহাকে হারাইয়া তারপর তাঁহার স্ত্রী বুঝিয়াছিলেন কি মহার্ঘ রত্ন হারাইয়াছেন, কিন্তু জগতে বহু ভক্তি পিপাসু প্রাণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁহার চরণে মস্তক নত করিয়া এবং তাঁহার আদেশ হৃদয়ে ধারণ করিয়া এই মোহময় জগতের ত্রিতাপজ্বালা হইতে পরিত্রাণলাভ করিয়াছিল। তাঁহার অসংখ্য শিষ্যবর্গের উল্লেখ করা এখানে সম্ভব নয়। কিন্তু তাঁর প্রিয়শিষ্য শ্রীজ্ঞানেন্দ্রনাথ মুখোপাধ্যায় বি. এল. মহাশয় (অধুনা ৮৮ বৎসর) তাঁহার রচিত 'প্রণব গীতার' প্রকাশক ও স্বত্বাধিকারী, তাঁহার 'প্রণব গীতা ভবনে' ৫০নং রাজা বসন্ত রায় রোডে, (কলিকাতা ২৯) এখনও আনন্দময় সাধক জীবনযাপন করিতেছেন। তিনিও যোগ-দীক্ষা দান করেন এবং তাঁহারও অসংখ্য শিষ্য শিষ্যা আছে।

গৃহত্যাগ অন্তে স্বামীজী মহারাজ চাকুরীস্থল হইতেও বিদায় গ্রহণ করিয়া স্বাস্থ্যহীনতা উপলক্ষে পেনসন গ্রহণ করেন। সন্ন্যাস গ্রহণ করিয়াও পরমুখাপেক্ষী হইবেন না ইহাই ছিল উদ্দেশ্য। পরমহংস শ্রীশ্রীমৎ আত্মানন্দ স্বামীজী মহারাজ তাঁহাকে শিষ্যত্বে গ্রহণ করিলেন এবং কৈলাস মঠেই রাখিলেন। লাহিড়ী মহাশয়ের গড়ুড়েশ্বর মহল্লাস্থিত বাড়ীতে তিনি প্রায়ই যাইতেন এবং তাঁহার উপদেশ মত অষ্টাঙ্গ যোগ সাধনা করিয়া দ্রুতগতি সিদ্ধিলাভ করিলেন। এই সময়েই লাহিড়ী মহাশয়ের গৃহে স্বামীজীর সহিত পূর্বোক্ত 'বাবাজী' মহারাজের সাক্ষাৎ ও কথোপকথন হয়।

ইহার কিছুদিন পরেই আন্দাজ বাংলা সন ১৩০০ সালের মাঘ মাসে প্রয়াগধামে কুম্ভমেলা হয়। সেই সময় আত্মানন্দ স্বামীজী তাঁহার শিষ্য প্রণবানন্দ স্বামীজী এবং মঠের সেবক ও সন্ন্যাসী-বৃন্দকে লইয়া এই কুম্ভমেলায় গমন করেন। সেই সময় উক্ত 'বাবাজী' মহারাজের সহিত ইঁহার পুনরায় সাক্ষাৎ ঘটে। উক্ত কুম্ভক্ষেত্রেই বর্ধমানের তদানীন্তন মিউনিসিপ্যাল উচ্চ ইংরাজী স্কুলের হেড পণ্ডিত শ্রীবিষ্ণুপদ মুখোপাধ্যায় প্রণবানন্দ স্বামীজী মহারাজের শিষ্যত্ব গ্রহণ করেন। বিষ্ণুপদ জন্মসিদ্ধ ছিলেন ও ২৭ বৎসর বয়সেই স্বজ্ঞানে গীতা আবৃত্তি করতঃ নরলীলা সম্বরণ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁহার নিকট হইতেই প্রণব গীতার প্রকাশক ও পূর্বোক্ত শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ মুখোপাধ্যায় আচার্য্য মহারাজ—প্রণবানন্দ মহারাজজীর সংবাদ প্রাপ্ত হইয়া তাঁহার নিকট দীক্ষালাভ করিয়া তাঁহার শ্রীচরণে আশ্রয়লাভ করেন ও কালক্রমে প্রণবানন্দ মহারাজের গীতাভাষ্য লিপিবদ্ধ করিয়া তাহা 'প্রণব গীতা' নামে প্রকাশ করেন। গীতার অপূর্ব আধ্যাত্মিক যৌগিক ব্যাখ্যাই এই গীতার বিশেষত্ব। মহারাজ ধৃতরাষ্ট্র অন্ধ তাই তিনি মন ও তাঁহার পুত্রগণ প্রবৃত্তি পক্ষীয় বৃত্তি, যুধিষ্ঠিরাদি বীরগণ নিবৃত্তি পক্ষীয় বৃত্তিনিচয়, ভগবান শ্রীকৃষ্ণ চৈতন্য স্বরূপ এবং উক্ত দুই দলের মধ্যস্থ, মানব শরীরে প্রবৃত্তি ও নিবৃত্তি মূলক বৃত্তি নিচয়ের যুদ্ধই কুরুক্ষেত্রের যুদ্ধ, ইত্যাদি মহান তত্ত্ব সকল সরল মধুর ভাবে এই গীতা ব্যাখ্যায় বর্ণিত হইয়াছে। প্রণবানন্দ স্বামীজী যোগারূঢ় অবস্থায় এই সকল ব্যাখ্যা করিতেন এবং তাঁহার শিষ্যগণ তাহা ক্রমান্বয়ে লিপিবদ্ধ করিতেন।

উক্ত কুম্ভমেলা হইতে প্রত্যাবর্ত্তনের পর শঙ্কর মঠের অধিবাসী সন্ন্যাসীবৃন্দ প্রণবানন্দ স্বামীজী কালক্রমে উক্ত মঠের মোহন্ত হইবেন মনে করিয়া অসন্তোষ প্রকাশ করেন। মঠের জমিদারীর বার্ষিক আয় তখন প্রায় ৪০,০০০৲ টাকা ছিল। এই টাকা হইতে উক্ত মঠের অধীন ৺কাশীধামের অন্যান্য মঠের এবং রামেশ্বর প্রভৃতি স্থানের মঠের খরচ নির্বাহ হইত। সন্ন্যাসীগণ নিজেদের প্রভুত্ব হানির আশঙ্কা প্রকাশ করায় আত্মানন্দ স্বামীজী তাঁহাদের বলিলেন "প্রণবানন্দ ভোগের লোভে সন্ন্যাসী হয় নাই; উপযুক্ত পাত্র বুঝিয়া এবং তাহার ত্যাগ ও বৈরাগ্যশীল মনকে বুঝিয়াই আমি উহাকে সন্ন্যাস দিয়াছি। সে নিজের স্ত্রী পুত্র বিষয় সম্পত্তি চাকুরী ইত্যাদি ত্যাগ করিয়া সন্ন্যাসী হইয়াছে; আর তোমরা বিষয়ের লোভে এইরূপ কথা উত্থাপন করিয়াছ; তোমাদের সহিত উহার তফাৎ এই; তোমরা কাপড় রাঙাইয়াছ, সে মন রাঙাইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুতরাং তোমরা প্রণবানন্দের অধীন থাকিবে বই কি!" তখন সন্ন্যাসীগণের মধ্যে আরও অসন্তোষ বৃদ্ধি হয়, ও নানারূপ কথার সৃষ্টি হয়। এই সকল কথা শুনিবামাত্র প্রণবানন্দজী সন্ন্যাসীগণকে আত্মানন্দ মহারাজের নিকট আহ্বান করিয়া তিনি মঠের সম্পত্তির উপর কোন দাবী-দাওয়া রাখেন না এবং রাখিবেন না এই মর্ম্মে এক 'নাদাবী' পত্র লিখিয়া দেন, এবং পাছে মঠে বাস করিলে তাঁহার কথায় কেহ অবিশ্বাস করে, সেইজন্য উক্ত মঠ ত্যাগ করিয়া ৺কাশী-ধামের গঙ্গাতীরে উদয়পুরের মহারাণার সুবিখ্যাত 'রাণামহল' নামীয় মহল্লায় এক হিন্দুস্থানী শিষ্যের আলয়ে বাস করিতে আরম্ভ করেন। সেই সময় উদয়পুরের মহারাণার মন্ত্রী শ্রীদেবনাথ পুরোহিত এবং অন্যান্য লোক আসিয়া তাঁহার শিষ্যত্ব গ্রহণ করেন এবং কালে তাঁহাকে উদয়পুর লইয়া গিয়া মহারাণারই এক প্রাসাদে বাসস্থান প্রদান করেন। মহারাণা স্বয়ং তাঁহার শিষ্য না হইলেও তাঁহার ভক্ত ও অনুরাগী ছিলেন এবং যখনই উনি কাশী ফিরিবার কথা বলিতেন তখনই মহারাণা নিজে তাঁহাকে তথায় আরও অবস্থিতি করার জন্য অনুরোধ করিতেন। এইরূপে চারি বৎসর কাল তথায় অবস্থান কালে উদয়পুর এবং রাজপুতানার অন্যান্য স্থানের বহু গণ্যমান্য ব্যক্তি তাঁহার শিষ্যত্ব গ্রহণ করেন। তথায় থাকাকালে তাঁহার যোগ সাধনা প্রভৃত উন্নতিলাভ করে এবং অনুভব সিদ্ধি ও অন্যান্য বহুপ্রকার বিভূতিলাভ করিয়াও তিনি তৎসমস্ত পরিত্যাগ করিয়া নিষ্কাম ধর্ম্মেই অগ্রসর হইয়া ব্রাহ্মীস্থিতিলাভ করেন। সুখ, ও দুঃখ, লাভ ও অলাভ, জয় ও পরাজয়, শীত ও আতপ প্রভৃতি সকল অবস্থায় সমভাবে অবস্থান পূর্ব্বক নির্ব্বিকল্প সমাধিতে মগ্ন থাকিতেন। তাঁহার অপূর্ব্ব জ্যোতির্ম্মণ্ডিত মধুর মূর্ত্তি দেখিয়া শত শত শান্তিপিপাসু নরনারী তাঁহার শ্রীচরণারবিন্দে মধুকরের মত পতিত হইতে লাগিল। দিকে দিকে তাঁহার নামের জয়ধ্বনি উঠিল। তাঁহার জীবনে অসংখ্য অলৌকিক ঘটনা ঘটিয়াছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাঁচীর ও আমেরিকার যোগদা ব্রহ্মচর্য্য আশ্রমের প্রতিষ্ঠাতা শ্রীমৎ যোগানন্দ স্বামীজী তাঁহার 'আত্মচরিতে' এই পরমহংসজীর প্রসঙ্গ উল্লেখ করিয়া তাঁহাকে 'দুই দেহধারী' সাধু বলিয়াছেন, এবং যোগবলে তিনি ধ্যানস্থ অবস্থায় একস্থানে বসিয়া থাকিয়া কিরূপে অন্যদেহে অন্যত্র গমনাগমন করিতেন তাহা বর্ণনা করিয়াছেন। কিন্তু আমরা এই অলৌকিক অংশ বাদ দিয়া, তাঁহার মহান চরিত্রের অতি সংক্ষিপ্ত চিত্র পাঠকের নিকট প্রকাশ করিলাম বলিয়া ক্ষমার্হ।

অতঃপর তিনি ৺কাশীধামে প্রত্যাবর্ত্তন করিয়া উক্ত মহারাণার 'রাণামহলে' একটি গঙ্গাতীরস্থ ভবনে চৌষট্টি যোগীনি ঘাটের সন্নিকটে 'প্রণবাশ্রম' স্থাপনা করিয়া বাস করিতে থাকেন। মহারাণার একমাত্র পুত্র সঙ্কটাপন্নভাবে পীড়িত হইলে, ও সকল প্রকার চিকিৎসা ব্যর্থ হইলে; তিনি মহারাণার অনুরোধে নবগ্রহের শান্তি যজ্ঞ করেন। মহারাণার পুত্র রোগমুক্ত হইলেন। এই যজ্ঞে বহু সদ্‌ব্রাহ্মণ হোতৃপদে নিযুক্ত হইয়াছিলেন এবং স্বামীজী এই বিরাট যজ্ঞের সমস্ত ব্যাপার সুশৃঙ্খলে পরিচালনা করিয়াছিলেন।

প্রায় সন ১৩২২ সাল পর্যন্ত তিনি রাণামহলে উক্ত প্রণবাশ্রমে বাস করেন। ভারতের প্রায় সর্ব্বস্থান হইতে লোক আসিয়া তাঁহার নিকট দীক্ষা ও উপদেশ গ্রহণ করিতেন। অগণিত শিষ্য-শিষ্যা, সমুদ্রাভিমুখী নদীর ন্যায় এই মহাপুরুষের কর্ম্ম, ভক্তি ও জ্ঞানযোগের মহাসাগরে মিলিত হইতে লাগিল। কয়েকটি কিশোর ব্রহ্মচারী আসিয়া তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়া তাঁহার আশ্রমেই বাস করিতে লাগিলেন। শ্রীমৎ সানন্দ ব্রহ্মচারী, শ্রীমৎ কালিকানন্দ ব্রহ্মচারী, ও শ্রীমৎ অসীমানন্দ ব্রহ্মচারী তাঁহাদের মধ্যে উল্লেখনীয়। শ্রীমৎ সানন্দ ব্রহ্মচারীই উত্তর কালে তাঁহার প্রধান শিষ্যরূপে গণ্য হয়েন এবং তাঁহার রচিত 'বনফুল গীতিমালিকা' তাঁহারই উদ্দেশ্যে লিখিত এবং তাঁহারই শ্রীচরণে উৎসর্গীকৃত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উক্ত 'প্রণবাশ্রম' গৃহটীর জন্য মহারাণাকে সামান্য কিছু মাসিক ভাড়া দিতে হইত। কালক্রমে মহারাণার স্থানীয় কর্ম্মচারী সেই ভাড়া বৃদ্ধির জন্য জিদ করিতে লাগিলেন। স্বামীজী মহারাজ তাহাতে ক্ষুণ্ণ হইয়া মহারাণাকে ভাড়াবৃদ্ধি মহকুপ করিতে পত্র দেন। কিন্তু জবাব না পাওয়ায়, উক্ত রাণামহল পরিত্যাগ করিয়া পুণ্যশ্লোকা অহল্যবাঈ এর ব্রহ্মপুরীতে কিছু দিন অবস্থান করেন। রাণামহলে তাঁহাকে ফিরাইবার সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হয়। "পরিত্যক্ত জিনিষ পুনর্গ্রহণ করিতে নাই" এই উত্তর তাঁহারই বজ্রাদপি কঠোর চরিত্রের ও প্রকৃত সন্ন্যাসীর মনোভাবের পরিচায়ক। তৎপর তিনি সোনারপুরার ২৮ নং বাড়ীতে জনৈক শিষ্যকর্তৃক প্রতিষ্টিত নূতন 'প্রণবাশ্রমে' কিছুদিন সশিষ্য অবস্থান করেন। বর্ত্তমানে তাঁহার জনৈক সন্ন্যাসিনী শিষ্যা শ্রীশ্রীআত্মানন্দ গিরিমাতা (বর্ত্তমানে ৭৫ বৎসর বয়স) ৺কাশীধামের সঙ্কটমোচন ও 'অসির' নিকট অবস্থিত প্রণবাশ্রমের পরিচালিকা। পূর্ব্বাশ্রমে তিনি কাঁথীর জমিদার ও সরকারী উকীল ৺উপেন্দ্র নারায়ণ মজুমদার মহাশয়ের একমাত্র পুত্রের পত্নী ছিলেন। তখন তাঁহার নাম ছিল শ্রীমতী প্রমীলা সুন্দরী দেবী। নিয়তির বিধানে তিনি দশবৎসর মাত্র বয়সে বালবিধবা হইয়া সাধন ও ব্রহ্মচর্য্য পন্থা অবলম্বন করেন, এবং কালক্রমে ইং ১৯৩৪ সালে সন্ন্যাস গ্রহণ করেন। তিনি যথাকালে উক্ত পরমহংস মহারাজের শিষ্যা শ্রীশ্রীমোহিনী সন্ন্যাসিনী মাতা এবং তাঁহার অন্যান্য গুরু ভগিনী গণ কর্ত্তৃক প্রতিষ্ঠিত উক্ত 'প্রণবাশ্রমের' ভার প্রাপ্ত হন। তাঁহারও বহু শিষ্য শিষ্যা বর্ত্তমানে আছেন। তিনি যখন কলিকাতায় আসেন সাধারণতঃ ২৭।৩ নং বৈঠকখানা রোড, কলিকাতা---৯ এই ঠিকানায় অবস্থান করেন। আবার অনেক সময় ৩৩।এল কালীঘাট রোডস্থ (কলিকাতা—২৫) ভবনে তাঁহার অন্যান্য আত্মীয়গণের নিকট বাস করেন। শেষোক্ত ভবনের স্বত্বাধিকারী বিখ্যাত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জবাকুসুম তৈলের মালিক সি, কে, সেনের আত্মীয় ৺সত্যব্রত সেন ওরফে গদাই সেন ; বর্ত্তমানে তৎপুত্র শ্রীনির্ম্মল সেন ও মধুসূদন সেন। উক্ত ৺গদাই সেন শ্রীশ্রীমাতাজীর স্বর্গত স্বামীর ভাগিনেয় ছিলেন। শ্রীশ্রীমাতাজী বর্ত্তমানে অসুস্থা। তাঁহার অনুপস্থিতিতে জনৈক সাধুপুরুষ শ্রীশ্রীব্রহ্মচারীবাবা ৺কাশীধামের প্রণবাশ্রমের ভার প্রাপ্ত।

উক্ত শ্রীশ্রীমোহিনী সন্ন্যাসিনী মাতার একটি আশ্রম বর্দ্ধমান জিলার 'মানকরে' বর্ত্তমান আছে। তিনি তথাকার বিখ্যাত ভট্টাচার্য পরিবারের কন্যা।

মেদিনীপুর কলেজের প্রফেসার এবং 'অধ্যাত্ম গীতার' রচয়িতা ৺ঈশান চন্দ্র ঘোষ পরমহংস মহারাজের বিশিষ্ট ভক্ত শিষ্য ছিলেন। তিনি চন্দন নগরের অধিবাসী ছিলেন। পুরীধামের নুনিয়া সাহীর প্রসিদ্ধা শ্রীশ্রীসাধুমা (বর্ত্তমানে ১০৮।১০৯ বৎসর বয়স্কা) তাঁহার নিকট সন্ন্যাস গ্রহণ করেন। শ্রীশ্রীসাধুমা বহু নরনারীকে কৃপাদান করিয়াছেন। তিনি পূর্ব্বাশ্রমে শ্রীমতী নুটুবালা নামধারিণী ছিলেন। তাঁহার পিতা কিশোরী মোহন মুখোপাধ্যায় কাবুলের আমীরের মন্ত্রী ছিলেন। সাধুমার বাল্যজীবন কাবুলেই অতিবাহিত হইয়াছিল। তাঁহার পিতার নামীয় "কিশোরী-আলয়" ভবনে তাঁহার আশ্রম বহুদিন যাবৎ অবস্থিত আছে। তাঁহার দেহান্তে উক্ত আশ্রমবাটী ৺হরিদ্বারের বিখ্যাত ভোলাগিরি আশ্রম' প্রাপ্ত হইয়া তথায় কোন ধর্ম্ম প্রতিষ্ঠান বা স্ত্রী সাধুগণের বাসস্থান করিবেন এইরূপ ব্যবস্থা করা হইয়াছে শুনা যায়।

কলিকাতার ৩৭ নং বাদুর বাগান ষ্ট্রীট (কলিকাতা-৯) নিবাসিনী ৺বিনোদিনী বসু ও তাঁহার পরিবার ভুক্ত অনেকে পরমহংস মহারাজের পরম প্রিয় শিষ্যা, শিষ্য ছিলেন। তিনি কয়েকবার তথায় অধিষ্ঠান করিয়াছিলেন। উক্ত ৺বিনোদিনী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বসু পরমহংস মহারাজের তিরোধানে অপূর্ব্ব শোকোচ্ছ্বাসময়ী ভক্তি গাথা রচনা করিয়াছিলেন।

বিহার সরকারের তদানীন্তন একজিকিউটিভ ইঞ্জিনিয়ার ৺যাদব চন্দ্র তলাপাত্র তাঁহার পরম ভক্ত প্রিয় শিষ্য ছিলেন। তিনি পাটনায় অবস্থান করিতেন। পরে তিনি কিওন্‌ঝার রাজ্যের ষ্টেট ইঞ্জিনিয়ার হইয়াছিলেন। কিন্তু এইসময় হইতে পরমহংস মহারাজের দেহ অসুস্থ হইয়া ক্রমশঃ গ্রহিনী রোগে পরিণত হয়। তজ্জন্য তিনি সন ১৩২৫ সালের প্রথম ভাগেই পুণ্যক্ষেত্র হৃষীকেশ ধামে গমন করেন। তথাকার অপরূপ প্রাকৃতিক সৌন্দর্য্যে মুগ্ধ হইয়া এবং তপস্যার অনুকুল দেখিয়া ঐখানেই জীবনের বাকীদিন অতিবাহিত করিবার সংকল্প করেন। গঙ্গা ও চন্দ্রভাগা নদীর সঙ্গমস্থলে এক প্রশস্ত ভূমিখণ্ড হৃষীকেশের মোহন্ত মহারাজের নিকট বন্দোবস্ত লইয়া পঞ্চবটী আশ্রম স্থাপনার উদ্যোগ হয়। তাঁহার দেহান্তের পর তথায় একটি মনোরম ও পাকা 'পঞ্চবটি' আশ্রম শিষ্য-বর্গের সহায়তায় শ্রীমৎ সানন্দ ব্রহ্মচারীজী কর্ত্তৃক প্রতিষ্ঠিত হয়, কিন্তু দৈবদুর্ব্বিপাকে উহা ইং ১৯২৪ সালের ভীষণ বন্যায় বিলুপ্ত হয়। তৎপূর্ব্বে একবার বাংলা দেশের শিষ্যমণ্ডলীর অনুরোধে তাঁহাদের শেষ দর্শন দিবার জন্য কলিকাতা, মেদিনীপুর, কাঁথি, জনাই প্রভৃতি স্থানে গমন করেন। কাঁথির জমিদার ৺উপেন্দ্রনারায়ণ মজুমদার, জনাইএর জমিদার ৺পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় ও তাঁহার পত্নী শ্রীযুক্তা অপর্ণাময়ী দেবা (বর্ত্তমানে ৮০ বৎসর ও ৺কাশীধাম বাসিনী) ইত্যাদি বহু বহু ব্যক্তি তাঁহার ভক্ত ও শিষ্য শিষ্যা ছিলেন এবং আছেন। এই পরিব্রজ্যার সময় মেদিনীপুর অবস্থান-কালে একটী অপূর্ব্ব ঘটনা ঘটে। উহার উল্লেখ এখানে অপ্রাসঙ্গিক হইবে না। পরমহংস মহারাজের সহিত ধর্ম্মালোচনার জন্য বহু ভক্ত, বিদ্বান ও শাস্ত্রজ্ঞ ব্যক্তির সমাগম হইত। একদিন সন্ধ্যায় তথায় দ্বৈত ও অদ্বৈতবাদের শ্রেষ্ঠতা সম্বন্ধে আলোচনা হইতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লাগিল। স্বর্গত অধ্যাপক ৺কুমুদবান্ধব চট্টোপাধ্যায় বিদ্যারত্ন এম, এ, মহাশয় শ্রীশ্রীমৎ বিজয়কৃষ্ণ গোস্বামী মহারাজের অন্যতম বিশিষ্ট প্রিয় শিষ্য ছিলেন। ৺কুমুদবান্ধব চট্টোপাধ্যায় মহাশয় উক্ত সভায় দ্বৈতবাদ ও ভক্তিমার্গের শ্রেষ্ঠতা প্রমাণ করিবার জন্য অসংখ্য শাস্ত্রীয় যুক্তি উপস্থিত করিতেছিলেন। ভাব সমাধি আরূঢ় পরমহংসজী কুমুদ বাবুর সমস্ত যুক্তিতর্কেই "হাঁ বাবা ঠিক বলেছ" ইত্যাদি বলিয়া সমর্থন করিতেছিলেন। কুমুদবান্ধব বাবুও সোৎসাহে নিজ যুক্তিতর্কগুলি শ্রদ্ধাসহকারে নিবেদন করিয়া অবশেষে কহিলেন, "বাবা তা হলে আপনি ভক্তিমার্গ ও দ্বৈতবাদের শ্রেষ্ঠত্ব স্বীকার করছেন ?"

পরমহংসজী ভাব সমাহিত অবস্থায় উত্তর দিলেন, "হাঁ বাবা, স্বীকার করছি। কিন্তু তুমি আমার একটা কথার উত্তর দাও"—

কুমুদবান্ধব—"বলুন বাবা"

পরমহংসজী—"কুমুদ রে, "তুমি" ও "আমি", "ভক্ত" ও "ভগবান" এই দুজনার মাঝখানে যে বিরাট বিরহ—, তা আমি কেমন ক'রে সহ্য করব, এই কথাটা শুধু আমায় বুঝিয়ে দে"। বলিতে বলিতে পরমহংসজীর নয়ন বহিয়া দরদরধারে প্রেমাশ্রু ঝরিয়া পড়িতে লাগিল। উত্তর শুনিয়া 'অদ্বৈত' প্রেমবিহ্বল কুমুদ বাবুও প্রেমাশ্রু বিসর্জ্জন করিতে করিতে পরমহংস মহারাজের চরণতলে পতিত হইলেন। সে স্বর্গীয় দৃশ্য ভাষায় বর্ণনা করা যায় না। কুমুদবান্ধব বাবুও প্রকৃত অদ্বৈতবাদীই ছিলেন এবং তাঁহারও অগণিত শিষ্যশিষ্যা আছে। পরমহংস মহারাজের মন বুঝিবার জন্যই উক্তরূপ প্রশ্ন উত্থাপন করিয়াছিলেন। কুমুদবান্ধব বাবু "বেদান্ত রহস্য" ইত্যাদি বহু অপূর্ব্ব ধর্ম্মগ্রন্থ রচনা করিয়া গিয়াছেন।

অতঃপর ভৌতিক দেহ আরও অসুস্থ হইতেছে দেখিয়া তিনি মির্জাপুরে গমন করেন। সেখান হইতেই পূর্ব্বোক্ত শ্রীজ্ঞানেন্দ্রনাথ মুখোপাধ্যায় মহাশয়কে তাঁহার 'প্রণব গীতার' স্বত্বাধিকার দানপত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া দেন। তাহার পর আর কালবিলম্ব না করিয়া হৃষীকেশ প্রত্যাবর্ত্তন করেন। এই শেষবার বাংলা প্রভৃতি দেশে ভ্রমণের সময় তাঁহার প্রিয় সেবক ও প্রিয়তম প্রধান শিষ্য শ্রীমৎ সানন্দ ব্রহ্মচারী তাঁহার সঙ্গে সঙ্গেই ছিলেন।

তাহার পর কালপূর্ণ হইলে ইং ১৯১৮ সালে ১১ই নভেম্বর ৭৫ বৎসর বয়সে বাংলা তারিখ ২৫শে কার্ত্তিক, সন ১৩২৫ সাল ৺শ্রীশ্রীজগদ্ধাত্রী পূজার পূর্ব্বাহ্ণে অষ্টমী তিথিতে তিনি হৃষীকেশের অধিবাসী সাধু ও সন্ন্যাসীদিগকে আমন্ত্রণ করতঃ এক সভা আহ্বান করিয়া, তাঁহাদের সহিত ধর্ম্মালোচনা করিলেন ও ভাণ্ডারা দিয়া ভোজন করাইয়া বিদায় গ্রহণ করিয়া তিনি সেই দিনই নশ্বর দেহ পরিত্যাগ করিবেন তাহা ঘোষণা করিলেন। সমাগত সকল সাধু সন্ন্যাসীবৃন্দ আসন্ন প্রিয়জন বিরহে আকুল হইলেন। মায়ামুক্ত সিদ্ধ পুরুষগণ তাঁহার পরম ব্রহ্মপদে লীন হইবার আকাঙ্ক্ষা বুঝিয়া শান্তিবাক্য উচ্চারণ করিলেন। তাঁহার সেবক ও শিষ্য শ্রীমৎ সানন্দ ব্রহ্মচারী তখন ২৯ বৎসর বয়স্ক যুবক সাধু। সংসার ত্যাগ করিয়া যে মহাপুরুষ সদ্‌গুরুর শ্রীচরণাশ্রয় গ্রহণ করিয়াছিলেন, তাঁহাকে হারাইতে হইবে ভাবিয়া তাঁহার হৃদয় বিদীর্ণ প্রায় হইল। তাঁহার গুরুদেব তাঁহাকে সান্ত্বনা ও আশ্বাসবাণী দিয়া, গুরুশিষ্যের অবিচ্ছেদ্য সম্পর্ক বুঝাইলেন ও হৃদয়ে অনুধাবন করাইয়া তাঁহাকে আশীর্ব্বাণী ও সাহস দিলেন। "ক্ষুরস্য ধারা নিশীতা দুরতয়া দুর্গং পথস্তৎ কবয়ো বদন্তি।" (ক্ষুরের মত ধারালো যে পথ দিয়া সাধুরা সাধন মার্গে বিচরণ করেন) এই দুর্গম পথের কথাও তাঁহাকে বলিয়া দিলেন। তারপর বেলা ১ ঘটিকার সময় 'হরি ওঁ' ধ্বনিসহ যোগসমাধি গ্রহণ করিয়া স্বেচ্ছায় ক্রিয়াযোগে নশ্বর দেহ পরিত্যাগ করিলেন এবং পুনরাবৃত্তি গতিশূন্য অনন্ত শান্তিময় পরমধামে লীন হইলেন। তৎপরে একটি কাঠের সিন্ধুকে তাঁহার জ্যোতিরুদ্ভাসিত নশ্বরদেহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্থাপন ও পুষ্পমাল্য ভূষিত করিয়া হৃষীকেশস্থ বহু সাধু সন্ন্যাসী সমক্ষে তাঁহার ভাগবতী তনু তথাকার কলনাদিনী অমৃতবাহিনী গঙ্গার গর্ভে 'মায়াকুণ্ড' নামক গঙ্গাগর্ভের একটি স্থানে সমাধিস্থ করা হইল। সেই বৈচিত্র্যময় মহান জীবনের জয়যাত্রার মহোৎসবে সাধুগণ মুক্তকণ্ঠে গাহিলেন—

"একো বশী সর্ব্বভূতান্তরাত্মা
একং রূপং বহুধা যঃ করোতি,
তমাত্মস্থং যেঽনু পশ্যন্তি ধীরা
স্তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম।

নিত্যোঽনিত্যানাম্ চেতনশ্চেতনানাম্
একো বহূনাং যো বিদধাতি কামান্।
তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরা—
স্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাম্॥

অর্থাৎ :—

এক, বশী, সর্ব্বভূতে অন্তরাত্মা যিনি,
এক হ'য়ে বহুরূপে বিভক্ত যে তিনি,
তাঁহারে আত্মস্থ হেরি' শুধু ধীরগণ,
শাশ্বত সুখের ভাগী—, অন্য কেহ ন'ন।
অনিত্য মাঝারে নিত্য, চেতনে চেতনা,
এক হ'য়ে বহু জীবে পুরান কামনা,
তাঁহারে আত্মস্থ হেরি' শুধু ধীরগণ,
শাশ্বত শান্তির ভাগী—, অন্য কেহ ন'ন।

ওঁশান্তিঃ ওঁশান্তিঃ ওঁশান্তিঃ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উক্ত পরমহংসজী রচিত পুস্তকাবলী ঃ

(১) সপ্তশ্লোকী গীতা (হিন্দি ও বাংলা)। (২) গায়ত্রী ব্যাখ্যা। (৩) কালীতারা (গীতার অষ্টম অধ্যায়ের তত্ত্বকথা। (৪) প্রণব গীতা (গীতার যৌগিক ব্যাখ্যা, ৩য় সংস্করণ পর্য্যন্ত সন ১৩৪০ সালে, পূর্ব্বোক্ত শ্রীজ্ঞানেন্দ্রনাথ মুখোপাধ্যায় কর্তৃক গ্রথিত ও প্রকাশিত, ৫০ নং রাজা বসন্ত রায় রোড, কলিকাতা ২৯)। (৫) ব্রহ্মবিদ্যা (হিন্দি ভাষায় পদ্যে রচিত, শ্রীমৎ সানন্দ ব্রহ্মচারী কর্তৃক প্রকাশিত।) (৬) হংসগীত (সাধন মার্গ সংক্রান্ত অপূর্ব্ব এবং মধুর বাংলা সঙ্গীতাবলী যাহা যোগীবর ৺রামদয়াল মজুমদার মহাশয় তাঁহার বিখ্যাত 'উৎসব' নামক পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত করিয়াছিলেন।)

পরমহংস মহারাজের কতিপয় উপদেশের ভাবার্থ :—*

১। ব্রহ্মসত্য, জগৎ মিথ্যা, এই ভাব সর্ব্বদা মনে রাখিবে।

২। জীবই ব্রহ্মস্বরূপ—, এই কথা সর্ব্বদা স্মরণ রাখিও।

৩। পরব্রহ্ম, দ্বৈত এবং অদ্বৈত বর্জ্জিত—, ইহা উপলব্ধি করিবে।

৪। ব্রহ্ম আনন্দ স্বরূপ এবং জীবও আনন্দ স্বরূপ—, ইহা ভুলিও না।

৫। সুখ ও দুঃখ যাহাই আসুক—, তাহাকে সুখে ভোগ করিবে।

৬। সকল কর্ম্মের লক্ষ্য করিবে ব্রহ্মপ্রাপ্তি।

৭। সাধনার ক্রিয়া করা, যেন আকাশকে সেলাই করা, অর্থাৎ লক্ষ্য ভেদ করাই সাধনার উদ্দেশ্য ইহা জানিবে।

---

*উপরোক্ত বাণীগুলি এবং জীবনীর অধিকাংশ পূজ্যপাদ আচার্য্য শ্রীজ্ঞানেন্দ্র নাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট হইতে সংগৃহীত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



শ্রীশ্রীমৎ সানন্দ ব্রহ্মচারী

আবির্ভাব—
২৩শে মাঘ (মাঘী পূর্ণিমা)
সন ১২৯৬ সাল

তিরোভাব—
১৪ই চৈত্র, সন ১৩৬০ সাল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীমৎ স্বামী সানন্দ ব্রহ্মচারী মহারাজের সংক্ষিপ্ত জীবনকথা ঃ

এবার পাঠকবর্গের নিকট অত্রসহ প্রকাশিত "বনফুল-সাধন-গীতিমালিকা"র রচয়িতা শ্রীমৎ স্বামী সানন্দ ব্রহ্মচারী মহারাজের পূত জীবনীর কথা সংক্ষেপে বর্ণনা করিব। তদীয় গুরু মহারাজ পরমহংস শ্রীশ্রীমৎ স্বামী প্রণবানন্দ গিরি মহারাজকে উদ্দেশ করিয়াই এই সাধন গীতিমালিকার প্রায় প্রতিটি গীতই রচিত হইয়াছিল, এবং ভক্ত ও একনিষ্ঠ শিষ্যের শ্রীগুরুর সহিত মিলিত হইবার আকুল আকাঙ্ক্ষা, এবং তাঁহার বিরহে প্রাণের জ্বালা এবং তাঁহার সহিত অদ্বৈতভাবে চিরমিলনের আকুতি এই গীতিমালিকার সার বস্তু। এই ভক্তিরসাত্মক গীতগুলির সুর ও তাল অতি সহজেই নির্ণয় করা যায়। কতকগুলি গানের সুর সূচীপত্রে লিখিত হইল; সবগুলির সম্ভব হইল না।

শুভক্ষণে, শুভ যোগে সর্ব্বসুলক্ষণ তাঁহার জন্ম হয় বঙ্গাব্দ সন ১২৯৬ সালে ২৩শে মাঘ পুণ্যতিথি মাঘী পূর্ণিমায় পুষ্যানক্ষত্রে। (ইং ১১ই ফেব্রুয়ারী ১৮৯০ সাল) হরিনাভির নিকটবর্ত্তী রাজপুর গ্রামে পৈতৃক ভদ্রাসনে। ব্রহ্মচারী মহারাজের পূর্ব্বাশ্রমের নাম শ্রীশশীভূষণ চক্রবর্ত্তী ঘৃতকৌশিক গোত্রীয় ব্রাহ্মণ। তাঁহার পিতা ৺রামকালী চক্রবর্ত্তী, এবং পিতামহ ৺গঙ্গাধর চক্রবর্ত্তী, চব্বিশ পরগণা জেলার অন্তর্গত বিখ্যাত রাজপুর গ্রামের অধিবাসী। তাঁহাদের বংশাবলীর একটী সংক্ষিপ্ত তালিকা নিম্নে প্রদত্ত হইল :—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বংশাবলী

- রামরাম চক্রবর্ত্তী
  - নয়ানচন্দ্র
    - রামসুন্দর
      - গঙ্গাধর
        - রামসর্ব্বস্ব
        - হারাণচন্দ্র
        - ৺রামকালী
          - শশীভূষণ (শ্রীশ্রীসানন্দ ব্রহ্মচারী
          - শ্রীরাখালদাস
            - শ্রীগোপালচন্দ্র
              - কন্যা
              - কন্যা
    - লক্ষ্মণ
      - রামমোহন
  - কামদেব

হরিনাভী ও রাজপুর পাশাপাশি গ্রাম। এই দুই গ্রামেই বহু সদ্‌ব্রাহ্মণ জন্মগ্রহণ করিয়া তাঁহাদের পূত চরিত্র মাহাত্ম্যে জন্মভূমির মুখ উজ্জ্বল করিয়া গিয়াছেন। হরিনাভী গ্রামের ৺কালীকৃষ্ণ ভট্টাচার্য্য মহাশয় "বঙ্গের রত্নমালার" রচয়িতা ও দানশীল চরিত্রের ব্রাহ্মণ ছিলেন। তাঁহার পুত্র ডাঃ শ্রীতুলসীচরণ ভট্টাচার্য্য, এম. বি. মহাশয়ও (বর্ত্তমানে ৮১ বৎসর এবং ১২।এ নং গড়পার রোড নিবাসী) তদ্রূপ। তিনি বহু দরিদ্র রোগীকে বিনামূল্যে চিকিৎসা করেন এবং ঔষধ ও পথ্য দান করেন।

উক্ত ডাঃ তুলসীচরণ এবং শশীভূষণ একই সংস্কৃত কলেজিয়েট স্কুলের ছাত্র ছিলেন এবং তাঁহাদের আদর্শ ছাত্রজীবন অন্যান্য সতীর্থগণের চরিত্রে প্রতিফলিত করিয়াছিলেন। অবশ্য তাঁহারা বিভিন্ন শ্রেণীতে অধ্যয়ন করিতেন।

শশীভূষণ তাঁহার পিতা ৺রামকালী চক্রবর্ত্তী মহাশয়ের প্রথম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুত্র। ৺কুমুদিনী দেবী, তাঁহার জননী আদর্শ হিন্দুরমণী এবং পিতা ৺রামকালী আদর্শ সদ্‌ব্রাহ্মণ ছিলেন। নির্লোভ, অমায়িক, উদারচিত্ত সুখদুঃখে সমজ্ঞানী এই পিতা ৺তারক পরামাণিক মহাশয়ের বাটীর গৃহদেবতাগণের নিত্য পূজার্চ্চনার কার্য্য নিষ্ঠা-সহকারে নির্ব্বাহ করিতেন। শ্রীশ্রীদুর্গোৎসবের সময় তাঁহার বার্ষিক বৃত্তির ব্যবস্থা ছিল এবং নিজ মধুর স্বভাবগুণে তিনি ৺পরামাণিক মহাশয়ের পরিবারভুক্ত ব্যক্তির ন্যায় ব্যবহার ও সম্মান পাইতেন। তাঁহার দুই কন্যা; প্রথমা সুশীলা দেবী বেলেচণ্ডীতে শ্বশুরালয়ে থাকিতেন এবং দ্বিতীয়া নলিনী দেবীর স্বামী ৺যতীন্দ্রনাথ চক্রবর্ত্তী বাহির কুঞ্জে থাকিতেন। রামকালী চক্রবর্ত্তী মহাশয়ের কনিষ্ঠ পুত্র শ্রীরাখালদাস চক্রবর্ত্তী, সন ১৩০৭ সালে কলিকাতায় জন্মগ্রহণ করেন। তিনি এখনও রাজপুরে তৎপুত্র শ্রীগোপালচন্দ্রের সহিত বসবাস করিতেছেন; এবং ব্রহ্মচারী মহারাজ কর্ত্তৃক প্রতিষ্ঠিত তাঁহার শেষ আশ্রম রাজপুরস্থ 'শান্তিধাম' তাঁহার অন্তে প্রাপ্ত হইয়া তাহারও পরিচালনা কার্য্য নির্ব্বাহ করিতেছেন। তথাকার ঠাকুর ঘরে যোগীরাজ শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ী মহারাজের ফটো এবং পরমহংস শ্রীমৎ প্রণবানন্দ গিরি মহারাজের ফটো ও পাদুকা যাহা তৎশিষ্য শ্রীসানন্দ ব্রহ্মচারী মহারাজ আজীবন পূজা করিয়াছিলেন, এবং ব্রহ্মচারী মহারাজের নিজ ফটোও ব্যবহৃত অন্যান্য দ্রব্য ইত্যাদি রক্ষিত হইয়াছে। সোনারপুর রেলষ্টেশন হইতে উক্ত 'শান্তিধাম' আশ্রম এক মাইল মাত্র, এবং উহা রাজপুর বিদ্যালয়ের পার্শ্বে অবস্থিত। বারুইপুরগামী মোটর বাসে যাইলে, রাজপুর বাজারে নামিয়া সামান্য পথ। ফল ফুল শোভিত এই 'শান্তিধাম' তাহার নাম সার্থক করিয়া পথি-পার্শ্বে বিরাজমান। সহরের কোলাহল ও চাঞ্চল্য বর্জ্জিত, বিহঙ্গ কূজিত শ্যামশোভামণ্ডিত এই আশ্রম অনন্ত শান্তি পথের বারতাই ভক্তের প্রাণে আনিয়া দেয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তখন শশীভূষণের বয়ঃক্রম পঞ্চদশ বৎসর মাত্র তাঁহার পিতা বাংলা সন ১৩১২ সালের মাঘমাসে কৃষ্ণাদ্বাদশী তিথিতে তাঁহারই উপর সংসারের ভার দিয়া পরলোক গমন করিলেন। কলিকাতা সংস্কৃত কলেজিয়েট স্কুলের ছাত্র শশীভূষণ আজন্ম বৈরাগ্যবান নিত্যমুক্ত পুরুষ নানাপ্রকার ব্যায়াম অভ্যাসে অসাধারণ শক্তিসম্পন্ন এবং যোগসাধনার উপযুক্ত ভাবে গঠিত শরীর বিশিষ্ট, উদারচেতা, অন্যান্য ছাত্রগণের পরিচালক, শিক্ষকগণের নিকট কর্ত্তব্যপরায়ণ প্রিয় ছাত্র, পিতৃশোকে মুহ্যমান না হইয়া, সংসারের ভার নিজ স্কন্ধে গ্রহণ করিলেন। এই সময় পূর্ব্বোক্ত তারকনাথ পরামাণিক মহাশয়ের বদান্যতা এই অসহায় পরিবারকে রক্ষা করায় শশীভূষণের ছাত্রজীবন অগ্রসর হইতে লাগিল। তথাপি তিনি ছোট ছোট ছেলেদের শিক্ষকতা করিয়া যাহা পাইতেন, তাহা তাঁহার জননীকে দিতেন। কিন্তু সংসারের প্রতি তাঁহার অনাস্থা ও অনাসক্তি বৃদ্ধি পাইতে লাগিল। যখন যেখানে কোন মহাপুরুষের সন্ধান পাইতেন তথায় গিয়া তাঁহাদের উপদেশ শ্রবণ করিতেন। তখন হইতেই সুন্দর সুন্দর সঙ্গীত রচনা করিয়া নিজেও গাহিতেন ও অন্যান্য ছাত্র বন্ধুদের গাওয়াইতেন। গ্রন্থোক্ত "ধরি করে করে, ক'টী সহোদরে তোমারি গৃহেতে থাকি।" (গীত নং ৩০৯ দেখুন) ইত্যাদি বহু মনোরম পদাবলী তাঁহার কৈশরের রচনা। ইং ১৯০৩ খৃষ্টাব্দ হইতে ১৯১২ খৃষ্টাব্দ পর্য্যন্ত তিনি উক্ত স্কুলের ছাত্র ছিলেন।

তাঁহার জননী কুমুদিনী দেবীরও স্বাস্থ্য খারাপ হইয়া আসিতেছিল। তিনি প্রাণপণে মাতৃদেবীর সেবাশুশ্রূষা ও চিকিৎসাদির ব্যবস্থা করিয়াছিলেন। কিন্তু নিয়তি অপরাজিতা। সন ১৩১৮ সালের অগ্রহায়ণ মাসে শুক্লা দ্বাদশী তিথিতে তিনি মরধাম পরিত্যাগ করিয়া স্বামীর সহিত অমরধামে মিলিত হইলেন। শশীভূষণের বয়স তখন একুশ বৎসর। তিনি তখন তৎকালীন সেকেণ্ড ক্লাসের (বর্ত্তমান নবম ক্লাস) ছাত্র পূর্ব্বোক্ত স্কুলে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কনিষ্ঠ ভ্রাতা রাখালের লেখাপড়া শিক্ষার ব্যবস্থা করিতে পারিলেই তাঁহার সংসার ত্যাগের পথ সুগম হইবে। মহামহোপাধ্যায় প্রমথনাথ তর্কভূষণ মহায়ের দ্বিতীয় পুত্র ফটিকচন্দ্র ভট্টাচার্য (পরে এম.এ. ও বিদ্যাভূষণ), সত্য সখা, ভূপেন্দ্রনাথ ঘোষাল (পরে রাণী ভবানী স্কুলের শিক্ষক) প্রভৃতি বিশিষ্ট ছাত্রগণ তাঁহার সহপাঠী ছিলেন। স্বাধীন বৃত্তির উপর তাঁর প্রবল অনুরাগ ছিল। তাই কিছু-দিন হৃদারাম ব্যানার্জি লেনে এক মেসে থাকিয়া বিভিন্ন বাজারে শাকসব্জীর ব্যবসা করিয়াছিলেন। কিন্তু খরিদ্দারকে ঠকাইতে না পারায় এবং সাধু মনোবৃত্তির প্রেরণায় ব্যবসায়ে লাভবান হইতে পারেন নাই। তারক পরামাণিক মহাশয়ের আনুকুল্যে মাতাসহ রাখালদাসের এবং মাতার অন্তে রাখালদাসের খরচ নির্ব্বাহ হইতে লাগিল এবং শশীভূষণ, নিজের খরচ যথাসাধ্য সংক্ষেপ করিয়া তাঁহাদেরও অর্থ সাহায্য করিতেন।

তারক পরামাণিক মহাশযের নিকট অনুপ্রেরণা পাইয়া ডাঃ কৈলাসচন্দ্র বসু, এ. সি. পাল (প্রসিদ্ধ কাগজ খাতা ইত্যাদি ব্যবসায়ী) রাজেন্দ্রনারায়ণ কবিরত্ন প্রভৃতি তদানীন্তন অর্থশালী ব্যক্তিগণ ও ভদ্র দুঃস্থ পরিবারকে ও ছাত্রকে গোপনে অর্থসাহায্য করিতেন। জমিদার দিগম্বর মিত্র মহাশয় বহু ছাত্রকে আহার্য্য ও বাসস্থান দিয়া প্রতিপালনপূর্ব্বক তাহাদের নিজের পায়ে দাঁড় করাইয়া দিতেন। পরামাণিক মহাশয় চক্রবর্ত্তী মহাশয়ের সময় হইতে একাদশী, পূর্ণিমা, অমাবস্যা সংক্রান্তি প্রভৃতি পর্ব্বদিনের প্রাপ্তি সকল, পূর্ব্ববৎ বহাল রাখিয়াছিলেন। পিতামাতার মৃত্যুর পর শশীভূষণ কনিষ্ঠ ভ্রাতার জন্য সকল ব্যবস্থা করিয়া যান।

মাতৃবিয়োগের পর তাঁর সপিণ্ডন কার্য্য সমাধা করিয়া রাখালকে সঙ্গে লইয়া নিতাড়ায় (ন্যাৎড়া) তাঁহার মেসোমহাশয়ের বাড়ীতে যান এবং তথায় একই দিনে অপর দুইটি আত্মীয় বালকের সহিত রাখালের উপনয়ন ক্রিয়া সম্পন্ন হয়। এই সময় রাখালের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচার্য্য-গুরু দক্ষিণ-খয়ড়ার ভূদেব চক্রবর্ত্তী মহাশয় তাঁহার কন্যার সহিত শশীভূষণের বিবাহ দিবার বিশেষ ইচ্ছা প্রকাশ করেন। মায়ার বাঁধনে বাঁধিবার জন্য মহামায়ার এই চক্রান্ত ব্যর্থ হইল। নম্র ও ধীর শশীভূষণ মৃদুস্বরে কহিলেন "আচ্ছা যদি কখনও বিবাহ করি তবে আপনার কন্যাকেই গ্রহণ করিব, কিন্তু নিজের পায়ে না দাঁড়াইয়া বিবাহ করিব না।" ভূদেব বাবু নিরাশ হইলেন না; কিন্তু নিরস্ত হইলেন। আকুমার ব্রহ্মচারী কৌশলে নিজ কার্য্য হাসিল করিলেন, কিন্তু কন্যাদায় গ্রস্ত পিতার মনে দুঃখ দিলেন না। দরিদ্রের প্রতি এই করুণার ধারা তাঁহার হৃদয়ে চিরদিন অন্তঃসলিলা ফল্গুর মত প্রবাহিত ছিল। কখনও কোন প্রার্থী তাঁহার নিকট হইতে বিফল মনোরথ হইয়া ফেরে নাই। কি ধনী, কি দরিদ্র সকলকেই তিনি সমান ভাবে আদর আপ্যায়ন করিতেন ও পান ভোজন করাইতেন।

কনিষ্ঠ ভ্রাতার উপনয়নের পর, তাহার শিক্ষার বন্দোবস্ত করিলেন। এইবার তাঁহার জীবনের মাহেন্দ্রক্ষণ সমাগত হইল। ৺গয়াধামে গিয়া পিতামাতার পিণ্ডদানকৃত্য শ্রীবিষ্ণু-পাদপাদ্মে নিষ্পন্ন করিয়া ইং ১৯১৪ সাল, বাং সন ১৩২১ সালের বৈশাখমাসে ৺কাশীধামে উপস্থিত হইলেন। পরমহংস শ্রীশ্রী১০৮ প্রণবানন্দ গিরিমহারাজকে তিনি ইতি পূর্ব্বেই বাদুড় বাগান ষ্ট্রীটে ৩৭নং বাটীতে ৺বিনোদিনী বসুর অতিথি হিসাবে অবস্থান করিতে এবং বহু ধর্ম্মপিপাসু লোককে কৃপা ও যোগদীক্ষা দানে কৃতার্থ করিতে দেখিয়াছিলেন। উক্ত ৺বিনোদিনী বসুর কোন আত্মীয় শশীভুষণের বন্ধু ও সহপাঠী ছিলেন। সেই সূত্রে তিনি কলিকাতাতেই পরমহংসজীর দর্শন লাভ করেন ও তাঁহার শ্রীচরণ ছায়া লাভ করিবার অভিলাষ হৃদয়ে পোষণ করেন। কিন্তু ৺কাশীধামে উপস্থিত হইবার পরই তাঁহাকে এক কঠোর পরীক্ষার সম্মুখীন হইতে হয়। কোন রাজনৈতিক ফেরারী আসামীর সহিত চেহারার সাদৃশ্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখিয়া পুলিশ তাঁহাকে গ্রেপ্তার করিয়া হাজতে রাখিল। তথায় তিনি একমনে ভবিষ্যত গুরুর ধ্যান ও তাঁহার চরণে মিলিত হইবার জন্য প্রার্থনা করিতে লাগিলেন। ভক্তের ভগবান টলিলেন। গুরুকৃপায় কয়েকদিন পরেই, পুলিশ ভুল বুঝিতে পারিয়া তাঁহাকে মুক্তি দিল। সদগুরুর কৃপা প্রত্যক্ষ করিয়া, শশীভূষণ গুরুর আশ্রমে চলিলেন। পরিব্রাজকাচার্য্য পরমহংস প্রণবানন্দ গিরি মহারাজ তখন ৺কাশীধামে রাণামহল মহল্লায় 'প্রণবাশ্রমে' অবস্থিতি করিতে ছিলেন। তাঁহার কৃপাপ্রার্থী যুবক শশীভূষণ, তাঁহার আশ্রমে আসিয়া সাষ্টাঙ্গে প্রণিপাত করিয়া তাঁহার শ্রীচরণে আশ্রয় প্রার্থনা করিলেন। পরমহংসজী তীক্ষ্ণ অন্তর্ভেদী দৃষ্টিতে তাঁহার মর্মস্থল পর্য্যন্ত দেখিয়া লইয়া তাঁহাকে আশ্রমে থাকিবার অনুমতি দিলেন। তাহার পর আরম্ভ হইল তাঁহার কঠোর ও কঠিনতম পরীক্ষা। আশ্রমের যত শ্রমসাধ্য শক্তকাজ তাঁহাকেই করিতে আদেশ হইল। একদিন তিনি চাটু করিয়া চাপাটি ভাজিতে ছিলেন। সহসা পরমহংসজী আদেশ করিলেন, "হাতদিয়ে চাটুটা নামাও তো বাবা!" তৎক্ষণাৎ বিন্দুমাত্র দ্বিধা না করিয়া শশীভূষণ তাহাই করিলেন। আগুনের মত লাল চাটু হাতদিয়াই নামানো হইল। কিন্তু এরূপ কৌশলে ও বিদ্যুৎবেগে তিনি চাটু নামাইলেন যে তাঁর হাতেও কোন ফোস্কা উঠিল না। পূর্ব্ব জন্মার্জ্জিত যোগ ক্রিয়া তখন তাঁহার শরীরে খেলা করিতে আরম্ভ করিয়াছে। পরে বাংলা সন ১৩২১ সালের আশ্বিন মাসে নবরাত্রের মহানবমীর দিন পরমহংসজী তাঁহাকে ক্রিয়াযোগ দীক্ষা দান করিলেন। এই সরল সহজ গুহ্য সাধনা যোগীরাজ শ্রীশ্রী'বাবাজী' মহারাজ সিদ্ধপুরুষের নিকট হইতে যোগীপ্রবর শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ী মহাশয় প্রাপ্ত হন এবং পরম্পরা ক্রমে শ্রীশ্রীমৎ প্রণবানন্দজী ও তৎশিষ্য শ্রীমৎ সানন্দ ব্রহ্মচারীজি প্রাপ্ত হন এবং এই সাধনায় সিদ্ধিলাভ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেন। শ্রীশ্রীলাহিড়ী মহাশয়, শ্রীশ্রীমৎ প্রণবানন্দজী এবং শ্রীসানন্দ ব্রহ্মচারীজি অসংখ্য শান্তি পিপাসুকে এই সাধনা দান করিয়া গিয়াছেন। এই যোগদীক্ষা গ্রহণ কালেই শশীভূষণের নাম হইল শ্রীমৎ সানন্দ ব্রহ্মচারী। তিনি অপর কোন গুরুর নিকট সন্ন্যাস গ্রহণ করেন নাই কারণ তাঁহার যোগদীক্ষা দাতা শ্রীগুরু প্রণবানন্দ মহারাজ যোগ ও সন্ন্যাস সিদ্ধ পরমহংস পরমপুরুষ ছিলেন এবং তাঁহার আরাধনাতেই তৎশিষ্য সানন্দ মহারাজ পরমতৃপ্তি লাভ করিয়াছিলেন। তাঁহার এই একনিষ্ঠ গুরুভক্তি এবং গুরুর সহিত মিলনের আকাঙ্ক্ষাই 'বনফুল সাধন গীতিমালিকার' অধিকাংশ গীতের ছত্রে ছত্রে পরিস্ফুটিত হইয়া উঠিয়াছে। এই অশ্রুসিক্ত অপার্থিব রম্য গীতিমাল্য সহৃদয় পাঠক গণের কণ্ঠে প্রসাদী মাল্যের ন্যায় অর্পণ করিয়া 'প্রকাশক শ্রীগুরু সেবক সঙ্ঘও ধন্য এবং কৃতকৃতার্থ হইল।

বাল্য কাল হইতেই শশীভূষণ ছিলেন ভাবপ্রবণ স্বাধীনচেতা প্রবল কর্ত্তব্য পরায়ণ, স্বদেশভক্ত, মুক্ত স্বভাব, বৈরাগ্যবান আদর্শ-চরিত্র বালক। পিতৃমাতৃ ভক্তি, দরিদ্রের দুঃখে বিগলিত হৃদয় কঠোর পরিশ্রমশীল, সত্য, সততা ও সরলতার মূর্ত্ত প্রতীক।

গৃহত্যাগের ৪।৫ বৎসর পরে একবার সানন্দজী তাঁহার শ্রীগুরু মহারাজের সঙ্গে কলিকাতায় ৺তারক পরামাণিকের গৃহে আসেন। পরামাণিক মহাশয় তখন এক লক্ষ ব্রাহ্মণের পদধূলি সযত্নে সংগ্রহ করিতেছিলেন। তাঁহার কনিষ্ঠ ভ্রাতা রাখালদাস তখন পরামাণিক মহাশয়ের বাড়ীতে আসিয়াছিলেন। সানন্দজী ও তাঁহার গুরু মহারাজ রাস্তায় মোটরে অপেক্ষা করিতেছেন শুনিয়া রাখাল ছুটিয়া তথায় আসিলেন এবং ব্রহ্মচারী বেশে সানন্দজীকে ও সন্ন্যাসী বেশে তাঁহার গুরুমহারাজকে দেখিয়া কাঁদিয়া উভয়ের চরণে পড়িলেন। সানন্দজী তাঁহার গুরু মহারাজের আদেশে রাখাল দাসকে সান্ত্বনা এবং কিছু অর্থ দিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিদায় করিলেন। শ্রীগুরুজী জিজ্ঞাসা করিলেন, "সঙ্গে লইলে না কেন ?" উত্তরে সামন্দজী সবিনয়ে বলিলেন, "উহা হইতে বংশরক্ষা হইবে।" শুনিয়া শ্রীগুরুদেব প্রীত হইলেন এবং অনুমোদন করিলেন।

৺কাশীধামে রাণামহলে গঙ্গার উপর উদয়পুরের রাণাদের বাটীতে শ্রীশ্রীপ্রণবানন্দজীর আশ্রম বহুদিন ছিল। তৎপরে ক্রমশঃ অহল্যাবাঈয়ের ব্রহ্মপুরী, ত্রিলোচনঘাট, সোণার পুরা, পাঁড়ে হাউলি প্রভৃতি স্থানে 'প্রণবাশ্রম' স্থানান্তরিত হয় এবং পরিশেষে পুণ্যতীর্থ 'হৃষীকেশে' যাইয়া আশ্রম নির্ম্মাণ করিতে আরম্ভ করেন। তাঁহার সঙ্গে ছিলেন সানন্দজী, কালিকানন্দজী ও অসীমানন্দজী এই তিনটি যুবক ব্রহ্মচারী শিষ্য। অসীমানন্দ সর্ব্ব কনিষ্ঠ এবং তরুণ বয়স্ক ছিলেন। এই 'পঞ্চবটী আশ্রম' নির্ম্মাণের প্রারম্ভেই প্রণবানন্দ মহারাজ ৭৫ বৎসর বয়সে বাংলা সন ১৩২৫ সালের ২৫শে কার্ত্তিক জিতাষ্টমীর দিন মহাসমাধি লাভ করেন তাহা পূর্ব্বেই বলা হইয়াছে। তিনি শেষ সময়ে সানন্দজীর উপর আশ্রম গঠন ও অন্যান্য সমগ্র কার্য্যের ভার দিয়া যান।

শ্রীগুরুদেবের তিরোধানের পর, সানন্দ ব্রহ্মচারীজি পরমহংস মহারাজের অগণিত শিষ্য শিষ্যাগণের আনুকুল্যে বহু অর্থব্যয়ে 'পঞ্চবটী আশ্রম' অতিসুন্দর ভাবে নির্মাণ ও সুসম্পন্ন করেন। মণিকূট শৈলকোলে, মন্দাকিনী ও ভোগবতী (অপর নাম চন্দ্রভাগা) পুণ্য নদীদ্বয় পরিবেষ্টিত হিমাচলের অপূর্ব্ব প্রাকৃতিক সৌন্দর্য্য পূর্ণ স্থানে, এই আশ্রম একখানি চিত্রিত ছবির ন্যায় দেখিতে হইয়াছিল। তথাকার অধিবাসী উক্ত তিনটি তরুণ ব্রহ্মচারী তথায় বহু পরিশ্রমে ফল, ফুল ও সব্জীর বাগান করিলেন। 'লক্ষ্মী' ও 'স্বরস্বতী' নামে একটি লাল ও একটি সাদা দুগ্ধবতী সবৎসা গাভী আসিয়া উপস্থিত হইল। তাহাদের বৎসদ্বয়কে প্রচুর দুগ্ধপান করাইয়া তারপর তাহাদের দুগ্ধ দোহন করা হইত। একটি পাহাড়ী সেবকের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাহায্যে সানন্দজী ঐ গাভী দুইটিকে ভগবতী মাতার ন্যায়ই পালন করিতেন এবং তাহারাও তাঁহার সমস্ত কথা বুঝিত ও শুনিত। 'পঞ্চবটী আশ্রমে' তিনটি পাকা ঘর, একটি দরদালান ও সম্মুখে চওড়া লাল রোয়াক ছিল। মাঝের ঘরটিতে ঠাকুর ঘররূপে শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ী মহাশয়, পরমহংস শ্রীশ্রীআত্মানন্দ গিরি মহারাজ ও পরমহংস শ্রীশ্রীপ্রণবানন্দ গিরি মহারাজের চিত্র পরপর রক্ষিত ছিল। একখানি পর্ণ কুটীরে সানন্দজী বাস করিতেন ও প্রায় সারারাত্রি সাধনা করিতেন। যে একবার সেই পুণ্য আশ্রম দেখিয়াছে ও তথাকার সর্ব্বাঙ্গ সুন্দর সাধন জীবন ও শান্তিময় পরিবেশ প্রত্যক্ষ করিয়াছে, সেই নিজেকে ধন্য মনে করিয়াছে। হৃষীকেশধামে আসিয়াই সানন্দজী একটি ভজন গীত রচনা করিয়া গান করেন। উহাতেই হৃষীকেশের সৌন্দর্য্য ও মাহাত্ম্য হৃদয়ঙ্গম হইবে।

'হৃষীকেশ'

হৃষীকেশ, হৃষীকেশ, হৃষীকেশ ভজমন!
নয়ন মন-রঞ্জন, প্রকৃতির নর্ত্তন স্থান!
মনিকূট শৈলোপরে
কল্লোলিনী সহিল্লোলে,
স্রোতঃস্বতী ভাগীরথী, বেগবতী সুভীষণ।
অন্নবস্ত্র স্থান, অনুকূল,
প্রচুর মিলে পাতলে দুকূল
(সাধক) তোমার কেন আর থাকে ভুল
স্ব স্বরূপে হও মগন।
তটিনী তট শেভিত, নরনারী সমাহিত
প্রায়শঃ চক্ষুমুদ্রিত, ইষ্ট দেবার্পিত মন॥

শ্রীশ্রীসেবানন্দ মহারাজ নামে একটি বর্ষীয়ান ক্ষীণ দৃষ্টি বাঙ্গালী সাধু আসিয়া ঐ পঞ্চবটী আশ্রমে আশ্রয় গ্রহণ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরম সমাদরে তিনি তথায় অবস্থান করিতেন এবং সানন্দজী তাঁহাকে 'দাদা' বলিতেন ও তদ্রূপ মান্য করিতেন। 'কালী কম্বলী' ওয়ালার ছত্র হইতেই প্রায় এই আশ্রমবাসীগণ আহার্য্য সংগ্রহ করিতেন। কখনও বা আশ্রমে রন্ধন করা হইত। সানন্দজী তাঁহার গুরুমহারাজের নিকট মাত্র মশলা ফোড়নে, বাঁটা মশলা না দিয়া, অতি অপূর্ব্ব রন্ধন শিক্ষা করিয়াছিলেন। যখনই আশ্রমে রন্ধন হইত তিনিই অমৃততুল্য রন্ধন করিতেন। হাঁড়ি, ও বাসনকোসন সব নিজেরাই মাজিতেন। বেশীর ভাগ জঙ্গল হইতে পাতা আনিয়া থালার কাজ সারা হইত। হৃষীকেশের প্রচণ্ড শীতেও কম্বল আচ্ছাদনই তাঁহাদের যথেষ্ট হইত। হৃষীকেশের গঙ্গার জল স্ফটিকের মত স্বচ্ছ কিন্তু হিমশীতল। তাই শীতকালে উহা পান করা যায় না। আশ্রমের নিকটেই একটি কূপ ছিল! গঙ্গাতটে ঐ কূপ সামান্য গভীর এবং উহার জল অতি উপাদেয় ছিল।

'পঞ্চবটী আশ্রম'বাসীগণের সাধনজীবন দ্রুতবেগে অগ্রসর হইতেছিল। সানন্দজী তাঁহার শ্রীগুরু কৃপায়, শিষ্যত্ব গ্রহণের অল্পদিনের মধ্যেই অষ্টাঙ্গ যোগসিদ্ধি লাভ করেন, এবং দীক্ষাদানের অনুমতি ও শক্তি লাভ করেন। তাঁহার শিষ্যবর্গও ক্রমশঃ তাহার চরণ সমীপে উপস্থিত হইয়া কৃপালাভ করিতে লাগিলেন। ইং ১৯২১ সনে মহাত্মা গান্ধীজি প্রবর্ত্তিত অসহযোগ আন্দোলনে যোগদান করতঃ মহামহোপাধ্যায় প্রমথনাথ তর্কভূষণ মহাশয়ের তৃতীয় পুত্র শ্রীবৈদ্যনাথ ভট্টাচার্য্য (অধুনা ভাগবদাচার্য্য ও শাস্ত্রী) কলিকাতা সংস্কৃত কলেজ হইতে বি, এ, পরীক্ষা না দিয়া তাঁহার সহপাঠী শ্রীঅতুল চন্দ্র আচার্য্য (বর্ত্তমানে বি, এ, কাব্যতীর্থ) সহ মেদিনীপুর জেলায় ঝাড়গ্রাম মহকুমার অন্তর্গত বৈতা গ্রামে অতুল চন্দ্রের বাটীতে গমন করিয়া গ্রামোন্নতি, স্কুল প্রতিষ্ঠা, মাদকবর্জ্জন প্রভৃতি বহু কার্য্য করিয়া প্রায় পদব্রজে দুই বন্ধুতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হৃষীকেশস্থ পঞ্চবটী-আশ্রমে উপস্থিত হয়েন। তখন তাঁহারা পথশ্রম ক্লিষ্ট এবং অসুস্থ। সানন্দজী পূর্ব্বাশ্রমে, বৈদ্যনাথ ও তাঁহার সতীর্থবৃন্দের একই বিদ্যালয়ের ছাত্র হিসাবে 'শশীদা' এবং পরিচালক ও বন্ধু ছিলেন। বৈদ্যনাথ এবং অতুল চন্দ্র তাঁহার সহিত মিলিত হইয়া অপার আনন্দ সাগরে ভাসিলেন এবং তাঁহার নিকট যোগদীক্ষা প্রাপ্ত হইলেন। বৈরাগ্য প্রাবল্যে তাঁহারাও ব্রহ্মচর্য্য গ্রহণ করিয়া সংসার ত্যাগ করিবার বাসনা জানাইলেন। কিন্তু কিছুতেই অনুমতি পাইলেন না। বৈদ্যনাথের বৃদ্ধ পিতামাতা, এবং অতুলচন্দ্রের বৃদ্ধ পিতা ও অল্পবয়স্ক অনুজ ছিলেন। তাঁহাদের সেবা ও প্রতিপালন করাই ধর্ম্ম এবং প্রধান কর্ত্তব্য তাহা সানন্দজী নিজেও যেমন বুঝিতেন, শিষ্যদ্বয়কেও তাহাই বুঝাইলেন। পিতামাতাকে তিনি জীবন্ত দেবতা বলিয়া জানিতেন এবং সকল শিষ্য ও শিষ্যাকেই তাহা শিখাইতেন। সুতরাং বৈদ্যনাথ এবং অতুলচন্দ্রের কেদার, বদরিকাশ্রম যাত্রা স্থগিত হইল। বৈতা গ্রাম হইতে তাঁহারা নিরুদ্দেশ হইয়াছিলেন। উভয়েরই পিতার কাছে তাঁহাদের সংবাদ দিয়া পত্র লেখা হইয়াছিল। গৃহে ফিরিবার জন্য ডাক ও অর্থ আসিল। অনিচ্ছা সত্ত্বেও তাঁহারা গৃহে ফিরিয়া পিতৃ আশীর্ব্বাদ লাভ করিলেন।

উক্ত 'পঞ্চবটী আশ্রম' এবং হৃষীকেশ ও হরিদ্বারস্থ বহু অন্যান্য আশ্রম ইং ১৯২৪ সালের ২৯শে সেপ্টেম্বর, ৺শারদীয়া পূজার প্রাক্কালে, প্রবল বন্যায় প্লাবিত হইয়া ধ্বংশ প্রাপ্ত হয়। একরাত্রে সহসা প্রবল জলরাশির উত্তাল তরঙ্গে তৎসমূহ স্থানস্থ অসংখ্য সাধু, সন্ন্যাসী এবং অন্যান্য নরনারী ও জীবজন্তু গঙ্গাগর্ভে ভাসিয়া যান। সানন্দ ব্রহ্মচারীজী তখন কলিকাতায় শ্রীদাশরথী মজুমদার মহাশয়ের ৭৫ নং লোয়ার সারকুলার রোডস্থ ভবনে অবস্থিতি করিতেছিলেন। 'পঞ্চবটী আশ্রম' বাটীর পাকা ঘরগুলি একে একে এই ভীষণ প্লাবনে ভাঙ্গিয়া পড়ে। শ্রীকালিকানন্দ ব্রহ্মচারী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভিন্ন, আশ্রমবাসী সকলেই গঙ্গাগর্ভে লীন হন। কালিকানন্দজী সিঁড়ি দিয়া একতলার ছাদে উঠিয়া আশ্রমের শেষ ঘরের দেওয়ালটির উপর অবস্থান করিয়া এই প্রলয়ঙ্কর নটরাজের ধ্বংশ-লীলার প্রলয় নৃত্য দেখিতেছিলেন ও ইষ্টধ্যান করিতেছিলেন। শেষ পর্য্যন্ত যখন ঐ শেষ দেওয়ালটীও ধ্বসিয়া পড়িল, তখন তিনি শ্রীগুরু স্মরণ করিয়া গঙ্গাগর্ভেই ঝাঁপ দিলেন। মুহূর্ত্তে একটি বড় গাছের ডাল ভাসিয়া আসিয়া তাঁহার হাতে লাগিল। তিনি প্রাণপণে উহা ধরিয়া অবলীলাক্রমে উন্মত্ত তরঙ্গ-রাশির ফেনাইত শীর্ষে শীর্ষে ভাসিয়া চলিতে লাগিলেন। প্রকাণ্ড প্রকাণ্ড প্রস্তর খণ্ডগুলি পরস্পর ঠোকাঠুকি খাইয়া ভীম গর্জ্জনে প্রলয় ভৈরবের সঙ্গে যোগদান করিল। কালিকানন্দজী জ্ঞান হারাইলেন। কয়েকদিন পরে তিনি হৃষীকেশ হইতে বহুদূরে কঙ্খলের নিকটবর্ত্তী কোন স্থানে গঙ্গাতীরে অচেতন অবস্থায় পড়িয়াছিলেন। তথাকার কোন অধিবাসী তাঁহাকে কুড়াইয়া লইয়া যায় এবং সেবাশুশ্রূষা করিয়া, দুগ্ধ পান করাইয়া জীবন দান করে। পরে তিনি হৃষীকেশে ফিরিয়া আসিয়া, কোথায় 'পঞ্চবটী আশ্রম' ছিল তাহার স্থান নির্দ্দেশও করিতে পারেন না। চতুর্দ্দিকব্যপ্ত বিবাট জলরাশি ধ্বংশলীলা সংবরণ করিয়া, বায়ুভরে চঞ্চল খেয়ালী শিশুর ন্যায় খেলা করিতেছে এবং তখনও তাহার কলনাদে, "ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা" এই ধ্বনি শ্রুত হইতেছে। তাঁহার মুখেই পূর্ব্বোক্ত ঘটনার বিবরণ শোনা হইয়াছিল।

সংবাদপত্রে এই লোমহর্ষণ ঘটনার বিবরণ পাঠ করিয়াই সানন্দজী হৃষীকেশে ফিরিয়া আসিলেন এবং কিছুমাত্র অভিভূত না হইয়াই পছন্দমত সামান্য একখণ্ড জমী লইয়া তথায় একখানি পর্ণকুটীর নির্ম্মাণ করিয়া বাস করিতে লাগিলেন। কালিকানন্দজী ইহার কিছুদিন পরে নিজ স্বদেশ বনহুগলীতে ফিরিয়া যান এবং তাঁহার বাঁশীর ন্যায় মধুর কণ্ঠে শ্রীমদ্ভাগবৎ পাঠ করিয়া ও গীত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গাহিয়া বহু দেশ ভ্রমণ করেন ও ভক্ত প্রাণে তৃপ্তি বর্ষণ করেন। বেশ কিছু বৎসর পরে তিনিও এই নশ্বর মায়া প্রপঞ্চ পরিত্যাগ করিয়া শ্রীগুরুপদে লীন হন।

ইং ১৯২৪ সালের প্রথম দিকে উক্ত মহামহোপাধ্যায় প্রমথনাথ ও তাঁহার সহধর্ম্মিণী নৃত্যকালী দেবী পুত্র বৈদ্যনাথকে সঙ্গে লইয়া হরিদ্বারাদি তীর্থ ভ্রমণ করিয়া 'পঞ্চবটী আশ্রমে' হৃষীকেশে উপস্থিত হইয়া আশ্রমের মনোহারিণী শোভা দর্শন করিয়া মুগ্ধ হন। ধ্যানরত ঋষির মতই হিমাচলের শৃঙ্গগুলি স্থিরাসনে চারিদিকে বিরাজিত। শষ্পশ্যাম কানন গুলির কোথাও দলেদলে কুরঙ্গ দল বিচরণ করিত, কোথাও ময়ূর ময়ূরী পেখম তুলিয়া নৃত্য করিত। বিচিত্রবর্ণের রামধনু, প্রায়শঃই এক পর্ব্বত শৃঙ্গ হইতে উঠিয়া অন্য পর্ব্বতশিখরে লীন হইত। কলনাদিনী গঙ্গার দুই তীরে সারি সারি পর্ণকুটীর-রাজীতে সর্ব্বত্যাগী সন্ন্যাসীগণ ঈশ্বর চিন্তায় মগ্ন। অদূরে 'লছমন ঝোলার' ঝুলন্ত সেতু (ইহা পূর্ব্বে দড়ির সেতু ছিল, কিন্তু তখন লৌহসেতু হইয়াছে) দুলিতেছে, এবং তাহার তলদেশ দিয়া ক্ষিপ্র গ্রামিনী গঙ্গা সুদূরের দয়িত মিলন আশে সাগর সঙ্গমে ছুটিয়াছে। এই স্থানের বর্ণনা বাক্যের অসাধ্য তাই কেবল মাত্র একটু আভাস দেওয়া গেল।

সানন্দ ব্রহ্মচারীজী তাঁহার শ্রীগুরুদেবের সঙ্গে, কলিকাতা, মেদিনীপুর, কাঁথি, জনাই গোরক্ষপুর ইত্যাদি বহু স্থানে পরিভ্রমণ করিয়াছিলেন। একবার তাঁহারা যখন হাওড়ায় নিত্যধন মুখোপাধ্যায় মহাশয়ের বাড়ীতে কিছুদিন অবস্থান করেন, তখন রাখাল যাহাতে তথায় থাকিয়া ভালভাবে লেখাপড়া শিখিতে পারেন তাহার ব্যবস্থা করিয়া যান।

উক্ত পঞ্চবটী আশ্রম নির্ম্মাণ করিতে প্রভূত অর্থ ব্যয় হইয়াছিল। তদুপরি শ্রীমৎ সানন্দজীর অমানুষিক দৈহিক ও মানসিক পরিশ্রম দ্বারা ইহা গঠিত হইয়াছিল। হিমাচল প্রদেশে ইতিপূর্ব্বে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কখনও এরূপ বন্যা ঘটে নাই, কারণ স্বভাব-ঢালু তরাই জমিতে, অবাধগতি ভাগীরথীর জলধারা স্ফীত হইবার সুযোগ পায় না। তথাপি উক্ত আশ্রমের তিনদিকে উচ্চ প্রস্তর নির্ম্মিত প্রাচীর দেওয়া ছিল এবং সানন্দজী রাজমিস্ত্রিদের সঙ্গে মিলিয়া অনেক কাজ নিজ হস্তেই করিয়াছিলেন। তিনি মিস্ত্রিদের সঙ্গে অতি মধুর ও অমায়িক ব্যবহার করিতেন এবং তাহাদের ন্যায্য মজুরীর উপরও বখশীস দিতেন ও খাওয়াইতেন। নিজের মনের মত সাধনার স্থান নির্ম্মাণ কার্য্য সমাধা করিয়া তথায় ১২ বৎসর গুহার মধ্যে সাধনযোগে বসিবেন ইহাই তাঁহার সঙ্কল্প ছিল। তৎপূর্ব্বে শিষ্য-শিষ্যাগণের বহু অনুরোধে একবার তাহাদের দেখা দিবার জন্য কলিকাতায় তথা বঙ্গদেশে আসিয়াছিলেন। সেই সময় ঐ প্রলয় বন্যা ঘটিয়া গেল। তথাপি তিনি বিচলিত হইলেন না। আবার হৃষীকেশে ফিরিয়া গিয়া একখানি পর্ণকুটীর প্রস্তুত করিয়া প্রায় এক বৎসরকাল অবস্থান করিলেন। কিন্তু তখন হৃষীকেশে প্রবল ম্যালেরিয়া দেখা দিল। একবার বদরিকাশ্রম ভ্রমণ বহির্গত হইয়া তিনি দারুণ রক্ত আমাশয় রোগে আক্রান্ত হইয়া ফিরিয়া আসিতে বাধ্য হন। তৎপরে তিনি ইং ১৯২৫ সালে বাঙ্গলাদেশে কলিকাতা ও হাওড়া হইয়া চন্দননগরে আগমন করেন। বৃটিশরাজত্বের উপর বীতরাগ হইয়াই তিনি ফরাসী চন্দননগরে আসেন এবং তাঁহার গুরুভ্রাতা ৺হরিনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের বাটীতে থাকিয়া তাঁহাদের ও শিষ্যবর্গের আনুকূল্যে রথের সড়কে ইং ১৯২৬ সালে একটী ছোট কিন্তু সুদৃশ্য আশ্রম নির্ম্মাণ করিয়া "গীতাশ্রম" নাম দেন। কয়েক বৎসর পরে ইং ১৯৩৩ খৃষ্টাব্দে উক্ত হরিনাথ বন্দ্যো-পাধ্যায় মহাশয়ের পুত্র নিজশিষ্য শ্রীসুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়ের শ্বশুর মহাশয়ের নিকট দানপ্রাপ্ত প্রায় এক বিঘা জমিতে লাল-বাগান চকে পুনর্ব্বার গীতাশ্রম নামেই মনোরম আশ্রম নির্ম্মাণ করিয়া ইং ১৯৫৩ সাল পর্য্যন্ত তথায় দীর্ঘকাল তপস্যানিরত থাকেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উক্ত পল্লীর দরিদ্র ব্যক্তিগণ তাঁহাকে পিতার ন্যায় দেখিত এবং সর্ব্বদা সাহায্য পাইত। তাঁহার এক ভক্ত শিষ্য শ্রীননীগোপাল মোহন্ত (সাকিম লায়েকপুর, পোঃ ভালকুটি, জিলা বীরভূম) তখন কাশ্মীরের জম্মু ষ্টেটে মোটর চালকের কাজ করিয়াও তাঁহাকে আশ্রম নির্ম্মাণে যথাসাধ্য সাহায্য করিয়াছিল। অন্যান্য শিষ্যগণও করিয়াছিলেন ইহা বলাই বাহুল্য।

এই গীতাশ্রমে প্রতি বৎসর জিতাষ্টমী তিথিতে (শ্রীশ্রীজগদ্ধাত্রী পূজার পূর্ব্বদিন) শ্রীমৎ সানন্দজী তাঁহার পরমারাধ্য গুরুদেবের তিরোধান তিথিতে বিরাট উৎসব ও ভাণ্ডারা করিয়া বহুলোককে, বিশেষতঃ বালকবালিকা ও দরিদ্রনারায়ণ ভোজন করাইতেন। তাঁহার গুরুভ্রাতা, গুরুভগিনী এবং শিষ্যশিষ্যামণ্ডলী পরমানন্দে এই উৎসবে যোগদান করিতেন। তিনি স্বয়ং দাঁড়াইয়া বাঁটা মশলা না দিয়া, কেবলমাত্র গরমমশলা ও লঙ্কা ফোড়ন দিয়া আলু ও ফুল-কপির তরকারী রন্ধন করাইতেন এবং তৎসহ লুচি, মিষ্টান্ন ইত্যাদি ভোজন করানো হইত। ধনী নির্ধন নির্ব্বিচারে তাঁহার সাদর আপ্যায়ন এবং অভ্যর্থনায় সকলে পরম পরিতোষ লাভ করিত। দরিদ্র বালকবালিকাগণের তথায় অবারিত দ্বার ছিল। দরিদ্রগণের প্রতিই সর্ব্বদা তাঁহার দয়াধিক্য এবং করুণা পরিলক্ষিত হইত।

দ্বাদশ বৎসর অন্তর তিনি জন্মভূমি রাজপুর দর্শন করিতেন এবং এই জন্মভূমি তথা সমগ্র ভারতভূমির প্রতি তাঁহার অগাধ ভালবাসা ছিল। চন্দননগরে অবস্থানকালেই তিনি রাজপুর বিদ্যালয়ের দক্ষিণ পার্শ্বে রাস্তার উপর একটী বাগান ও পুষ্করিণীর অংশ সহ প্রায় ১৫।১৬ কাঠা জমি খরিদ করেন এবং তথায় 'শান্তিধাম' নামে আশ্রম প্রতিষ্ঠা করিয়া শেষজীবন অতিবাহিত করিবার জন্য অন্তর্দেবতার নিকট নির্দ্দেশ পান। ইং ১৯৫১ সাল হইতেই তাঁহার পাঞ্চভৌতিক শরীর অসুস্থ হইতে আরম্ভ করে। তিনি বলিতেন তাঁহাকে দুরারোগ্য ক্যানসার ব্যাধি আক্রমণ করিয়াছে। কিন্তু ঐ ব্যাধির অসহ্য যন্ত্রণার লেশমাত্র তাঁহার মুখে কেহ কোন দিন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখিতে পায় নাই। হোমিওপ্যাথিক ছাড়া তিনি কোন ঔষধও সেবন করেন নাই। ইং ১৯৫৩ সালের ২৮শে সেপ্টেম্বর চন্দন নগরের 'গীতাশ্রম' বিক্রয় করিয়া দিয়া ১১ই অক্টোবর কলিকাতায় চলিয়া আসিয়া ২৬।৯ নং হ্যারিসন রোডে, তৎশিষ্য শ্রীশৈলেন্দ্র নাথ মল্লিকের বাসায় কয়েক দিন অবস্থান করেন। যেরূপ হৃষীকেশস্থ পঞ্চবটী আশ্রমে, তদ্রূপ চন্দন নগরে উপরোক্ত উভয় 'গীতাশ্রমে' ব্রহ্মচারী মহারাজ নিজ হস্তে বহু ফল ফুলের গাছ ও চারা রোপন করিয়াছিলেন, এবং এই ফলফুল শোভিত আশ্রম পৌরাণিক মুনিঋষিগণের তপোবনের ন্যায় প্রতিভাত হইত। তাঁহার অশেষ উদ্যম ও কর্ম্ম শক্তির পরিচয় আশ্রমে প্রবেশ করা মাত্র পরিস্ফূট হইয়া উঠিত। চন্দন নগর হইতে বিদায়ের সময় কয়েকদিন ধরিয়া দলে দলে বিরহকাতর নরনারী তাঁহার শ্রীচরণ ধূলি গ্রহণ করিতে লাগিল। তাঁরও নয়নে অশ্রু এবং সকলেরই চোখে অশ্রু ও বুকে ব্যথা। ব্রজের 'কানাই' যেন মথুরায় চলিয়া যাইতেছেন। কত জিনিষ কত লোককে বিলাইয়া দিলেন। যাহা অবশিষ্ট রহিল তাহা লরীতে করিয়া লইয়া রাজপুর যাত্রা করিলেন। নিয়তির কালচক্রের সঙ্গে রথচক্র যোগ দিল এবং বিদায় বেদনা বহন করিয়া মৃদু সমীরণ বহিতে লাগিল। অন্তরীক্ষে মর্মভেদী বীণার ঝঙ্কারে বাজিয়া উঠিল "এ জীবন পথে, কত সাথী, সাথে এল গেল চলিয়া (৬১ নং গীত দেখুন)। তারপর ইং ১৯৫৩ সালের ১৫ই অক্টোবর কলিকাতা হইতে রাজপুর গমন করেন। শান্তিধামে আসিবার পূর্ব্বেই তথায় একখানি টালির চাল দিয়া ছিটা বেড়ার ঘর প্রস্তুত হইয়াছিল। সেই ঘরে আসিয়া সানন্দজী অধিষ্ঠিত হইলেন ও নূতন আশ্রম নির্মাণ আরম্ভ করিয়া দিলেন। এই সময় ইসরাইল নামে রাজমিস্ত্রী নির্ম্মাণ কার্য্য করে এবং বিশ্বস্ত ভাবে তাঁহার সেবাও করে। তখন শরীর অসুস্থ, আহারে রুচি নাই, কিন্তু কোন রোগের যন্ত্রণা মুখে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশ নাই। ক্যানসার রোগের দারুণ যন্ত্রনা কিছুই কেহ বুঝিতেও পারে নাই। মাঝে মাঝে চক্ষুমুদ্রিত করিতেন, কিন্তু সর্বদাই ধ্যানস্থ ভাবে রোগাক্রান্ত দেহাংশ হইতে মনকে অন্য স্থানে সরাইয়া রাখিতেন। ক্রিয়াকালে বহু বহু অপূর্ব্ব দর্শনের কথা নিকটস্থ শিষ্য গণকে মাঝে মাঝে বলিতেন। শ্রীহরি আসিয়া তাঁহার সঙ্গে নানারূপ খেলা করিতেন এবং মহাদেব তাঁহাকে বক্ষে স্থান দিয়া অতল সমুদ্র গর্ভে লীন হইয়াছিলেন এই কথাও প্রকাশ করিয়াছিলেন। শিষ্যগণের মন উদাস ও আসন্ন বিরহ ভারাক্রান্ত। জনাই এর বিখ্যাত জমীদার ৺পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয় শ্রীশ্রীপ্রণবানন্দ পরমহংস মহারাজের শিষ্য ছিলেন তাহা পূর্ব্বেই বলা হইয়াছে। তাঁহার সুযোগ্য পুত্রগণ শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় (বর্ত্তমানে অবসর প্রাপ্ত রেলওয়ে অফিসার) শ্রীগুরুপদ বন্দ্যোপাধ্যায় (বর্ত্তমানে বিখ্যাত বামারলরি কোম্পানির অফিসার, এবং শ্রীঅভয়পদ বন্দ্যোপাধ্যায় বিশিষ্ট ব্যবসায়ী এবং কন্যা পূর্ণিমা দেবী সকলেই সানন্দ ব্রহ্মচারীজীর শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন, এবং তাঁহাদের পত্নীগণ যথাক্রমে শ্রীমতী শোভনা দেবী, শ্রীমতী গীতা দেবী ও শ্রীমতী কল্যাণী দেবীও দীক্ষালাভ করিয়া পরমানন্দে শ্রীগুরু সেবা করিতেন। কাঁথীর জমীদার শ্রীশৈলেন্দ্রনাথ মল্লিক (বর্ত্তমানে ৭৩ বৎসর) এবং তদভ্রাতা শ্রীদ্বিজেন্দ্র নাথ মল্লিক (বর্ত্তমানে ৭০ বৎসর) ও তাঁহার শিষ্যত্ব গ্রহণ করেন এবং অপূর্ব্ব ভক্তিভরে তাঁহার সেবা করেন। শৈলেন্দ্র বাবুর স্ত্রী ৺রেণুকা দেবী ও পুত্র শ্রীশ্যামল কুমার মল্লিক আই. পি. এস্ (বর্ত্তমানে মস্কোতে সোভিয়েট গভর্ণমেণ্টের দরবারে ভারতীয় রাষ্ট্রদূত (এমব্যাসি) আবাসে প্রথম সেক্রেটারী) উভয়েই তাঁহার শিষ্য। উদয়পুরের রাজমন্ত্রী বংশীয় শ্রীদেব নাথ পুরোহিত, তাঁহার গুরুভ্রাতা। তাঁহার আহ্বানে এবং মহারাণার আমন্ত্রণে সান্দজী একবার উদয়পুরে গিয়া (চন্দন নগর হইতে) কিছুদিন অবস্থান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়াছিলেন। চন্দন নগরের বহু নরনারী তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন। পূর্ব্বোক্ত শ্রীবৈদ্যনাথ শাস্ত্রী ও তাঁহার সহপাঠী শ্রীঅতুলচন্দ্র আচার্য্য ইং ১৯২১ সালে যখন হৃষীকেশে গিয়া ব্রহ্মচারীজির আশ্রয়ে উপস্থিত হন ও শিষ্যত্ব গ্রহণ করেন, তখন তাঁহাদের সতীর্থ শ্রীগৌরীশঙ্কর চট্টোপাধ্যায় উক্ত কলেজে আই, এ, দ্বিতীয় বার্ষিক শ্রেণীর ছাত্র ছিলেন ও তাঁহাদের অনুরক্ত এবং অনুচর ছিলেন। মহামহোপাধ্যায় ৺প্রমথনাথ তর্কভূষণ মহাশয়ের বাড়ীতেও গৌরীশঙ্করের যাতায়াত ছিল, এবং তর্কভূষণ মহাশয় তাহার অধ্যাপক ছিলেন। তর্কভূষণ মহাশয় তখন বৈদ্যনাথের গৃহত্যাগে ও নিরুদ্দিষ্ট অবস্থায় অত্যন্ত কাতর হইয়াছিলেন। গৌরীশঙ্করও তাঁহাদের খবর না পাইয়া ব্যথিতচিত্তে তাঁহাদের কথা ভাবিতেন। গৌরীশঙ্কর একদিন রাত্রে স্বপ্নে দর্শন করিলেন যে বৈদ্যনাথদাদা ও অতুলদা এক সাধুজীর নিকট বসিয়া আছেন এবং ভজন গীত গাহিতেছেন। অত্যন্ত আনন্দদায়ক এই স্বপ্নের কথা তর্কভূষণ মহাশয়কে জ্ঞাপন করিলে তিনি কিঞ্চিৎ আশ্বস্ত হইলেন। পরে তর্কভূষণ মহাশয় হৃষীকেশ পঞ্চবটী আশ্রম হইতে তাঁহাদের সংবাদ পাইয়া, তাঁহাদের ফিরাইয়া আনিলেন। গৌরী-শঙ্কর (বর্ত্তমানে অবসর প্রাপ্ত জেলা ও দায়রা জজ) বৈদ্যনাথ দাদার সহিত মিলিত হইয়া এবং সমস্ত ঘটনা অবগত হইয়া অপার আনন্দ লাভ করিলেন এবং তাঁহাকে স্বপ্নদর্শনের কথা বলিলেন। সানন্দজীর সংবাদ পাইয়া তাঁহার দর্শন লাভের জন্য গৌরীশঙ্কর আকুল হৃদয়ে অপেক্ষা করিতে লাগিলেন। বেশী বিলম্ব হইল না। ইং ১৯২১ সালের মাঝামাঝি শ্রীমৎ সানন্দজী কলিকাতায় বাদুর বাগানে ৩৭ নং বাটীতে ৺বিনোদিনী বসুর নিকট প্রায় মাসাবধি অবস্থান করেন। বৈদ্যনাথ দাদার নিকট সংবাদ পাইয়া গৌরীশঙ্কর তথায় উপস্থিত হইয়া তাঁহার জ্যোতির্ম্ময় দেহ, করুণামাখা প্রোজ্জ্বল নয়নদ্বয় এবং যোগারূঢ় অবস্থা দেখিয়াই মুগ্ধ হইলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মচারীজি যখন স্কুল ত্যাগ করিয়া যান, গৌরীশঙ্কর তখন নিম্নক্লাসস্থ বালক ছাত্র। ব্রহ্মচারীজী বহু নিম্নশ্রেণীস্থ ছাত্রকেই অপরাহ্ণে ব্যায়ামশিক্ষা দিতেন এবং খেলা করাইতেন। রবিবাসরীয় নীতি বিদ্যালয়েও (উহা সংস্কৃত কলেজিয়েট স্কুলের অন্তর্গত একটী বিশিষ্ট নীতি শিক্ষার কেন্দ্র ছিল, যাহা তদানীন্তন অন্য কোন স্কুলেই ছিল না) ছাত্রাবস্থায় সানন্দজী শিক্ষকতা করিতেন। তাই তিনি গৌরীশঙ্করকে সহজেই চিনিলেন, যদিও প্রায় সাত বৎসর পরে এই পুনর্মিলন ঘটিল। গৌরীশঙ্কর উক্ত নীতি বিদ্যালয়ে গান গাহিতেন ও কিছু কণ্ঠ মাধুর্য্যের অধিকারী ছিলেন। এই পুনর্দ্দর্শন কালে নানা প্রকার প্রশ্ন আলোচনা ইত্যাদি হইত এবং তাঁহার আদেশে গৌরীশঙ্কর মাঝে মাঝে গান শুনাইতেন। অচিরেই শুভলগ্ন উপস্থিত হইল। ইং ১৯২১ সালের রথযাত্রার দিন প্রেসিডেন্সি কলেজের বি, এ, তৃতীয় বার্ষিক ছাত্র গৌরীশঙ্করের দীক্ষা ও ক্রিয়াযোগ লাভ হইল। পরে ইং ১৯২৭ সালে ৺শারদীয় মহাষ্টমীর দিন ব্রহ্মচারীজি হাওড়ায় অবস্থান কালে, গৌরীশঙ্করের জননী ৺অন্নপূর্ণা দেবী এবং পত্নী শ্রীমতী সুলেখা দেবীও তাঁহার কৃপালাভ করেন। অতঃপর ব্রহ্মচারীজি চন্দন নগরে অবস্থানকালে গৌরীশঙ্করের ভ্রাতুষ্পুত্র শ্রীমান অনাদিশঙ্কর চট্টোপাধ্যায়ের (বিখ্যাত জেনসন নিকোলসন কোম্পানীর অফিসার) মাতা শ্রীমতী মনোরমা দেবী ও পত্নী শ্রীমতী রত্নালয়া দেবী উভয়েই তাঁহার কৃপালাভ করেন।

২৪ পরগণার বাটানগরের নিকটবর্ত্তী মহেশতলার বিশিষ্ট অধিবাসী ৺মণিমোহন মুখোপাধ্যায় মহাশয় শ্রীশ্রীপ্রণবানন্দ মহারাজের ভক্ত-শিষ্য ছিলেন। তাঁহার পুত্র শ্রীসচ্চিদানন্দ মুখোপাধ্যায় (ওঃ শচীনবাবু) উপনয়নের পর বাল্যকালেই শ্রীগুরু অন্বেষণে কাশীধাম প্রভৃতি স্থানে ঘুরিয়া হৃষীকেশ ধামে উপস্থিত হন। তাঁহার অপূর্ব্ব কণ্ঠ লাবণ্য ছিল এবং সঙ্গীতবিদ্যা তখন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতেই আয়ত্ত ছিল। তখন তিনি নিঃসম্বল অবস্থায় ভ্রমণ করিতে করিতে হরিদ্বার হইয়া হৃষীকেশে আসিয়া এক সাধুজীর আশ্রমে কয়েকদিন অবস্থান করার পর সানন্দজীর দর্শন ও সাহায্য লাভ করিয়া গৃহে প্রত্যাবর্ত্তন করেন। কালক্রমে তিনি স্যানিটারি ইঞ্জিনিয়ার হইয়া বিশিষ্ট ব্যবসায়ী হয়েন। তিনি ইং ১৯৩৭ সালে বাং ১৩৪৪ সালের পৌষ সংক্রান্তি তিথিতে ব্রহ্মচারী মহারাজের নিকট দীক্ষা গ্রহণ করেন। চন্দননগরে দ্বিতীয়বার গীতাশ্রম নির্ম্মাণ সময়ে এবং অবশেষে রাজপুরে 'শান্তিধাম' আশ্রম নির্ম্মাণ কালে তিনি আশ্রম নির্ম্মাণ সংক্রান্ত বহু কার্য্যে সাহায্য করেন এবং শ্রীগুরু কৃপালাভে তাঁহার ব্যবসায়ে প্রভূত উন্নতি ঘটে। তিনি মহেশতলা উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা এবং সেক্রেটারী।

ইং ১৯৫৩ সালের জুন মাসে, ব্রহ্মচারীজীর গুরুভ্রাতা ৺যাদবচন্দ্র তলাপাত্র মহোদয়ের সুযোগ্য পুত্রদ্বয় শ্রীনিরঞ্জন তলাপাত্র ও শ্রীইন্দুকুমার তলাপাত্র সস্ত্রীক পাটনা হইতে চন্দননগর 'গীতাশ্রমে' আসিয়া উপস্থিত হয়েন। তখন ব্রহ্মচারী মহারাজ রাজপুর 'শান্তিধাম' আশ্রমে সাময়িক অবস্থান করিতেছিলেন। সংবাদ পাইয়াই, চন্দননগরে চলিয়া আসিয়া তিনি শ্রীনিরঞ্জনকুমার ও শ্রীইন্দুকুমার তলাপাত্রকে সস্ত্রীক দীক্ষা দান করেন। শ্রীইন্দ্রাদিত্য কুমার পাটনার বিখ্যাত "আদিত্য ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস ও ফাউণ্ড্রিস্ (পাটনা—গয়া রোড, পাটনা ১) এর মালিক হইতেছেন। ইঁহাদের গুরুভক্তি অতুলনীয়।

ব্রহ্মচারীজীর এই সংক্ষিপ্ত জীবনীতে তাঁহার অগণিত শিষ্য শিষ্যার পরিচয় দেওয়া বা উল্লেখ করা সম্ভব নহে। সুতরাং যাঁহাদের নাম উল্লেখ করা গেল না তাঁহারা নিজগুণে ক্ষমা করিবেন এই প্রার্থনা করিতেছি।

রাজপুর আগমনের পর যতই শরীর খারাপ হইতে লাগিল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ততই দ্রুতগতি তথাকার শান্তিধাম আশ্রম গড়িয়া উঠিতে লাগিল। রাজমিস্ত্রি ইসরাইল মোল্লা তাঁহার বিশেষ অনুগত ও ভক্ত হইয়া পড়ে এবং প্রাণপণে কাজ চালাইয়া আশ্রম নির্ম্মাণ করিতে থাকে। সময় বিশেষে সে ব্রহ্মচারীজির পুত্রের ন্যায় সেবাও করিত। উক্ত মিস্ত্রীর জ্ঞাতসারেই আশ্রম নির্ম্মাণের জন্য অনেক নগদ টাকাও ব্রহ্মচারীজির নিকট থাকিত। উপাদেয় পানীয় জলের নলকূপ ও তুইটী পাকাঘর একটী দরদালান ইত্যাদি নির্ম্মিত হইল। দ্বিতলে একখানি ঘরের দেওয়াল উঠিল, কিন্তু ছাদ আঁটা হয় নাই। ব্রহ্মচারীজি কালপূর্ণ হইয়াছে জানিয়া সত্বর নবনির্ম্মিত 'শান্তিধাম' আশ্রম প্রতিষ্ঠা করিয়া তথায় একটী ঘরে তাঁহার শ্রীগুরুদেবের ও পরম গুরুদেবের ফটো ইত্যাদি স্থাপন করিলেন, এবং অপর ঘরটিতে নিজে অবস্থান করিতে লাগিলেন। চন্দননগর হইতে ইং ২. ৯. ৫৩ তারিখের গৌরীশঙ্করের প্রতি পত্রের অংশে তিনি লিখিয়াছিলেন ..."গত ফাল্গুন মাসে একদিন বালকবেশে (ক্রিয়াকালে দর্শন) এসে শ্রীহরি বলিলেন, "ফটো নেবে?" আমি বলিলাম' "হাঁ লইব।"। তিনি বলিলেন "দাম দিতে হবে।" দিলাম। স্বর্গে গিয়া যে শরীর ধারণ করিব...তার ফটো দিলেন। কিন্তু আমার আত্মা তৃপ্ত হ'লো না। স্বর্গে আমার কি প্রয়োজন! গত জ্যৈষ্ঠ মাসে শান্তিধামে (ঐ সময় তিনি একবার তথায় গিয়াছিলেন) একদিন দেখিলাম আমি জলের মধ্যে অতলে প্রবেশ করছি! আত্মা বলিল, 'যা, সব শেষ হয়ে গেল! নারায়ণের শরীরে মিলে গেলাম। গত শুক্রবার (২৯. ৮. ৫৩) দেখিলাম, মহাদেব আমাকে তাঁর শান্তিময় শীতল বক্ষে জড়িয়ে ধরে আলিঙ্গন করিলেন। আমি বেদনা জড়িত কণ্ঠে 'পিতঃ' বলে তার বক্ষে মাথা রাখিলাম। তাঁরই জটা হতে আমার উৎপত্তি হয়েছিল সত্যযুগে। কর্ম্মক্ষয়ে তাঁরই বক্ষে স্থান পেলাম—কলির শেষে।" ভক্ত ও বিশ্বাসী হৃদয়ে তাঁহার শ্রীহস্তলিখিত ঐ কথাগুলির প্রতিটি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধ্রুব সত্য বলিয়াই গৃহীত হইবে। পরম যোগী দেবাদিদেব মহাদেবই যোগীগণের উৎপত্তি স্থান এবং লয়কালের আশ্রয়স্থল। তাই উপনিষদ বলিয়াছেন পূর্ণ হইতেই পূর্ণের উৎপত্তি, এবং পূর্ণ হইতে পূর্ণকে বিয়োগ করিলে, পূর্ণ ই অবশিষ্ট থাকে। তাঁহার জীবনের অলৌকিক ঘটনাবলীর উল্লেখ করা নিষ্প্রয়োজন বোধে তাহা লিপিবদ্ধ করিতে বিরত হইলাম। নিকটেই হউক আর দূরেই হউক তাঁহার শিষ্যগণের জীবনে সংঘটিত বিশেষ ব্যাপার সমূহ তিনি অবগত হইতেন।

অবশেষে আসিল সেই মহাপ্রয়াণের বিষাদ ও পরমানন্দের সন্ধিক্ষণ। তপস্যামগ্ন ব্রহ্মচারীজি মৌনভাবে যোগারূঢ় অবস্থা গ্রহণ করিলেন এবং তাঁহার ঈপ্সিত ইষ্টপদে চিত্ত নিবেশ করিলেন। ইং ১৯৫৪ সালের ২৮শে মার্চ্চ বাংলা সন ১৩৬০ সালের ১৪ই চৈত্র মুখ্যচান্দ্র ফাল্গুন, কৃষ্ণানবমী রবিবার রাত্রি ৩-৩০ মিঃ সময় তিনি চিরসমাধি মগ্ন হইয়া পরব্রহ্মে লীন হইলেন। ঐ দিন সন্ধ্যা হইতে রাত্রি প্রায় ১০টা পর্য্যন্ত পূর্ব্বোক্ত অভয়পদ বন্দ্যোপাধ্যায় এবং দ্বিজেন্দ্রনাথ মল্লিক মহাশয়, তাঁহার ভ্রাতৃজায়া ৺রেণুকা দেবী এবং গৌরীশঙ্কর চট্টোপাধ্যায় তাঁহার ভ্রাতৃজায়া শ্রীমতী মনোরমা দেবী উপস্থিত থাকিয়া তাঁহার শেষ শুশ্রূষা ও গীতাপাঠাদি করেন। তাঁহার কনিষ্ঠ ভ্রাতা রাখালদাস ও তৎপত্নীও তাঁহার সেবাদি ও তত্ত্বাবধান করিতেছিলেন। রাখাল বাবুর জিজ্ঞাসায়—আগন্তুক শিষ্য শিষ্যাগণকে ফিরিয়া যাইবার অনুমতি রাত্রি প্রায় ১০টার সময় তিনি সজ্ঞানে জ্ঞাপন করিয়া নির্জ্জনে সমাধি গ্রহণের উপক্রম করিলেন। কঠোর সাধনাময় পবিত্র ব্রহ্মচর্য্য জীবন প্রদীপ ৬৪ বৎসর বয়ঃক্রম কালে নির্ব্বাপিত হইল। পরদিন প্রাতে রাখালদাস-বাবু তাঁহার অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করিলেন এবং অশৌচান্তে ইং ৭ই এপ্রিল ১৯৫৪ সালে তাঁহার শ্রাদ্ধাদি পারলৌকিক কার্য্য নিষ্পন্ন করিলেন। বহুদূর হইতেও তাঁহার শিষ্য শিষ্যাগণ আসিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগদান করিয়াছিলেন। প্রতি বৎসরই উক্ত তিথিতে রাখালবাবু তাঁহার স্মৃতিপূজা করিয়া ভাণ্ডারা দিয়া থাকেন।

তিনি ছিলেন স্বভাব কবি। বহু সঙ্গীত ও আধ্যাত্মিক উচ্চাঙ্গের অনুভূতিময় পদ রচনা করিয়া নিজেই অথবা কোন কোন শিষ্যের দ্বারা সুর সংযোগ করিয়া গান করিয়া ও করাইয়া সকল শ্রোতাকে মুগ্ধ করিতেন। সেই সকল পদাবলী 'বনফুল' নাম দিয়া প্রকাশ করিবার জন্য তাঁহার একান্ত ইচ্ছা ছিল। কিন্তু সে ইচ্ছা পূর্ণ হইবার পূর্বেই তিনি স্বস্বরূপে লীন হন। এক্ষণে তাঁহার কয়েকজন ভক্তশিষ্যের সামান্য মাত্র উদ্যোগেই এই "বনফুল সাধন গীতি মালিকা ('বনফুল' নামে শ্রীবলাই মুখোপাধ্যায়, মহাশয়ের অন্য সাহিত্য থাকায় এই নামান্তর করণ প্রয়োজন হইয়াছে) আত্মপ্রকাশ করিয়া ভক্ত ও সাধকগণের হৃদয়পদ্মে মধুকরের ন্যায় গুঞ্জরণ করিবার জন্য প্রধাবিত হইতেছে দেখিয়া এই ক্ষুদ্র শ্রীগুরু সেবক সঙ্ঘের আনন্দের সীমা নাই। তাই তিনি যেমন তাঁহার জীবন দেবতার শ্রীপাদপদ্মে তাঁহার রচনা উৎসর্গ করিয়া গিয়াছেন, তাঁহার অকৃতি সন্তানগণ তাঁহারই শ্রীপাদপদ্মে আমাদের এই পূজার অর্ঘ্য নিবেদন করিয়া বলিতেছি,

"তোমারি বনমাঝে
ফুটিয়া 'বনফুল'
করে যে প্রাণমন
সুবাসে আকুল;
তোমারি শ্রীচরণে
ভকতি চন্দনে
মিশায়ে দিনু প্রভু!
এ ডালা অতুল।"

অতঃপর আমাদের আকুমার ব্রহ্মচারী ৺কাশীধামবাসী শ্রদ্ধেয় সঙ্ঘপতি শ্রীভাগবদাচার্য্য বৈদ্যনাথ শাস্ত্রী মহাশয় বিরচিত মধুর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বন্দনাটি দিয়া, এই মহান ও বিরাট জীবনের সংক্ষিপ্ত সঙ্কলন উপসংহার করিতেছি :—

শ্রীগুরু বন্দনা।

কিবা মনোহর মূরতি সুন্দর
নবীন সন্ন্যাসী বেশ !
শ্যাম কলেবর নরবপুধর
আপনি দেব মহেশ !
গৈরিক বসনে অজিন আসনে
ত্যজিয়া ভোগ ব্যসনে
কমণ্ডলু করে মন প্রাণ হরে
সদামগ্ন আত্মধ্যানে।
অল্প মৃদু ভাষী মুখে মৃদু হাসি
সরল—শিশুর সম
লোক ব্যবহারে সেবা করিবারে
সবা হ'তে বিচক্ষণ।
ও দুটি নয়ন কহিব কেমনে
কোথাকার কথা কয়,
বদন কমলে স্বরগের শোভা
প্রেমবারি সদা বয়।
ভূমার সন্ধানে ছুটিয়াছ তুমি
অল্পে সুখ নাহি মানি,
অভয় লভেছ, আনন্দ পেয়েছ,
দৃঢ়তার মূর্ত্তিখানি
মথি হলাহল দলি রিপুদল
মমতা বন্ধন মিছে,
অমৃতের পুত্র হইলে অমৃত
এ মর জগত মাঝে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংসার বিজয়ী বীরেন্দ্র কেশরী
অনন্ত পথের যাত্রী,
শ্রীমুখ হেরিলে হৃদে বল মিলে,
কেটে যায় মোহ রাত্রি।
শাসন কঠোর প্রেমের ঠাকুর
করুণার অবতার—
তোমারি চরণে সর্ব্বস্ব সঁপিনু
তুমি মম কর্ণধার।
কোমলে কঠোরে হৃদয় দেবতা
মরতের ধূলি 'পরে
অনাদি কালের বিরহ বেদনা
সঙ্গীতে যাঁর ঝরে।
ব্রহ্মানন্দ প্রদ পরম সুখদ
দিব্যৌষধি ভবরোগে
বৈদ্যনাথ হৃদে সদা আঁখি মুদে
হেরি যেন ক্রিয়া যোগে।

ওঁ হরি ওঁ শান্তিঃ হরি ওঁ শান্তিঃ হরি ওঁ শান্তিঃ

ইতি কৃপাপ্রার্থী
শ্রীগুরু সেবক সঙ্ঘ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূচীপত্র

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
১।	কবি তো নহি গো আমি	...	ইমন কল্যাণ। ১তালা
২।	(হরি) আমি তোমার হাতের	...	ভীমপলশ্রী।দাদরা
৩।	যদি বুঝেছিলে পারিবে না	...	বাগেশ্রী মিঃ।কার্ফা
৪।	(আমি) ভাঙ্গা হাটে পারের ঘাটে	...	গৌরী।একতালা
৫।	হ'ল কতজনা সফল কামনা	...	কীর্ত্তন। আড়খেমটা
৬।	বাঁশী তোমার কেড়ে নিয়ে	...	জংলা।কার্ফা
৭।	আমি তব ঠাঁই গো	...	কীর্ত্তন। আড় খেমটা
৮।	প্রভাত সমীরে এলে ধীরে ধীরে	...	পরজ বাঃ। ঝাঁপ
৯।	'আমি তোমার' দুটি কথায়	...	পূরবী। ঝাঁপ
১০।	কেঁদে বেড়ায় পাগল,	...	ভীম পলশ্রী। দাদরা
১১।	মনে মনে করি এ পাষাণপুরী	...	ললিত। ১ তালা
১২।	তোমায় প্রাণকানু সকলি	...	ঝিঁঝিট। একতালা
১৩।	হে জলধি! দুয়ারে তোমার	...	বেহাগ। একতালা
১৪।	জীবনে তো আজো	...	আশাবরী। ১তালা
১৫।	চল্‌রে বনের পাখী	...	জংলা। দাদরা
১৬।	কানুর পীরিত সে যে	...	কীর্ত্তন। আড় খেমটা
১৭।	মাধব! মাধব! তেয়াগিব এ	...	জয় জঃ। তেতালা
১৮।	আর আমি নহি আমার	...	ভৈঁরো। ঝাঁপ তাঃ
১৯।	তোমারি চরণ স্মরণ করিয়া	...	বেহাগ। একতালা
২০।	প্রাণ মানে না মন বুঝে না	...	দঃ কানেড়া। ১ তাঃ
২১।	পারি কি ভুলিতে তোমারে	...	মালকোষ মিঃ। ৩তাঃ
২২।	হাতে পায়ে বাঁধিয়া	...	আশাবরী। কার্ফা
২৩।	কালামুখী ওমা কালী	...	রামপ্রসাদী। দাদরা
২৪।	কতদিন পরে হেরিনু তোমারে	...	ইমন। তেতালা
২৫।	কতদিন পরে এলে যদি প্রিয়	...	বাগেশ্রী। তেওরা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
২৬।	দিন তো ফুরালো আলো	...	আশাবরী। ঝাঁপ
২৭।	এ পারে ডেকে কয় ও পারে	...	মাঝ। দাদরা
২৮।	(প্রিয়) পরপারে যাবার আগে	...	আশা ভৈঃ। ঝাঁপ
২৯।	আমার হৃদি বৃন্দাবনে	...	ভজন মিঃ। তেতালা
৩০।	(প্রিয়) অভাগারে পায়ে	...	ভীমপলশ্রী। দাদরা
৩১।	পরাণ শীতলকারী বেহুটি	...	কেদারা। একতালা
৩২।	আমার হৃদয় আকাশে	...	পূরবী। কার্ফা
৩৩।	বিরহ নদীর পারে	...	ভৈরবী মি। ১ তাঃ
৩৪।	হৃদয় আকাশে এবার	...	ভৈরবী। ঝাঁপ
৩৫।	(আমার) হৃদয় তপোবনে	...	বাগেশ্রী। একতালা
৩৬।	মেঘ দেখে তুই নাচিস কেন	...	মালকোষ। দাদরা
৩৭।	(প্রিয়!) দুখের জলধি মথিয়া	...	আশাবরী। ১ তালা
৩৮।	(তোমার) প্রেম-সাগর তীরে	...	হাম্বির। একতালা
৩৯।	এস এস প্রিয়!	...	কালেংড়া। দাদরা
৪০।	কত তোমায় চায় পরাণ	...	ছায়ানট। কার্ফা
৪১।	(আমার) মানস-দর্পণে দেখেছি	...	সুরট মল্লার। ঝাঁপ
৪২।	(আমার) নিবেদিত প্রাণ	...	আশাবরী। দাদরা
৪৩।	তোমার পায়ের একধারে	...	ভৈরবী। একতালা
৪৪।	তোমারি আসনে তোমারে	...	মালকোষ। তেওরা
৪৫।	আমি মনে প্রাণে	...	ইমন কঃ। তেতালা
৪৬।	তোমারে ভুলাতে প্রিয়!	...	মালকোষ। ঝাঁপ
৪৭।	ব্যথার সাগর পারে	...	আশাবরী। ১ তালা
৪৮।	(আমায়) কেন আশা দিলে	...	হাম্বির ১ তালা
৪৯।	তব মুখপানে তৃষিত নয়নে	...	মিশ্র খাম্বাজ। ৩ তাল
৫০।	(আমায়) বোলো না কোন কথা	...	হাম্বির। একতালা
৫১।	আজি জনম তিথি	...	সুরট মঃ। ঝাঁপ
৫২।	বল কি জানাব তারে হরি	...	রামপ্রসাদী। ১ তালা
৫৩।	জানি না অমিয় কেন	...	পূরবী। একতানা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
৫৪।	কতবার এসেছ প্রিয় !	...	মালকোষ। তেওয়া
৫৫।	সেদিন তো বলিয়াছিলে	...	সারফার্দা। ঝাঁপ
৫৬।	(আমায়) ভুলে গেছিস কি শ্যামা	...	শিবরঞ্জনী। তেতালা
৫৭।	অয়ি ! প্রিয় সখি যমুনা !	...	কীর্ত্তন। একতালা
৫৮।	(আর) পলায়ে যেওনা প্রিয়	...	ভীমপল। দাদরা
৫৯।	ভালোবাসি তোমায় শুধু	...	বাগেশ্রী। যৎ
৬০।	আসিলে তো প্রিয় !	...	কেদারা। ঝাঁপ
৬১।	এ জীবন পথে কত সাথী	...	আশাবরী। দাদরা
৬২।	(তোর ঐ) বুকের ব্যথায়	...	রামপ্রসাদী। দাদরা
৬৩।	কত ভালবেসে কত	...	ভীমপলশ্রী। ১ তালা
৬৪।	কেন রে মন পাখী	...	রামপ্রসাদী। দাদরা
৬৫।	যদি ভুলো পায়ে ঠেলো	...	পুরিয়া। একতালা
৬৬।	যদি চিরদিন তরে	...	ভৈঁরো। দাদরা
৬৭।	(আমার) এ তৃষা তো কভু	...	ভীমপল। একতালা
৬৮।	(ও মন) হবে না রে হবে না	...	রামপ্রসাদী। দাদরা
৬৯।	তবু তুমি এসেছ	...	ছায়ানট। দাদরা
৭০।	পারের তরী এলো পারে	...	পূরবী। কার্ফা
৭১।	সে এসেছে আবার	...	জয়জয়ন্তী। দাদরা
৭২।	(আর) আমার কথা	...	আড়ানা বাহার। দাদরা
৭৩।	এ দীনের ব্যথা কবে	...	ছায়ানট। দাদরা
৭৪।	(আমি) কেন তোমায় এত ডাকি	...	বেহাগ। কার্ফা
৭৫।	শুধু ভালবাসা ভিখারী	...	বাগেশ্রী। দাদরা
৭৬।	তোমার সুনাম শুনিয়া	...	মালকোষ। তেতালা
৭৭।	আমি তো ভুলিনি	...	আশাবরী। একতালা
৭৮।	মনুয়া মন্‌মে হরি জপ্‌না	...	পিলু বাঁরোয়া। কার্ফা
৭৯।	ওগো দিনমণি, কোথা যাও	...	পূরবী। একতালা
৮০।	আমার কথা তো শুনিল না	...	বাহার। যৎ
৮১।	আমার বকুল বনে	...	মেঘ। তেতালা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
৮২।	(আর) কি দিব তোমারে	...	ভৈঁরো। তেতালা
৮৩।	আমার পরাণ-স্বামী	...	ভীম পলঃ। একতাল।
৮৪।	যদি চলে যায় কি দুখ	...	ছায়ানট। দাদরা
৮৫।	নিশীথ রাতে বঁধুয়া সাথে	...	ভাটিয়ালী। দাদরা
৮৬।	(আর) দিব নাক প্রেম	...	সাহানা। তেতালা
৮৭।	আর তো গাহিব না	...	পরজ বাঃ। ঝাঁপ
৮৮।	লহনা আমারে তুলিয়া	...	বাগেশ্রী। একতালা
৮৯।	রুনু ঝুনু ঐ বাজে	...	কীর্ত্তন
৯০।	আজ আমারে দাও না	...	বেহাগ। তেতালা
৯১।	স্বার্থেরে বলিদান করি	...	সারফা। ঝাঁপ
৯২।	ওমা নৃমুণ্ডমালী! এত দেরী	...	মালকোষ। ঝাঁপ
৯৩।	(তুমি) কত রকমে দেখিলে	...	ভীমপঃ। কার্ফা
৯৪।	(তোমায়) মনে মনে কত	...	সুরট মঃ। ঝাঁপ
৯৫।	(বল আমি) কি জানি	...	ছায়ানট। একতালা
৯৬।	নীরবে বেদনা সহিয়া	...	আশাবরী। ১ তাং
৯৭।	সারাটি জীবন ভাবিছে	...	ভৈঁরো। ঝাঁপ
৯৮।	(আমার) হতাশ প্রাণে	...	বাগেশ্রী বাঃ। ধামার
৯৯।	ভেঙ্গে যদি যায় এ ভাঙা	...	আড়ানা বাঃ। যৎ
১০০।	আমার বুকে যে আঁচড়	...	জয়জয়ন্তী। ১ তাঃ
১০১।	তব সুরে মোর মিলে	...	ঝিঁঝিঁট খাঃ। ১তাঃ
১০২।	(আমার) সারাটি জীবনের	...	ইমনকল্যাণ। ১ তাঃ
১০৩।	কেন কাঁদিস দিবা নিশি	...	রামপ্রসাদী। দাদরা
১০৪।	কত কথা কহে	...	ভীম পঃ। দাদরাঃ
১০৫।	বাজাও তোমার প্রেমের	...	কীর্ত্তন
১০৬।	নিতে যদি পারো সখা!	...	ভৈঁরো। ১ তাঃ
১০৭।	তোমার ঐ ভালোবাসায়	...	সুরট মঃ। ঝাঁপ
১০৮।	নিশি করি অবসান	...	পূরবী। একতালা
১০৯।	আমি পথের কাঙাল	...	গৌরী। দাদরা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
১১০।	থেমে গেছে গান	...	জৌনপুরী। ১ তাঃ
১১১।	বসে তো তাই শূন্য হাতে	...	বাগেশ্রী। কার্ফা
১১২।	বুকে কি বেদনা প্রিয়!	...	ভৈরবী। ১ তাঃ
১১৩।	ধ্যানে যখন দেখি	...	ভৈরবী। ১ তাঃ
১১৪।	জানি তো প্রীতি তব	...	বিভাস। যৎ
১১৫।	(ও তুই) হারালি হেলায়	...	বাউল। দাদরা
১১৬।	দেখি প্রাণধন! ওগো	...	সোহিনী। ১ তালা
১১৭।	প্রাণ যদি যায়	...	কীর্ত্তন
১১৮।	তোমারে আজিকে শুনাবো	...	পূরবী। কার্ফা
১১৯।	একটি দিনের তরে	...	ভীম পঃ। ১ তালা
১২০।	পথে পথে খুঁজে বেড়াই	...	পিলু বাঁরোয়া।১তাঃ
১২১।	মধুর সে হাসি	...	যোগিয়া। ১ তাঃ
১২২।	সবাই চলে গেছে	...	টোরী। ঢিমা
১২৩।	জীবেরে বধিতে	...	ভৈঁরো। কাওয়ালী
১২৪।	তোমারে সাজা'ব প্রিয়!	...	দেশ। ১ তাঃ
১২৫।	বারে বারে কত দুঃখ	...	গৌরী। ১ তাঃ:
১২৬।	আকাশের জল	...	দেশমল্লার। ৪ তাঃ
১২৭।	প্রেমের কাঙাল এমন	...	ভীম পঃ। কার্ফা
১২৮।	মনে হয় শুধু ওগো	...	ঝিঁঝিট খাঃ।১তাঃ
১২৯।	সে কিরে প্রেমের কাঙাল	...	ভৈরবী। ১ তাঃ
১৩০।	চোখের জল চোখেই	...	জয় জঃ। কার্ফা
১৩১।	দরদী আমার সান্ত্বনা	...	বেহাগ। দাদরা
১৩২।	তখন তুমি এসে সখা!	...	ভৈরবী। ১ তাঃ
১৩৩।	মনে প্রাণে প্রাণ	...	আশাবরী। দাদরা
১৩৪।	যমুনার মত এ প্রাণ	...	ইমন কঃ। কার্ফা
১৩৫।	অহ হতে অহ আমি	...	আড়ানা। ১ তাঃ
১৩৬।	ভেঙ্গে যাক্ এ ক্ষণ ভঙ্গুর	...	দেশ। ঝাঁপ
১৩৭।	কে বলে দুর্বলের বল	...	বাগেশ্রী। কার্ফা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
১৩৮।	ছিঁড়িস নারে ও পাষাণ	...	মালকোষ। তেওরা
১৩৯।	তোমার প্রাণের কপাট	...	টোরী। ১ তাঃ
১৪০।	এ যম যন্ত্রণা	...	ভীম পঃ। দাদরা
১৪১।	ফিরিবার পথে	...	আড়ানা বাঃ। যৎ
১৪২।	লগন যে মোর	...	ভৈরবী। ১ তাঃ
১৪৩।	হে মোর সুদূর	...	মল্লার। তেঁওট
১৪৪।	(হরি!) এই কি তোমার	...	বেহাগ। দারা
১৪৫।	নিষ্করুণ ভালবাসা	...	পূরবী। কার্ফা
১৪৬।	আমায় তুমি বোকা বলো	...	বাউল। দাদরা
১৪৭।	শ্রাবন-ধারা দুকুল হারা	...	ঝিঁঝিঁট খাঃ। ঝাঁপ
১৪৮।	নিশিথেস আজি	...	দেশ মল্লার। তেওট
১৪৯।	ভালবাসি তাই	...	ভীম পঃ। ১ তাঃ
১৫০।	সরলে দীন কাঙালে	...	ইমন কঃ। ১ তাঃ
১৫১।	তুমি যে সকলি হরি	...	টোড়ি ভৈঃ। যৎ
১৫২।	কতদিন পরে পেয়েছি	...	ভৈঁরো। ১ তাঃ
১৫৩।	মিলন মন্দির সোপানে	...	ভীম পঃ। ১ তাঃ
১৫৪।	বল না রে ও যমুনা	...	কেদারা। দাদরা
১৫৫।	এ তো গো সেদিনের কথা	...	জয়জয়ন্তী। ১ তাঃ
১৫৬।	সেই তো গিয়াছ চলিয়া	...	ভৈঁরো। ১ তাঃ
১৫৭।	কতো বল সয়!	...	সাহানা। ১ তাঃ
১৫৮।	(যদি) রহে ভোলা মন	...	টোরী। ১ তাঃ
১৫৯।	তৃষিত এ মরু মাঝে	...	বেহাগ। দাদরা
১৬০।	বাঁশী উদাসী ক'রে	...	বাগেশ্রী। দাদরা
১৬১।	(আমায়) প্রেম শিখালে	...	বিদ্যাসুন্দর। দাঃ
১৬২।	বাজে না বাজে না তোর	...	মল্লার। ঝাঁপ
১৬৩।	প্রাণ কানু! প্রাণ কানু!	...	কীর্ত্তন
১৬৪।	কাঙালের ঘরে	...	কীর্ত্তন
১৬৫।	কত গান গেয়েছে	...	সাহানা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
১৬৬।	আমিই আমার একাকী	...	পূরবী। দাদরা
১৬৭।	যায় যদি প্রাণ	...	আড়ানা বাঃ।১তাঃ
১৬৮।	বারে বারে বুঝাই তোরে	...	বাউল
১৬৯।	এ জগতে কেই কারু নয়	...	রামপ্রঃ। দাদরা
১৭০।	ও মন শুধাই তোরে!	...	কীর্ত্তন। দাদরা
১৭১।	সব ত্যজি তুই চল	...	ভৈরবী। ১ তাঃ
১৭২।	তোমারে বাসিয়া ভালো	...	বেহাগ। কার্ফা
১৭৩।	(হরি) তুমি আমি রবো	...	ভীম পঃ। দাদরা
১৭৪।	যদি ভাল বাসিতে	...	পূরবী। কার্ফা
১৭৫।	নাই বা এলে সখা	...	জয়জয়ন্তী। দাদরা
১৭৬।	যদি গো মনে লুকানো	...	গৌরী। কার্ফা
১৭৭।	(মন) সাধে কিরে চায়	...	মালকোষ। ঝাঁপ
১৭৮।	তুমি ডাকিয়াছ মোরে	...	বেহাগ। ৩ তাঃ
১৭৯।	মোর এ জীবন পথে	...	বাগেশ্রী। কার্ফা
১৮০।	বাজে বন মাঝে বেণু	...	কীর্ত্তন
১৮১।	ঝর ঝর ঝরে বাদল	...	মিশ্র ভৈরবী।১তাঃ
১৮২।	(আমার) রইলো বুকে	...	কেদারা। ১ তাঃ
১৮৩।	এ জীবনে তোমায় শুধু	...	ছায়ানট। দাদরা
১৮৪।	কানুর লাগিয়া এ মালা	...	কীর্ত্তন
১৮৫।	নয়নের জলে সাগর	...	দেশ। ৩ তাঃ
১৮৬।	মোর এ জীবনে বঁধু	...	কীর্ত্তনঃ
১৮৭।	মানে মানে ফিরে যাই	...	ইমন। ১ তাঃ
১৮৮।	আমারে একাকী ফেলি	...	কেদারা। দাদরা
১৮৯।	ও রে ও রূপের কাঙাল	...	বাউল। দাদরা
১৯০।	পথ দেখাও প্রিয়!	...	পূরবী। ঝাঁপ
১৯১।	এসেছ হরি! দ্বারে	...	জয়জয়ন্তী। ১ তাঃ
১৯২।	দিব না দিব না কানু!	...	কীর্ত্তন
১৯৩।	করুণাবারি দৈব বরষে	...	মালকোষ। তেওরা

ঘ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
১৯৪।	নীলমণি পেয়েছে কাঙাল	...	পূরবী। ১ তাঃ
১৯৫।	(আজি) সঁপে দিনু দুকরে	...	ইমন কঃ। ১ তাঃ
১৯৬।	আমি কি তোমার প্রেমের	...	পূরবী। দাদরা
১৯৭।	মোর এ কুটিরে যদি	...	জয়জয়ন্তী। ১ তাঃ
১৯৮।	আর কি আছে রে সখি !	...	কীর্ত্তন
১৯৯।	সখি ! ভালবাসা	...	ধানেশ্রী পুরিঃ।১তাঃ
২০০।	আমারে তোমার বাঁশী	...	জয়জয়ন্তী। দাদরা
২০১।	সারানিশি জাগি	...	মালকোষ। ঝাঁপ
২০২।	কুটিরে আমার রাখি	...	বাগেশ্রী। দাদরা
২০৩।	হৃদি আজি মোর	...	ঝিঁঝিঁট খাঃ।তেওরা
২০৪।	এস প্রিয় বন্ধু কাল	...	বাগেশ্রী। দাদরা
২০৫।	সারাটি জীবন শূন্য	...	ভীম পঃ। ১ তাঃ
২০৬।	আমার প্রিয়র দেশে	...	দেশ। দাদরা
২০৭।	মনের কোণে তোমার প্রিয় !	...	মল্লার। কার্ফা
২০৮।	বভুক্ষু মানস মম	...	গৌরী। কাওয়ালী
২০৯।	দুখের সাগর মথিয়া	...	আশাবরী। ৩ তাঃ
২১০।	(আজি) আসবে রে তোর রাজা	...	ইমন কঃ। ১ তাঃ
২১১।	দূরের ডাক বাজলো কাণে	...	বাউল। দাদরা
২১২।	রহিব তোমারি পথ চেয়ে	...	পরজ বাঃ। ঝাঁপ
২১৩।	(আজি) পেয়েছি তোমায়	...	সুরট মল্লার। ১তাঃ
২১৪।	আমার হৃদয়ে প্রিয় !	...	পুরিয়া। তেওট
২১৫।	(হৃদে) তোমারি মূরতি আঁকা	...	জয়জয়ন্তী। ১ তাঃ
২১৬।	(প্রিয়) প্রেম পাগল আমি	...	গৌরী। যৎ
২১৭।	(আমি) চোখ বুজিয়ে	...	দেশ। যৎ
২১৮।	(আমার) চিন্তাতে মাখিয়া	...	ভৈরবী। ৩ তাঃ
২১৯।	কোথা হে দয়িত !	...	ছায়ানট। ১ তাঃ
২২০।	এস দয়াল এস, সাথে	...	ভীম পঃ।কাওয়ালী
২২১।	ভালবাসি তোমায়	...	আশাবরী। ৩ তাঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
২২২।	ধরার ভালবাসা রে তুই	...	আশাবরী। ৩ তাঃ
২২৩।	আমার বিনা সুতে	...	ঝিঁঝিট খাঃ। ৩ তাঃ
২২৪।	আজও কি বোঝোনি আমায়	...	দেশ মল্লার। ১ তাঃ
২২৫।	কত ঢেউ ভেসে ভেসে	...	জয়জয়ন্তী। কার্ফা
২২৬।	মরমে মরমে মরে আছি	...	পূরবী। দাদরা
২২৭।	মনের হাত ধরো, হৃদি	...	পরজবাহার। ঝাঁপ
২২৮।	তব অনিচ্ছায় কিছু	...	ইমন কঃ। ৩ তাঃ
২২৯।	ব্যথা মোর সেই তো প্রিয় !	...	সাহানা। তেওট
২৩০।	কত দিন ধরে' আছি	...	আশাবরী। ১ তাঃ
২৩১।	পূরিল আমার সব	...	বাগেশ্রী। যৎ
২৩২।	পূজারী আমারি আঁখি	...	ভৈরবী। ঢিমা
২৩৩।	এসেছে কি প্রিয় দুয়ারে	...	আড়ানা বাঃ।তেওট
২৩৪।	যেদিন হতে পথ	...	গৌরী। তেওরা
২৩৫।	এপারে বসিয়া আমি	...	ভীম পঃ। ১ তাঃ
২৩৬।	যাবে কিগো দিন আমার	...	বাগেশ্রী। দাদরা
২৩৭।	আমার মিনতি প্রিয় !	...	ভৈরবী। ১ তাঃ
২৩৮।	ও পার হতে ডাক এসেছে	...	কেদারা। ১ তাঃ
২৩৯।	চিরদিন তরে দিনু গো	...	দেশ। তেওট
২৪০।	যদি মনে হয় কখন	...	সুরট মঃ। ঝাঁপ
২৪১।	আজও সেই ধারা নয়নে	...	বেহাগ। দাদরা
২৪২।	জাগ ! জাগ ! জাগ !	...	জয়জয়ন্তী। দাদরা
২৪৩।	জানিতে পারিবে না	...	ইমন কঃ। ১ তাঃ
২৪৪।	কত পুলক, প্রেম অশ্রু	...	ভীম পঃ। কার্ফা
২৪৫।	মরমের ব্যথা কে জানিবে	...	পূরবী। ১ তাঃ
২৪৬।	কবে যেন কোথা	...	হাম্বীর। ১ তাঃ
২৪৭।	যত দিন পারো থেকো	...	যোগিয়া। যৎ
২৪৮।	আমি তো ডাকিনি	...	বাগেশ্রী। দাদরা
২৪৯।	দুটি নয়ন ভিখারী	...	ইমন কঃ। কার্ফা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
২৫০।	প্রাণ কেন তোমায়	...	বেহাগ। ১ তাঃ
২৫১।	শুধু একটি কণা	...	আড়ানা। ৩ তাঃ
২৫২।	থেমে গেছে সব	...	গৌরী। ১ তাঃ
২৫৩।	মুঞ্চ ভব বন্ধন	...	জয়জয়ন্তী। দাদরা
২৫৪।	আজি হতে আমি	...	ভৈরবী। ১ তাঃ
২৫৫।	বেজে বেজে বাঁশী	...	কেদারা। কার্ফা
২৫৬।	আমারে একাকা রাখি	...	পূরবী। কাফা
২৫৭।	যদি না মুছাবে ধারা	...	ভীম পঃ। ১ তাঃ
২৫৮।	পাষাণি ! তোর	...	রাম প্রঃ। দাদরা
২৫৯।	কে যেন ঐ আকুল	...	সোহিনী। ৩ তাঃ
২৬০।	ভেবেছিনু মনে	...	ছায়ানট। ঢিমা
২৬১।	কি স্বজন করেছ	...	বাউল। দাদরা
২৬২।	ও লো সখি ! শুনবি	...	বাউল। দাদরা
২৬৩।	কত মোরে ভালবাস	...	আশোয়ারী। দাদরা
২৬৪।	আমার ছোট খেলাঘরে	...	পূরবী। কার্ফা
২৬৫।	এই কি পীরিতি	...	ভীম পঃ। দাদরা
২৬৬।	আমার ফুল বনে	...	ভৈরবী। ৩ তাঃ
২৬৭।	কোয়েলা ডাকিল	...	কেদারা। ১ তাঃ
২৬৮।	ভুলে থেকোনা	...	পরজ বাঃ। ঝাঁপ
২৬৯।	ত্যজেছি সকলি প্রিয় !	...	আড়ানা বাঃ। তেওট
২৭০।	ভাঙা বুকে পেতেছি আসন	...	দেশ। ১ তাঃ
২৭১।	কমল করে মোহন	...	জয়জঃ। ১ তাঃ
২৭২।	রে চিত চোরা ! পড়েছ	...	আশাবরী। ১ তাঃ
২৭৩।	আজু কেন নাচে এ হিয়া	...	ছায়ানট। ৩ তাঃ
২৭৪।	শূন্য কুটির পূর্ণ	...	বেহাগ। দাদরা
২৭৫।	যে যা জানে জানুক	...	বিভাস। ১ তাঃ
২৭৬।	সারাটি জীবন তোমার	...	দেশ। ঝাঁপ
২৭৭।	মরীচিকা জল বিভ্রম	...	ইমন কঃ। তেওট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
২৭৮।	তিরপিত আজি এ হিয়া	...	ভীম পঃ। দাদরা
২৭৯।	তুমি তো শিখালে	...	রামকেলী। ঢিমা
২৮০।	এসহে বঁধুয়া কুটিরে	...	সুরট। ঝাঁপ
২৮১।	তুমি ভুলে গেলে কি ?	...	ভৈরবী। কার্ফা
২৮২।	আকাশ পাতাল	...	হাম্বির। ৩ তাঃ
২৮৩।	তোমার এ দীন ভৃত্য	...	টোরী। ১ তাঃ
২৮৪।	অনন্ত জীবনে যে গো	...	যোগিয়া। ১ তাঃ
২৮৫।	তাপী জুড়াবে কোথায়	...	আশাবরী। দাদরা
২৮৬।	এনেছি তোমার বলী	...	মালকোষ। ধাঃ
২৮৭।	যতদিন দেহে রহিবে	...	বিলাওল। তেওরা
২৮৮।	দিওয়া দিওনা বেদনা	...	কেদারা। ঝাঁপ
২৮৯।	কতদিন পরে হেরিনু	...	যোগিয়া। ১ তাঃ
২৯০।	শুনাবো না মোর	...	বিভাস। তেওরা
২৯১।	সারাদিন খেয়াঘাটে	...	দেশমল্লার। ঝাঁপ
২৯২।	তৈরী হয়ে বসে আছি	...	গৌরী। দাদরা
২৯৩।	কেন গো ডেকেছ আমায়	...	ছায়ানট। ১ তাঃ
২৯৪।	স্বাগত আহ্বানে	...	মল্লার। তেওট
২৯৫।	ভাল না লাগে শুনোনা	...	ভীম পঃ। দাদরা
২৯৬।	যতই আঘাত দাও	...	দেশ। ১ তাঃ
২৯৭।	ফুলে ফুলে চরণ ফেলে	...	সুরট মল্লার ঝাঁপ
২৯৮।	যাও না চলে তাতে কি	...	পূরবী। ১ তাঃ
২৯৯।	কোন দিন কিছু চাই নি	...	ভীম পঃ। ৩ তাঃ
৩০০।	যত ব্যথা দাও না	...	কেদারা। ১ তাঃ
৩০১।	তুমি হবো আমি বঁধু	...	ভৈরবী। ৩ তাঃ
৩০২।	কুটিল কুচক্রী কপট	...	বাউল। দাদরা
৩০৩।	তারে দেখেছি কোথায়	...	বিভাস। ১ তাঃ
৩০৪।	(আমার) হৃদয়খানি	...	আশাবরী। ১ তাঃ
৩০৫।	(আমি) দশের মাঝে	...	সোহিনী। তেওট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
৩০৬।	আকুল নরকুল সবে	...	ছায়া। দাদরা
৩০৭।	ছিল ছোটপানা	...	কীর্ত্তন
৩০৮।	যা ছিল ফুরাইল	...	ইমন কঃ। কাঃ
৩০৯।	ধরি করে করে	...	ঝিঁঝিট। ১ তাঃ
৩১০।	শুধুই তোমায় ভালবাসি	...	আড়ানা। দাদরা
৩১১।	কৃপা করো কৃপাময়ী!	...	ইমন কঃ। ঝাঁপ
৩১২।	যদি শুনিতে চাও	...	বাউল। দাদরা
৩১৩।	আজি এ নূতন বরষে	...	পরজ বাঃ। ঝাঁপ
৩১৪।	কি কবো হে দয়া তব	...	বেহাগ। দাদরা
৩১৫।	তোমারে কি কবো বলো	...	বিভাস। ১ তাঃ
৩১৬।	কি দিব তোমারে বঁধু	...	বাগেশ্রী। ১ তাঃ
৩১৭।	কত ভালবাসা দিয়েছ	...	কীর্ত্তন
৩১৮।	ও গো নিশীথের পাখী	...	রামকেলী। দাদরা
৩১৯।	নিতি নিতি নব গীতি	...	ছায়ানট। ১ তাঃ
৩২০।	এত প্রীতি এত দয়া	...	জয়জঃ। দাদরা
৩২১।	মন পূজারী করছে	...	হাম্বির। ১ তাঃ
৩২২।	মধুর যামিনী বঁধুর	...	ভৈঁরো। ঝাঁপ
৩২৩।	হৃদয় আসন রেখেছি	...	কীর্ত্তন
৩২৪।	মহা ভ্রান্তিময়	...	আশাবরী। ঝাঁপ
৩২৫।	এনেছি তোমারি তরে	...	ভৈরবী। যৎ
৩২৬।	কবে সে আসিবে কে জানে	...	বিভাস। ১ তাঃ
৩২৭।	মনে হয় ছুটে দেখে	...	ভাটিয়ালি। দাঃ
৩২৮।	জানাবো না আঁখি নীরে	...	আশাবরী। যৎ
৩২৯।	গাহ কেন এত কোয়েলা	...	রামকেঃ।কাওয়ালী
৩৩০।	গোপন্ করে রাখবো	...	পূরবী। ১ তাঃ
৩৩১।	ভাল আছি প্রাণ বঁধু	...	বিভাস। যৎ
৩৩২।	কি গান গাহিব বলো	...	সাহানা। ১ তাঃ
৩৩৩।	এ কি হেরি প্রাণ বঁধু	...	ছায়ানট। ১ তাঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
৩৩৪।	হৃদয় বনে বনের কোণে	...	ছায়া: । ঢি: ৩ তা:
৩৩৫।	আজি যে বড় এলে বঁধু	...	ভৈরবী । ১ তা:
৩৩৬।	(যার) অনেক আছে	...	মূলতান । ঝাঁপ
৩৩৭।	চাতক যাচিল জল	...	ইমন । যৎ
৩৩৮।	বেঁধে মারো সহি ভাল	...	কেদারা । দাদরা
৩৩৯।	আমারে লইয়া তুমি	...	ভৈরবী । ১ তা:
৩৪০।	সারাদিন রহি বসি	...	ইমন ক: । ঢি: ৩ তা:
৩৪১।	কণ্ঠ নীরব হবে	...	পূরিয়া । কাওয়ালী
৩৪২।	আজিও ভুলিনি তোমারে	...	ভাটিয়ালি । দাদরা
৩৪৩।	দিনের শেষে এসেছে দীন	...	ভৈরবী । ১ তা:
৩৪৪।	যে দিন তুমি আসবে প্রিয়	...	আশাবরী । যৎ
৩৪৫।	তিরপিত হিয়া	...	হাম্বির । কাওয়ালী
৩৪৬।	মধুময়ী যামিনী	...	কীর্ত্তন । ঝাঁপ
৩৪৭।	আমি আর কি দিব	...	মেঘ ম: ১ তা:
৩৪৮।	হাতে ধরে নিয়ে চলো	...	ইমন । যৎ
৩৪৯।	তোমায় আমি মনে মনে	...	আড়ানা বা: । ঝাঁপ
৩৫০।	এখনো হল না গাঁথা যে	...	আড়ানা । ১ তা:
৩৫১।	মোরে ডাকিবে যখন	...	আশাবরী । ১ তা:
৩৫২।	জাগে নাকো কোন	...	সাহানা । তেওট
৩৫৩।	ডেকে ডেকে মোরে	...	বাগেশ্রী । যৎ
৩৫৪।	দিতে মন চায় খুঁজিয়া	...	কীর্ত্তন
৩৫৫।	দিন গত কত, যুগ শত শত	...	দেশ । চৌতাল
৩৫৬।	এবার আমি বাসবো	...	বাউল । কার্ফা
৩৫৭।	কে যেন সাথে সাথে	...	ছায়ানট । ১ তা:
৩৫৮।	কতদিন গত, নিশি	...	ভৈরবী । ১ তা:
৩৫৯।	কে তুমি দাঁড়ায়ে দ্বারে	...	বাগেশ্রী । ১ তা:
৩৬০।	আমার নয়ন মণি !	...	ভীম প: । ১ তা:
৩৬১।	এনেছি ভরি হৃদয় সাজি	...	পূরবী । দাদরা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীত নং	গানের প্রথম অংশ		সুর ও তাল
৩৬২।	সন্ধ্যা নামিল ধীরি ধীরি	...	বাহার। ধামার
৩৬৩।	মাধব! মাধব! আমার	...	কীর্ত্তন.
৩৬৪।	হে সাগর! হে অনন্ত!	...	দেশ মল্লার। ঝাঁপ
৩৬৫।	পুড়ে পুড়ে ছাই হ'ল ধূপ	...	পূরবী। দাদরা
৩৬৬।	পাপিয়া মাতিয়া গাহিছে	...	ভীম পঃ। ১ তাঃ
৩৬৭।	কত নিশি আছি বসি	...	সোহিনী। ১ তাঃ
৩৬৮।	কেউ নাই আজি কেউ	...	ভীম পঃ। ১ তাঃ
৩৬৯।	তোমার লাগিয়া ওগো	...	জয়জয়ন্তী। ৩ তাঃ
৩৭০।	আজও কি হয়নি প্রিয়	...	বিভাস। ১ তাঃ
৩৭১।	হিসাব নিকাশ তোমার	...	বেহাগ। দাদরা
৩৭২।	রহ নাক প্রিয়! রহ না	...	রামকেলী। ১ তাঃ
৩৭৩।	গান গেয়ে যাই আপন	...	কেদারা।আড়া চৌ
৩৭৪।	এখনো হল না কাজ	...	পূরিয়া বাগেঃ।৩ তাঃ
৩৭৫।	বারেক সম্মুখে দাঁড়াও	...	বিভাস। ১ তাঃ
৩৭৬।	জীবনে মিলিল জীবন	...	ছায়ানট। ৩ তাঃ
৩৭৭।	আজি বিজয়োৎসব	...	মূলতান। তেওট
৩৭৮।	নাচত নীলমণি নাচত	...	ইমন। দাদরা
৩৭৯।	"টু" দিয়ে লুকালে	...	আশাবরী। কাঃ
৩৮০।	প্রাণের আশাতো	...	হাম্বির। ৩ তাঃ
৩৮১।	এই সেই আমার জন্মভূমি	...	মালকোষ। ৩ তাঃ
৩৮২।	ছুটেছি কি জানি কোন টানে	...	পূরবী। ১ তাঃ
৩৮৩।	নাচিছে কেন গো এ হিয়া	...	কেদারা। ধামার
৩৮৪।	ঐ যে আসিছে বঁধুয়া	...	ভৈরবী। ৩ তাঃ

বিশেষ দ্রষ্টব্য: সমস্ত গান গুলিরই সুর ও তাল লিখে দেওয়া সম্ভব হ'ল বলে প্রকাশক আনন্দিত। রচয়িতার জীবনীর ১/০ পৃষ্ঠার প্রথম দফার ১১ লাইনের মন্তব্য নাকচ গণ্য হ'ল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১)

কবি তো নহি গো আমি নহি তো গায়ক !
প্রেমহীন হৃদি মম কামনা নরক ॥
কি দিয়ে পূজিব হরি, রাতুল চরণ,
কোথা পাবো প্রীতিপুষ্প ভকতি চন্দন,
আঁখিজল সে তো ছল—, ভরা শুধু হলাহল—
নিভে গেছে প্রাণে প্রিয় ! আরতি দীপক !
ছিন্ন মালা বরণ ডালা রিক্ত পড়ি আছে,
মিলন বাসর কাল শ্মশান করেছে,
ক্ষীণ আশা শিখা জ্বলে—, ভগন হৃদয় তলে,
ভগ্ন হৃদি শুনি নাকি তোমারি গোলক ॥

(২)

(হরি) আমি তোমার হাতের পুতুল !
সূত্র ধরে নাচাও মোরে—, আমি নাচি সেইটীতো মূল ॥
কেবা আমি কোথা আমি,
জগৎ জুড়ে জগৎ স্বামী,
মিথ্যা জ্ঞানে কর্ত্তা আমি, কাঁদি হাঁসি যেন বাতুল !
মোহ কাজল পরিয়ে চোখে,
রেখো না আমারে ঢেকে—
আমি তুমির ভ্রান্তি থেকে মুক্ত করো মোরে রাতুল ॥

(৩)

যদি বুঝেছিলে পারিবেনা তৃষা মিটাতে !
এ মরু অন্তর চির সুশীতল করিতে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবে কেন চিদঘন,
গরজিয়া সুভীষণ—
বরষিলে নিদারুণ বরজ গো বধিতে !
দিলে যা করুণাময়,
করুণার পরিচয়,
তৃপ্ত হ'লো এ হৃদয় প্রেমময় প্রেমেতে ॥

(৪)

(আমি) ভাঙা হাটে পারের ঘাটে একেলা !
ভাবছি মনে সে কোনখানে আছে পাগলা ॥
পাগল আমায় পাগল ক'রে
এনেছে গো এ কিনারে,
ছিন্ন কন্থা সার ক'রে অন্তিম বেলা— ।
নৌকা নিয়ে বেড়ায় ঘুরে,
বিনা মূলে লয় সে পারে,
দেয় সে যে গো ব্যথী পরে প্রীতি বুক ঢালা ॥

(৫)

হ'লো কতজনা, সফল কামনা, আমি তোমায় কিগো পাব না !!
মরু হ'লো জল, অনল শীতল, মোর জ্বালাতো জুড়ালো না !! (প্রিয় !)
কত দিন গেল বিরহ দহনে,
নিশি কত বসি গেল জাগরণে,
চাহি প্রিয় পথ আকুল নয়নে—, প্রাণ বঁধু তুমি এলে না !
নয়নের জলে গেঁথেছি যে মালা,
সে যে প্রাণবঁধু, শুধু প্রীতি ঢালা,
এ হৃদি ভরিয়া সাজায়েছি ডালা—, তুমি কিগো বঁধু লবে না !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬)

বাঁশী তোমার কেড়ে নিয়ে ভেঙ্গে দিব শ্যাম !
বাঁশীর জ্বালায় হ'ল আমার ঝালা-পালা' কাণ !!
যখন তখন বাজাও বাঁশী,
কাজ নাই তো কাল শশী,
এ দিকে যে মন উদাসী প্রাণ করে 'হান চান' !
'পাজীপনা' আগা গোড়া,
দুষ্টুমিতে মনটী ভরা,
জানি পেশা চুরি করা, চিত চোরা নাম !!

(৭)

আসি তব ঠাঁই গো !
প্রাণ পিয়াসী দরশ আশী, বাসি ভাল তাই গো !!
একটি বার ঐ মুখটি তুলি,
চাও না প্রিয় ! চক্ষু মেলি,
একটি কথা কওনা খালি শুনি প্রাণ জুড়াই গো !
ফুলটি আমার উঠ্‌লো ফুটে,
এনেছি তায় করপুটে,
স'পে দিয়ে পড়বো লুটে, দুটি রাঙা পায় গো !!

(৮)

প্রভাত সমীরে এলো ধীরে ধীরে কি বারতা লয়ে উষা !
রাঙা মুখে মাখি সোনার হাঁসি—, নয়নে প্রেমের ভাষা !!
এলে কি গাহিতে হে সুন্দরী বলো,
বিরহেরি দেশে মিলন মঙ্গল,
এ মরু হৃদয় করিতে শীতল,
এনেছ কি জল—আশা :—মিটাতে চাতক তৃষা !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাঙাইয়া দাও তব রঙে সখি
বেদনা মলিন মোর মুখ আঁখি,
তব গানে মোর প্রাণে দাও মাখি,
সকল কামনা নাশা ঃ—ত্রিদিবের ভালবাসা !!

(৯)

'আমি তোমার' দুটী কথায় কি অমিয় ঢালা গো !
জুড়ালো নিমেষে শত যুগের যত জ্বালা গো !!
ঘুরি ঘুরি দ্বারে দ্বারে,
খুঁজেছি প্রিয় তোমারে,
সঁপিতে বাঞ্ছিত করে মোর বরণ ডালা গো !!
পরায়ে গলে তোমারি,
সফল জনম হরি,
তুচ্ছ উপহার মোরি—, প্রীতিপুষ্প মালা গো !!

(১০)

কেঁদে বেড়ায় পাগল পথে পথে !
কিযে তার ব্যথা, কিবা মনের কথা
কহে না ত' কিছু কারু সাথে !!
শুধাইলে শুধু চাহে মুখ পানে,
ব্যথা ভরা দুটি কাতর নয়নে,
জল বিন্দু ফুটে সে আঁখির কোণে মরম বেদনা বুঝাইতে।
বিনা সূত্রে গাঁথি ঝরা ফুল মালা,
কার পথ চাহি থাকে সে দুবেলা,
সবাই তারে যে গো করে অবহেলা,
পুরাল না তার মনোরথে !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১)

মনে মনে করি এ পাষাণ পুরী ত্যজি চলি যাই প্রিয়তম পাশে!
পুনঃ মনে ভাবি, হবে তা যা ভাবী, পড়ে থাকি হেথা
তারি আসা আশে !!
মিলন বিরহ কালেরি তো খেলা,
যুগ যুগ ধরি চলিছে তো লীলা,
যে আসে সে যায় ভাঙ্গি মিলন মেলা, জ্বলে শুধু হৃদি
স্মৃতি আশীবিষে !!
ধ্রুব একদিন ফুরাইবে দিন,
পিঞ্জর ভাঙ্গিয়া মুক্ত হবে দীন,
প্রাণপাখী উড়ে পালাবে সেদিন, অনন্ত অসীম
সে নীল-আকাশে ॥

(১২)

তোমায় প্রাণ কানু সকলি সঁপিনু, যা ছিল আমারি
আমিও তোমারি !
করিনু কেবল, চরণ রাতুল, জীবন সম্বল মোরি ॥
মরমে আমার যাছিল যাতনা,
রহিল না কিছু বাসনা কামনা,
নিরাশ হৃদয়ে চরণ স্মরিয়ে, দিন যাবে মোর হরি !
ত্যাগ বা গ্রহণ মুক্তি বা বন্ধন
ভাবিবার কিছু নাহি প্রয়োজন,
ধ্রুব হবে প্রিয় তোমার বিধান চির সুমঙ্গলকারী ॥

(১৩)

হে জলধি ! দুয়ারে তোমার !
এলো ক্ষুদ্র স্রোতস্বিনী—
ক্ষুদ্র হৃদে তার, লয়ে উপহার—, অতি ক্ষীণ ধার !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধোয়াতে চরণ বাসনা অপার,
সারা জীবনের অশ্রু এ ব্যথার,
ঢালিয়া চরণে
লবে কি দয়াল ! দীন ভিখারীর দীন উপহার !
যাবে না এধারা ফিরিয়া সেখানে,
মমতারে বলি দিয়াছি যেখানে,
দিয়ে আত্মবলি—,
তব শ্রীচরণে দোঁহে মিলি প্রিয় ! হবো একাকার !!

(১৪)

জীবনে তো আজো পেলাম না তোমায়,
পাবো কিগো প্রিয় মরণে !
বিরহ রজনী হ'লে অবসান, মিলিব কি সেথা দুজনে !
এদেশে আসিয়া অবধি আমি,
কত যে বেদনা পেয়েছি স্বামি,
জানতো সকলি অন্তরযামী, বেঁধেছি এ বুক পাষাণে !!
এ দুখী এদীনে ওগো দীননাথ,
প্রসারিত করো তব দুটি হাত—
জুড়াইতে যত বেদনা আঘাত—, সঞ্চিত চিত পরাণে !!

(১৫)

চল্‌রে বনের পাখী তোরে রেখে আসি বনে !
গাইবি সেথায় মুক্ত হাওয়ায় প্রকৃতির সনে !!
বিধি তোরে স্বাধীন ক'রে
স্বাধীন বনে পাঠিয়েছে রে,
তুই কেন রইবি পিঞ্জরে সোনার বাঁধনে !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাষাণ ফুটে উৎস ছুটে, প্রেমের ঝরণা,
কলতানে গাইছে সেথায় বিভূর করুণা ;
বনের ফলে বনের জলে,
তৃপ্ত যে তুই তরু তলে,
কি লয়ে তুই আপন ভুলে রইবি এখানে !!

(১৬)

কানুর পীরিত, সে যে বিপরীত,
যে বেসেছে ভালো সে মোলো !
তারি আঁখি জল জীবন সম্বল
(ও সে) বিরহ গরল খেলো !!
তুষের অনলে, প্রাণ তিলে তিলে, নিশিদিন জ্বলে গেল,
নিভাইতে বারি কঠিন মুরারী আজো তো মোরে না দিল !
এমতি করিয়া লয়ে মন হিয়া, চরণে দলিয়া গেল,
করি হৃদিহার, ছিঁড়িল আবার, পায়ে রাখি পায়ে ঠেলিল !
চিতার অনলে, দিব প্রাণ ঢেলে, নিভাতে বিরহানল,
যদি আসে বঁধু, তোরা বলিস শুধু, নিভাতে চিতা অনল !!

(১৭)

মাধব ! মাধব ! তেয়াগিব এ পরাণ মুই !
হা কানু কেশব করি, রোওয়ত পরাণী মোর,
বারেক না আওয়লি তুই !!
নয়নের মণি যদি নয়নে না রওহল,
কহত তা নয়ন ন কোই ;
পূরণিমা নিশি যদি, শশী হীন হওহল
পূরণিমা ন কভু তো হোয় !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুনহ রতনাকর, তুহুঁ মাঝে প্রবেশিনু,
রতন না মিলল তো মোয় ;
বিরহ বাড়বানল, মিলল তো অভাগা কো—
বিদগধ হৃদয় যে হোয় ;
প্রণয়ী নয়ন তৃষা, আকুল মিলন আশা,
তুহুঁ যদি না মিটাবি শ্যাম,
কহ তবে জুড়াইতে, কোথা আছে এ জগতে,
সুশীতল ছায়া অবিরাম !!
কহুঁ তোরে সকাতরে কাঁদাবি না আর মোরে,
আও প্রাণে প্রাণারাম তুই,
বিরহী বিরহ ব্যথা, তুহুঁ যদি ন বুঝবি,
কহ তবে কাহারে তা কই !!

(১৮)

আর আমি নহি আমার !
রাখ মার' যাহা পার' প্রাণ মন তো তোমার !!
বহিতে আপন বোঝা,
আর আমি পারি না রাজা,
সে যে গো স্বকৃত সাজা বাসনা আর কামনার !
কি কবো সংসারের কথা,
কত যে দিয়েছে ব্যথা,
নিভাও প্রিয়, বুকের চিতা দিয়ে বারি করুণার !!

(১৯)

তোমারি চরণ স্মরণ করিয়া, বাহিরিনু প্রিয় পথে !
ছায়াসম তুমি থেকো অনুগামি, জীবনে মরণে সাথে !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদি ভুলি প্রভু তুমি যেন তবু, ভুলো না কভু অনাথে,
শত শত প্রলোভন, চরণে দলিয়া যেন, যেতে পারি সাথে,
জয় রথে :—
যেখানে অবধি মম, সেখানে গো প্রিয়তম,
যাবো ধরি দুটি হাতে হাতে !
রবে না তো "তুমি আমি" রবে সেথা শুধু তুমি,
আমি যাবো মিলিয়া তোমাতে !!

(২০)

প্রাণ মানে না, মন বুঝে না, পেতে চায় গো আপন ক'রে !
বামন চাহে ধ'রেগো চাঁদ রাখবে তারে হৃদ্ মাঝারে !!
কাঙাল ভাবে সাগর ছেঁচে,
রাজা হবে রতন বেচে,
অন্ধ ভাবে পেলে আঁখি দেখবে তোমায় নয়ন ভরে।
নিরাশাতে দিলে আশা,
মূকে দিলে মধু ভাষা,
পাগলের এ দুরাশা দেবে কিগো পূর্ণ করে !!

(২১)

পারি কি ভুলিতে তোমারে।
ওগো প্রাণাধিক, এ যে স্বাভাবিক আকর্ষণ মোদের মাঝারে !!
জল বিন্দু প্রতি সাগর যেমন,
তেমতি তো মোরে করো আকর্ষণ,
পারি না থাকিতে তোমার বাঁশীতে ডাকে যবে প্রিয়, আমারে।
পাষাণ কারায় গিরি বাঁধিবারে চায়,
নির্ঝরিণী সে যে পাগলিনী প্রায়,
কোথা কান্ত ব'লে ছুটে সে উধাও, পেতে সে অজানা বঁধুরে !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২২)

হাতে পায়ে বাঁধিয়া বুকে পাষাণ দিয়া, ডুবাইলে প্রিয়, অতলে !
কিবা অপরাধ করেছিনু পদে, শ্রীপদে বঞ্চিত করিলে !!
ত্যজি গৃহসুখ কুমার জীবনে,
সরল প্রাণে প্রাণ সঁপিনু চরণে,
তীব্র ব্যাকুলতা এনেছিল টেনে তোমারি চরণ তলে !
তুমি দিলে তার দিব্য প্রতিদান,
বুক পেতে দিনু বিঁধিলে গো বাণ,
কণাবারি তৃপ্ত চাতক পরাণ বজরাঘাতে বধিলে !

(২৩)

কালামুখী ও মা কালী !
কইতে কথা, পাই যে ব্যথা, মা হয়ে তুই ছেলে খেলি !!
মা বিনা কিছু জানি না,
ভালো মন্দ তো বুঝি না,
পুতনা কোলে কৃষ্ণ মত বিষ মাখানো মাই খাওয়ালি !
আর তোরে না ভয় করিব,
মুখে যা আসে তাই কহিব,
আর আমার কি কর্‌বি মা তুই কাণা চোখী ও করালী !!

(২৪)

কতদিন পরে হেরিনু তোমারে, এখনো মেটেনি আশা !
কত যুগ যুগ সঞ্চিত বুকে তোমার মিলন তৃষা !!
আজিও ধ্বনিছে মরমে আমার,
মধুর মিলন সে বীণা ঝঙ্কার,
এযে কি আবেগ কেমনে কহিব নীরব হ'লো যে ভাষা !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মিলে যাক আজি জীবনে জীবন,
প্রেমের জয় আজি গাহিতেছে মন,
কুলশীল জন সবই অকিঞ্চন, সত্য শুধু ভালবাসা ॥

(২৫)

কতদিন পরে এলে যদি প্রিয় ! এখনি যেও না চলিয়া !
শুখায়নি মোর নয়নের বারি, জুড়ায়নি তো মোর এ হিয়া ॥
সুদীর্ঘ জীবন যামিনী আমার তব আশা পথ চাহিয়া ;
প্রাণ পলে পলে, বিরহ অনলে, তিলে তিলে গেছে জ্বলিয়া !
এ হৃদি শ্মশানে নাহি কোন সাধ, আশাচিতা গেছে নিভিয়া ;
একবার শুধু হেরিব গো বঁধু ! শ্রীমুখ নয়ন ভরিয়া !!

(২৬)

দিনতো ফুরালো, আলো নিভে এলো, আশা দিয়ে
দেখা দিলে না !
কি কহিব আমি জান সবই তুমি বুকে কত মোর বেদনা ॥
কত লোকে তোমায় কত ভালবাসে, কত সুরে করে বন্দনা ;
জানিনা বাসিতে পারি না ডাকিতে, তাই বুঝি সখা এলে না !!
ক্ষীণ আশা ক্রমে হ'ল ক্ষীণতর, গুরুতর হ'ল যাতনা ;
আশা নিরাশায় পথ চেয়ে হায় ! দিনগুলি আর কাটে না ॥

(২৭)

এ পার ডেকে কয় ওপারে, 'চিরদিন রইলে দূরে
মিলন হ'লো না ।'
'মোদের মাঝে বইছে চির ব্যথার ঝরণা !'
কোন সুদূরে কোন অতীতে,
পৃথক হয়ে যাই দুটিতে
সেই অবধি এ ধরাতে, ধরা দিলে না ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশায় আশায় দিনগুলি মোর বেদনায় ভরি,
স্মৃতির কাঁটা ফুটিয়ে বুকে দূরে যায় সরি ;
ওগো সুদূর এমন ক'রে,
থেকো না আর দূরে দূরে,
অনন্ত মিলনে মোরে প্রিয় ! বাঁধনা ॥

(২৮)

(প্রিয় !) পরপারে যাবার আগে এসো একটি দিন।
আশ মিটায়ে দেখবে তোমায় দুটি আঁখি ক্ষীণ !!
অবশ হাতে পদধূলি—,
লবো সেদিন শিরে তুলি,
ফেলে দিয়ে খালি ঝুলি, রিক্ত হবে দীন !
সেদিন তোমায় একটি কথা কাণে কাণে বলি,
নয়ন জলে ভাসিয়ে দিব আমার ব্যথাগুলি,
তোমার কোলে মাথা দিয়ে,
মুখটি পানে চেয়ে চেয়ে,
পড়বো চির ঘুমাইয়ে হয়ে পদে লীন ॥

(২৯)

আমার হৃদি বৃন্দাবনে !
এসো হরি রাসবিহারি ! নিকুঞ্জ-বন পরাণে ॥
যেমনি যমুনা কূলে,
প্রেম তৃষা মিটাইলে,
তেমতি চাতকী বলে, তৃপ্ত করো কণা দানে।
চরণে মন-নুপুর
পরাব' প্রিয় তোমার,
গলে দিব প্রেমহার বাঁধিয়া বাহু বন্ধনে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩০)

(প্রিয়) অভাগারে পায়ে ঠেলো না।
সবাই ভুলে ভুলুক সহিব সে দুখ্, তুমি যেন মোরো ভুলো না।
এ পাষাণ কারা এ নিঠুর ধরা, দিক পারে যত যাতনা;
তুমি যেন প্রিয়! হও না নিদয়, ভাঙ্গা বুকে ব্যথা দিও না!
যদি দূরে যাই, তোমারে হারাই তুমি যেন দূরে যেওনা;
শত দোষে মোরে শত ক্ষমা ক'রো, শত ভুলে ক'রো করুণা।
তব মুখ চাহি সব দুঃখ সহি, তুমি আমার এই সান্ত্বনা;
বুকভরা আশা সব ভালোবাসা তুমি যেন পায়ে দ'লোনা।

(৩১)

পরাণ শীতলকারী বেণুটি তোমারি!
বাজাও বাজাও হরি! হৃদয় বিহারী॥
নাচত নাচত ব্রজ গোপাল,
হাঁসত মোহন জগত আলো,
বাজত রুণুঝুণু আওয়ত প্রাণ-কানু
বাঁধত মনধেনু চরণে তোমারি!
মিলায়ে নয়নে প্রেম নয়ন,
মধুময় করো মোর জীবন,
সংসার জ্বালামালী, জুড়াইতে বনমালী,
সিঞ্চহ প্রেমবারি পরাণে আমারি॥

(৩২)

(আমার) হৃদয় আকাশে নবীন নীরদ চাতকজন মনোহারী।
মানস ময়ূর হরষ বিভোর নাচিছে নীরদ নেহারি॥
কেকা কেকা রবে কি গাহিছে যেন,
বুঝি ডাকে হরি, কোথা প্রাণধন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিজলী হাঁসিয়া প্রাণমন হিয়া হ'রে নিল বনবিহারী ॥
গুঞ্জরি গুঞ্জরি এস হে ভ্রমর,
হৃদয় কমলে হে শ্যাম সুন্দর,
বুকভরা মধু লহ লহ বঁধু, লহ প্রেম শুধু আমারি ॥

(৩৩)

বিরহ নদীর পারে।
চকা বলে চকী রয়েছি একাকী, চকী বলে কহো কারে !!
চকা বলে চকী বিধি বড় বাম,
চকী বলে প্রিয়, কেন এ বিধান,
তোমার আমার মাঝে কেন ব্যবধান, কেন মোরা দোঁহে দূরে।
বিধিতো বেঁধেছে মোদের ছুটি হিয়া,
তটিনী রেখেছে ছু'হাতে ঠেলিয়া,
কবে বিধি প্রিয়! করিবে গো দয়া, নিকটে পাবো তোমারে ॥

(৩৪)

হৃদয় আকাশে এবার উদিবে ভানু অরুণ বলে গেল।
ঊষা এসে বল্‌লো হেসে সুদিন এলো !!
গা তোল গা তোল গাহে পিককূল,
জাগো প্রিয়া বলি পাপিয়া ডাকিল,
গুঞ্জরি ভ্রমরা কি যেন কহিল—, ফুটিল ফুল।
সারাটি জীবন একাটি বসিয়া,
কাঁদিতেছি প্রিয়! তোমারি লাগিয়া,
এস যদি পুনঃ যেওনা ফিরিয়া—, অনন্ত কাল ॥

(৩৫)

(আমার) হৃদয় তপোবনে।
সমাহিত মন বিভু পদলীন, বসি নিশি দিন নিরজনে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরাণ কোয়েলা প্রেম মাতোয়ারা,
গাহে বিভু গুণ হয়ে আত্মহারা,
বরষে নয়ন প্রেম মধুধারা পুলকিত তনু শিহরণে !
চিদাকাশে হাসে পরাণ ইন্দু,
উথলিয়া উঠে হরষ সিন্ধু,
শুকাল আজিকে নয়ন বিন্দু, প্রেমময় প্রেম-সুধা পানে ॥

(৩৬)

মেঘ দেখে তুই নাচিস্ কেন ভাবিস বুঝি পাবি কণা।
জলেই জল তো সবাই ঢালে, মরুর জ্বালা কেউ বুঝেনা ॥
কি আশাতে খালি হাতে,
এসেছিস্ তুই বিপনিতে,
জানিস না হয় এ জগতে স্বার্থ শুধু বেচাকেনা !
নয়নের জলে হেথা
নিভিবেনা বথ্যার চিতা,
জুড়াবি তো চলরে সেথা যেথা আছে আপন জনা ॥

(৩৭)

(প্রিয় !) দুখের জলধি মথিয়া।
এনেছি অমিয়, ওগো প্রাণ প্রিয়! আমার এহিয়া ভরিয়া ॥
সংসার সাগরে হিংস্র জলচরে ডরিনি তোমারে স্মরিয়া ;
ডুবেছি অতল জলধির জলে বাড়ব অনলে দহিয়া।
এসেছি গো স্বামী কৌস্তুভমণি পীরিতি রতন লইয়া ;
সহ প্রাণ মন ওগো প্রাণধন ! দিবগো চরণে সঁপিয়া।
থেমে গেছে যত কাম কোলাহল, আছে হলাহল পড়িয়া ;
তব প্রেম সুধা মিটায়েছে ক্ষুধা, দিয়াছে অমর করিয়া ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৮)

(তোমার) প্রেম সাগর তীরে।
শত বাধা ঠেলি আসিয়াছি চলি, যাবো কি বিফলে ॥
অঞ্জলি অঞ্জলি ভরি প্রেমসুধা,
মিটাইবে মোর মরতের ক্ষুধা,
সিনান করিয়া জুড়াইব হিয়া তোমার করুণা নীরে।
দুখ কষাঘাতে ভাঙ্গিয়াছে বুক,
আঁকিয়াছি তাতে তব প্রেম মুখ,
করুণা নয়নে চাহ মুখ পানে, থাক গো-আমারে ঘিরে ॥

(৩৯)

এস এস প্রিয়! এস ফিরে।
তোমা হতে আর যাবনা দূরে ॥
কোল হতে তোমায় নামায়েছি বলে,
অভিমানে তাই গেলে বুঝি চলে,
কতযে ডাকিনু, পাছু ছুটে গেনু,
দিলে নাক ধরা মোরে।
কণ্টক বনে করিয়া ভ্রমণ
ক্ষতবিক্ষত হৃদি প্রাণমন,
আরতো যাবনা পাইতে লাঞ্ছনা
সে মহা নরকপুরে।

(৪০)

কত তোমায় চায় পরাণ মন নয়ন পাগল।
কত প্রীতি দিয়ে ঘিরেছি তোমায় মমতা বাঁধনে তোমারে বাঁধিল ॥
কত নিশি দিন বিরহে গোঁয়ায়নু,
কাঁদি কাদি প্রাণ ক্ষীণ হোয়ল তনু,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আজু যদি বিন্থ এলে পরাণ কান্থ,
এ হিয়া সঁপিনু চরণে দয়াল।
জানহুঁ প্রয়োজন নাহি তো তোমারি,
তবু লহ প্রেমময়! এদান মোরি,
তিরপিত মোর প্রাণ, হবে প্রিয়! করি দান
দিওনা বিদায় বলিয়া কাঙাল।

(৪১)

(আমার) মানস দর্পণে দেখেছি ও মুখ নয়নে।
তখনই তো মম মন প্রিয়তম! সঁপেছি চরণে॥
গাহিলে যে গান হৃদয় তুয়ারে,
শুনেছি গো তায় আমার অন্তরে,
বাজালে যে বীণা মোর প্রাণ তারে, বেজেছে মরমে।
চমকি চকিতে বিজলীর প্রায়,
লুকাইলে দেখা দিয়ে গো আমায়
পরাণী যে মোর করে হায় হায় হারায়ে রতনে॥

(৪২)

(আমার) নিবেদিত প্রাণ চরণে।
অনাদি অনন্ত জীবনে॥
যেখানেতে তুমি সেই খানে আমি,
যুগ যুগ ধরি, ছায়ামত ভ্রমি,
অসীম কালেতে আমি আর তুমি,
মিলিত স্থচির মিলনে।
হৃদয়ে বাহিরে তোমারি মুরতি,
আমারে ঘিরিয়া আছ প্রাণ পতি,
লহ লহ প্রিয়! এ দীন প্রণতি,
সিঞ্চিত প্রেমাশ্রু চন্দনে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪৩)

তোমার পায়ের একধারে।
একটুখানি জায়গা প্রিয়! দেবে কি মোরে।
তোমার বিশাল বিশ্বে হরি,
নাইকো তিল স্থান আমারি
জনম জনম ঘুরে মরি, মরু মাঝারে।
তোমার শীতল ছায়ায় প্রাণ,
জুড়াইব আজি, প্রাণধন,
হ'য়োনাক আজ কৃপণ, কাঙাল পরে।

(৪৪)

তোমারি আসনে তোমারে বসাব' বাসনা আমার চির!
তোমারি তরে তো যাকিছু কামনা সকল সাধনা মোর॥
দিয়াছি তো আমি সকলি সঁপিয়া,
ও দুটি চরণে প্রাণ মন হিয়া,
তোমারি চরণ ধুয়াইতে প্রিয়! আমার নয়ন নীর।
তুমি বিনা ব্যথা বুঝিতে আমার,
কেহ নাই প্রিয়! ত্রিজগতে আর,
নিকট হইতে নিকট যে তোমার তাহারে করোনা দূর॥

(৪৫)

আমি মনে প্রাণে তোমারি চরণে দিয়াছি তো সব সঁপিয়া।
মোহের কুটিরে ভেঙ্গেছি আমার তোমার ও মুখ চাহিয়া॥
মোর কথা প্রিয় নহে প্রতারণা—,
নয়নের জল নহে তো ছলনা,
নাহি তো কামনা প্রতিদান কণা, তৃপ্ত শুধু ভালবাসিয়া॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভুলো না আমায় ঠেলিও না পায়, যেও না হৃদয় দলিয়া !
রাখিও চরণে জীবনে মরণে সুদৃঢ় মিলনে বাঁধিয়া ;
ভূল ভ্রান্তি যাহা হয়েছে জীবনে
শত অপরাধ ক্ষম নিজ গুণে
ভুলি দোষ গুণ মোরে প্রাণধন ! লহ গো আপন করিয়া ॥

(৪৬)

তোমারে ভুলাতে প্রিয় ! কেউ তো কভু পারিবে না।
তোমার ও ছবি কভু স্মৃতিপটে মুছিবে না ॥
যত প্রলোভন সখা,
জীবন পথে দিক না দেখা,
আসুক যত বিভীষিকা তোমার হাত ছাড়িব না ॥
যত কেন রওনা দূরে,
দূরে নও কভু অন্তরে,
সতত হৃদিমন্দিরে করি তব আরাধনা ॥

(৪৭)

ব্যথার সাগর পারে—, এসেছ কি নিতে মোরে।
(যেথা) ঝরে না বাদর নয়নের নীর, হাসির জোছনা ঝরে ॥
সুর সপ্তকে তুলিয়া তান
প্রকৃতি যেথা গাহিছে গান,
মাতোয়ারা মহাপুরুষ প্রাণ—, মোহন সে মধুসুরে।

(৪৮)

(আমায়) কেন এত আশা দিলে !
যদি মনে ছিল অন্য কথা কেন গোপন করিলে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নবনীত সম মনে,
কুসুম কোমল প্রাণে,
হে নিঠুর অকারণে, কেন বজর হানিলে।
গৃহের বাহির করি,
কোথা লুকাইলে হরি,
মুছালে না আঁখি বারি,নিলে না তো বুকে তুলে।

(৪৯)

তব মুখ পানে, তৃষিত নয়নে, নিশিদিন চেয়ে রহিব গো!
তুমি ভালবাস আর নাহি বাস, আমি তো বাসিব ভাল
যতদিন বাঁচিব গো॥
নিরজনে বসি দিবস রজনী তব ধ্যানে সদা রহিব গো,
যদি মনে হয় এস দয়াময়! একাটি পড়িয়া রহিব গো!
কোকিলের তানে ভ্রমর গুঞ্জনে, তব নাম গান শুনিব গো,
চাঁদের ভিতরে, ফুলের মাঝারে, তব মুখখানি হেরিব গো!
যেও দূরে যেও আরো দূরে যেও, যত জোরে তোমায়
ডাকিব গো;
কিন্তু কাছে এস, কাছে এসে বসো, যবে তোমায়
ভুলে থাকিব গো॥

(৫০)

(আমায় বোলো না কোন কথা!
কি বুঝাবে বল সবে—, বুঝ কি আমার ব্যথা॥
কথার প্রলেপ দিয়ে
ব্যথা না যাবে জুড়ায়ে,
দেবে না তো নিভাইয়ে বুকে যে জ্বলে চিতা।
অনল নিভাতে জল,
নিভে না বাড়বানল,
মুছাতে নয়ন জল—, আছে কি কিছু হেথা॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫১)

(মাঘী পূর্ণিমা ১৩৪৮)

আজি জনম তিথি এস রাজা অতিথি !
চরণে তব সঁপিব সব, এ হৃদি ভরা সাদর প্রীতি ॥
আকাশে শশী নিরালা বসি,
পুলকে হাসে তিমির নাশি,
এ হৃদে মম নাশিয়া তম হাস গো আসি জগতজ্যোতি !
আঙিনা তলে (হৃদি) বেদীর মূলে,
পেতেছি ঘট (ভরি) নয়ন জলে,
এ মালাখানি, গেঁথেছি স্বামী পরাতে গলে জাগিয়া রাতি ॥

(৫২)

বল কি জানাব তারে হরি !
দেখে যে দেখে না, বুঝেও বোঝে না, মরম বেদনা মোরি ॥
অতি নিরমম পাষাণ কঠিন,
শুনি প্রেমময় ! নাকি তব নাম,
তবু আঁখি মম ওগো প্রিয়তম ! দরশ তব ভিখারী।
কাঙাল পথের অনাথ আতুর,
তব স্নেহতরে, কি দাবী বা মোর,
তবু দয়াময় ! দয়া যদি করো, মহিমা সেতো তোমারি ॥

(৫৩)

জানি না অমিয় ! কেন প্রাণপ্রিয় ! তোমায় এত ভালবাসি।
কেন তব নামে শিহরণ আনে, বিষাদিত প্রাণে হাসি ॥
কেন আঁখি খুঁজে আকাশে তোমায়,
আছ কি লুকায়ে নভোনীলিমায়,
অথবা আছ কি শশী তারকায় চাঁদের জোছনায় মিশি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি আমি বুঝি একসুরে বাঁধা,
মোর বাঁশী তাই তব নামে সাধা
মিলনের পথে কেন তবে বাধা, কেন গো কণ্টকরাশি ॥

(৫৪)

কতবার এসেছ প্রিয়। অভাগারে মনে করে ;
কত অবহেলা ভুলি, মিলায়েছ করে করে ॥
ত্রুটির নাহিক সীমা,
অসীম তব করুণা,
পেলে ব্যথা দিলে ক্ষমা, এত আপন হয় কি নরে।
অযাচিত ভালবাসা,
দিলে যদি পুরাও আশা,
মিটাও আমার প্রাণের তৃষা, তোমার ক'রে লয়ে মোরে ॥

(৫৫)

সে দিন তো বলিয়াছিলে ত্যজিবে না জীবনে।
ভুলে গেলে কি সে কথা, এখুনি গো ছুদিনে ॥
জীবনে মিলায়ে তোমার,
লয়েছ জীবন আমার,
নিদর্শন এই কি গো তার—বঞ্চিত শ্রীচরণে।
ভাল যা বুঝেছ তুমি,
করিও পরাণ স্বামী,
মুখ চাহি রবো আমি, তৃষিত এ ছুনয়নে ॥

(৫৬)

(আমায়) ভুলে গেছিস্ কি শ্যামা।
কাঙাল ছেলে ব'লে বুঝি, মনে মা তোর পড়ে না ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাজা ছেলে আছে যারা,
রত্ন দিয়ে পূজে তারা,
আমি যে তোর সর্বহারা, চিরদুখী ছেলে গো মা !
মুণ্ডমালী দিব করে,
ছিন্ন করি মোর শিরে,
হৃদি পদ্ম দিব ছিঁড়ে, তোর ঐ রাঙা পায়ে মা ॥

(৫৭)

(অয়ি !) প্রিয় সখি ! যমুনা !
(অয়ি) প্রেম মাতোয়ারা হরষ বিভোরা শ্যাম পদধ্যান মগনা ॥
তুলি কলতান গাহিয়া কি গান,
শিখাও আমারে জুড়াক পরাণ,
বঁধুয়া বিহীন মোর এ জীবন, পারি না সহিতে যাতনা ।
চঞ্চল যে মোর গিয়াছে পলায়ে,
অঞ্চলে কি তব আছে সে লুকায়ে,
দাও একবার ধরি এ হৃদয়ে, পুরাও আমার বাসনা ॥

(৫৮)

(আর) পলায়ে যেওনা প্রিয় ! করিয়ে গো ছলনা !
করি যদি অপরাধ, করিও ক্ষমা ॥
অন্ধ যদি কূপে পড়ে,
কি হবে তায় দোষী ক'রে,
আঁখি তো নিয়েছ হ'রে, করিয়া বঞ্চনা ।
তুমি তো বেঁধেছ সবে,
অষ্ট পাশ দিয়ে জীবে,
তুমি আবার ঘুচাইবে এ যম যন্ত্রণা ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫৯)

ভালবাসি তোমায় শুধু প্রেম গরিমায়।
দীন দুঃখী বটে আমি পূর্ণ এ হৃদয় ॥
যদি মনে ভাবো প্রিয়! অখিলের পতি তুমি,
যাবে না কাঙাল কভু তোমার দুয়ারে স্বামী,
ভালবাসার অবদান, পরিতোষ মহীয়ান,
কড়ার ভিখারী তার নহে পরিচয়!
হৃদি সিংহাসনে প্রিয়! আসীন প্রেম সম্রাট,
ছোট বড় নাহি সেথা সকলে মহা বিরাট,
আমি তুমি বাহ্যজ্ঞান সেথা দোঁহে একতান,
তুমি আমি মিলে সেথা, অসীম অব্যয় ॥

(৬০)

আসিনিতো প্রিয়! তোমার সভায়, গাহিতে তোমার বন্দনা।
আসিনি দুয়ারে লয়ে ঝুলি করে, যাচিতে তোমারি করুণা ॥
কোন অভিযোগ জানাতে চরণে,
আসিনি তো প্রিয় তোমারি সদনে,
স্বকার্য সাধিতে আসিনি এখানে, আসিনি জানাতে বেদনা।
উদাসিনী ঐ তটিনীর মত আকুল প্রাণে ছুটে আসা,
হৃদি করি খালি দিতে পদে ঢালি, অমল এ ভালবাসা,
দিতে যে এসেছি যা কিছু আমার,
সঁপিয়া চরণে হে প্রিয়! তোমার,
দিতে বেদীমূলে বলিদান আর,— সকল বাসনা কামনা ॥

(৬১)

এ জীবন পথে কত সাথী সাথে এলো, কোথা গেল চলিয়া।
কত স্নেহ প্রীতি কত পুণ্য গীতি স্মৃতিপটে রাখি লিখিয়া ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসীম আকাশে মিশিয়া বাতাসে,
কোথা গেল তারা কোন প্রিয় পাশে,
আসিবে কি পুনঃ ফিরিয়া এদেশে ব্যাথিতের মুখ চাহিয়া।
রেখে গেছে তারা করুণ ক্রন্দন,
মরমে আমার অব্যক্ত-বেদন,
সহি অহরহঃ বৃশ্চিক দংশন, তারা আছে ভাল ভুলিয়া॥

(৬২)

(তোর ঐ) বুকের ব্যথায় রাখি দুহাত।
(ওরে) মাটির ছেলে মাটির মত সহে যারে সব আঘাত॥
মুখ চেয়ে কার থাকিস ভোলা,
বুঝিস নাকি তুই একেলা,
(তোর ঐ) শূন্য ঘরে পূর্ণ মেলা, খালি হাঁড়িতে বাঁধিয়া পাত।
(তোর ঐ) ভাঙ্গা কপাল জুড়বে নারে, এ ধরার মাটি দিয়া,
(তোর ঐ) চোখের জলে গলবে নারে, পাষাণ-মরুর কঠিন হিয়া,
এ জগতে নাইতো রে তোর,
একটিও বুক ব্যথা কাতর,
(ভোলা) নাবিয়ে দে তোর বুকের পাথর, রুদ্ধ হোক তোর অশ্রুপাত॥

(৬৩)

কত ভালবাসে কত তোমায় চায়, এ পরাণ মম কি কবো তোমায়!
আঁখিতে মাখিয়া গিয়াছ গো তুমি, তুমিময় দেখি সব এ ধরায়॥
হৃদয় মন্দিরে একান্তে বসিয়া,
নিরখি ওমুখ নয়ন মুদিয়া,
তোমার মাঝারে মোরে হারাইয়া, ভুলে থাকি সব যাতনায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুচ্ছ এ সংসার তুচ্ছ তারি আশা,
সারাৎসার শুধু তব ভালবাসা,
তোমাতে মিটাবো মোর প্রেম তৃষা, সঁপিয়া আমারে
রাঙা পায় ॥

(৬৪)

কেনরে মনপাখী সংসার পিঞ্জরে থাকি,
ভুলে আছ কিবা সুখে বিমুক্ত সে বনশাখী।
মনে কি পড়ে না বঁধু! অফুরন্ত বনমধু—
পিয়ে প্রাণে মাতোয়ারা, গানে গানে কি বিভোরা,
ছিলে সেথা আত্মহারা বিভূপদে মন রাখি— ।
ঐ যে কোয়েলা ডাকি কয়ে গেল কত কথা,
পাপিয়া কাঁদিয়া কত জানাইল মনো ব্যথা,
দোয়েলা কাকলী গায় করে শুধু হায়! হায়!
বল বঁধু, কত মধু পেয়ে হেথা হ'লে সুখী।
উন্মুক্ত আকাশ তলে নেচে নেচে ধেয়ে ধেয়ে,
প্রাণের বন্ধন টুটি, বেড়াবি আয় গেয়ে গেয়ে,
মোরা হবো তোর সাথী, তুই হবি মোদের ব্যথী—,
কাতরে ডাকিয়া তোরে ঐ ডাকে শোন বনপাখী ॥

(৬৫)

যদি ভুলো পায়ে ঠেলো আমি তবু তোমারি।
এ হৃদি আসনে প্রিয়! আর কেহ নাহি অধিকারী ॥
মানস মুকুরে মম,
ছবি তব প্রিয়তম,
মুছিবেনা সে কখন, ধূলি জালে সংসারেরি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি নয়নের মণি,
নয়নে রহিবে তুমি,
তুমি ময় হবো আমি, অহমিকা পাশরি ॥

(৬৬)

যদি চিরদিন তরে, হ'তে পার আমার।
এস বঁধু! এস হৃদে, এ হৃদি তো তোমার ॥
যদি গো ব্যথার ব্যথী,
হতে পার চির সাথী,
মোর দেহরথে রথী, হও চির সুন্দর।
ওগো ও অন্তরযামী,
তোমারে কি কবো আমি,
শূন্য হৃদি পূর্ণ তুমি, করো মোর এবার ॥

(৬৭)

(আমার) এ তৃষা তো কভু মিটিবে না।
যুগ যুগান্তরে লোক লোকান্তরে, তোমারে পাবার বাসনা ॥
চিতার অনলে দেহ যাবে জ্বলে, জ্বলিবে না মোর কামনা।
অজর অমর সে বাসনা মোর করিবে মিলন তুজনা ॥
মরিয়া বাঁচিব, বাঁচিয়া চাহিব, এই হবে মোর সাধনা !
আমার মনেতে তোমাতে আমাতে, বিচ্ছেদ কভু হবে না ॥

(৬৮)

(ও মন) হবে নারে হবে না !
স্বার্থ ভরা মাটির ধরা, আপন করা হবে না।
স্বার্থ বিনা কয় না কথা,
বুঝে নাক ব্যথীর ব্যথা,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বার্থ যথা প্রীতি তথা, প্রেমের ধার তো কেউ ধারে না। (ধরা)
মুখ চেয়ে তোর আছে যে জন,
তারে তুই কর তোরই আপন,
সঁপেদে তায় তোর প্রাণমন, সেই তো তোরই আপনা॥

(৬৯)

তবু তুমি এসেছ !
কত অবহেলা প্রিয় ! কত ব্যথা পেয়েছ॥
তোমারে বাসিতে ভাল,
করেছি গো কত ছল,
হাসি মুখেতে কেবল, তবু ভালবেসেছ।
কামাতুর রোগী আমি,
প্রেমামৃত দিলে তুমি,
অধম পাতকী জানি, তবু কোলে নিয়েছ॥

(৭০)

পারের তরী এলো পারে আর কেনরে ভাবিস বসি।
ঘরের মায়া পরের ছায়া, মুছে ফেলে দেখরে আসি।
দিনের আলোয় আয়রে চলে,
ভূতের বোঝা পথে ফেলে,
সুখের মুখে আগুন জ্বেলে, আয়রে ঠেলে বাধা রাশি।
সারা জীবন করলিরে তুই ধরার মাঝে ছুটাছুটি,
তপ্ত মরুর রক্ত বুকে, নিলোরে তোর সবই লুটি,
শ্রান্ত পান্থ ভ্রান্ত কেন,
খোলো আঁখি আবরণ,
চল নিজ নিকেতন, সুখী কভু নয় প্রবাসী॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৭১)

সে এসেছে আবার !
ব্যথা বিগলিত প্রাণে, মুছাতে নয়ন ধার ॥
নাইক' করে মোহন বাঁশী,
নাই অধরে মধুর হাঁসি,
রক্ত আঁখি মুক্ত অসি, অনল শিখা নয়নে তার।
নাইক' বুঝি হোমের হব্য,
নাই বা পেলি পঞ্চ গব্য,
কি হবে পূজার দ্রব্য, দে না ঢালি প্রীতি সবার ॥

(৭২)

(আর) আমার কথা কহিস্ না তারে আমার ব্যথা ঘুণাক্ষরে।
কি হবে বলরে সখি ! সে কিরে বুঝে না মোরে ॥
নীরবে সহে যাতনা,
শত আঘাত লাঞ্ছনা,
মুখ ফুটে কভু কহে না, বেলা ব্যথা তো সাগরে।
তট ভূমি সম মম,
সুদৃঢ় বাহু বন্ধন,
ছিঁড়িয়া সে প্রাণ ধন, কভু কি পালাতে পারে ॥

(৭৩)

এ দীনের ব্যথা (কবে) বুঝিবে গো হরি !
দিন যে আমার ফুরায়ে এল।
কিবা উপকার করিবে আমার চিতার অনলে ঢালিয়া জল ॥
হাতী ঘোড়া কিছু চাহি নাতো আমি,
তাতেই সুখী প্রিয় ! যা দিয়েছ তুমি,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই শুধু মাগি ওগো প্রাণস্বামী, প্রাণ ভরে তোমায়
বাসিতে ভাল ॥
ভুলায়ো না তোমার মোহিনী মায়ায়,
'বেঁধো নাকো' আর কামনা কারায়,
ঢালো জ্যোতীর্ম্ময় ! এ ক্ষীন তারায়, তব সুশীতল
জ্যোতির আলো ॥

(৭৪)

(আমি) কেন তোমায় এত ডাকি কেন তোমায় এত চাই !
কেন এত ব্যাকুলতা মন কেন তব ঠাঁই ॥
তোমার কথা মনে হ'লে,
কেন শিহরণ তুলে,
আঁখি কেন ভরে জলে, কেন গো মোরে হারাই ।
বলে দাও কেবা মম,
হও তুমি প্রিয়তম,
কেন এত আকর্ষণ, তবু তোমায় দেখি নাই ॥

(৭৫)

শুধু ভালবাসা ভিখারী ।
বল একবার হে প্রিয় আমার "তুমি আমার, আমি তোমারি"॥
তৃষী এ অন্তর শুধু কণা বারি,
যুগ যুগ ধরি থাকে তৃষাহারী,
ক'রনা বঞ্চিত হে চির বাঞ্ছিত ব্যথাহত চিত আমারি ।
দাও যারা চায় ধন জন ভার,
ওতে নাহি মোর প্রয়োজন আর,
শুধু একবার নয়নে আমার, নয়ন মিলাও শ্রীহরি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৭৬)

তোমার সুনাম শুনিয়া।
কত আশা করে এসেছি যে দ্বারে যাবো কি বিফলে ফিরিয়া।
তুমি নাকি দাতা বাঞ্ছাকল্প তরু,
অপূরণ আশা থাকে নাক' কারু,
তুমি নাকি দাও ওগো জগদগুরু! সুধারাশি প্রাণে ঢালিয়া।
চাহি নাক' আমি অন্য কোন দান,
আসিনি তো নিতে তুচ্ছ ধন মান,
করো প্রেমময়! প্রেম শুধু দান, আমার অন্তর ভরিয়া॥

(৭৭)

আমি তো ভুলিনি—, তুমি ভুলেছ আমায়।
সারাটি জীবনে কই এলে দয়াময়॥
জনম অবধি আমি ডেকেছি অন্তরযামী,
শুনিতে পেলে না তবু কিজানি কেমন তুমি
কিজানি কেমন ভালবাসা তোমারি স্বামী,
বাসিলে ভাল এত কাঁদাতে কি হয়।
নয়নের জলে যদি তিরপিত তব প্রাণ
লহো যত সাধ তব অশ্রু গো ও পাষাণ
তুমি যাতে হও সুখী আমি তো তাতে না দুখী,
আমার নয়ন জলে কিবা আসে যায়॥

(৭৮)

মনুয়া মন্‌মে হরি জপ্‌না।
দিন যে তেরা হোয় রহা পুরা—শোচ্‌কে দেখনা॥
ঘর্‌মে বৈঠ্‌কর হরি মিলে তো বন্‌মে কেঁউ জানা।
সের বাঘেড়া ঋক্ষ্ সরপ হিংস্র হৈ কেৎনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিন্‌মে খেলা কর্‌কে পুরা রাতমে তুম জাগনা,
যব শোবেগা সব ঘরকা, হরিমে তব লগ্‌না।
ছোড়দে মালা ঝুলি কমণ্ডুল দণ্ড আউর বাস্‌না,
রুখা শুখা যো কুছ মিল যায় উস্‌হিসে খোস্‌ রহনা।
ঘর বাহার যব এক হোবেগা ঘর তবহি ছোড়না,
যব হোবে গা দিন পুরা তব হাস্‌কে চলা জানা॥

(৭৯)

ওগো দিনমণি, কোথা যাও তুমি দিনের করম করিয়া শেষ।
গৈরিক বসন করেছ ধারণ কিসের কারণ এ হেন বেশ॥
শঙ্খ বাজায়ে পৌর ললনা,
ঘোষিছে বিশ্বে তব মহিমা,
জয়যাত্রা পথে সুমঙ্গল রথে চলেছ কি যথা সে নিখিলেশ।
আমার কর্ম করেছি সাঙ্গ,
বিপনি মোর হয়েছে ভঙ্গ,
যাচি মনে প্রাণে তোমারি সুসঙ্গ, এ দাসে করগো করুণা লেশ॥

(৮০)

আমার কথা তো শুনিল না কেহ ভাষা তো আমার বুঝিল না।
আমার আশা তো পুরিল না প্রিয়, তৃষা তো আমার মিটিল না।
কি কথা আমার নয়ন কোণে,
কি কথা আমার হৃদয়ে মনে,
প্রাণ কিবা চায় কেই বা শুনে, ব্যথার ব্যথি তো মিলিল না।
এদেশে আমায় দিল না কেহ,
তিলেক প্রীতি করুণা স্নেহ,
প্রাণ ছুটে তাই তোমারি গেহ, তুমি তো আমারে ফিরাবে না॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৮১)

আমার বকুল বনে, মিলন হবে তোমার সনে।
মনে মনে প্রাণে প্রাণে—অন্তরে অতি গোপনে॥
প্রেম বকুলে মালা গাঁথি,
রইব বসি সারা রাতি,
গন্ধে তোমায় আকুল করে যদি আনে টেনে।
তোমার গলায় মালা দিব,
তোমার হাতে প্রাণ সঁপিব,
আমি তোমার এই কথাটি কব কানে কানে।
আমার চোখে চোখ মিলায়ে,
রাখবে মোরে সব ভুলায়ে,
জীবন আমার উঠ্‌বে ভরে তব গানে গানে॥

(৮২)

(আর) কি দিব তোমারে আমি।
অসময়ে এলে তুমি॥
পথের শেষে এসেছি আজি,
রিক্ত আমার হৃদয় সাজি,
কি দিয়ে পূজিব পদ-রাজীব শূন্য কুঠিরখানি,
সম্বল শুধু করম ফল,
আর আছে মোর নয়ন জল,
লহ যদি তাই অতিথি আমার ধন্য জীবন মানি॥

(৮৩)

আমার পরাণ স্বামী!
তোমাতে সঁপেছি প্রাণ তা কিগো বুঝ না তুমি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার অন্তরে মধু,
নিয়ত তুমি যে বঁধু,
তুমি তো আমারি শুধু, একান্ত তোমারি আমি।
আমার তোমার মাঝে,
বিরহ কেন বিরাজে,
একাটি বড় যে বাজে, মরমে অন্তরযামী ॥

(৮৪)

যদি চলে যায় কি দুখ তাহায় ফিরাবো না আঁখি জলে।
আকাশ কুসুমে গেঁথেছি যে মালা পরাব অজানা গলে ॥
পুরাতন যাহা গিয়াছে চলিয়া
ছুটিব না পাছু তাহারি লাগিয়া,
জীর্ণ পত্র সম পড়ুক ঝরিয়া চিরতরে ধরাতলে।
এস হে নবীন এস প্রিয় মম,
ভরিয়া আশীষে আমার জীবন,
অভিশপ্ত যত ব্যথিত পুরান, এস হে চরণে দলে ॥

(৮৫)

নিশীথ রাতে বঁধুয়া সাথে বাজাব মোর এ বীণাখানি।
কাল সাগরে হরষ ভরে ভাসায়ে মোর দেহ তরণী ॥
হাসিবে চাঁদিমা জোছনা ঢালিয়ে,
নাচিবে সাগর লহরী তুলিয়ে,
ভেসে যাবে তরী দুলিয়ে দুলিয়ে হৃদয়ে লয়ে পরাণ স্বামী।
ছিঁড়ি সব তার গেঁথেছি এবার,
প্রেম একতার বীণাতে আমার,
তুমি প্রেমময়, প্রেম মধুময়, মধুমিলন, মধু যামিনী ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৮৬)

(আর) দিবনাক প্রেম তোমারে।
এতদিন আমি দিয়াছি তোমায় তুমি দেবে এবে আমারে॥
এতদিন আমি তোমার লাগিয়া,
পথে পথে প্রিয় বেড়ান্থ ঘুরিয়া,
যদি ভালবাস তুমি কাছে এস, যাবোনাক' তব দুয়ারে।
জীবনের সাধ মিটেছে আমার ওগো অন্তরযামী,
জীবনে তোমার জীবন আমার এবে মিলাইবে তুমি;
দিয়াছিনু সব কিছু নিলে নাত'
বিনা অপরাধে দিলে দুঃখ শত,
এবে বুঝাইব প্রেমে ব্যথা কত, ব্যথাহত করি তোমারে।

(৮৭)

আর তো গাহিব না, আর তো শুনাবো না—
যদি না কাঁদে প্রাণ তোমারি শুনে সে করুণ গীতি।
কি ফল আসিয়া ছুটিয়া ছুটিয়া যদি না টানে গো প্রীতি॥
বিরহ রজনী পোহাবে বিরহে বিষাদ আঁধারে নিতি,
কি হবে গো মিলে যদি নাহি জ্বলে হৃদয়ে প্রেমের বাতি,
ব্যথাহারী তোমায় আরতো কবোনা ওগো পরাণের পতি;
দূর হতে ভালবাসিব গো বঁধু, চরণে রাখিয়া মতি॥

(৮৮)

লহনা আমারে তুলিয়া কলুষ কালিমা মুছিয়া।
লহনা আমারে তব প্রীতিপুরে পাষাণ দুয়ার খুলিয়া॥
আমি যে অবোধ তুমি জ্ঞানবান জানে তো জগত জুড়িয়া,
চির আপনারে ক'রো আপনার দোষ-ত্রুটি সব ভুলিয়া,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দূরে যাহা আছে থাক তাহা দূরে অতীতে যাবনা ফিরিয়া,
তুমি আর আমি নাহি ব্যবধান যাক্ প্রাণে প্রাণে মিলিয়া ॥

(৮৯)

রুণু ঝনু ঐ বাজে নূপুর অদূরে।
ব্যথাপথে কিগো এলে ব্যথাহারী ভগন হৃদয় মন্দিরে ॥
মেঘঘন অমা আঁধারে ভয়ভীত চিত কাতরে ঃ—
শুনিল যেন গো বাঁশরী তোমারি চকিত এ শ্রুতি কুহরে ;
মাতিল পরাণি শুনিয়া সে ধ্বনি ডুবিল হরয সাগরে,
প্রেমনীরে ঝরে এ আঁখি আজি এ নয়নে কি দেখি ঃ—
পিয়ে চাঁদ সুধা মিটাইল ক্ষুধা ক্ষুধিত এ চিত চকোরে ;
তৃষিত পরাণ চাতক জুড়াল' তাপিত এ মরু মাঝারে ॥

(৯০)

আজ আমারে দাও গো দেখা যাবো না ফিরে।
যাবো না ফিরে প্রিয়, যাবো না ফিরে, আর যাবো না ফিরে॥
আশা পূর্ণ আজ করিব,
নইলে দ্বারে প্রাণ ত্যজিব,
দেখ্‌বো পাষাণ গলে কি না নয়ন নীরে।
নাইতো আমার আগু পিছু,
চাইবো নাত' কোন কিছু,
আশ মিটায়ে দেখবো শুধু নয়ন ভরে ॥

(৯১)

স্বার্থেরে বলিদান করি প্রতিদান দিব তব ভালবাসার।
তুচ্ছ মায়া মোহ মর্ত্তপ্রীতি স্নেহ করি বিসর্জ্জন আমার ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মোহের কুটিরে জ্বালিয়া অনল,
পুড়াইব মোর যা কিছু সম্বল,
অসার কামনা বাসনা জঞ্জাল, রিক্ত করি হৃদি আমার।
রবে নাক' আর হরষ বেদন,
শূন্যে মিলাইবে প্রাণের ক্রন্দন,
মুছে যাবে পটে মায়ার লিখন,
ছবি রবে শুধু তোমার ॥

(৯২)

ওমা নৃমুণ্ডমালী, এত দেরী ক'রে কেন এলি।
নাই যে মা, বেলা ভেঙ্গেছে মেলা—রবি গেছে অস্ত চলি ॥
গগনে ঘিরেছে তম ঘন,
বিজলী চমকে পুনঃ পুনঃ
কাঁপিছে মা, ত্রাসে প্রাণমন, কাল ভয় নাশ কালী।
অসুরদলনী ওমা শ্যামা,
শমনভীতে অভয় দে মা,
তাপিত তনয়ে কোলে নে মা, অপরাধ শত ভূলি ॥

(৯৩)

(তুমি) কত রকমে দেখিলে আমায় আজো কি মোরে
বুঝোনি গো!
আমি যে তোমার চরণে আমার সঁপেছি প্রিয়,
সকলি গো :—
প্রেমময়, দয়াময়, দাও আমায় অভয় গো ॥
ত্যজেছি সকলি ভুলেছি ধরায়,
তোমাতে হারায়ে ফেলেছি আমায়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাণ মন মম তোমারে যে চায়, বঞ্চিত মোরে করো নাগো !
ভয় যে আমার তোমারে প্রিয়, চঞ্চল অতি তুমি,
অঞ্চলে তব হে প্রাণবল্লভ, বাঁধিব ছুকর আমি ;
লুকায়ে রাখিব মানস গুহায়,
নিবিড় আঁধার বিজন কারায়
নয়নে নয়নে রাখিব তোমায়, চির-আকাঙ্ক্ষিত, চির গো ॥

(৯৪)

(তোমায়) মনে মনে কত ডাকি ।
কত দূরে আছ প্রিয়, শুনিতে কি পাও নাকি ॥
মনে কহি মনের কথা,
জানাই প্রাণের যত ব্যথা,
মনে হয় নাথ, তুমি যথা, উড়ে যাই গো হয়ে পাখী ।
কল্পনার স্বপ্নলোকে,
আরোহি মন পুষ্পকে,
কোথা ভেসে যাই ছ্যলোকে, তোমার করে কর রাখি ॥

(৯৫)

(বল আমি) কি জানি ভালবাসার— !
প্রেম পরশমণি অমিয় পাথার ।।
কামনাকূপে যে প্রিয়, জনম আমারি,
প্রেমনিধি হৃদি কিগো বুঝিবারে পারি ;
তুমি বুঝাইবে মোরে প্রীতি তোমার ।
অবোধ শিশুর মত মায়ার সংসারে,
প্রেমময় হে, তোমায় ভুলি বারে বারে ;
তব প্রীতিডোরে চিত বাঁধ আমার ।।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৯৬)

নীরবে বেদনা সহিয়া।
শূন্য হৃদি লয়ে তব মুখ চেয়ে কোন মতে আছি বাঁচিয়া॥
মরণ বিজয়ী তোমার প্রেম,
করেছে বেদনা সহন ক্ষম,
মহাধনী পেয়ে কৃপা অসীম, পথের কাঙ্গাল হইয়া।
নিওনাক' যেন হ'য়ে কৃপণ,
দিয়েছ গো যাহা করি হরণ,
ভেঙ্গে যদি দিবে মোর স্বপন, রহিব বল কি লইয়া।

(৯৭)

সারাটি জীবন ভাবিছে এ-মন (সে) এই বুঝি আসে আসে।
তাপিত এ চিত নয়ন তৃষিত খুঁজে তারে আশে পাশে॥
পরাণ চাতক জলদে চাহিয়া,
কৃপাকণা লাগি মরে ফুকারিয়া,
আজো প্রাণ বঁধু করিল না দয়া, কাঁদে এ হিয়া হতাশে।
মথিয়া জলধি অমিয় উঠিল,
আমার কপালে গরল মিলিল,
সজল জলদ বজর হানিল, সিন্ধু শুখাল পরশে॥

(৯৮)

(আমার) হতাশ প্রাণে আসে কেন আশার আলোক ভেসে।
ছিন্নতার বীণায় মোর বাজায় বলো কে সে॥
বিষাদ ভরা শূন্য পুরী,
সঙ্গীতে যে দিল ভরি,
কোন্ বিবাগী অনুরাগী বাজায় ভালবেসে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার ব্যথার অশ্রুজলে, কে ভাসে হৃদ পদ্মফুলে,
অমল কমল মুখ্‌টি তুলে চাওনা গো হেসে ;
আজ যেন এ ব্যথার ধরা,
ত্রিদিবের শান্তি ভরা.
নাচে হিয়া পাগল পারা কার প্রেম পরশে ॥

(৯৯)

ভেঙ্গে যদি যায় এ ভাঙ্গা পিঞ্জর ছিঁড়ে যদি যায় মিলন রাখী ।
(যদি) ভগ্ন করি দ্বার লৌহ কারাগার মুক্ত নভোনীলে
লওগো ডাকি ॥
অশ্রুরাশি মোর ঢালিয়া বাদলে
বুকের জ্বালা রাখি বাড়ব অনলে,
তপ্ত শ্বাস ঢালি দগ্ধ মরুতলে উড়ে যাবে মোর পরাণ পাখী ।
এ বক্ষ রুধিরে ধূয়ে সব পাপ,
স্নেহ করে মুছে ধরণীর তাপ,
চলে যাবো মোর বজ্র অভিশাপ, মহাপাপী, কলি মস্তকে রাখি ॥

(১০০)

আমার বুকে যে আঁচড় কেটেছ কেমনে জুড়োবে জ্বালা
তা কি ভেবেছ প্রিয় ।
নয়নের জলে জ্বলে, যে অনল মর্ম্মতলে
নিভাতে করুণা বারি কিগো ঢেলেছ প্রিয় ॥
নিঙাড়িয়া হৃদিপদ্ম প্রিয়, প্রাণপণে,
ঢালিয়াছি ধুয়াইতে ওদুটি চরণে,
তব তৃপ্তি তরে শুধু মোর এ জীবনে,
ত্যজিয়াছি সব সাধ তা কি বুঝেছ প্রিয় ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরাণে দিয়াছ ক্ষুধা—দুর্ভিক্ষ ভীষণ,
কোথা হরি হে মুরারী, কোথা প্রাণধন,
অভিন্ন হৃদয় যদি তবে বল কেন,
মরুতৃষা দিয়ে বারি দিতে ভুলেছ প্রিয় ॥

(১০১)

তব সুরে মোর মিলে যাক সুর তব গানে মোর গান।
তোমার সেতারে মোর প্রাণতারে হউক প্রিয়! এক তান॥
মিলে যাক তব ও প্রেম সায়রে,
কণাটুকু মোর যা আছে অন্তরে,
রিক্ত করি মোরে দাও পূর্ণ করে
অনু হউক্ সুমহান!
আমি থাকে থাক্ তোমাতে মিলিয়া,
রবো আমি শুধু আমারে ভুলিয়া,
তুমি রবে মোর অন্তর ভরিয়া,
মিলে যাবে প্রাণে প্রাণ ॥

(১০২)

আমার সারাটি জীবনের সাধনায়!
তব নাম শুধু বাজে প্রাণ বঁধু, প্রাণতারে মোর এ বীণায় ॥
স্থির আঁখি মোর ও রূপ সায়রে,
ভুবন ভুলানো পদ্ম আঁখি পরে,
ও মোহন বেণু করণ কুহরে
পশি হরে নিল কামনায়।
ভাঙ্গি ঘটাকাশ অনন্ত আকাশে,
প্রাণপাখী মোর প্রাণ প্রিয় পাশে,
উড়ে যাবে যবে এ দেহের নাশে,
মিলে যাবো মোরা দুজনায় ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১০৩)

কেন কাঁদিস দিবানিশি।
অঞ্চলে বাঁধিয়া ধন খুঁজে বেড়াস দশদিশি ॥
খুঁজলি রে তুই জলে স্থলে,
খুঁজলি না তোর মর্ম্মতলে,
ভকতি কদম্বমূলে প্রাণের দোলায় দুল্‌ছে বসি।
হৃদয় গোলক ধামে
পরাপ্রীতি সতী বামে,
মুদে আঁখি দেখ নয়নে, ঘরের কোণে কালশশী ॥

(১০৪)

কত কথা কহে মন ভুলালে, কত আশা দিয়ে পথে বসালে।
কেন দয়াময়, হইলে নিদয় কেন প্রাণ প্রিয় মোরে কাঁদালে ॥
তোমা বিনা বল কে আছে গো মোর,
বুঝিতে এ ভাঙ্গা ব্যথিত অন্তর,
মুছাতে নয়ন তব স্নেহকর, বিনা কিবা মোর আছে ভূতলে ॥
ভুল করে থাকি ভুলে যাও হরি,
ক্ষম অপরাধ শত গো আমারি,
কায় মনো বাক্যে আমি যে তোমারি, কোথা যাবো তুমি
পায়ে ঠেলিলে ॥

(১০৫)

বাজাও তোমার প্রেমের বেণু বাজাও কানু পুনরায়।
যেমন করে বাজিয়েছিলে সেই যেদিন যমুনায় ॥
শুনে ছুটে এল যত,
গোপিনী পাগলী মত,
তেমতি আমার চিত, বাজিয়ে আনো রাঙা পায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেদিনে যমুনা কূলে,
অকাম গোপিনী দলে,
পূর্ণানন্দে প্রেমে গলে, পেয়েছিল গো তোমায় ॥

(১০৬)

নিতে যদি পারো সখা ! দিতে তো পারি আমারে ।
একটি সর্ত্তে অর্পি তোমায় ও দুটি মঙ্গল করে ॥
যদি তুমি পার দিতে,
নিশ্চয় গো মোর চিতে,
ত্যজিবে না কোন মতে, মোর অন্তরে বাহিরে ।
জলরেখা মত স্থিতি,
হয় যদি গো তব প্রীতি,
লহ গো মোর প্রণতি, বিদায় দাও গো চিরতরে ॥

(১০৭)

তোমার ঐ ভালবাসায় হৃদয় আমার গেছে ভরি ।
মনের সে দরিদ্রতা সে যাতনা নাইক হরি ॥
তোমার ঐ মোহন হাঁসি,
প্রাণে আমার পূর্ণমাসি,
হাসে শশী রাশি রাশি, হৃদয় আকাশে মোরি ।
ভরিতে হৃদয় প্রেমে
প্রাণের হরি এলো প্রাণে,
ক্রন্দন গিয়াছে থেমে, হৃদয় হতে গো ব্যথারি ॥

(১০৮)

নিশি করি অবসান এলে তুমি !
সারা নিশি বসি বসি কাঁদি আমি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হের গো আমারি দশা শেফালি কুসুমে,
আঁখি নীরে ঝরে ঝরে লুটাল সে ভূমে ;
মোর ব্যথা লয়ে বুকে হের শশী ম্লান মুখে
বিদায় লইল কোথা ত্যজিয়া অবনী !
নিবেদন নাহি কিছু মিনতি আমারি,
সকলি তো করে জানি কপালে শ্রীহরি,
অশ্রু সার চিরসাথী, জীবন বসতি পথি
অন্ধজনে দিবারাতি সুখদা যেমনি ॥

(১০৯)

আমি পথের কাঙাল।
রিক্ত ঝুলি, শূন্য ডালি, ভগন কপাল ॥
নাইক কোন উপচার,
পূজিতে পদ তোমার,
আছে শুধু হাহাকার ; কামনা জঞ্জাল।
দিতে গো উচ্ছিষ্ট প্রেম,
কাঁপিছে বুক প্রিয়তম,
সরম কুণ্ঠিত মন, লবে কি দয়াল ॥

(১১০)

থেমে গেছে গান থেমেছে বীণা ভেঙ্গে গেছে সেথা আসর !
নিভে গেছে সেথা সুখের বাতি দুখরাতি এবে আঁধার ॥
চলে গেছে যত দর্শক শ্রোতা,
যে যাহার বাসে কি জানি কোথা,
আমি শুধু বসি একাটি হেথা, ভাবি কি অসার সংসার।
ওগো নটরাজ ! জীবন নাট্য,
প্রতারণা ছলা পুরিত শাঠ্য,
কি শিখালে বল দিয়ে এ পাঠ্য, ক্রন্দন শুধু ব্যথার ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১১)

বসে তো তাই, শূন্য হাতে যদি তুমি যাও এ পথে।
বড় আশায় বুক বেঁধেছি যদি তুমি লও গো সাথে॥
যদি তুমি কাঙাল বলি,
হাত ধরি মোর লও গো তুলি,
দেখে আমার রিক্ত ঝুলি, পুরাও যদি মনোরথে।
তৃষ্ণা কৃপাকণা তরে,
ক্ষুধা প্রেমসুধা পরে,
যদি দাও গো চিরতরে, তৃপ্ত করি মোর চিতে॥

(১১২)

বুকে কি বেদনা প্রিয়! তুমি যদি তা বুঝিতে!
তা হলে তো কোন দুখ রহিত না মোর চিতে॥
চোখে মুখে কি যাতনা,
তা যদি হ'তো ধারণা
বুক্ ফাটা মর্ম্মবেদনা, জুড়াতো যদি শুনিতে
উদাসী মোর অন্তর
কাঁদিতেছে নিরন্তর
ক্ষুণ্ণ এ হৃদয় মোর, শূন্য রহিল ধরাতে॥

(১১৩)

ধ্যানে যখন দেখি তোমায় মনে প্রাণে দেখি ভাল।
স্থূলেতে যে দেখা সখা! চোখের দেখা সে নিষ্ফল॥
ধ্যানের মাঝে তোমার সনে,
মিলে যাই গো প্রাণে প্রাণে,
স্থূলেতে বিচ্ছেদ বাণে, ব্যথা প্রাণে দেয় কেবল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হোক্‌না কেন সে কল্পনা,
তার মাঝে কত সান্ত্বনা,
বুকভরা রয় আপন জনা, হারায় না তো কোন কাল ॥

(১১৪)

জানি তো প্রীতি তব কপট ছল ভরা।
প্রমাণ পেয়েছি শত কব কত ননীচোরা ॥
ব্রজভূমি পরিহরি যবে মথুরাতে চলি,
গেলে তুমি মা যশোদা রাখাল বালকে ভুলি ;
রথচক্রে পিশি যত ব্যথিতা গোপিনী দলে,
তব প্রেম পরাকাষ্ঠা অমর করি রাখিলে ;
কুরুক্ষেত্রে তব প্রেম শ্মশান করিল ধরা ॥

(১১৫)

(ও তুই) হারালি হেলায়।
আসিয়া ভুলের দেশে ভুলিয়া মায়ায় ॥
সারা জীবন করলি কিরে,
কি পেলি তা বল্ আমারে,
কি নিয়ে তুই যাবি ফিরে,
অন্তিম বেলায় !
এখনো বুঝিয়া চলো,
চাহ যদি সুমঙ্গল,
এখনো নিভেনি আলো, নয়ন তারায় ॥

(১১৬)

দেখি প্রাণ ধন, ওগো প্রিয়তম, কত নিরমম তুমি !
কত পার দিতে ব্যথা এ হিয়াতে কত সহে মোর প্রাণী ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাবিয়া রেখেছি বেদনার ভার,
বহিব এ শিরে তব উপহার,
যাবত বাঁচিব নয়নে আমার, হেরিবে না ধারা স্বামী !
ভেঙ্গে যদি পড়ে এ হিয়া আমারি,
জানাব না তবু তোমারে শ্রীহরি,
নীরবে ত্যজিব এ ব্যথার পুরী নির্ম্মম শ্মশান ভূমি ॥

(১১৭)

প্রাণ যদি যায় দুঃখ নাহি তায় এই ব্যথা শুধু রহিল !
ওগো অন্তর্যামী ! আমার পরাণী কাঁদি কাঁদি শুধু মরিল ॥
শুনেছি শ্রবণে গুরুর বচনে,
তুমি আছ মোর বুঝি প্রাণে প্রাণে,
শুধু গো বেদন মোর এ রোদন কর্ণে তব নাহি পশিল !
অভিমান মোর বেদনার তীরে,
গুমরি গুমরি আছড়িয়া পড়ে,
ওগো প্রাণ বঁধু ! প্রাণে মোর শুধু ঢালি দিলে তুমি অনল ॥

(১১৮)

তোমারে আজিকে শুনাবো গান
প্রেম যমুনায় মিলি দুজনায় তুলিব বীণায় তান ॥
মুছি সঞ্চিত বেদনা পুঞ্জ,
বঞ্চিত চির এ চিত ভৃঙ্গ,
করে গুঞ্জিত জীবন কুঞ্জ ভুলি সব অভিমান।
সঙ্গীতে ভাসি অসীম নভে
মন বিহঙ্গ উধাও হবে
জুড়াইবে ব্যথা, ত্যজিয়া ভবে, মোহমুক্ত মোর প্রাণ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১৯)

একটী দিনের তরে, একটী বারও যদি আসিতে গো প্রিয় দেখিতে।
নয়নে আমার ও প্রেম নয়ন একটীবারও যদি মিলাতে ॥
একটীবারও যদি এ ভাঙ্গা হৃদয়,
মিলাইতে হৃদে ওগো দয়াময়,
প্রাণে কি বেদনা ওগো প্রাণপ্রিয়,
একটীবারও যদি শুনিতে।
একটীবার আমি নয়ন ভরিয়া,
দেখিতাম তোমায় আশা মিটাইয়া
হ'তো পরিতৃপ্ত অতৃপ্ত এ হিয়া
প্রেমময় তব প্রেমেতে ॥

(১২০)

পথে পথে খুঁজে বেড়াই কোথায় আমার মনচোরা!
সারা জীবন ঝরে বাদল মুছাও আজি এ ধারা ॥
এ জগতে আপন বলে,
ভেবেছিনু যে সকলে,
স্বার্থসিদ্ধি সাঙ্গ হলে চলে গেছে গো তারা!
প্রাণ যে আজি অধীর আমার
কোথা গো চির আপনার
মুক্ত করি লওগো এবার, ভাঙ্গি পাষাণ কারা ॥

(১২১)

মধুর সে হাসি, সে প্রেম নয়ন, সে মুখ চন্দ্রমা বঁধুর।
নয়নে আমার উথলিয়া উঠে; অপার প্রেমাশ্রু সাগর ॥
আমায় ভুলোনা ভুলোনা যেন—বঁধু হে—!
আমায় নিও প্রিয়! তোমার করে—"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(আমি) তোমারি আশয়ে রয়েছি বসিয়ে—লয়ে এ ব্যথিত অন্তর।
আমি ভিখারী কৃপারি আসে—, বঁধূহে
আমায় বেঁধোনা মায়ার পাশে,
(আমার) প্রাণ চাহে শুধু, পিয়ে প্রেম মধু, হ'তে প্রাণ বধু! অমর।

(১২২)

সবাই চলে গেছে আমি আছি শুধু!
শূন্য পুরী মাঝে স্মরি তোমারে বঁধু!!
একটী একটী করে তারা,
নিভে গেছে সকল তারা,
শূন্যাকাশে দিশেহারা ম্লান বিধু!
রিক্ত ঝুলি মুক্ত ধরা,
এস আজি শ্যাম ভ্রমরা,
পিও প্রিয়! হৃদি ভরা, প্রেম মধু!!

(১২৩)

জীবেরে বধিতে, ভুলায়ে আশাতে, পেতেছ গো তুমি মায়াজাল!
ওগো মায়াময় কি কবো তোমায়, ভাল লাগে তোমার এ জঞ্জাল॥
তৃষা দিয়ে প্রাণে দিয়েছ হে বারি,
ক্ষুধা দিয়ে অন্ন দিয়েছ শ্রীহরি,
মন যদি চায় কি দোষ তাহারি, বন্ধন কেন বা হে দয়াল!
বাজায়ে বাঁশরী করি আকর্ষণ,
লুকাইয়ে কেন থাক' প্রাণধন,
ওগো প্রেমময়! প্রেম যদি হেন, কি কবো সকলি গো কপাল!

(১২৪)

তোমারে সাজাব' প্রিয় ফুলের ভূষণে!
চয়ন করিয়া আনি বাণীর কাননে!!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দীপক আরতি তব,
পূরবী সুগন্ধি দিব,
বেহাগে রাগ সঁপিব রাতুল চরণে !
অসীমে সসীম করি,
অরূপে রূপ বিথারি,
তোমারে পূজিব হরি ! সঙ্গীত কুসুমে ॥

(১২৫)

বারে বারে কত দুঃখ দিলি মা তুই দুঃখহরা ।
অভয় তো দিলি না মা ! শবাসনা ভয়ঙ্করা ॥
সংসার পাষাণ বুকে,
দিলি মা ! তুই হাসিমুখে,
লোকে কেন ডাকে তোকে,
বুঝি না তা ওমা ! তারা !
করিস নাকো আর ছলনা,
দিস্ না আমায় আর যাতনা,
তোর কাছে কি নাই মা ! ক্ষমা, পাষাণী পাষাণপারা !!

(১২৬)

আকাশের জল, যেমন করে, মিলে সিন্ধু জলেতে ।
তেম্‌নি ক'রে কবে মোরা মিলে যাবো দুটীতে ॥
নদী যেমন গিরি কারা,
ভেঙ্গে ছুটে দিশেহারা,
তেম্‌নি ক'রে পাগলপারা, ছুটবো তোমার পানেতে ।
ফুরিয়ে যাবে তোমার মাঝে আমার এই স্বতন্ত্রতা,
অসীম প্রেমে ভরবে হৃদয়, ঘুচিয়ে মনের দরিদ্রতা ;
দিনের আলোয় যেমন ক'রে,
পেচক লুকায় অন্ধকারে,
কামনা মোর তেমনি ক'রে, লুকাবে মুখ তোমাতে !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১২৭)

প্রেমের কাঙাল, এমন পাগল, প্রেম বিনা কিছু চাহে না।
ভরিছ সাগর, বিশ্বের অন্তর, মোর হিয়াতো গো ভরিলে না॥
জলে স্থলে তোমার করুণা বিছান,
মহিমা তোমারি করে সবে গান,
এ দাসে গো কেন হয়েছ কৃপণ তাতো প্রাণধন! বুঝি না।
তৃষায় হৃদি টুটি মরিবে সে ভাল,
পিবে না চাতক সাগরের জল,
কাঙালের দেশে, ভিখারীর বেশে, তব দাস কভু যাবে না॥

(১২৮)

মনে হয় শুধু, ওগো প্রাণবঁধু তোমারে আঁখিতে রাখিতে।
আমার অন্তর চাহে নিরন্তর, পরাণে পরাণে মিলিতে॥ (দোঁহে)
মনে হয় বঁধু তুমি আর আমি,
ত্যজি চলে যাই, এ কামনা ভূমি,
যেখানে কেবলি, আছে কোলাকুলি, প্রেমেতে প্রেমেতে হিয়াতে।
প্রাণ এই চায়, তোমায় আমায়, দেহের বন্ধন টুটিয়া
অসীম আকাশে, যাব ভেসে ভেসে, অনন্তের দেশে চলিয়া;
আমি তুমি সেথা হবো একাকার,
বিরহ বেদনা না রহিবে আর,
আমি ফুরাইব তুমি হয়ে রবো, তুমি মিলে যাবে আমাতে॥

(১২৯)

সে-কিরে প্রেমের কাঙাল!
সাগর কিরে, কণার তরে, মেঘের কাছে যাচে জল!!
ওরে কি তুই দিবি তারে
তুই তো বসে' তারি দ্বারে
ভিক্ষা পাত্র লয়ে করে, আছেরে তোর কি সম্বল!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গঙ্গাজলে জল ঢেলে,
পূজ্‌বি কি তুই ফুলে ফলে,
তারে ভালবাসা দিলে, জুড়াবে তোর মর্ম্মস্থল !!

(১৩০)

চোখের জল চোখেই রাখি, বুকের ব্যথা বুকে !
এ ধরার বজ্রবেদন সহি হাসি মুখে ॥
ক্ষুদ্র প্রাণের তুচ্ছ আশা
মাটীর মায়া ভালবাসা,
পাগল মনের কাঁদা হাঁসা, কি কবো তোমাকে !
দিন আসে দুঃখ লয়ে,
বিদায় হয় গো ব্যথা দিয়ে,
ভুলে থাকি তোমায় লয়ে, দুঃখের মাঝে সুখে ॥

(১৩১)

দরদী আমার ! সান্ত্বনা ব্যথার !
কৃপণের ধন, অন্ধের নয়ন, চিরজীবনের চির আপনার !!
জনম মরণ পথেতে ভ্রমিয়া,
তোমারেই প্রিয় খুঁজিয়া খুঁজিয়া,
বহু পুণ্য ফলে কল্পতরু মূলে
এসেছ শ্রীহরি ! ভিখারী এবার !
সম্মানে কাঞ্চনে ভুলিবে না মন,
এ কাঙাল যাচে পরশ রতন,
দাও পূর্ণ করি হে পূর্ণ আমারি
রিক্ত হৃদি প্রেমে—প্রেম পারাবার !!

(১৩২)

তখন তুমি এলে সখা !
সবাই যখন গেল চলে—আমারে রাখিয়া একা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামনা পেচক সবে
লুকালো আঁধারে যবে,
হৃদয় আকাশে তবে ফুটলো প্রেমের অরুণ রেখা !
জোনাকীর ক্ষীণ আলো
প্রাণে যখন নিভে গেল
অফুরন্ত জ্যোতিঃ লয়ে, জ্যোতির্ম্ময় ! দিলে দেখা।

(১৩৩)

মনে প্রাণে প্রাণ সঁপেছি তোমায় !
নাইক' কিছু আকিঞ্চন লুকিয়ে কামনায় ॥
তোমাতে আছি নিয়ত,
কুসুমে সুগন্ধ মত
তোমার বুকে উঠেছি তো লহরী লীলায় !
নদী মত ছুটি ছুটি,
পড়িনু চরণে লুটি,
ভুলি সব দোষ ত্রুটি, রাখ রাঙা পায় !!

(১৩৪)

যমুনার মত এ প্রাণ নিয়ত তোমাতে মিলিতে চায় !
বহিতে পারি না ব্যথার ঝরণা—ক্ষীণ ধারা ধরো পায় !!
নাম রূপে আর নাহি প্রয়োজন,
ছিঁড়ে যাক মোর 'আমির' বন্ধন,
তুমি জেগে থাক সদা সর্ব্বক্ষণ, তব মহা মহিমায় !
অনাদি সঞ্চিত যত কর্ম্মফল,
সাগর সমান মোর অশ্রুজল,
আর যাহা কিছু সঁপিনু সকল, রিক্ত করি এ হিয়ায় !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৩৫)

অনু হ'তে অনু আমি, তুমি মহতো মহীয়ান !
সাগর হ'তে গভীর তুমি, আমি গোষ্পদ সমান !!
তব যোগ্য নহে জানি,
এ দীনের মালা খানি,
তবু লহ প্রাণ স্বামী !
কোরোনা গো প্রত্যাখ্যান !
নয়নের জলে গাঁথা,
দিয়ে সূত্র বুকের ব্যথা,
এ মালা কে লবে হেথা, তোমা বিনা ভগবান !!

(১৩৬)

ভেঙ্গে যাক এ ক্ষণ ভঙ্গুর দুখের কুটির মোর !
যায় যাক টুটি যাবে যা একদিন এ মোহ বন্ধন ডোর !!
যাবে যারা যাক্ আসেনি থাকিতে,
আপনার ক'রে পারেনি লইতে,
তৃষাতুরে কণা পারোনিক' দিতে মুছাতে নয়ন লোর !
থাক্ শুধু তাহা, যাহা চিরন্তন,
বাঁধা একসাথে অনন্ত জীবন,
উজলি অন্তর জাগিছে যে জন, যে চির আপন তোর !!

(১৩৭)

কে বলে দুর্ব্বলের বল হরি দয়াময় !
কি ক'রে বুঝাবে মোরে—প্রাণ নাহি কয় !!
দেখি শত শত যত দুর্ব্বল যে প্রপীড়িত,
বলীর নিঠুর করে প্রতিদিন হয় নিহত,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবুও বলিতে হবে হরি কল্যানকারী সবে
নিঠুরতা দেখে বারি চোখে নাহি বয়।
মনে হয় তারি সম পাষাণ নহে কঠিন,
অনলে নাহি দাহিকা তাতে যেমতি জ্বলন,
গোপিনী অন্তর মাঝে আজুও মরমে বাজে
জ্বেলেছিল কত জ্বালা নিঠুর হৃদয় !!

(১৩৮)

ছিঁড়িস্ না রে ও পাষাণ !
করিনি তোর কোন ক্ষতি দিয়ে দেহ মন প্রাণ !
প্রকৃতির এই তপোবনে,
ফুটেছিরে অযতনে,
বিলাই সদা এ ভুবনে, বুক্ ভরা মোর সু-আঘ্রাণ !
ছিঁড়ে মোরে নিঠুর করে,
পূজ্‌বি রে তুই বলতো কারে,
তোর রাজা কি মোর ভিতরে নাহি রহে বিরাজমান !!

(১৩৯)

তোমার প্রাণের কপাট খুলি দেখ দ্বারে অতিথ এলো
দগ্ধ কারা বেদন্ ভরা সর্ব্বহারা এ কাঙ্গাল !!
মরতের চিন্তামণি,
আশা পূর্ণ করে শুনি,
জগত্‌ চিন্তামণি তুমি, আশা কি হবে নিষ্ফল ?
প্রশান্ত কামনা অরি,
পরিতৃপ্ত হৃদি হরি,
রিক্ত প্রেম পাত্র মোরি, পূর্ণ করি দাও কেবল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৪০)

এ যম যন্ত্রণা এ বেদনা শুধু তব মুখ চাহি সহি গো !
(এযে) নিরমম পুরী হেথা ব্যথাহারী তোমাবিনা কেহ নাহি গো !!
শ্রীহরি মোর আঁখিজল সরসি,
হৃদি পরিমল ফুটিল কমল
প্রেম মধু বঁধু ! লহসি !
(ওহে) শ্যাম মধুপ ! প্রেম অনুপ নিরুপম মোর তুমি গো !!

(১৪১)

ফিরিবার পথে, হ'লো তারি সাথে চোখে চোখে দেখা তুজনে !
দিয়ে গেল যাহা, নিয়ে গেল তাহা, মিলায়ে নয়নে নয়নে !!
শিরায় শিরায় তুলি শিহরণ,
তুলায় হিয়ায় মৃতু কম্পন,
আঁখির তারায় জাগিয়া নয়ন, হেরিল সোনার স্বপনে !
বেজে উঠে বীণা সা-রে-গা-মা-পাধা
প্রাণ তারে যেন ছিল কবে সাধা,
সুস্মুপ্তির মাঝে ছিল বুঝি বাঁধা, তুটি হিয়া মহা মিলনে !!

(১৪২)

লগন যে মোর বহে যায় !
আকুল এ মন ব্যাকুল পরাণ প্রতি ক্ষণ যুগসম হায় !!
সজ্জিত মোর বরণ ডালা
কম্পিত কর ধৃত এ মালা,
শঙ্কিত চিত ব্রজ গোপালা, চঞ্চল আঁখি পথ চায় !
বাজায়ে বাঁশরী শ্যামলিয়া,
জ্যোতিঃতে তব আলোকি হিয়া,
নাচি মোহন মধু হাসিয়া, আসিবে কবে আঙিনায় !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৪৩)

হে মোর সুদূর !
তোমারে করিনু নিকট আজিকে, নিকট করিনু দূর !!
কল্পনাতে মন বেঁধেছিল ঘর,
আপনার ভাবি লয়ে যত পর,
ব্যাধিমুক্ত মন হয়েছে বিজ্বর, শূন্য হৃদি পুর !
ওগো ! ও অজানা অচেনা আমার,
কোন স্বপ্নলোকে বসতি তোমার,
জাগ্রত স্বপনে করো একাকার, মিলন মধুর !!

(১৪৪)

(হরি) এই কি তোমার করুণা ।
কেন দিলে ব্যথা ব্যথাহত বুকে, জ্বালাদগ্ধ প্রাণে যাতনা ॥
শান্তির আশয়ে অশান্ত সংসার,
ত্যজি বাহিরিনু কৃপা, করি সার,
এ কোথা আনিলে—ওগো কর্ণধার, অন্ধকার পথ অচেনা ॥
জীবন আকাশে ওগো জ্যোতির্ম্ময়,
বল কতদিনে হইবে উদয়,
কতদিনে দয়া হবে দয়াময়, শান্তিময় ! দিবে সান্ত্বনা ॥

(১৪৫)

নিষ্করুণ ভালবাসা তোমারি !
নাইক' দয়ামায়া শান্ত স্নেহ ছায়া আছে শুধু জ্বালা ব্যথারি ॥
পিতামাতা যবে কংস কারাগারে,
তুমি বসি সুখে রাধা কুঞ্জ দ্বারে,
মথুরার ডাক নিলো ছিন্ন করে, গোপিনী হৃদয় বিদারি ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপনারো প্রতি নাহিক মমতা,
নিজে করে জ্বেলে ছিলে নিজ চিতা,
বাণ বিদ্ধ হয়ে চলে গেলে সেথা, গোলকে, গোলক-বিহারী !!

(১৪৬)

আমায় তুমি বোকা বলো তোমার মত বোকা কে !
আমি অন্ধ অন্ধকারে, তুমি অন্ধ আলোকে !!
মায়া ঠুলি বাঁধা চোখে,
পথ ভুলি তাই স্বপ্ন লোকে,
মায়ামুক্ত হয়ে তুমি, কেঁদে বেড়াও ভূলোকে !
রাম, কানু, ভোলার বেশে,
কত লীলা করলে এসে,
হাসি পায় আর কান্না আসে, দেখে তোমার নাটকে !!

(১৪৭)

শ্রাবণ ধারা দুকূল হারা আশা তটিনী বহিয়া যায়।
খর পবন, গরজে ঘন, নীল-রতন মোর কোথায়॥
কাঁদে পরাণী পরাণ প্রিয়,
লুকায়ে কোথায় আছ অমিয়,
চাতকী আঁখি খুজে তোমায় আকাশের ঐ মেঘমালায়।
প্রবোধ দিতে অবোধ চিতে,
নারি যে প্রিয় ! কোনও মতে,
জুড়াতো হিয়া যদি আসিতে করুণা করি এ অভাগায় !!

(১৪৮)

নিশি যেন আজি না পোহায় !
ভাঙ্গে নাক' যেন এ সুখ স্বপন—এ মধু মিলন দুজনায় !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিকটে পেয়েছি তোমারে সুদূর
হৃদি আজি মোর হলো ভরপুর,
আর যেন প্রিয় ! বিরহের সুর বাজে নাক' মোর এ বীণায়।
ক্ষণ হোক আজি কল্প সমান—অনন্তের পথ জীবন
ধরি হাতে হাত তোমাতে আমাতে করিব সে পথে ভ্রমণ ;
ভরিল ভূবন চূত সুগন্ধ,
কোয়েলা কূজন পরাণ কুঞ্জ,
উদিল শতেক পূরণ চন্দ্র, মধুমাখা বহে মধু বায় !!

(১৪৯)

ভালবাসি তাই, ভালবেসে যে গো, তিরপিত মোর পরাণী !
এ অখিল বিশ্বে ওগো নিখিলেশ ! মোর কেহ নাই তা জানি ॥
আড়াল হ'তে শুধু দেখে চলে যাই,
অাঁখি পথে তব আসিতে ডরাই,
পাছে তুমি ভাব যাচক বালাই, সশঙ্কিত দিবা যামিনী !
ব্যথার সাগরে ওগো ব্যথাহারী
তব নাম গানে মোর শান্তিতরী
ভেবোনাক' যেন তোষামোদ হরি ! কিছুত' কামনা রাখিনি !!

(১৫০)

সরলে দীন কাঙালে কেন গো কর ছলনা !
অনুগতে পদানতে কেন পদাঘাত হানা ॥
আশা না মিটাতে পারো
কেন প্রতারণা করো,
ব্যথা 'পরে ব্যথা আরো, কেন দিতেছ বল না !
ত্যাগ প্রবণ তো প্রীতি,
আত্মদান তো ভকতি,
প্রাণ মন হে শ্রীপতি, নিবেদিত কি জান না !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫১)

তুমি সে সকলি হরি !
আমার বাল্য লীলার পিতামাতা সখা ! যৌবনের সহচরী !
যখনি যেখানে নগরে কি বনে,
আছ সাথে সাথে চির সঙ্গোপনে,
নিখিল ভুবনে জীবনে মরণে, ছায়া সম আছ ঘেরি !
এতদিন ছিনু অন্ধ নয়ন,
বৃথা গেল দিন করি অন্বেষণ,
সবার মাঝারে দিল সে সন্ধান, শ্রীগুরু-রূপী মুরারী !!

(১৫২)

কতদিন পরে পেয়েছি তোমারে নিরালা মিলেছি দুজনা !
কথা আজ মোর ফুরাবে না প্রিয় ! যত দেখি তৃষা মিটে না !!
যুগ কত গত ব্যথাহত হৃদি,
মুখ চেয়ে তব কাঁদে নিরবধি,
সহি দুখ সুখ প্রাণ প্রেমনিধি ! কেমনে রয়েছে জানিনা।
মন কোনে যত ছিল অন্ধকার উজল হাঁসির আলোকে,
ব্যথা হ'লো আজি শান্তির পাথার গরল অমিয় আজিকে ;
জুড়ায়েছে যত অতীত বেদন,
থেমে গেছে মোর প্রাণের রোদন,
পরাণে পরাণে পূরণ মিলন, সার্থক সকল যাতনা !!

(১৫৩)

মিলন মন্দির সোপানে !
যেথা ছিনু আজো রয়েছি গো সেথা, তুমি কতদূরে কে জানে !!
বসিয়া সেখানে লয়ে বীণাখানি,
শুনাই তোমারে করুণ রাগিণী
প্রতিহত হয়ে দুয়ারে সে ধ্বনি, মিলাইয়ে যায় বিমানে !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তপ্ত মরু মাঝে তৃষাদগ্ধ প্রাণ,
লয়ে ছুটে এনু কণা করো দান,
দ্বার খুলি আজি হও আগুয়ান, মিলে যাক্ প্রাণ চরণে !!

(১৫৪)

বল্‌নারে ও যমুনা ! কোথা ঘনশ্যাম !
কোথা গেল সে গোপাল—শূন্য এ ব্রজধাম !!
আজুও চরে গোধন,
শাখে ডাকে পিক ঘন,
আজো আসে গোপীগণ, নাইক' প্রাণারাম।
আরতো না বাজে বাঁশরী,
প্রাণ হরি নিল হরি,
স্বর্ণ পুরী শ্মশান করি, বিধি হয়ে বাম !!

(১৫৫)

এতো গো সেদিনের কথা, আজি ভুলে গেলে নাকি !
এই তো সেদিন এসেছিল, এরই মাঝে দিল ফাঁকি !!
আজুও চরণ রেখা,
ধরা বুকে আছে লেখা,
কোথা গেল বঁধু বাঁকা, স্মৃতি পটে ছবি আঁকি !
উদাসী পরাণ মন
কাঁদিতেছে নিশিদিন,
শূন্য দেহ গো ধারণ, উড়ে গেছে প্রাণ পাখী !!

(১৫৬)

সেই তো গিয়াছ চলিয়া !
তারপর গত যুগান্তর কত—এলে কিগো পথ ভুলিয়া !!
সেই হতে আমি আছি প্রাণ স্বামী ! কোন মতে প্রাণ ধরিয়া,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আজুও হ'লোনা সফল কামনা, জুড়ালোনা তৃষিত হিয়া !
তোমারি চরণে দিয়াছি তো প্রিয় ! এ জীবন প্রাণ সঁপিয়া,
তোমা বিনা মোর কেহ নাহি আর নিরখিতে মুখ চাহিয়া !
সকল সাধনা বাসনা কামনা জীবনের তুমি বঁধুয়া,
এছুটি নয়নে পরাণে এ মনে তুমি শুধু আছ মিশিয়া !!

(১৫৭)

কত বল সয় !
মানবের প্রাণ হরি ! পাষাণ তো নয় !!
তোমার এ নিঠুর ধরা,
কেবলি বেদন ভরা,
সর্ব্ব সুখ শান্তি হরা, শমন নিলয় !
সকলেরি আছে সীমা,
অসীম কি এ যাতনা,
আঁখি জলে শুখাবে না কি গো দয়াময় !!

(১৫৮)

(যদি) রহে ভোলা মন—মোহে অচেতন
তুমি যেন হোয়ো নাক' বিরূপ কখন !!
কামনা ঘোর বিকারে,
মৃতপ্রায় যদি করে,
প্রেম সুধা দিয়ে তারে, কোরো সঞ্জীবন ।
কুপথে রহে যদিও,
সতত সাথে রহিও,
বারে বারে বুঝাইও মাতার মতন !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫৯)

তৃষিত এ মরুমাঝে কেনগো আনিলে আমায়।
তাপিত ব্যথিত চিত নিশিদিন কাঁদে সেথায়॥
তৃষা আছে নাইক' বারি,
নাইক' ছায়া আতপেরি,
নাইক' দয়া এ ধরারি, ভরা শুধু নিঠুরতায়।
মুছাইতে আঁখি লোর
আছে ব্যথী যেথা মোর
যেতে প্রাণ যে অধীর, ত্যজি এ পাষাণ কারায়॥

(১৬০)

বাঁশী উদাসী ক'রে—
করেছো গো বনবাসী তোমারি তরে।
কে আছে তোমারি মত,
কোথা আছে স্নেহ এত,
কোথা জুড়াবে তাপিত, পরাণ ভরে।
মিছে মায়া মতিভ্রম,
তোমা বিনা প্রিয়তম,
না কেহ আপন মম, স্বপন পুরে॥

(১৬১)

(আমায়) প্রেম শিখালে ভালো।
আনিয়া আমায় নিবিড় অমায় নিভাইলে ক্ষীণ আলো।
জ্বালিয়া পরাণে কামনা অনল,
নিভালেনা প্রিয়! ঢালি প্রেম জল,
তৃষাতুরে শুধু দিয়ে হলাহল অনলে অনল জ্বালো।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাজায়ে বাঁশরী এনেছিলে টেনে,
শ্রীচরণে বুঝি, বধিবারে প্রাণে,
ওগো প্রেমময়! দিয়ে প্রেমধনে মুছালেনা মনের কালো॥

(১৬২)

বাজেনা, বাজেনা কি তোর পরাণে মোর বেদনা!
পাষাণী পাষাণের মেয়ে তাতো ভাল আছে জানা!!
এখানে আসিয়া 'বধি,
কত কাঁদি নিরবধি,
বিনাদোষে মোরে বধি, কি লাভ হ'লো বলোনা?
যদি, বলো কর্ম্মফল,
কর্ম্মকে কেবা সৃজিল,
তুমি যদি ধরো ছল, নাই তো আশা কাঁদা বিনা!

(১৬৩)

প্রাণ কানু! প্রাণ কানু! তোমায় কত ভালবাসি!
তাই তো শুধু প্রাণ বঁধু! ছুটে ছুটে বনে আসি॥
গৃহ কাজে মন লাগেনা,
বেঁধে মারে সহি যাতনা,
কিছুতেই মন বসেনা, তুমি যখন বাজাও বাঁশী।
মনে হয় তুমি আমি,
থাকি হেথা দিবা যামি,
প্রাণ মন প্রাণস্বামী! সদাই যেন গো উদাসী॥

(১৬৪)

কাঙালের ঘরে এলি যদি ফিরে, আর যেন চলে যাস্ না
কি বেদনা প্রাণে, মা হারা সন্তানে, বুঝে কি মা বিনে বলো না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষুদ কুঁড়ো মাগো ! যা আছে সম্বল
দিব কর পুটে ভরি অশ্রুজল,
বুকপাতি লবো চরণ কমল, ভকতি কুসুমে অর্চ্চনা !
না জানি মা পূজা, না জানি ভজন
কেমন কোরে করি তব আবাহন,
জানি শুধু মাগো ! করিতে রোদন, সেইত আমার সাধনা ॥

(১৬৫)

কত গান গেয়েছে তোমার কত কণ্ঠ কত সুরে !
কত ভালবাসা ঢালা, গাথ মালা আঁখি নীরে ॥
তবু ও হলো না আজি
সাজান তো ফুল সাজি,
রিক্ত ডালি রইল খালি, নব অনাগত তরে।
গেঁথে মালা একটি ফুলে,
করি সিক্ত অশ্রু জলে
রেখে গেনু বেদীমূলে, কম্পিত হু'কর ভরে ॥

(১৬৬)

আমি আমার একাকী !
আর যা হেথা, কথার কথা, ব্যথার ব্যথী সব ফাঁকি ॥
'আমি তোমার, তুমি আমার' পর কখনও হয় নাকি !
মিছে কথার বেচা কেনা, মুখ চাওয়া তো চালাকি
জনম মরণ পথে সাথে, সাথী যারা তোমার কি ?
দিনের আলো প্রকাশ হ'লে লুকায় যত জোনাকি !!
কত প্রীতি দেহের প্রতি, পরিণাম তার জান কি ?
খাঁচা তোমার রবে পড়ে, উড়ে যাবে প্রাণ পাখী !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৬৭)

যায় যদি প্রাণ, ধন জন মান, যদি যায় সব ক্ষতি নাই।
তব মন কোনে, এ কাঙাল দীনে কৃপা করি যেন দিও ঠাঁই ॥
মোর তরে প্রিয় রাখিও সান্ত্বনা,
প্রেম আঁখি দুটি পূরিত করুণা,
তব পাশে শুধু এই গো প্রার্থনা, পদাঘাত যেন নাহি পাই।
তোমারি কৃপাতে ঝুলি পূর্ণ করি
দিও হৃদি মম তব প্রেমে ভরি,
পূর্ণ মনোরথ হবে এ ভিখারী, মুখ চেয়ে তব আছি তাই ॥

(১৬৮)

বারে বারে বুঝাই তোরে—ভুলিস্ না, ভুলিস্ না!
মায়া মৃগ পাছুরে তুই—ছুটিস্ না ছুটিস্ না !!
আপনারে করিস্ সাথী,
আপনি হোস্ ব্যথার ব্যথী,
পরের মুখে তুই ভুলেও চাহিস্ না চাহিস্ না !
বাজাস্ না তুই পরের বীণা
গাহিস্ না গান কানে শুনা,
তুই বিনা সব তোর অচেনা, জানিস্ না জানিস্ না !!

(১৬৯)

এ জগতে কেউ কারুর নয়—আপন, আপন! (সবাই)
চোখের দেখা মনের লেখা—সকলি স্বপন !!
কেহ নাহি ভাবে কোথা,
হতে সে আসিল হেথা,
পরের তরে মাথা ব্যথা কেনরে এমন!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাঁধে মমতার বাসা,
ঢালি সব ভালবাসা,
ভাঙ্গে, না মিটিতে আশা, নিঠুর শমন !!

(১৭০)

ও মন ! শুধাই তোরে !
কার মুখ তুই চাস্‌রে ভোলা ! কার মুখ তুই চাস্‌!
এ পারে তোর নাইক' কেহ ও পারে হতাশ !!
যদি বলিস্‌ আছেরে তোর কত পরিজন,
কত স্নেহ করে তোরে সবাই স্বজন !
আমি বলি আছিস্‌ রে তুই মায়াতে বিভোর,
এখনও কাটেনি তোর মদিরার ঘোর।
বিষয় মদ খেয়ে রে তুই গোলাপী নেশায়
রঙিন্‌ স্বপন দেখিস্‌, শুধু জীবন নিশায় !
কল্পনাতে করিস্‌ রে তুই নবীন সৃজন !
স্বপনে স্বপনে রে তোর ঘিরিছে জীবন !!
বারেক তো ভাবিস্‌ না তুই ছিলিরে কোথায়,
ঘুঘুর বাসা ভাঙ্‌লে পরে যাবিরে সেথায়।
অনেক কথা কইনু তোরে রাগিস্‌ নারে ভাই,
তোর ব্যথাতে কাঁদে যে মোর পরাণ সদাই !
একটি কথা আর কহিব মন দিয়ে তুই শোন্‌,
এ' জগতে তুইরে তোর কেবলি আপন !!

(১৭১)

সব ত্যজি তুই চল সেথায়।
দেখ দিকি তোর প্রাণের রাজা রাখে কিনা রাঙা পায় ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তরী যে তোর ঘাটে বাঁধা
যাত্রাপথে নাইক' বাধা
ঘুচিয়ে রে তোর মনের ধাঁধা, ঘরের ছেলে ঘরে আয়।
মরণ নদীর পরপারে,
বসে সেযে তোরি তরে
বাজায় বাঁশী করুণ সুরে, সাশ্রু আঁখি তোর ব্যথায়॥

(১৭২)

তোমারে বাসিয়া ভালো হাঁসিতে ভরিল প্রাণ!
অমানিশি নাশি শশী প্রকাশে হৃদি বিমান!!
শ্রাবণেরই ধারা ঝরা,
এ দুটি নয়ন তারা,
হাঁসিল কমল পারা, হেরি ও চাঁদ বয়ান।
তিরপিত আজি হনু
সব ব্যথা পাশরিনু
অসীমে মিলিল অনু, সিন্ধুতে বিন্দু সমান!!

(১৭৩)

(হরি) তুমি আমি রব দুজনা।
(আমার) প্রেমের গোলকে কারো প্রবেশ মানা॥
কামনা কালিন্দি কূলে
জীবন কদম্ব মূলে
(আমার) প্রাণের দোলায় হাঁসবে দুলে হে কালোসোনা!
বাজবে তোমার মোহন বেণু
আস্‌বে ছুটে মন ধেনু
(আমি) রইব হয়ে চরণ রেণু, ঘুচবে যাতনা॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৭৪)

যদি ভালবাসিতে।
শত অপরাধ মোর নয়নে না হেরিতে !!
তা হ'লে কি এমনি করে,
পারিতে রহিতে দূরে,
নানা বাজে ছুতো ধরে, বারে বারে আসিতে!
অমানিশি নাশি শশী,
প্রকাশিত প্রতি নিশি,
ভরিত গো দশ দিশি, প্রাণ মাতানো হাঁসিতে !!

(১৭৫)

নাইবা এলে সখা! তুমি—কি তাতে ক্ষতি!
সুখে থাক—থাক' দূরে—পরাণ পতি !!
মনে মনে বনে বনে,
তুলিব বন কুসুমে,
সাজাইব সযতনে মানস মূরতি!
হৃদি ভরা প্রীতি মোর,
প্রেত পূত আঁখি লোর,
হবে পূজা উপচার, চরণে নতি !!

(১৭৬)

যদি গো মনে লুকানো রহিত কোন ছলনা!
সরল নির্ম্মল চিত না জানে তো প্রতারণা !!
যদি ত্রুটি কোন কাজে,
হয়ে থাকে ধরা মাঝে,
প্রতিশোধ কি গো সাজে, অপরাধে ক্ষমা বিনা!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রেম—গিরি নদীমত
তব প্রাণে প্রবাহিত,
কি চাহে গো মোর চিত, তাতো তব আছে জানা !!

(১৭৭)

(মন) সাধে কি রে চায় !
সাধে কি সঁপেছি প্রাণ সে রাতুল পায় !!
যখনি মুখ নিরখি,
দেখি ছুটি প্রেম আঁখি,
মোর আঁখি পরে রাখি, কে যেন জানায় !
মায়ের মত স্নেহভরা
প্রিয়ামত মনোহরা
সে ছুটি নয়ন তারা, আমারে ভুলায় !!

(১৭৮)

তুমি ডাকিয়াছ মোরে—বুঝেছি।
বাঁশরী শুনিয়া সকল ত্যজিয়া ছুটিয়া চরণে এসেছি ॥
পারে নিক' কেহ বাঁধিতে গো মোর
কর পদ প্রিয় ! ঢালি আঁখি নীর,
তব আকর্ষণে ছিন্ন সব ডোর, তাইতো আসিতে পেরেছি !
ভয় ভীত চিত আইনু পলায়ে,
অঞ্চলেতে মোরে রাখো গো লুকায়ে,
সদা হয় ভয় না ফেলি হারায়ে, নীলমণি যা পেয়েছি ॥

(১৭৯)

মোর এ জীবন পথে কত প্রিয়জন সাথে—হোলো দেখা।
আজি এ জীবন সন্ধ্যায়, কেহ সাথে নাহি তো হায় !
আমি যে একা সে একা ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভরি হৃদি বরণডালা,
কতজনা দিল মালা,
সে যে স্বর্গ সুধা ঢালা, প্রীতি মাখা !
ভেঙ্গে ঘুম জেগে দেখি,
স্বপন সে সব ফাঁকি,
মুছিল তিলে চমকি, বজ্র রেখা ॥

(১৮০)

বাজে বন মাঝে বেণু ঐ !
নব অনুরাগে, মন মাঝে জাগে, শ্যাম প্রাণ বঁধু—সই !!
চঞ্চল এ মন বিরহী পরাণ,
যাচে অনুক্ষণ মিলন মিলন,
কি করি সজনী যাবো কিলো বন, কানু বিনে মরে রই !!
ঐ বুঝি সখি ! আসে শ্যামলিয়া,
হরষে যে মোর উথলিছে হিয়া,
চল, চল সখি, যাই লো ছুটিয়া, কানু হারা পাছে হই !!

(১৮১)

ঝর ঝর ঝরে বাদল—ঝরে মোর নয়ন ধারা !
এমন বরষা রাতে আমি যে আপন হারা !!
বিজলী চমকে ঘন
চমকে আমার প্রাণ
কোথা আছ প্রাণধন, কোথা মোর মনচোরা !
বহিছে খর পবন,
শ্বাস মোর বহে ঘন,
কে মুছাবে গো নয়ন, হারা যে নয়ন তারা !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৮২)

(আমার) রইল বুকে বেদনা !
আমি তোমার হয়েছিনু, তুমি আমার হোলে না !!
ব্যথার সাগর জলে,
আছিল হৃদি কমলে,
প্রেম মধু দিনু বঁধু ! তুমি তো তা নিলে না !
রেখেছিনু আঁখি পাতায়
জড়িয়ে হৃদি প্রীতি লতায়,
মোর ভালবাসা গো হায় । তুমি তো বুঝিলে না !!

(১৮৩)

এ জীবনে তোমায় শুধু বাসিয়াছি ওগো ! ভালো !
তুমি শুধু আমার হিয়ায়, আঁধার রাতে চাঁদের আলো !!
তোমার হাঁসি, তোমার বাশী,
ঢালে প্রাণে সুধা রাশি,
মনের মাঝে কালো শশী ! মুছায়েছ সব কালো !
আছ চোখে তুমি শুধু,
প্রাণে মোর তুমি মধু,
আমার বুকে প্রাণ বঁধু, প্রেমের বাতি তুমি জ্বালো !!

(১৮৪)

কানুর লাগিয়া এ মালা গাঁথিনু কানু তো আইল না !
কানুর কারণে সাজানু এ ডালা—বরণ তো হোলো না !!
কানুরে লইয়া ভাসাইব তরী অকূল পাথারে সখী !
কানুর পরাণে মিলায়ে পরাণ, নয়নে নয়ন রাখি !!
পীরিতি মন্দিরে দেবতা আমার বাজায়ে মোহন বেণু !
নাচিয়া নাচিয়া কবে লো বঁধুয়া আসিবে পরাণ কানু !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামনা আমার পুরিবে কি সখি, মিলিবে কি শ্যামনিধি !
হবে কি করুণ অথবা দারুণ বলো নিদারুণ বিধি !!

(১৮৫)

নয়নের জলে সাগর ভরিনু, অনলে ঢালিনু জ্বালা ।
বিরহ বেদনা আর না সহিব ভেবেছি ভূলিব কালা ॥
আর না চাহিব কানু পথ সখি,
সারা রাত জাগি ঝরিবে না আঁখি,
আর না বহিব শিরে মোর সখি, কানু কলঙ্কের ডালা
নিভে যায় যাক্ সব আশা আলো,
আর না বাসিব কানুরে লো ভালো,
ক্ষতি কি লো সখি, যদি বা শুখালো, সযতনে গাঁথা মালা ॥

(১৮৬)

মোর এ জীবনে বঁধু তোমারি ভরসা শুধু
তোমা বিনা সবে মোর বাম
তৃষিত এ মরু থল তুমি জল সুশীতল
তুমি হরি চির শান্তিধাম !!
পিয়াসী পরাণ ফুকারে করুণ
সজল জলদ ঘনশ্যাম !
কোথা গো দয়াল ভকত বৎসল
এস হৃদে এস প্রাণারাম !
চাহি মুখ পানে চাতক নয়নে
দেখ ঝরে ধারা অবিরাম !
বাঁধহ করে করে মোরে তব প্রেম ডোরে
পূরণ করহ মনস্কাম !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৮৭)

মানে মানে ফিরে যাই !
রাখালের রাজা তুমি নাইক' মানের বালাই !!
গোধন চরান কাজ,
পরনে রাখাল সাজ,
ছিঃ ছিঃ ছিঃ লাগে যে লাজ কি দেখে মন দিল রাই !
সেথা কি বিচার আশা,
ছলনা যাহার পেশা,
সঁপে প্রাণ কি ভরষা, বলো আছে গো সে ঠাঁই !!

(১৮৮)

আমারে একাকী ফেলি গিয়াছে চলিয়া ।
শূন্য হৃদয়পুরী আঁধার করিয়া ॥
ছিন্ন বেতস লতা কূল যে টুটিল,—
কালস্রোতে ভেসে ভেসে কোথা সে ছুটিল ;
কূল পাবে কি ডুবিবে জানে সে বঁধুয়া !
গগনে হেরিছে বসি তারকা ঐ অগণন,
কিসে দুঃখে ম্লান মুখে শিশিরে করে রোদন ;
বুঝিবা লইবে শশী রাহুতে গ্রাসিয়া !!

(১৮৯)

ওরে ও রূপের কাঙাল্ ! ডুব দেখি ঐ রূপ সায়রে !
ডুবে দেখ মিটে কিনা প্রাণের তৃষা চিরতরে !!
তৃষা যে তোর অসীম চাহা,
মিটবে কেন কণায় তাহা,
পাবি সেথা চাইবি যাহা, হারাবেনা যুগান্তরে !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কত চকোর তৃপ্ত হ'লো পিয়েরে ঐ চাঁদের সুধা
দগ্ধ হিয়া শীতল কত, ঘুচল সকল চাহার ক্ষুধা ;
ঘুম পাড়ানো গানের মত
পড়বে ঘুমিয়ে চপল চিত,
ঘুচবে জ্বালা পেলি যত, অরূপের ঐ শীতল নীরে !!

(১৯০)

পথ দেখাও প্রিয় ! দারুণ দুর্যোগ আঁধার রাতে।
নিভায়েছে আলো ক্ষীণ দীপ শিখা বধির শ্রবণ অশনি পাতে ॥
বাজে আজ বুকে আমি যে একাকী,
খুঁজে যেন কারে আকুল এ আঁখি,
লবে কি গো সাথে এ অচেনা পাখী, রাখি তব হাত
আমার হাতে!
যাত্রা শেষ বুঝি হয়েছে এবার,
হে কাণ্ডারী ! মোরে করো আজি পার,
অশ্রুভরা এই সাগর ব্যথার, তৃপ্ত হোক এ হৃদি করুণাতে !

(১৯১)

এসেছে হরি ! দ্বারে এসেছে হরি !
খঞ্জ চরণ অন্ধ নয়ন, ভগ্ন হৃদয় ভিখারী !!
একটুখানি কৃপা ওগো মহীয়ান,
রিক্ত পাত্রে প্রেম বিন্দু করো দান,
তাতেই তৃপ্ত হবে মোর মনপ্রাণ, হাঁসি মুখে যাবো ফিরি !
মুক্তকণ্ঠে গাব করুণা অপার,
জয়গানে দিশি ভরিবো গো আর,
জুড়াইবে ব্যথা, মুছবে অশ্রুধার, ওগো শান্তিময়! মোরি !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৯২)

দিবনা দিবনা কানু ! তোমারে ফিরে যাইতে !
কেমন করে যাওতো দেখি ভাঙ্গি হৃদি পদাঘাতে !!
বাঁধি অশ্রু রজ্জু দিয়ে,
রহিব সজাগ হয়ে,
রাখিব গো লুকাইয়ে বিজন হৃদি কারাতে !
তুমি জ্ঞান তুমি ধ্যান,
তুমি মোর মনপ্রাণ,
প্রাণহীণ হয়ে প্রাণ কেমনে রবে দেহেতে !!

(১৯৩)

করুণা বারি দৈব বরষে !
নাচত চিত শিখি পুলক হরষে !!
মাভৈঃ মাভৈঃ গাহে গরজে ঘন নবীন,
চপলা হাসিয়া কহে আসিছে প্রিয় ! সুদিন,
কি যেন আশার বাণী বহিয়া আনে পবন,
শিহরিছে তনু কার প্রেম পরশে !!

(১৯৪)

নীলমণি পেয়েছে কাঙাল্ রাখিবে কোথায় !
সদা ভয়ে ভয়ে থাকে যদি বা হারায় !!
যতক্ষণ জেগে থাকে,
মণিখানি বুকে রাখে,
দৃঢ় করে তারে ঢাকে, যখন ঘুমায় ।
গাঁথি হার আঁখিজলে
মহামণি তাতে তুলে,
পরায়ে আপন গলে, পরাণ জুড়ায় ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৯৫)

(আজি) সঁপে দিনু ছ'করে মোর এ প্রাণ তোমারে !
রাখিতে হয় রেখো সখা। মারো মেরো আমারে !!
আজি হ'তে আমি তোমার,
স্বাতন্ত্র্য না রহিল আর,
মেঘের বারি বিন্দু এবার মিলিল গো সাগরে !
কমল এবার হাঁসি মুখে,
রইবে ফুটে সাগর বুকে,
ছুটি চোখ ছুটি চোখে, প্রাণে প্রাণে এক ক'রে ॥

(১৯৬)

আমি কি তোমার প্রেমের অধিকারী !
তবু যে বেসেছ ভালো সে শুধু দয়া তোমারি !!
পঙ্কিলে ফুটি কমল,
আশা কি করে গো বলো,
পেতে স্নেহ বাসা ভালো, তপনেরি !
নিলে যদি বুকে তুলে,
দিওনা চরণে ঠেলে,
ভাসায়ো না আঁখিজলে মোরে হরি !!

(১৯৭)

মোর এ কুটিরে যদি এলে আজি কৃপা করি !
ক্ষণ ব'সো প্রাণ প্রিয় ! হেরি তোমায় প্রাণ ভরি !!
মোর এ তাপিত প্রাণ,
কাঁদে প্রিয় নিশিদিন,
'আহা' কথা এ শ্রবণ, শুনে নি জীবনে হরি !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাচক নহে এ মন,
তৃপ্ত হৃদি পূর্ণ প্রাণ,
নাহি কিছু আকিঞ্চন, দেখেই সুখী চিত মোরি !!

(১৯৮)

আর কি আছেরে সখি ! সে সোনার বৃন্দাবন !
শ্রীহরির সাথে সাথে সবই গিয়াছে রে—
দিনমণি গেছে নিজধাম !—(হায় রে !)
জগত আঁধার করি চলে গেছে প্রাণহরি
বৃন্দাবন শশ্মান সমান ! (হায়রে)
কেঁদে মরে দিবাযামী যমুনা অভাগিনী
আছাড়ি পিছাড়ি কাঁদে গোপিনী ;
বলে কোথা গেলে দয়াময় ! আমাদের একাকী ফেলে
দিনমণি গেছে নিজধাম !—(হায়রে)
আর কি আসিবে কানু বাজায়ে মোহন বেণু
চরণের রেণু পাবে ধরা ;
মরতে অমর পুরী করিবে কি প্রাণ হরি
মুছিবে কি ধরার আঁখিধারা (হায়রে)
আশা কি হবে পূরণ আসিবে কি প্রাণধন
তিরপিত হবে কি পরাণ !!

(১৯৯)

সখি ভালবাসা মহাপাপ !
(সখি) যে বেসেছে ভালো সেত' জ্বলে ম'লো
অশ্রুজল পেল পরিতাপ ॥
ভালবেসে সখি ! কে হয়েছে সুখী
ভালবেসে কার শুকায়েছে আঁখি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভালবেসে দেখি সবাই যে রে দুঃখী,
(সখি) ভালবাসা বুঝি অভিশাপ।
ভালবাসা করে শ্মশান হিয়ায়
পুড়ে সব সাধ প্রীতির চিতায়
থাকে শুধু বুকে ব্যথা হায়! হায়!
(সখি) কেন দিলো বিধি এ সন্তাপ ॥

(২০০)

আমারে তোমার বাঁশী যাদু করেছে!
যাদু করেছে গো সখা! যাদু করেছে ॥
শুনে তোমার মোহন বাঁশী
মন হ'লো না গৃহবাসী
বন মাঝে ছুটে আসি,—পাগল করেছে!
কি মায়াজাল রচেছে ঐ,
বাঁশী তব তোমার কই,
(আঁখি) হেরে নাক' তোমা বই,—সব ভুলেছে!!

(২০১)

সারা নিশি জাগি বসি কাঁদি, তুমি তো কৈ প্রিয় আসিলে না!
আদরে হৃদয়ে, ধরি ছুটি করে, আঁখি ধারা তো কৈ মুছালেনা!!
পথ চাওয়া আঁখি পথ চেয়ে থাকে,
বলো কিবা দিয়ে ভুলাই তাহাকে
তোমা বিনা সে যে না চাহে কাহাকে
(তারে) কেমনে করি গো প্রতারণা!
বেদনা হিয়ায় গুমরিয়া মরে,
শ্রাবণের ধারে আঁখি ধারা ঝরে,
মনে হয় ছুটে যাই গো দুয়ারে
সরমের বাধা পারে তো না!!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাচক নহে এ মন,
তৃপ্ত হৃদি পূর্ণ প্রাণ,
নাহি কিছু আকিঞ্চন, দেখেই সুখী চিত মোরি !!

(১৯৮)

আর কি আছেরে সখি ! সে সোনার বৃন্দাবন !
শ্রীহরির সাথে সাথে সবই গিয়াছে রে—
দিনমণি গেছে নিজধাম !—(হায় রে !)
জগত আঁধার করি চলে গেছে প্রাণহরি
বৃন্দাবন শশ্মান সমান ! (হায়রে)
কেঁদে মরে দিবাযামী যমুনা অভাগিনী
আছাড়ি পিছাড়ি কাঁদে গোপিনী ;
বলে কোথা গেলে দয়াময় ! আমাদের একাকী ফেলে
দিনমণি গেছে নিজধাম !—(হায়রে)
আর কি আসিবে কানু বাজায়ে মোহন বেণু
চরণের রেণু পাবে ধরা ;
মরতে অমর পুরী করিবে কি প্রাণ হরি
মুছিবে কি ধরার আঁখিধারা (হায়রে)
আশা কি হবে পূরণ আসিবে কি প্রাণধন
তিরপিত হবে কি পরাণ !!

(১৯৯)

সখি ভালবাসা মহাপাপ !
(সখি) যে বেসেছে ভালো সেত' জ্বলে ম'লো
অশ্রুজল পেল পরিতাপ ॥
ভালবেসে সখি ! কে হয়েছে সুখী
ভালবেসে কার শুকায়েছে আঁখি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভালবেসে দেখি সবাই যে রে দুঃখী,
(সখি) ভালবাসা বুঝি অভিশাপ।
ভালবাসা করে শ্মশান হিয়ায়
পুড়ে সব সাধ প্রীতির চিতায়
থাকে শুধু বুকে ব্যথা হায়! হায়!
(সখি) কেন দিলো বিধি এ সন্তাপ॥

(২০০)

আমারে তোমার বাঁশী যাদু করেছে!
যাদু করেছে গো সখা! যাদু করেছে॥
শুনে তোমার মোহন বাঁশী
মন হ'লো না গৃহবাসী
বন মাঝে ছুটে আসি,—পাগল করেছে!
কি মায়াজাল রচেছে ঐ,
বাঁশী তব তোমার কই,
(আঁখি) হেরে নাক' তোমা বই,—সব ভুলেছে!!

(২০১)

সারা নিশি জাগি বসি কাঁদি, তুমি তো কৈ প্রিয় আসিলে না!
আদরে হৃদয়ে, ধরি দুটি করে, আঁখি ধারা তো কৈ মুছালেনা!!
পথ চাওয়া আঁখি পথ চেয়ে থাকে,
বলো কিবা দিয়ে ভুলাই তাহাকে
তোমা বিনা সে যে না চাহে কাহাকে
(তারে) কেমনে করি গো প্রতারণা!
বেদনা হিয়ায় গুমরিয়া মরে,
শ্রাবণের ধারে আঁখি ধারা ঝরে,
মনে হয় ছুটে যাই গো দুয়ারে
সরমের বাধা পারে তো না!!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২০২)

কুটিরে আমার রাখি গেনু প্রিয় ! তোমারি আসন পাতিয়া ।
চলিনু এবার, সব ব্যথা পার, এ দেহ বন্ধন টুটিয়া ॥
মিনতি আমার ধরি দুটি কর,
ভুলো নাক' তারে সে চির তোমার,
স্মৃতির মন্দিরে, রেখো একধারে, আমার মূরতি আঁকিয়া ।
আজি গো বিদায় মণি রাঙা পায়, দেখে যাই আঁখি ভরিয়া,
যে দুটি নয়নে, আমি কায়মনে, দিয়াছিনু সব সঁপিয়া ;—
চির সুখে থাক হে চির সুন্দর,
লহ শুভাশুভ যা কিছু আমার,
তব পদতলে, প্রেম বেদী মূলে, রেখে গেনু মোর এ হিয়া ॥

(২০৩)

হৃদি আজি মোর, বড় ব্যথাতুর, 'আকুলি ব্যাকুলি' প্রাণ ।
কোথা দয়াময় ! এস এ সময়—দরশন করো দান ॥
নিঠুর এ ধরা ওগো ধরাপতি,
বেদনায় ভরা নিদারুণ অতি,
ঝরে শুধু হেথা ধারা দিবারাতি, দুনয়নে অবিরাম ।
কর পদ্ম তব দাও গো বুলায়ে,
হৃদি ক্ষতে মম শান্তি সুধা দিয়ে,
প্রেম নেত্র মোর নয়নে মিলায়ে, করাও অমৃত সিনান ॥

(২০৪)

এস প্রিয় বন্ধু কাল !
করি আবাহন, ওগো প্রাণধন, এস আজ এস গো দয়াল !!
লয়ে এস তব রক্ত কৃপাণ,
হৃদি পদ্ম কাটি কর খান্ খান্,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রুধিরোৎসব করো হে মহান, নৃত্য কর উত্তাল।
সাথে লয়ে এস কালী করালী
রুধিব পিয়াসী নারী মুণ্ডমালী
প্রলয় অনল চারিদিকে জ্বালি, দগ্ধ করো জঞ্জাল॥

(২০৫)

সারাটি জীবন শূন্য রহিল যে আমার কুটির খানি!
কোথা আছ মোর হৃদয় দেবতা কবে গো আসিবে তুমি!!
কবে হবে প্রিয় লগন উদয়,
কবে হবে দোঁহে দৃষ্টি বিনিময়,
কবে গো মিলিবে হৃদয়ে হৃদয়, ওগো অন্তরযামী!
বৃথা কি গো হবে এত অশ্রু ঢালা,
রবে কি গো পড়ে ভূমে বরণ ডালা,
শুখাইয়া কি গো যাবে মোর মালা বিনা পরাণ স্বামী!!

(২০৬)

আমার প্রিয়র দেশে!
নাইকো সেথা বিয়োগ ব্যথা, মরণ-জীবন পাশে!!
আলো পাছু নাই কো ছায়া,
নাইকো সেথা আসা যাওয়া,
বহেনা সেথা গরম হাওয়া, বসন্তের শেষে!
পূর্ণিমা আর অমানিশি,
দুই এ সেথা গেছে মিশি,
সে আকাশে পূর্ণশশী, চির মধুর হাসে!!

(২০৭)

মনের কোণে তোমার প্রিয় থাকতে যদি পাই!
ত্রিভূবনে প্রাণনাথ! আর কিছু না চাই!!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার কমল আঁখি,
আঁখিতে বারেক রাখি,
পরাণে অমিয় মাখি, বেদনা জুড়াই !
একটি কথা শুনতে শুধু,
আশা বুকে আছে বঁধূ,
ঢালিবে কবে সে মধু, কর্ণে শুধাই !!

(২০৮)

বুভুক্ষ মানস মম, পিয়াসী পরাণী !
কোথা হরি হে মুরারী ! কোথা প্রাণ স্বামী !!
কোথা হে অমিয় সিন্ধু,
চির জীবনের বন্ধু,
হৃদয় আকাশ—ইন্দু, নয়ণের মণি !
সকাতরে ডাকি সখা
কতকাল রাখিবে একা
মুছাও আঁখি দিয়ে দেখা, কৃপা ভিক্ষু আমি !

(২০৯)

দুখের সাগর মথিয়া আজিকে পেয়েছি অমিয় তোমারে !
ওগো নিরুপম ! প্রাণ প্রিয় মম ! পেয়েছি হৃদয় মাঝারে !!
খুঁজেছি যে আমি ধরি চিরকাল,
সারাটি ধরণী—ওগো ও দয়াল,
এতদিনে মোর ফিরিল কপাল, হারানিধু পেনুগো ফিরে !
প্রশান্ত আজিকে মন অশান্ত,
তৃপ্তির সাগরে ডুবিল সে ভ্রান্ত,
পরাণ ঘুমায়ে পড়িল গো কান্ত, তোমাতে হারানু আমারে !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২১০)

(আজি) আসবে রে তোর রাজা !
কুঁড়ে খানি ধুয়ে মুছে ভাল ক'রে সাজা !!
অশ্রু মুছে আঁচল দিয়ে,
মালাখানি রাখ গাঁথিয়ে,
জ্বেলে প্রদীপ ধূনো দিয়ে, শঙ্খ লয়ে বাজা।
কাঙাল যে তুই ভাবিস্-নি-তা,
দিবি ঘরে আছে রে যা,
একটি ফুলে গাঁথবি মালা,—কাজ কি ফুলের বোঝা !!

(২১১)

দূরের ঢাক বাজলো কানে ঘরের টানে মন বসে না !
নিয়ে ছাই কি হবে ভাই ! হারাই যদি আপন জনা ॥
কামনার নাগপাশে,
বাঁধিয়া পরাণ নাশে,
জনম মরণ বাসে, বারে বারে আনাগোনা।
জানে যে বাসিতে ভালো
তারে ভালবাসাই ভালো
হেথা শুধু আঁখিজলে, শুধু মরণ যাতনা।

(২১২)

রহিব তোমারি পথ চেয়ে !
ভুলে যাও যেও ওগো প্রাণ প্রিয়!
দিন যাবে তব স্মৃতি লয়ে !!
আমি তো রয়েছি জনম অবধি,
বঞ্চিত কৃপাতে ওগো প্রেমনিধি,
তোমা বিনা মোর এ অশ্রু বারিধি
পারে কেবা যাবে লইয়ে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুঞ্জরি গুঞ্জরি গাহে তব গান
ফুকারি ফুকারি কাঁদে এ পরাণ,
বাকি দিনগুলি হবে অবসান, মরণ মঙ্গল আরাধিয়ে॥

(২১৩)

(আজি) পেয়েছি তোমায় আঁখিজলে।
ভুলি সব আশা ! প্রাণের ভালবাসা, ঢেলেছি চরণ তলে।
কতনিশি দিন আশা নিরাশায় অতীতে গিয়াছে চলে,
পাবি, পাবিরে তুই পাবিরে একদিন; কাণে কাণে গেছে বলে,
(আজি) মিলন বাসরে বাণী নাহি সরে, আঁখি দুটি ভরে জলে,
আজি বিধি মোর; কামনা ফুরালো, মালাখানি দিল গলে ;
আজি কার স্মৃতি সদা জাগরুক্ থাকুক মরম তলে,
লোক লোকান্তরে, যুগ যুগান্তরে, যেওনা গো মোরে ভুলে॥

(২১৪)

আমার হৃদয়ে প্রিয় ! সুচির বসতি তব !
জীবন মরণে তুমি আমার হৃদি বল্লভ॥
শ্রীকরে সঁপেছি আমি,
আমার পরাণ স্বামী,
জানতো অন্তর যামী ! কি আর তোমারে কবো !
এ দুটি নয়ন শুধু
তোমারে চেয়েছি বঁধু
আছিল যা প্রেম মধু, সঁপেছি তোমারে সব॥

(২১৫)

(হৃদে) তোমারি মূরতি আঁকা !
মোর মণিপুরে প্রেম বেদীপরে' শ্যাম প্রাণ বঁধু বাঁকা॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মধুর মোহন চিকন কালো,
তোমারে কত যে বাসি গো ভালো,
আমার হৃদয় করিয়া আলো, আছ চিরদিন সখা !
নূপুর মুরলী কত ভালবাসি
পীতধরা চূড়া তব কাল শশী,
পাগল করেছে ও মোহন হাঁসি, ভালবাসি শিখি পাখা !
ও প্রেম নয়নে নয়ন রাখি,
ত্রিতাপ যাতনা ভুলিয়া থাকি,
তব প্রেম-নাম অমিয় মাখি, মরমে আছে গো লেখা !!

(২১৬)

(প্রিয় !) প্রেম পাগল আমি।
প্রেম মুখ চেয়ে প্রেম নাম লয়ে পথে পথে সদা ভ্রমি ॥
নাইক আমার আপন বাস,
নাইক জীবনে কিছুর আশ,
তব প্রেমে সব ত্যজেছে দাস, ধন-মান-জন-ভূমি।
ভুলাতে পারেনি ভূলের ধরা,
দিইনি জীবনে কোথাও ধরা,
তোমারে লইয়ে আছি চিত-চোরা, মাতোয়ারা দিবাযামী।
আমার হৃদয় আকাশ-ইন্দু,
হাঁস চিরদিন হে প্রেম সিন্ধু,
সখা সুহৃন্মিত তুমি প্রিয় বন্ধু, তুমি গো পরাণ স্বামী।

(২১৭)

(আমি) চোখ বুজিয়ে চলে যাবো জীবন পথে।
(আমার) হাত ধরে, অন্ধমত—লইয়ো সাথে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাল মন্দ মোর যত,
তুমি ভাবিও সতত,
সঁপিব শিশুর মত, পরাণ হাতে !
জীবন সংগ্রামে প্রিয়,
সতত অভয় দিও,
তুমি গো সারথী হোয়ো, আমার রথে ॥

(২১৮)

(আমার) চিন্তাতে মাথিয়া গেছ তুমি ।
(আমার) আত্মাতে তুমিময় আমি ॥
নয়নে কাজল সম
আছ তুমি প্রিয়তম,
করমে ধরমে মম, তুমি শুধু স্বামী ।
সঁপিনু তব চরণে
মোরে কায়-মন-প্রাণে,
অন্তরে থাক গোপনে, ওগো অন্তর্যামী ॥

(২১৯)

কোথা হে দয়িত ! এ চাতক চিত যাচিছে করুণা বারি ।
তোমার বিহনে ভুবন আঁধার কেমনে পরাণ ধরি ॥
মরু এ জীবনে ত্রিতাপ দহনে জ্বলিছে হৃদয় মোরি,
অমিয় সিঞ্চনে প্রীতি আকিঞ্চনে শীতল করহে হরি !
বিরহ বেদনা আরতো সহেনা একাটি থাকিতে নারি,
নয়নের পথে পথিক করো হে আমি যে প্রেম ভিখারী ॥

(২২০)

এস দয়াল এস, লহ সাথে মোরে, কোন সাধ নাই জীবনে ।
রিক্ত দেহ গেহ রিক্ত প্রীতি স্নেহ রিক্ত আজি সবই ভুবনে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গাঢ় অন্ধকার নয়নে আমার,
আকাশ ধরণী আঁধারই আঁধার,
কাণে আজি শুনি শুধু হাহাকার, দূরে কি নিকটে কে জানে।
মনে হয় যেন দুলিছে ধরণী,
রবি শশী বুঝি খসি পড়ে ভূমি,
নভঃ আজি বুঝি ধরণীরে চুমি, মিলায়ে লইবে পরাণে॥

(২২১)

ভালবাসি তোমায়-ভালবাসি শুধু দিতে ভালবাসা আমার।
ভালবাসা কিনা জানিতে চাহিনা, কিবা প্রয়োজন তাহার॥
তুমি আছ হৃদে ওগো অন্তর্যামী,
তাহাতেই আমি আছি স্বর্গ ভূমি,
তোমারই তো ধ্যানে থাকি দিবাযামী, ভুলি এ ব্যথার সংসার।
যেথা ভালবাস থাকো তুমি সেথা,
তব স্মৃতিটুকু থাক শুধু হেথা,
তব গান গাহি জুড়াইব ব্যথা, ব্যথিত আমার অন্তর॥

(২২২)

ধরার ভালবাসা রে তুই ভূলে যারে মন!
সে তো শুধু মিছে কথা—মাথা নাই ব্যথা যেমন!!
"আমি তোমার" মিষ্টি কথায়
দু ফোঁটা অশ্রুর মায়ায়,
ভুলিস্ নারে ওরে ভোলা, পর কি হয় কভু আপন!
আপন যে তোর অন্তরেতে,
মিলে আছে তোরই সাথে
খুঁজে তারে পাস্ যদি তুই, বুঝবি বাসে সে কেমন!!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২২৮)

তব অনিচ্ছায়, কিছু নাহি চায় এ পরাণ মম
কহি তা তোমারে !
যদি কেহ মোর থাকে তব ঠাঁই
দিও করে করে বাঁধিয়া তাহারে ॥
ছিঁড়িবে না যে গো মোর প্রেমহার,
তারেই তুমি মোরে দিও উপহার,
হবে চির সাথী সাথে যে আমার,
জীবনে মরণে নিখিল সংসারে।
আমাতেই যে গো হবে আত্মহারা,
স্নেহ করে যে মোর মুছাইবে ধারা,
তাহাতেই হবো আমি সর্ব্বহারা,
সঁপিব আমারে তারি ছুটি করে।

(২২৯)

ব্যথা মোর সেই তো প্রিয় ! আমার ব্যথা বোঝো না।
আমার হৃদি হৃদি দিয়ে কভু তো দেখিলে না।
ব্যথার হাসি আমার মুখে,
ভেবোনা তা ফুটে সুখে,
হাসি মাখা ছুটি চোখে লুকিয়ে রাখি যাতনা
বারেক ভাবিত যদি
ভাবনা মোর তব হৃদি,
কেন ঝরে নিরবধি, বুঝিত তা চেতনা ॥

(২৩০)

কতদিন ধরে আছি পথ চেয়ে, আসি আসি ক'রে এলে না !
নিতি নিতি ফুল হয়ে যায় বাসি,
শ্রীচরণ পূজা হ'লো না !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কত প্রীতি দিয়ে গাথা মোর মালা,
কত আশা লয়ে এ প্রদীপ জ্বালা,
কত যে বেদনা আছে বুকে ঢালা! তা কি প্রিয়!
তুমি বোঝো না!
নিভে এলো প্রিয়! প্রদীপ এবার,
কি আশাতে প্রাণ রহিবে গো আর,
শ্মশান সমান এদেহে আমার, কেমন রহি তা বলো না।

(২৩১)

পুরিল আমার সব আশা।
তুমি সত্য, আমি সত্য, সত্য তোমার ভালবাসা॥
হইল শীতল দগ্ধ-মরু,
মিলিল আজিকে কল্পতরু,
পীরিতি শিখালে মোর প্রেম-গুরু, ঘুচিল আমার কাঁদা-হাঁসা
তিরপিত চিত চকোর আমার,
পিয়ে প্রেম সুধা সুধাংশু তোমার,
মুছিল আমার ধারা গো ব্যথার ঘুচিল এখানে যাওয়া আসা॥

(২৩২)

পূজারী আমারি অঁাখি, ধ্যান মগন থাকি,
ভাসিছে পুলকে প্রিয় মুখ নিরখি।
বসিয়া বিজনে তাঁরে একান্তে পাইয়া,
হেরিছে নয়ন মুদি আশা মিটাইয়া
কমল নয়নে অঁাখি রাখি।
সপ্রেম নয়নে বঁধু মধুর হাসিয়া,
দিলে যে আমার হৃদি অমিয়ে ভরিয়া,
জুড়াল যাতনা, কৃপা মাখি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৩৩)

এসেছে কি প্রিয়! দুয়ারে!
পাদ্য অর্ঘ লয়ে, মালাখানি দিয়ে, চল পূজিগিয়ে তাঁহারে !!
চল-চল ত্বরা বিলম্ব সহেনা,
বহুদূর হ'তে এলো যে আপনা,
রুদ্ধ কেন দ্বার—খোলোনা খোলোনা, বঁধূয়া যাবে যে গো ফিরে!
বাজারে শঙ্খ উদয় লগন,
মিলিবে আজিকে নয়নে নয়ন,
চিরবাঞ্ছিত করে সমর্পণ, করিব আজিকে আমারে !!

(২৩৪)

যেদিন হতে পথ করেছি গো গেহ কেহ নাহি মোর বুঝেছি।
আকাশ সমান, করেছি এ মন, হৃদয় শ্মশান করেছি ॥
যেদিন হতে তুমি এলে আঁখি পথে,
মিশাইলে হাত অভাগার হাতে,
যেদিন হতে তুমি নিলে মোরে সাথে, ছায়া সম সাথে রয়েছি।
যেদিন হতে মোর ভেঙ্গেছে কুটির, নিকটেরে দূর করেছি,
সেদিন হতে দূর হয়েছে নিকট অন্তরে তোমারে পেয়েছি।
সুখ বা সম্পদ দিয়েছ যা তুমি,
তব স্নেহদান শিরে বহি আমি,
তব আশীর্ব্বাদ জেনে অন্তর্যামী! বুক পেতে ব্যথা লয়েছি ॥

(২৩৫)

এপারে বসিয়া আমি রয়েছি ও পার চাহি।
কখন গো আসিবে তুমি তোমার তরণী বাহি ॥
রবি লুকাল মুখ,
নিভিল দিবা আলোক,
আঁধার আসে নামিয়া, নিরাশা পূরবী গাহি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তটিনী মিলন আশে,
ছুটে প্রিয়তম পাশে,
আমি এ বিরহ বাসে কেবল যাতনা সহি।
সবেরি আছে অবধি,
মোর এ দুখ জলধি,
পর পারে গো লইতে, তোমা বিনা কেহ নাহি॥

(২৩৬)

যাবে কি গো দিন আমার কাঁদিয়া কাঁদিয়া।
রবে কি চাতকী আঁখি পথ নিরখিয়া॥
জীবনে হবে না গো কি,
মিলন আঁখিতে আঁখি,
উড়িবে কি প্রাণ পাখি, প্রাণ প্রিয়ে না হেরিয়া।
অতৃপ্ত কামনা লয়ে,
যাইব কি গো চলিয়ে,
দিবে কি নিদয় হয়ে, এ দীনে পায়ে ঠেলিয়া॥

(২৩৭)

আমার মিনতি প্রিয়! কহি গো তোমায়!
যত পারো দিও দুখ ঠেলিও না পায়॥
কুজন কুমতি সাথী,
কুপথেতে মতি গতি,
তোমাতে একান্ত রতি, দিও গো আমায়।
তব হৃদি ফুল বনে,
ফুটে রবো একটি কোণে,
ঝরিব গো শ্রীচরণে, অন্তিম সময়॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৩৮)

ও পার হতে ডাক্ এসেছে সাজ্ রে মন সাজ।
তাড়াতাড়ি সেরে নে রে ঘরের যত কাজ॥
ঐ সুদূরে যায় রে দেখা,
পাল তোলা তরণী রেখা,
দেরি কেন করিস বোকা, লাগে নাকি লাজ?
গোধূলি লগন বেলা,
লয়ে আয় বরণ ডালা,
মরণ গলে পরাণ মালা, পরিয়ে দিব আজ॥

(২৩৯)

চিরদিন তরে দিনু গো বিদায় অন্তর হতে অবনী।
ধূলা সাথে মন না মিলাবো আর প্রাণ হীন এ ধরণী॥
পাষাণ সে তো পাষাণ, নাহি তাতে দয়া,
আতপেতে কভু থাকে কি গো ছায়া,
হিয়া সাথে হেথা মিলে না তো হিয়া, প্রাণে নাহি মিলে পরাণী।
কল্পনাতে গড়া এ সংসারাবাস,
স্বপনের দেশে স্বপন বিলাস,
স্বার্থ লাগি শুধু আছে কোলাকুলি, নতুবা হেথা কেবা কার।
নিত্য তৃপ্ত আত্মা অসীম মহান,
আর যাহা কিছু সবই নাশমান,
যাহা হয় তাহা হয় অবসান, চিরন্তন শুধু অজ যিনি॥

(২৪০)

যদি মনে হয়, কখনো আমায়, আঁখি জলে কোরো তর্পণ।
দিতে যদি কিছু, চাহ গো আমায়, মনে মনে কোরো অর্পণ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেহের গন্ধ কণ্ঠ আমার,
রাখি গেনু প্রিয়! হাওয়াতে ধরার,
দেখিবারে প্রাণ চাহে গো তোমার, দেখো তব হৃদি দর্পণ।
হিয়া যদি চায় পরশ হিয়ার,
মণি মন্দিরে পশিও তোমার,
পাবে দরশন তব দেবতার, মিলে আছে প্রাণে পরাণ॥

(২৪১)

আজও সেই ধারা নয়নে।
তোমারে স্মরিয়া, যামিনী জাগিয়া কাঁদিতাম কত বিজনে॥
বাল্য লীলা মাঝে তোমার মূরতি,
করিতাম খেলা গড়ি নিতি নিতি,
জানিতাম না তো কেমন পীরিতি, বাসিতাম মনে পরাণে।
আজি গো বঁধুয়া এ জীবন সাঁজে,
একটি বেদনা হৃদে বড় বাজে,
হারায়ে ফেলেছি বহু জনা মাঝে, অজানা সে প্রেম রতনে॥

(২৪২)

জাগ! জাগ! জাগ! জাগ বঁধুয়া!
আসি বলে গেল নিশি বিদায় লইয়া॥
লুটালো শেফালি ধূলায় বঁধুর বিরহে,
গগনে তারকাগণ ম্লান মুখে চাহে,
বিদায় লইল শশী লুকালো ধরণীর হাঁসি,
কাঁদিছে গুমরি কত বিরহীর হিয়া।
ঘুম ভরা আঁখি মেলি চাহিল অরুণ,
বিহঙ্গম ফুল বনে গাহে বিভু গুণ,
চাহ প্রেম নেত্র মেলি—হাঁসিতে অমিয় ঢালি।
পরাণ পাপিয়া ডাকে পিয়া! পিয়া! পিয়া॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৪৩)

জানি তো পারিবে না জুড়াতে বুকের ব্যথা।
তাইতো আমি লুকিয়ে রাখি মনেতে মনের কথা॥
চপলার ঐ চমক আলো
তার চেয়ে মোর কালোই ভালো
(কেন) জোনাকির প্রদীপ জ্বালো, আশা আলো নাই যথা॥
দুঃখের দেশে মোর বসতি,
দুঃখই মোর চির সাথি,
সুখের স্বরগ কভু হবে না জানি হেথা॥

(২৪৪)

কত পুলক্, প্রেম অশ্রু কত হাঁসি কত গান।
অফুরন্ত বসন্ত মোর জীবনে করেছ দান॥
দীন দুখী বেশে দ্বারে,
এসেছিনু সকাতরে,
পূর্ণ তৃপ্তি দিলে মোরে, সব তৃষ্ণা অবসান।
অপার শান্তি পাথারে,
ডুবিনু গো চিরতরে,
তরঙ্গ মিলি সাগরে, হয়ে গেল একতান॥

(২৪৫)

মরমের ব্যথা কে জানিবে আর, তুমি জান আমি জানি।
অন্তরে মোর আছ অন্তর্যামী! সে যে গো মরম বাণী॥
মোর হাতে হাত মিলায়েছ তুমি,
প্রাণে মিলায়েছ প্রাণ—প্রাণ-স্বামী,
অনন্ত জীবনে তুমি আর আমি, রয়েছি মরণ জিনি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মপ্রেমে আজি মন মাতোয়ারা,
বাঁধন ছেঁড়া প্রাণ ভাঙ্গলো পাষাণ কারা,
চির রুদ্ধ হলো ব্যথা অশ্রুধারা, চির তৃপ্ত মোর পরাণী ॥

(২৪৬)

কবে যেন কোথায় হেরেছি তোমায় মনে আসে, আসে, আসে না।
তোমারি কণ্ঠ কেন পরাণে তুলে শিহরণ জানি না ॥
চির পরিচিত অচেনা আমার,
খোলো আবরণ ঢাকিও না আর,
প্রাণ মোর বলে আমি যে তোমার, তুমি মোর চির আপনা।
নাচিছে গো হিয়া প্রেমে মাতিয়া,
ছায়া বুঝি আজি পাইল কায়া,
ওগো প্রাণপ্রিয় ! সম্বরো মায়া, কোরো নাক' আর ছলনা ॥

(২৪৭)

যতদিন পারো থাকো ভুলে সখা ! আমি যেন ভুলে না থাকি !
রুদ্ধ দুয়ার তলে গো তোমার পড়ে থাক মোর প্রাণ পাখী ॥
অনন্ত শয়নে সারাটি জীবন,
থাক ঘুমাইয়া মোর প্রাণধন,
মরম বেদনা করিয়া গোপন, জেগে থাক্ মোর দুটি আঁখি।
কি চাহিব আমি আছে কি চাহিতে,
কিবা পার প্রিয় ! বল মোরে দিতে,
প্রাণ শুধু চায় তোমাতে মিলিতে, লবে কবে গো মোরে ডাকি ॥

(২৪৮)

আমি তো ডাকিনি তোমায়, তুমি ডেকেছিলে মোরে।
আমি তো যাইনিক' কভু, তুমি এসেছিলে দ্বারে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঘুমিয়ে ছিনু মায়া ঘোরে,
ভুলে তোমায় এ সংসারে,
তুমি জাগালে মোরে, বাজিয়ে বীণা প্রাণের তারে।
মিনতি নতি চরণে,
সুমতি রতি বিহীনে,
ক্ষমা করো নিজগুণে, ভুলি ক্রটি দয়া করে ॥

(২৪৯)

দুটি নয়ন ভিখারী,
বড় আশা করে এসেছে দুয়ারে,—ভিক্ষা দাও দয়াল হরি !
শ্রান্ত বড় কান্ত ! ভ্রমি দীর্ঘ পথ,
জীর্ণ শীর্ণ আজি মোর দেহ রথ,
পুরাও এবে প্রিয় ! মোর মনোরথ, তৃষ্ণা মিটাও তৃষ্ণাহারী !
খোলো খোলো দ্বার হে মনোমোহন,
মুঞ্চ মনোমোহ এ ভব বন্ধন,
ভুবন ভুলান ও প্রেম-নয়ন, প্রাণভরে আজি হেরি !!

(২৫০)

প্রাণ কেন তোমায় চায় !
তোমার বিরহ কেন পরাণ কাঁদায় !!
লোক-সঙ্গ বিষ সম,
কেন থাকি প্রিয়তম,
তব স্মৃতি সঙ্গসুখে বসি নিরালয় !
শিশির মাখা ঝরা ফুলে কিসের বেদনা,
বাজে কেন করুণ সুরে হৃদয় বীণা,
পিক ডাকে আঁখি কেন,
অশ্রুসিক্ত হয় হেন,
শিহরণ সমীরণ কেন তুলে গায় !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৫১)

শুধু একটী কণা।
ছুটে আসে লয়ে বুকে মিলন কামনা॥
একটি তারে শুধু তোমায় ঘিরে,
অহরহঃ যে বিরহ শুধু ঝঙ্কারে,
তব নামে সাধা শুধু জীবন বীণা।
অনন্ত তুমি সান্ত গো আমি,
পদ প্রান্তে দিও অন্তে বিশ্রাম স্বামী,
তিরপিত কোরো চিত দিয়ে করুণা॥

(২৫২)

থেমে গেছে সব ভাষা কোলাহল, মিলন বিরহ গান।
ব্যবধানত্রয় হইল বিলয় মিলে গেল প্রাণে প্রাণ॥
আকুলি ব্যাকুলি যত জ্বালা মালি
শান্তি পাথারে ডুবিল সকলি,
মায়া ডোর কাটি', দিয়ে পাল তুলি অশান্ত মহাপ্রয়াণ।
ফুল বনে মোর ফুটলো এবার একটী গোলাপ সার,
ভ্রমর বঁধু মধুর লাগি গুঞ্জন তুলে তার;
নহি রিক্ত আজি নহি নিরাশ্রয়,
পরিপূর্ণে আজি পূর্ণ এ হৃদয়,
বুকে তুলে তুমি লয়েছ আমায়, ঘুচে গেল অভিমান॥

(২৫৩)

মুঞ্চ ভব বন্ধন মুরারি!
শমন শাসন, জঠর শয়ন নাশহ ভব ভয়হারি!
জনম মরণ পথি সুদীর্ঘ ভ্রমণ,
কাতর অধীর চিত পিয়াস দহন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্রিতাপ-আতপ-তাপ-তাপিত পরাণ, যাচয় কৃপাছায়া হরি !
নিলাজ কামনাতুর কুকুর সমান,
মানস হরষ সদা বিষয় রমণ,
প্রণয় অমিয় তব বিতর রতন, দারিদ্র্য মোচন করো মোরি !!

(২৫৪)

আজি হতে আমি হলাম তোমার।
হোয়ো চির সাথী হে ব্যথার ব্যথী
ভুলোনাক যেন কভু মোরে আর ॥
নয়নের জল মুছাইলে যদি,
নয়নের তারা হোয়ো নিরবধি,
আলো করে থাক তোমার ও হৃদি
চিরতরে প্রিয়, মোর প্রেমহার !
আকাশে তুলিয়া লয়ে মন হিয়া
ছুদিনেই যেন যেওনা ভুলিয়া,
হাঁসিমাখা মুখ বিষাদে ভরিয়া
দিও নাক' হৃদে বিরহের ভার ॥

(২৫৫)

বেজে বেজে বাঁশী গেছে থেমে, গাহি থেমে গেছে গান !
মন্দির মোর শূন্য আজিও এলে নাত' প্রাণারাম !!
পথ চাহি আছে পিয়াসী পরাণী,
কাতর নয়নে লয়ে মালাখানি,
বিরহ বিধুর জীবন যামিনী, কবে হবে অবসান !
হয়নি কি প্রিয় ! আজিও লগন
সাশ্রু আঁখি—মন বিষাদ মগন
কত কাল রবো লয়ে এ ভগন, হৃদি ওগো মহীয়ান !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৫৬)

আমারে একাকী রাখি ভুলিয়া থেকো না যেন !
প্রতীক্ষা করে পরাণি প্রতিক্ষণ আগমন ॥
অস্তাচলে দিনমণি
লুকায় প্রিয় ! যখনি,
আশার প্রদীপ জ্বালি করি তব আবাহন ।
দুয়ারে ধ্বনি নূপুর
শুনিব কবে তোমার,
হবে মিলন মধুর, চারি চোখে প্রাণধন !!

(২৫৭)

যদি না মুছাবে ধারা, ভাঙ্গিয়া পাষাণ কারা !
কেঁদে নিরবধি, দিন যায় যদি, হয়ে প্রেমনিধি হারা ॥
ব্যথিত রোদন, যদি গো শ্রবণ না শুনে বধির পারা,
ফুকারি ফুকারি, ওগো দয়াল হরি ! হবে কি চাতক সারা !!
খুলো আবরণ, হে মনোমোহন ! ক'রোনা চরণ ছাড়া !
অন্ধ নয়ন করুক দরশন—আপন নয়ন তারা ॥

(২৫৮)

পাষাণি ! তোর পাষাণ বুকে তিলেক কি নাই মমতা !
আপন তনয়ে তুমি ব্যথা, 'পরে দাও মা ব্যথা
চোখের জলে ভিজিয়ে মাটি,
গেল আমার জনমটি,
কানের মাথা খেয়ে বুঝি আমার দুখে কওনা কথা !
মা কথা কত মধুর,
সন্তানে শান্তি পাথার,
ঘেন্না ধরিয়ে দিলি মা, তুই 'মা' নামে জগত মাতা !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৫৯)

কে যেন ঐ আকুল তানে বাজায় প্রাণে মোহন বাঁশি ।
কান্না ভরা ধরার মাঝে ফুটায় ত্রিদিবের হাঁসি ॥
ব্যথা কাতর জীবন পথে,
কে আসে ঐ সোনার রথে,
অমল কমল দুটী হাতে, ছড়ায় প্রেমের কুসুম রাশি ।
শোক মোহ দুঃখ হরা,
মুক্তা ঝরা অশ্রু ধারা,
উৎস ছুটে পাগল পারা, করি আমার মন উদাসী ॥

(২৬০)

ভেবেছিনু মনে পশিয়া গহনে
বন পাখী সনে মিলিয়া
একাকী ভ্রমিব হাঁসিব কাঁদিব
তব প্রেম নাম গাহিয়া !
সে বন মন্দিরে হে মনোমোহন !
শাখী সম হবো ধ্যান মগন,
যাবে অজ্ঞানতা সৃষ্ট ব্যবধান
'আমি তুমি' ভ্রম ঘুচিয়া
মন লয়ে হবে বিলয় সংসার
জ্ঞান জ্ঞেয় জ্ঞাতা না রহিবে আর
দুঃখ সুখ পারে আনন্দ অপার
চিদানন্দময় হইয়া ॥

(২৬১)

কি সৃজন করেছ হরি ! আঃ মরি ।
সরল কথায় কসাইখানা—দুর্ব্বলের গলায় ছুরি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওগো প্রেমের অবতার !
তোমায় বুঝা ভার,
সর্ব্বভুক কাল তুমি
গোলোকে বংশীধারী।
আগু পাছু দশদিকে,
নমস্কার তোমাকে,
গোলোকের ভালবাসা
ভূলোকে ছড়াছড়ি॥

(২৬২)

ওলো সখি ! শুনবি আয় ভাই মজা হয়েছে !
কদম তলায় কালা চাঁদে ফাঁদে ফেলেছে !!
রাই বাঘিনী আটা কাটি,
ধরতে পাখী পরিপাটি,
চোখ কপালে দাঁত কপাটি, লাগিয়ে দিয়েছে ; (শ্যামের)
নাকে খৎ আর কান্না কাটি,
পায়ে ধরা কান্ মলাটি,
দাস খৎ আর নজর বন্দি, লিখিয়ে ছেড়েছে !!

(২৬৩)

কত মোরে ভালো বাসো !
আমিতো পারি না যেতে তুমি ছুটে ছুটে আসো !!
বিষয় গরল পানে,
জ্বলে মরি যবে প্রাণে,
বুলায়ে কমল কর মোর বুকে ব্যথা নাশো !
মোহ মদিরা মোরে,
হত চেতন যবে করে,
আমার হৃদয়ে এসে চাঁদের হাঁসি তুমি হাঁসো !!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৬৪)

আমার ছোট খেলা ঘরে ছোট হয়ে এস বঁধু।
ছোট আমি পুজবো তোমায় ছোট উপচারে শুধু॥
হে অনাদি হে অনন্ত,
আমি যে গো সাদি সান্ত,
আবাহন দক্ষিণান্ত
কিছু যে জানি না বিধু।
পত্র পুষ্প ফল তোয়,
যাকিছু আমার দেয়,
ছোট হাত ভরি লহ,
ছোট হৃদি ভরা মধু॥

(২৬৫)

এই কি পীরিতি রীতি দয়াময় !
(আমায়) করে ব্যথাতুর রাখ' দূরে দূর
এই কি বঁধুর উচিত হয় !
কতকাল আর এ কারা বন্ধনে,
রাখিবে গো বাঁধি বধিতে পরাণে,
কতকাল আর বিরহ দহনে
দহিবে গো মন, প্রেমময় !
খুলো আবরণ ওগো চিদ্ ঘন,
হেরি প্রাণ ভরি কমল নয়ন,
ও মুখচন্দ্রমা সুধা চকোর মন,
পিয়ে জুড়াইবে গো হৃদয়॥

(২৬৬)

(আমার ফুল বনে)
হৃদয় ফুল বনে ফুট্‌বে কবে
প্রেম বকুল ফুল !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আসবে কবে শ্যাম ভ্রমরা
হইয়ে আকুল ॥
মনোহরা গন্ধে ভরা,
ফুল বনে মোর চিত চোরা,
তুল্‌বে কবে মাতোয়ারা,
গুঞ্জন রাতুল।
পড়্‌বো লুটি হরিপদে,
তুচ্ছকরি শ্রী সম্পদে,
বকুল মালা কালা চাঁদে,
পরাবে বাতুল ॥

(২৬৭)

কোয়েলা ডাকিল আজি কুঞ্জে।
মধুপ আইল ছুটি পুঞ্জে ॥
বহিল মলয় বায়,
দোয়েলা পুলকে গায়,
লতা শাখী পশু পাখী,
পুলক হিয়ায়—
ময়ুর ময়ুরী নাচে
স্থাবর জঙ্গম বাঁচে
ভ্রমর ভ্রমরী মধু গুঞ্জে।
ছড়ায়ে কুসুম রাশি,
হাসিয়া চাঁদের হাসি,
করিয়া উদাসী বাঁশী কে যেন বাজায়!
এলো কি বঁধুয়া মোর,
চপল সে চিত চোর,
মৃত এ এ জীবন তরু মুঞ্জে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৬৮)

ভুলে থেকো'না, ভুলে থাকি যদি—,
যেওনাক' ফিরে দ্বার রুদ্ধ দেখে।
ঘুমে অচেতন থাকি যদি প্রিয়,
জাগাইও মোরে মৃদু মধু ডেকে ॥
সাড়া যদি নাহি পাও গো ডাকিয়া,
স্নেহ কর শিরে দিও বুলাইয়া,
করে ধরে মোরে নিওগো তুলিয়া,
তোমার স্নেহের শীতল ও বুকে।
সহজ চঞ্চল চপল এ মন,
অনল ধরিতে ধায় অনুক্ষণ,
বারে বারে তারে করিও বারণ,
সস্নেহ নয়ন নয়নে রেখে ॥

(২৬৯)

ত্যজেছি সকলি প্রিয় ! ধরেছি ভিখারী বেশ !
কোথা আজ প্রেমময় ! কোথা মোর হৃদয়েশ ॥
কোথা শান্তি কোথা শান্তি,
কিসে ঘুচে মোহ ভ্রান্তি,
কোথা গেলে সব শ্রান্তি সব ব্যথা হবে শেষ।
নানা মুনির নানা মত,
চিনিতে পারি না পথ,
তুমি আসি ধরো হাত, চিনাও পথ নিখিলেশ !!

(২৭০)

(আমার) ভাঙ্গা বুকে পেতেছি গো তোমারি আসন।
দয়া করে রাখ যদি ও রাঙ্গা চরণ ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজা উপচার শুধু অশ্রুধার
তোমায় দিতে আমার প্রিয় ! নাইতো কিছু আর,
আর সবই তো গঙ্গাজলে গঙ্গার পূজন।
প্রীতির ডোরে বাঁধিতে মোরে,
পার যদি হবো তোমার সুচির তরে,
তেম্‌নি হবো তুমি আমায় গড়িবে যেমন ॥

(২৭১)

কমল করে মোহন বাঁশী হাঁসি মুখে তুমি বাজাবে।
আমার মুখে তোমার গান প্রাণ ভরি তুমি শুনিবে ॥
আমার কুটীরে নূপুর ধ্বনি,
বাজিবে রুণু নাচিলে তুমি,
হাঁসিবে আঁখি, মাতিবে প্রাণী, প্রাণদোলায় যবে দুলিবে।
আমার মরমে তোমার নাম,
নিশিদিন জপ হবে গো গান,
প্রেম পুলকিত হয়ে পরাণ, তোমার চরণে লুটাবে ॥

(২৭২)

রে চিতচোরা ! পড়েছ ধরা পলাবে কেমন ক'রে !
হৃদয়পুরে রাখিব তোরে বাঁধিয়া পীরিতি ডোরে !!
পশি সাগরে রতন আনি,
সাজাব তোরে নয়ন মণি,
জুড়ায়ে আঁখি, তাপিত প্রাণী, তৃষিত চিতচকোরে।
তারার মালা পরাব গলে,
চাঁদের টিপ দিব রে ভালে,
শতেক রতি চরণতলে, লুটাবে উজ্জ্বল ক'রে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৭৩)

আজু কেন নাচে এ হিয়া আমারি, পুলক কেন বা অঙ্গে।
কেন বা মাতিল বাতুল এ মন পাগল পরাণ সঙ্গে ॥
আজু বা গগনে প্রাণ মন লোভা,
বসিয়াছে কেন চাঁদের এ সভা,
কেন বা বাজিছে কোয়েলা বাঁশরী, ময়ূর নাচিছে রঙ্গে।
আজু কি আসিবে বঁধুয়া আমারি,
ভগন কুটির দুয়ারে শ্রীহরি,
আবাহন বুঝি এসব তাঁহারি, প্রেমধারা আঁখি সঙ্গে ॥

(২৭৪)

আমার শূন্য কুটির পূর্ণ করিয়া এস হে পূর্ণ শশী।
এ অমা জীবনে তোমার কিরণে হাঁস্থক্ পূর্ণমাসী ॥
পরাণে মলয় বায়,
বহুক আজিকে গাহুক পিক
ময়ূর নাচুক তায় ;
হৃদি নিধুবনে, ভকতি পুলিনে, বাজুক মিলন বাঁশী।
হৃদয়ে প্রেমের বাতি,
কামনা আঁধারে না হেরে আঁখি
জ্বালহে জগত জ্যোতি,
জোনাকী জোছনা, করুক মলিন, তোমার অমল হাঁসি ॥

(২৭৫)

যে যা জানে জানুক্, যে যা বুঝে বুঝুক, তুমি যেন ভুল বুঝোনা।
মোর আঁখি পাতে মরমের ছবি তাতেই যাবে যে জানা ॥
বঁধুহে ! তাপিত পরাণি আমার,
বঁধুহে ! তুমি যে শান্তির পাথার,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(আমার) আপন বলিতে, নিখিল জগতে, কেহ নাহি তোমা বিনা।
বঁধুহে! আমি যে একান্ত তোমার,
বঁধুহে! আমি কায়-মন-বাক্যে তোমার,
অধিক কি কবো, জানইত সব, বিনা মূলে তোমার কেনা॥

(২৭৬)

সারাটি জীবন তোমারি আশাতে রয়েছি বসিয়ে ওগো।
কুটিরে আমার পেতেছি আসন তোমারি লাগিয়ে যে গো॥
সচন্দন মালা বরণের ডালা,
প্রাণভরা প্রীতি প্রেম সুধা ঢালা,
এ শূন্য হৃদয়ে রয়েছে যে জ্বালা, আকুল পিয়াস দীপ গো।
হৃদে ধরি মোরে কবে বলো তুমি,
মুছাইবে লোর ওগো! প্রাণ স্বামী,
কবে গো কহিবে 'চির তোমার আমি', জুড়াইয়া সব ব্যথা গো॥

(২৭৭)

মরীচিকা জল, বিভ্রম সঙ্কুল, কল্পনাতে রচা মায়ার সংসার।
মোহের কাজল মুছিলে নির্ম্মল আঁখি, দেখে হেথা কেহ নহে কার॥
কোথা হতে আসা, কোথা চলে যাওয়া,
দুদিনের তরে কেন মুখ চাওয়া,
হাওয়া সাথে যবে মিশে যাবে হাওয়া, পড়ে রবে দেহ হয়ে শবাকার।
খেলা করো মন! খেলা করো ভাল,
মনে জেনে রেখো এ খেলা কেবল,
তুমি যে অসীম অনন্ত নির্ম্মল, চিদানন্দময় ব্রহ্ম সারাৎসার॥

(২৭৮)

তিরপিত আজি এ হিয়া,
মোর হিয়ায় তুমি, তব হিয়ায় আমি তুমি প্রাণ আমি কায়া॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাইবার যাহা পেয়েছি তা সব,
হৃদি ভরপুর—অতুল বিভব,
অনু ও মহান—মরত ও নভ,
মিলে গেল আলো ছায়া ।
নয়ন পেয়েছে নয়নের মণি,
হৃদয় পেয়েছে হৃদয়েতে যিনি,
ঘুচিয়াছে ভ্রম আমি আর তুমি,
ফুরাইল পথ চাওয়া ॥

(২৭৯)

তুমি তো শিখালে মোরে গান ।
হাঁসির বাঁশীতে তোমার তুলিয়া মোহন তান ॥
তুমি তো খুলিলে আঁখি মেলিয়া দেখি ভূবন,
স্থাবর জঙ্গম ভরি তুমি হাঁসিছ যেন,
তোমার প্রেম পরশে সবই যে হলো আপন,
মিলে গেল প্রাণে সব প্রাণ !
লৌহ সম এহৃদি পুরিত কাম কামনা,
পরশমণি পরশে আজি তা হইল সোনা,
মোর এ মনোমন্দিরে তোমার বেদী রচনা,
হয়েছে গো আজি মহীয়ান ॥

(২৮০)

এস হে বঁধুয়া কুটিরে আমার সাজাব এ হৃদি বরণডালা ।
বাণীর কাননে চয়ন করিয়া গেঁথেছি প্রীতির এ গীতিমালা ॥
সুমঙ্গল ঘট ত্যাগ গঙ্গানীরে,
ভরি রাখিয়াছি কুটির দুয়ারে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পেতেছি আসন মর্ম্মবেদী 'পরে, জ্ঞানের প্রদীপ হয়েছে জ্বালা।
অকামে পূজিতে পূজা উপচার,
জানিনাত' কিবা আছে গো আমার,
চরণ পূজিতে দিব অশ্রুধার, প্রাণভরা প্রীতি ভকতি ঢালা॥

(২৮১)

তুমি ভুলে গেলে কি।
প্রথম মিলন দিনের সে সুখ স্মৃতি॥
যে মন্ত্র শুনালে তুমি,
জপি মনে দিবাযামী,
তুমি আমার তোমার আমি, বীজমন্ত্রটি।
ধ্যাতা তো আছে মগন,
ধ্যেয়েতে গো অনুক্ষণ,
জাগ্রত হলো স্বপন, ধ্যানের মূরতি॥

(২৮২)

আকাশ পাতাল খুঁজে মরি।
আমার ঘরে রইছ গো নাথ! অন্ধ আঁখি তাই দেখতে নারি।
কে জানিত এত নিকট গোলক বৈকুণ্ঠপুরী,
গুরু যেদিন দেখিয়ে দিলেন হৃদয় মাঝে গোলকধারী।
ঘুচলো মনের ছুটোছুটি লুটি ছুটি পদে তাঁরি,
চিন্তা শূন্য হলো আত্মা চিন্তামণি চিন্তা করি॥

(২৮৩)

তোমার এ দীন ভৃত্য।
তোমার কার্য্য সাধিতে মাগো! আসিয়াছে আবার মর্ত্ত।
মরণেতে ভয় কিবা,
কতবার দিছি ছিঁড়িয়া চরণে এ হৃদি রক্তজবা,—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আবির খেলেছ মরণের দোলে করি তাণ্ডব নৃত্য।
রুধির পিয়াসী অসি,
নাচুক আবার হইয়া মত্ত, কলি কলুষ নাশি ;—
কামনা মলিন এ কলি আঁধারে হউক উদয় সত্য ॥

(২৮৪)

অনন্ত জীবনে যে গো বঁধু আমি একপ্রাণ।
বঁধুর জীবন বাঁশী আমার জীবনগান ॥
বঁধুর সে মুখশশী,
হৃদে মোর পূর্ণমাসী,
জীবনে বঁধুর হাসি, তুলেছে আনন্দবান।
জীবনে যে অফুরন্ত,
জাগিছে নব বসন্ত,
পরাণ কোয়েলা মত্ত, সপ্তমে তুলিছে তান ॥

(২৮৫)

তাপী জুড়াবে কোথায়।
স্বার্থপর ধরা এ যে স্বার্থ শুধু চায় ॥
করম বন্ধনে যদি,
বাঁধা জীব নিরবধি,
তরিতে ভব জলধি, কি আছে উপায়।
প্রেমের মহিমা তবে,
কথাতে শুধু কি রবে,
বঞ্চিত তাপী কি হবে, স্নেহ করুণায় ॥

(২৮৬)

এনেছি তোমার বলী, সে মহাপাতকী কলি।
যাহার পাপেতে উঠেছে তোমার
সমাধি আসন টলি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাটিয়া তাহারি মুণ্ড,
দিব গো আহুতি কাল হোমানলে
জ্বালিয়া এ ধরা কুণ্ড,
ঘুচাব তাহার তাণ্ডব আজি তাহার রুধির ঢালি।
কালকূট ভরা সর্প,
ভাঙ্গিয়া দন্ত করিব অন্ত
তাহার সে মহাদর্প ;—
স্বর্গ হইবে ভৌম নরক, অমঙ্গল যাবে চলি ॥

(২৮৭)

যতদিন দেহে রহিবে পরাণী ভুলিব না আমি তোমারে।
যতদিন মন রহিবে চেতন ডুবে রবো স্মৃতি সাগরে ॥
যত দিন ঐ গগনেতে শশী,
হাঁসিবে ও মুখ হৃদে চাঁদের হাঁসী,
পিবে চাঁদ সুধা প্রেমানন্দে ভাসি, এ দুটি নয়ন চকোর।
দূরে আছ প্রিয়! নাহি তাতে দ্বিধা,
দেশ কাল প্রেমে নহে তো গো বাধা,
দুটি হিয়া প্রেমে এক সূত্রে বাঁধা, এক সুরে সাধা সে তার ॥

(২৮৮)

দিওনা দিওনা বেদনা মনে দিওনাক' প্রাণে যাতনা আর।
জুড়াতে না পারো হেনো না বজর এ ভাঙ্গা বুকে গো করুণাধার!
ঠেলোনাক' পায় করিয়া হেলা,
ভুলেছিনু বলে লইয়া খেলা,
বৃথা কাজে মোর গিয়াছে বেলা, ঘিরেছে জীবন ঘন আঁধার ;
শুনিয়াছি তুমি দয়ার সাগর,
শত অপরাধে করোনাক' পর,
মাগি শ্রীচরণে শুধু এই বর, মিলাও পরাণ প্রাণে তোমার।

৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৮৯)

কতদিন পরে হেরিনু তোমারে এখনো মেটেনি আশা ।
আকুল আবেগে ঝরে দুনয়ন বয়ানে না সরে ভাষা ॥
কত সাধ মোর এ ক্ষুদ্র হিয়ায়,
কত আকিঞ্চন কি কবো তোমায়,
ধরা প্রাণ প্রিয়! হেরি তুমি ময়, পূর্ণ প্রীতি ভালবাসা ।
শোক তাপ পারে তুমি শান্তিধাম,
প্রেমময় ! তব প্রেম মাখা নাম,
জপি মনে মনে হয়ে আপ্তকাম, আনন্দ সাগরে ভাসা ॥

(২৯০)

শুনাবোনা মোর দুখের কাহিনী চাহিবনা কিছু দয়ার দান ।
দূর হতে শুধু হেরিয়া তোমারে বিদায় লইব করি প্রণাম ॥
যদি দয়া করে দাও পদধূলি,
পূর্ণ করি লবো তাতেই মোর ঝুলি,
বড়ই কৃপা হবে যদি মুখ তুলি, ওদুটি নয়নে হেরো বয়ান ।
তার বেশী কিছু নাহি তো গো আশা,
পরিতৃপ্ত হিয়া দিয়ে ভালবাসা,
যদি দয়া করে দাও পদে বাসা, সে তব মহিমা ওগো মহান !

(২৯১)

সারাদিন খেয়া ঘাটে পথ চেয়ে বসে তোমারি ।
আস্‌বে কখন পালটি তুলে, হাল্‌টি ধরে হে মুরারি !
বেলা যত পড়ে ঢলে',
রবি লুকায় চক্রবালে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন যে আমার ততই দুলে, আশা নিরাশাতে ভরি।
দূর হতে বাঁশীর সুরে,
ডাক্‌বে ওগো কখন মোরে,
কখন আমার প্রাণের তারে, তোমার গান বাজবে হরি॥

(২৯২)

তৈরী হয়ে বসে আছি।
ঘুচেছে মোর মুখ চাওয়া নেওয়া দেওয়া সব সেরেছি॥
এলেই তুমি যাবো চলে,
জীর্ণ এ কুটির ফেলে,
গল্‌বেনা প্রাণ চোখের জলে, অন্তরে যে সব ত্যজেছি।
পারের ঘাটে লাগবে তরী,
নাচবে শুধু হিয়া মোরি,
প্রাণ মন মোর হরি, চরণে যে সব সঁপেছি॥

(২৯৩)

কেন গো ডেকেছ আমায়—কেন ভালবাসো বলো।
আমার কপাল বঁধু! নহে তো তেমন ভালো॥
বনফুল ফোটে বনে কেহ না চাহে তাহারে,
ধুলা সাথে মিশে শেষে নীরবে ঝরিয়া পড়ে ;
ক্ষুদ্র ফুলের তুচ্ছ আশা কে বুঝে তার ভালবাসা
ক্ষণ তরে ছড়াতে আসে, সুবাস রূপের আলো।
এক ধারে আছি পড়ে সব সুখ হতে দূরে,
অবহেলা শত জ্বালা সহি গো নিতি অন্তরে,
কেহ না চাহে তো মুখ বুঝে নাতো দুখ সুখ,
নিরাশ আঁধার ঘরে কেন আশা দীপ জ্বালো॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৯৪)

স্বাগত আহ্বানে লহনা তোমার অতিথি আগত দুয়ারে।
ব্যথা ভরা তার আঁখি তৃষাতুর—কত যে চাহে গো তোমারে॥
কত পথ চলি লয়ে আশাঝুলি,
জপি মনে মনে তব নামাবলী,
লহনা ডাকিয়া রুদ্ধদ্বার খুলি, 'এস প্রিয়' ! বলি—সাদরে।
এ যে সে অতিথি—চাঁদ চাওয়া মতি,
কড়ার ভিখারী নহে প্রাণপতি,
কৃপা নেত্র মেলি চাহ তার প্রতি, স্নেহ প্রীতিভরা অন্তরে॥

(২৯৫)

ভাল না লাগে—শুনো না।
এ নহে তো সে বাসর গীতি পীরিতি মধুর রচনা॥
জ্যোছনা হাঁসি ফুটেনা গানে,
পুলক নাহি প্রেমিক প্রাণে,
আকুল প্রাণ সে কল তানে, বহে যে নয়ন ঝরণা॥
ব্যথা সাগর মথি রতন,
এনেছি তুলি মোর এ গান,
শোভিবে কণ্ঠ, ব্যথিত জন, পাবে যে কত সান্ত্বনা॥

(২৯৬)

যতই আঘাত দাওনা আমায় ততই পায়ে লুট্‌বো।
হৃদয় কমল ছিঁড়ি তোমার চরণ কমল পূজ্‌বো॥
দেখ্‌বো কেমন রইতে পারো—
কত তুমি হও নিঠুর ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গলে কিনা নয়ন জলে পাষাণ হিয়া তোমার ;
মর্‌বে যে তার কিসের ভয়—
বল ওগো প্রেমময় ;
জীবন দিয়ে ও দয়াময় ! তোমার দয়া বুঝ্‌বো ॥

(২৯৭)

ফুলে ফুলে চরণ ফেলে কে বেড়ায় মোর ফুল বাগানে।
প্রাণের দোলায় দুলে কে গো আমার হৃদি কুঞ্জবনে॥
কে গেহে যায়—কি গান ঐ,
নাচে হিয়া তাথৈ তাথৈ।
বাজে বীণা মাভৈঃ মাভৈঃ শিহরণ তুলি প্রাণে।
মলয় সম কার পরশ,
করে প্রাণ মোর অবশ,
ব্যথা সিন্ধু পরপারে, কে লয়ে যায় মোরে টেনে ॥

(২৯৮)

যাও না চলে তাতে কি।
আমিতো চলেছি বঁধূ ! জীবন পথে একাকী॥
পায়ের নীচে নাইক মাটী,
নয়ন জলে সাঁতার কাটি,
দারুণ তৃষায় হিয়া ফাটি, মরুক নাক' চাতকী।
দুঃখ আমার চির সাথী,
ভ্রমি তো কণ্টক পথি,
ভগ্ন রথে নাই সারথী, পথ চলার তো নাই বাকি॥

(২৯৯)

কোন দিন কিছু চাইনি প্রিয়, শুধুই তোমায় ভালবাসি।
চেয়েছিল প্রাণ দেখ্‌তে শুধু ও চাঁদ মুখের মোহন হাঁসি॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নেওয়াতে কেবল দুখ,
দেওয়াতে পরম সুখ,
সব দিয়ে তাই রিক্ত আজি, পরাণে মোর পূর্ণমাসী।
চরণ পূজার অর্ঘ তোমার,
করেছি গো মনটি আমার,
প্রাণ লুটে তোমার দ্বার, হৃদয় আমাব সোনার কাশী॥

(৩০০)

যত ব্যথা দাওনা আমায় সবই তোমার আশীর্ব্বাদ।
বুক্ পেতে সব লবো নাথ! করবো নাতো প্রতিবাদ॥
হাঁসি মাখা এ অধরে,
দুখের বোঝা বইবো শিরে,
জানাবোনা আঁখি নীরে, পড়ে যদি সাধে বাদ।
চরণে মন থাকুক্ বাঁধা,
বীণা তব নামে সাধা
আসুক্ নাক' শত বাধা, হর্ষ হবে সব বিষাদ॥

(৩০১)

তুমি হবো—আমি বঁধু!—এবার।
বুঝিবে তখন তুমি—ব্যথা আমার॥
ঘুচিবে সকল জ্বালা, করমের দোহাই,
'আমি আমার', হাহাকার রবেনা কোন বালাই;
ডুবে রবো আমি চির শান্তি পাথার।
খুঁজিতে হবেনা তোমায় দেশদেশান্তরে,
রবেনা হারাবার ভয় মরণের পারে;—
ফুরাইবে 'কায়া ছায়া'—আলো আঁধার॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩০২)

কুটিল কুচক্রী কপট লম্পট—ত্রিভঙ্গ !
জানি তোমায় ভাল করে'—বুঝি তোমার রঙ্গ ॥
তুলসী বনের বাঘ তুমি—মিছরীর ছুরি,
দিনে তুমি সাজ সাধু—রাতে করো চুরি,
মন্‌টি তোমার তেমনি কালো—যেমন তোমার অঙ্গ ।
বৃন্দাবনের গুপ্ত লীলা জানা আছে মহাশয়,
গীতা উপদেষ্টা আবার, চৌষট্টি হাজার রয়,
খুঁজিয়া না পাই ভাষা করিবারে ব্যঙ্গ ॥

(৩০৩)

তারে দেখেছি কোথায়—যেন দেখেছি কোথায় ।
কি জানি কোন দেশে—হেথা কি সেথায় ॥
এযে সে মধুর বাণী শুনেছিনু কোন্ দেশে,
বিস্মৃতি জড়িত স্মৃতি ছায়া ছায়া মনে আসে,
এযে প্রেম পরশ মায়া মোহ মদনাশে,
যেন কভু সে হৃদি ধরেছি হিয়ায় !
মরি কি মোহন হাঁসি সুধা রাশি সে অধরে,
কি যেন মদিরা ঢালি প্রাণ মাতোয়ারা করে,
ভুবন ভুলানো আঁখি যেন চিনি চিনি তারে,
আঁকা সেযে চির তরে ভরি এ হৃদয় !
ভেসে যাক্ আবরণ নয়নের পূতনীরে,
ঘুচে যাক্ ব্যবধান মিলুক নিকট দূরে,
নয়নে নয়ন মিলে ভুলি যাক্ ত্রিসংসারে,
দুলুক হৃদয় সুখে আনন্দ দোলায় ॥

(৩০৪)

(আমার) হৃদয়খানি আকাশমত শূন্য পারা !
নাই সীমা তার সে যে অপার আনন্দ লহরী ভরা ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাগর মত গভীর সে যে—পাহাড় মত উঁচু,
(সে যে) শূন্যে শূন্যে থাকে ভেসে—নামেনাতো নীচু,
(আবার) কোন সুদূরে বেড়ায় ঘুরে যায় নাক তায় ধরা !
আঁধার সেথা উজল হলো জ্ঞানের আলোক পেয়ে,
(যত) কাম কামনা শান্ত হলো প্রেমনদীতে নেয়ে,
(আবার) 'আমি আমার' দুকূল ভেঙ্গে ছুট্‌ছে শান্তি ধারা ॥

(৩০৫)

(আমি) দশের মাঝে তোমায় লয়ে রইবো গো তোমার ঘরে।
দশের সেবায় প্রাণ ঢেলে দে পূজব গো তোমারে ॥
দশের মাঝে পাঠায়েছ,
দশের সাথে বাসা দেছ,
আমি কেন দশকে ছাড়ি রইব একা এক ধারে।
দশের কাজে আমার কাজ,
দশের সাজে আমার সাজ,
দশের সুখে দশের দুখে ভুলব গো আমারে।
দশের মুখে তোমার গান,
শুনিয়া জুড়াব প্রাণ,
দশের সাথে সাথী হয়ে যাবো তোমার মন্দিরে ॥

(৩০৬)

আকুল নরকূল সবে।
দুখের পীড়নে জ্বর জ্বর প্রাণে আছাড়ি পিছাড়ি কাঁদে ॥
আঁধার লাগিয়ে আলো,
দুখ লাগি সুখ ভালো,
লাগে এত মানব হৃদয়ে ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রবল ঝটিকা সম,
বহে যদি সমীরণ,
মহীরুহ ভাঙ্গে নাকি তাহে !
মেঘের পাশে চাঁদের হাঁসি,
ক্ষরে সুধা রাশি রাশি,
কিন্তু যদি মেঘে ঢাকে চাঁদ,—
ঘিরি ঘোর অন্ধকার,
উঠে নাকি হাহাকার,
মর্ম্মভেদী দুখের নিনাদ !
দুখমেঘ কেটে যাবে,
পুনঃ শশী প্রকাশিবে,
কিন্তু যদি হয়ে যায় ভোর,—
জল চাহি কাঁদি কাঁদি,
চাতক মরিল যদি,
(বলো) কিবা ফল জল-দে-জল-দে !
কুসুম-কোরক সম,
কোমল যাদের প্রাণ,
দুখানলে কেমনে দহিবে ,—
শুখায়ে ঝরিয়া পড়ে,
কেবা তার খোঁজ করে,
ধূলা হয়ে ধূলাতে মিশাবে !!

(৩০৭)

ছিল ছোটপানা কুঁড়ে একখানা—সেদিনের ঝড়ে পড়িয়া গেল।
ছিল নাক' খুঁটি, ছিল না দেওয়াল, ঠেকো দেওয়া চাল
ভাঙ্গিয়া গেল ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যার ভাঙ্গা কপাল তার আরো ভাঙ্গে—
তাই সে দিনের ঝড়ে ভাঙ্গিয়া গেল।
ছিন্ন কন্থা গায়ে দাঁড়াইনু পথে,
ভিক্ষার ঝুলিটি নিনু করি সাথে,
(ছিল) ভাঙ্গা পারা বীণা তুলি নিনু হাতে,
সেগুলি যে আমার শেষ সম্বল !
সেগুলি কাঙ্গালের শেষ সম্বল !
কেহ নাহি আর বলিতে আমার,
যত্র সায়ং গৃহ সেই যে আমার,
ভিক্ষা মাগি সদা ফিরি দ্বারে দ্বার,
পিয়াস মিটাতে নদীর জল।
লাগে নাক' দুঃখ সহে গেছে বলে,
শুষ্ক আঁখি তাই ঝরে নাক' জলে,
ভাঙ্গিবে কি বুক—বুক আছে কিরে,
সে যে পাষাণ হইতে কঠিন হলো ॥
ঘা খেয়ে খেয়ে বুক আছে কিরে—
সে যে পাষাণ হইতে কঠিন হ'লো !
কান আছে তাই যে যা বলে শুনি, চোখ আছে বটে
দেখেও দেখিনি,
মরে আছি তবু এখনো মরিনি ভুগিতেছি শুধু করম ফল !
যাহা মনে লয় কোরো তুমি হরি,
সুখে দুঃখে শোকে ওহে তাপহারি,
শরণ লয়েছি চরণ তল ॥

(৩০৮)

যা ছিল ফুরাইল স্বপন সম জাগিছে।
স্নেহের প্রতিমাখানি চিতাভস্মে মিশায়েছে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃষিত মরুতে যবে,
হৃদি মোর ফেটে যাবে,
মিটাতে প্রাণের তৃষা ভবে কিগো বারি আছে!
ছিঁড়িয়া স্নেহের বাঁধন,
কোথা চলে গেছে সে জন,
মা বলা জনম মতন ধরা 'পরে ফুরায়েছে ॥

(৩০৯)

ধরি করে করে, ক'টি সহোদরে, তোমারি গৃহেতে থাকি।
বাঁচি কিবা মরি, যাহা কিছু করি, তোমারে হৃদয়ে রাখি ॥
সরলতা মাখা আমাদের মন,
কুটিলতা পাপ জানিনা কেমন,
নাচি হাঁসি ধাই, তব গুণ গাই, যেন গো বনের পাখী।
বেলফুল শুভ্র আমাদের হিয়া,
পবিত্রতা মাখা আমাদের কায়া,
তব পদ রেণু দিয়ে যেন গড়া সবার বদন আঁখি।
পিতামাতা আদি যত গুরু জন,
শিক্ষক অথবা সুহৃদ সুজন,
ভালবাসা দিয়ে কিনেছি সবারে আপন করিয়া রাখি।
তব পুত্র বলে স্বার্থ ভুলে গেছি,
পরার্থে হৃদয় ডুবায়ে রেখেছি,
সেবা মহাব্রতে দীক্ষিত হয়েছি তোমার করুণা মাখি।
সাধি তব কাজ হাঁসিতে, হাঁসিতে,
ছুটে ধাবো মোরা তোমাতে মিলিতে,
'এস বাবা' বলে নিও কোলে তুলে সাদরে সবারে ডাকি।

(৩১০)

শুধুই তোমায় ভালবাসি।
সে তো নহে স্বার্থ মাখা আপ্ত সুখে বাসা বাসি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পতঙ্গ অনলে যথা
আমিও তোমাতে তথা,
দিতে শুধু আত্মবলী ছুটে তোমার কাছে আসি।
তোমাতে সঁপেছি প্রাণ,
চাহিনাক' প্রতিদান,
ভালবেসে আত্মহারা প্রেমানন্দ কাঁদি হাঁসি ॥

(৩১১)

কৃপা করো কৃপাময়ী অধম জনে।
কৃপণতা করো কেন করুণা দানে ॥
মা-মা বলে আর কত কাল কাঁদিব,
নেচে নেচে আয় দেবি—নয়ন মুদিয়া দেখি
অভয় চরণ দুটি তোর,
দেখিলে ফুটিবে আঁখি মোর,
ঘুচিবে আঁধার মাগো! তব কিরণে!
তোমার ঐ কোল হতে কত দূরে আছি মা!
নে-নে কোলে নে ভুলায়ে রাখিস নে
জুড়াক্ আজ তাপিত পরাণ,
কেঁদে কেঁদে যায় বুঝি প্রাণ,
মা হয়ে মা সন্তানে কাঁদাও কেমনে ॥

(৩১২)

যদি শুনিতে চাও শুনাই তোমায় মনের কথা!
জুড়াইতে পারো যদি জানাই প্রাণের ব্যথা ॥
ঘৃণা যদি নাহি মনে,
দেখাইব সরল প্রাণে,
শতত্রুটি অপরাধের গোপন গৃহ যথা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পারো যদি সব ভুলি
স্নেহের কোলে নিতে তুলি,
মুক্ত কণ্ঠে তবেই বলি, তুমি আমার পিতা ॥

(৩১৩)

আজি এ নূতন বরষে না জানি দেখিব কত বা নূতন ছবি।
কোথা বা মিশাবে আঁধারে আলোক কোথা বা উদিবে নূতন রবি ॥
কোথা বা ভূধর শিখরে সাগর,
কোথা বা সাগর হৃদয়ে ভূধর,
"বিশ্বে বৈশ্বানর করিতে গ্রহণ" কোথা বা জ্বলিবে নূতন হবি।
ছিঁড়ে যাবে যত পুরাতন তার,
নবীনা বীণার উঠিবে ঝঙ্কার,
হৃদয় দুয়ার খুলিয়া আবার, নূতন সঙ্গীত গাহিবে কবি।

(৩১৪)

কি কবো হে দয়া তব ওহে কৃপাবারি।
চির মৃত জনে প্রাণ দিলে কৃপা করি ॥
কাঁদালে তোমারি তরে,
নয়ন মুছালে করে,
অনাথে অনাথ নাথ ! নিলে কোলে করি ;—
চির তৃষাতুর তুমি দিলে প্রেমবারি।
তোমাতে আমার প্রাণ,
সঁপিনু হে প্রাণধন,
দেখো যেন আমরণ থাকি হে তোমারি,
নয়নে নয়নে রেখো ভুলোনা হে হরি।
তুমিতো বিশ্বের মাঝে,
রয়েছ অনন্ত সাজে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(যদি) খুলেদেছ' যবনিকা দেখি আঁখিভরি ;—
কি টানে ছুটেছে হৃদি—ফিরাতে কি পারি ॥

(৩১৫)

তোমারে কি কবো বলো মরমের কথা।
তুমি কি বুঝিবে বলো ব্যথিতের ব্যথা ॥
এ নহে নয়ন বারি রুধির সমান,
এ তৃষা করিতে পারে সাগর শোষণ,
প্রলয়ের ক্ষুধা সম প্রাণের এ ক্ষুধা মম
জুড়াইতে এ জ্বালা চাঁদ সুধা বৃথা।
যে চিতা ক্ষণিক জ্বলি সারা বিশ্ব গ্রাসে,
সেই চিতা অহরহঃ মম প্রাণ নাশে,
প্রাণের কথা প্রাণই শুনে,
ব্যথার ব্যথা ব্যথাই জানে
মুছাইতে অশ্রুজল অশ্রু শুধু হেথা ॥

(৩১৬)

কি দিব তোমারে বঁধু! কি দিবে আমারে তুমি।
নিত্যতৃপ্ত তুমি যে গো! পরিতৃপ্ত আজি আমি ॥
তৃষ্ণা যেথা নাহি—জল,
কিবা প্রয়োজন বলো,
কামনা সুষুপ্ত যথা তুল্য কাঁচ স্পর্শমণি।
অপলক দুটি আঁখি,
শুধু আঁখিপরে রাখি,
সমাহিত হোক্ মন, প্রাণ হোক্ অনুগামী ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩১৭)

কত ভালবাসা দিয়াছ আমায় সব আশা মোর পূরণ আজি ।
তোমার হৃদয় নন্দন কুসুমে ভরিয়াছ মোর হৃদয় সাজি ॥
তব প্রেমে প্রিয় ! এ নয়নে মোর,
জল স্থল ব্যোম ভুবন সুন্দর,
সে প্রেম সঙ্গীত মাতালো অন্তর, প্রাণ তারে মোর উঠিল বাজি
প্রেমময় তব প্রেম আকর্ষণে,
আকর্ষিত হিয়া লুটিল চরণে,
প্রেমপূত মন ত্যাগের ভূষণে, মোহন মধুর হয়েছে সাজি ।

(৩১৮)

ওগো নিশীথের পাখী !
জেগে আছে শুধু তোমারি আশায় বিনিদ্র এ দুটি আঁখি ॥
ওগো ! সুদূরের গগনের চাঁদ,
তোমারে ধরিতে পাতিব কি ফাঁদ,
ভকতি আমার সে যে বালি বাঁধ, নিজেরে দিয়েছি ফাঁকি ।
গুণহীনে আজি ওগো ! গুণমণি,
প্রীতি ডোরে তব বাঁধ যদি তুমি,
"মহিমা তোমার" এই দুটি বাণী, মরমে রাখিব লিখি ॥

(৩১৯)

নিতি নিতি নব গীতি প্রীতি উপহার ।
তোমার চরণে বঁধূ ! রহিল আমার ॥
তোমার চরণে মোর নিবেদিনু কামনা,
বিষয় বাসনা আর অবিষয় সাধনা,
সব দুঃখ জ্বালা মালি, নিবেদিনু বনমালী,
জীবনের সার ও অসার ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ফল সহ সঁপিনু গো অতীতের করম,
রিক্ত করি দিনু মোর হৃদয় আর মরম,
মরণের পর পারে, চরণের একধারে
দিও বঁধু! বসতি এবার ॥

(৩২০)

এত প্রীতি এত দয়া এত মুখ চাওয়া পেয়ে।
আর কি থাকে অভিমান লুটে প্রাণ ছুটি পায়ে॥
চঞ্চল মন দুষ্ট ছেলে,
মিষ্ট কথায় নাহি ভুলে,
শাসন সে তো করেছিলে, কল্যাণ কামনা লয়ে।
জানি ওগো! হবো না তো,
স্নেহে তোমার বঞ্চিত,
পাবো ক্ষমা শত শত,
লবে গো তুলি হৃদয়ে ॥

(৩২১)

মন পূজারী কর্‌ছে পূজা হৃদয় মন্দিরে বসি।
অমানিশি জীবনে মোর প্রকাশিল শ্যামাশশী ॥
লয়ে পূজোপকরণ,
আসিছে ইন্দ্রিয়গণ,
পাদ্য বলে অশ্রুজল ঢালছে পদে রাশি রাশি।
কর্ম্মফল অর্ঘ দিয়ে,
আমিত্ব ধূপ জ্বালাইয়ে,
মত্ত কত কাম পতঙ্গ জ্ঞান প্রদীপে পুড়ছে আসি।
এ পূজাতে নাই আবাহন,
ঢাকি শুদ্ধ হয় বিসর্জ্জন,
দক্ষিণান্ত অন্ত হলে অন্তে মা তে মিশামিশি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩২২)

মধুর যামিনী বঁধুর মিলন অনন্ত জীবনে বাঁধা দুটি প্রাণ !
চিরদিন তরে মোর এ বাসর নিশি শেষে নাহি হবে অবসান।
এ নব বসন্ত অফুরন্ত হাঁসি,
হাঁসির সায়রে ভাসে পূর্ণশশী,
জলস্থল ব্যোম হাঁসে দশদিশি,
এ যেন হাঁসির প্রেম গোলকধাম।
অসীমের দেশে 'আমি তুমি' পার,
নদনদী সিন্ধু হলো একাকার,
জ্ঞান-জ্ঞেয় জ্ঞাতা না রহিল আর,
অনন্তের মাঝে অনন্ত প্রয়াণ ॥

(৩২৩)

হৃদয় আসন রেখেছি পাতিয়া তোমার লাগিয়া গো !
ভক্তি বারি দিয়া, দিছি মুছাইয়া, কলুষ কালিমা গো ॥
দেখ আসি একবার, দেখ আসি একবার ;
আকুল পরাণ, তোমারি কারণ,
ঝরে আঁখি অনিবার ;
তব মুখ খানি না হেরিয়া আমি
কেমনে রহিব গো !
তোমারে করেছি সার, তোমারে করেছি সার ;
এ ভব সাগর আকূল পাথার
রাখ কৃপাপারাবার ;
পিপাসিত চিতে, তোমাতে মিলিতে, এসেছি চরণে গো !

(৩২৪)

মহা ভ্রান্তিময় এ ধরাতে তারা কি আমোদে আছে কে জানে ?
কি সুধা পেয়েছে স্বরগ ভুলেছে নরকে ছুটেছে কি টানে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাবেনাক' তারা হয়ে পথহারা কতবার এলো এখানে।
পেয়ে ব্যথা বুকে কত কাঁদি দুঃখে পুনঃ ভুলি সুখ স্বপনে ॥
কোন্ পথে ধায় কি করিতে চায় কি দিয়ে ভুলায় আপনে।
পাবে কি কখন অমূল্য সে ধন স্বরগ-জীবন, জীবনে ॥
পদাঘাতে ভেঙ্গে ধূলাখেলা ঘর যাবে কি গো নিজ ভবনে।
ঘুচিবে কি কভু এ মোহ বিকার চিনিবে কি কভু আপনে।

(৩২৫)

এনেছি তোমারি তরে ব্যথা ভরা আঁখি জল।
ব্যথার সংসারে বঁধু! এই মোর শুধু সম্বল ॥
নাহি রতন আভরণ,
পূজিতে তব চরণ,
চরণ পূজিতে মম, ফুল্ল প্রেম শতদল।
অহৈতুকী এ ভকতি,
অকাম রতি এ প্রীতি,
অনন্যাসক্তা এ মতি, লুটিবে চরণ তল ॥

(৩২৬)

কবে সে আসিবে কে জানে আমিতো ছিঁড়েছি বাঁধনে।
কত দিনে তার হইবে সময় পড়িবে গো মোরে স্মরণে ॥
গুছায়ে রেখেছি ঝুলিটি আমার,
পাদুকা আসন বসন গো আর,
আছি বসি করি প্রতীক্ষা তাহার,
ব্যাকুলতা মাখা নয়নে।
লইতে আমারে তরণী বাহি,
কবে সে বঁধুরা মধুর গাহি,
আসিবে হাঁসিয়া এ মুখ চাহি,
পাড়ি দিয়া নদী মরণে ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩২৭)

মনে হয় ছুটে দেখে আসি তারে—নিকটে নহে যে গেহ।
কামনা জলধি মাঝে ব্যবধান—না যেতে পারে যে কেহ॥
প্রেমের তরণী বেয়ে কবে তুমি,
আসিবে লইতে মোরে প্রাণস্বামী,
হাঁসি-ধরি হাত চলে যাব আমি, টুটি এ বন্ধন দেহ।
লয়ে ভাঙ্গা বুক আছে বসে দীন,
পথ চাহি তব মন উদাসীন,
আশা মনে শুধু পাব একদিন, তোমার করুণা স্নেহ॥

(৩২৮)

(কিছু) জানাবো না আঁখি নীরে।
অন্তরযামী গো যদি বুঝিতে মোরে অন্তরে॥
কার লাগি গীতি,
গাঁথি মালা নিতি নিতি,
কার পদে মোর নতি,
কে মোর মনো মন্দিরে।
কে করেছে হৃদি মম,
প্রেমের গোলকধাম,
কার বাঁশী অবিরাম,
বাজে গো অন্তর পুরে॥

(৩২৯)

গাহ কেন এত কোয়েলা পাগল! বঁধু না শুনিতে পায়।
সাজিয়াছ কেন কানন সুন্দরী! বঁধু না আসিবে হায়॥
রয়েছে গগনে জাগি সারা নিশি,
কাহার আলয়ে তারা সম বসি,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুনহ বিরহী হে পূরণ শশী,
বঁধু না ও পথে যায়।
হে অর্ণব কেন নাচিয়া নাচিয়া,
করো ছুটাছুটি লহরী তুলিয়া,
প্রেম বিনা বঁধু দেয়নাতো হিয়া,
বিনা প্রেমে বাঁধা দায়॥

(৩৩০)

গোপন করে রাখ্‌বো লুকিয়ে মনের মাঝে বুকের ব্যথা।
দেখা হলে অশ্রু মুছে হাঁসি মুখে কবো কথা॥
তুচ্ছ মোর দুঃখ লয়ে,
কি হবে তারে জানায়ে,
তারি প্রাণে ব্যথা দিয়ে,
প্রাণে মোর শান্তি কোথা।
দিন না রহে তো বসি,
না ফিরে মরণ আসি,
হাঁস্মুক্ সেথা প্রাণ শশী,
অমানিশি নাহি যথা॥

(৩৩১)

ভাল আছি প্রাণ বঁধু! ভালতো রেখেছ মোরে।
কাঁদুনে মন কাঁদে শুধু মিছে নানা বায়না ক'রে॥
দেওয়ার তোমার নাইক' সীমা,
চাওয়ার আমার নাই উপমা,
মন যদি গো চায় চাঁদিমা,
তুমি কিগো আনবে ধরে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কান দিওনা কোন কথায়,
কেঁদে কেঁদে ভুল্‌বে ব্যথায়,
বঞ্চিত করো না দয়ায়,
চোখে চোখে রেখো তারে ॥

(৩৩২)

কি গান গাহিব বলো তোমারে শুনাতে বঁধু !
আনন্দে হাঁসি উথলে, ঝরে তুনয়ন শুধু ॥
মাতোয়ারা মনিরাম,
পেয়ে তোমায় প্রাণারাম,
আজি যে সফল কাম, অন্তর ভরিল মধু !
এক নিশি পূর্ণমাসী,
গগনেতে হাঁসে শশী,
হৃদাকাশে বারোমাসি, হাঁস বসি প্রাণবিধু !!

(৩৩৩)

একি হেরি প্রাণবঁধু ! আঁখি কেন ছল ছল ।
মোর তুঃখে কারুর চোখে হেরিনিতো কণা জল ॥
এ ধরা কাঁদাতে জানে,
দয়ামায়া নাহি প্রাণে,
শুধুই বজর হানে, বরষিয়া গো অনল ॥
মুছাইনু আঁখি লোর,
প্রীতির অঞ্চলে মোর,
শান্তিতে থাকহে চির, মন্দিরে মোর সুশীতল !!

(৩৩৪)

হৃদয় বনে বনের কোণে বাঁধবো মোরা প্রেমের ঘর ।
তুমি আমি দোঁহে বঁধু রইবো সেথা নিরন্তর ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মোদের সে বিজন বাসে,
যুগ যুগান্ত ফির্‌বে এসে,
সৃষ্টি কত উঠবে ভেসে, কাল সাগরে পরের পর।
মৃত্যু সেথা নাইকো গতি,
নাইকো কোন্ ক্ষয় ক্ষতি,
শুধু বিশ্ব প্রেম গীতি, উঠবে রণি' দিগন্তর॥

(৩৩৫)

আজ যে বড় এলে বঁধু! ধন্য তোমার ভালবাসা।
যুগ যুগান্ত হলো অন্ত ভাঙ্গা বুকে লয়ে আশা॥
বলি ওগো নবঘন,
কোথা ছিলে এত দিন,
জ্বলে গেল প্রাণ মন, লয়ে বুকে মরুর তৃষা।
তবু ভাল—বড়ই দয়া,
দিলে দাসে চরণ ছায়া,
জুড়ালো তাপিত কায়া, সার্থক জগতে আসা॥

(৩৩৬)

(যার) অনেক আছে তোমার কাছে চাইবে কেন ধন।
সেই আসে তোমার পাশে রিক্ত যারি মন॥
'কর পাত্র উদর থলি'
শূন্য আমার ছিন্ন ঝুলি,
একলা ঘরে তোমায় খালি, করি আবাহন।
ক্ষয়-ব্যয়-দুখ নাই যে ধনে,
চির শান্তি যাতে প্রাণে,
নিত্যতৃপ্ত হবো মনে, দাও সে রতন॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৩৭)

চাতক যাচিল বারি জলদ! তোমারি পাশ!
বজর হানিলে বুকে করিলে তারে নিরাশ ॥
জুড়াতে তাপিত প্রাণ চরণে সঁপিল দাস।
মমতার সব কিছু নিজ হাতে করি নাশ ॥
মুক্তি চেয়ে পেয়েছি গো বন্ধনের নাগ পাশ।
তবে কি সকলি মিছে বৃথা শুধু হা হুতাশ ॥

(৩৩৮)

বেঁধে মারো সহি ভাল—যদি তুমি হও সুখী!
মুছি আঁখি জল হাঁসিয়া কহিব—আছে গো ভাল এ দুখী ॥
ব্যথা পাই করি তোমারি করম,
দুখ নাই হরি! সে সুখ পরম,
নিতে হয় নিও ছিঁড়িয়া মরম, নয়নে নয়ন রাখি।
চির ব্যবধান থাকে যদি থাক,
তব ধ্যানে মন লয় হয়ে যাক্
সিন্ধু বুকে শশী সুখেতে ঘুমাক্ সুদূর গগনে থাকি।

(৩৩৯)

আমারে লইয়া তুমি কি খেলা খেলিছ হরি।
তোমার লীলা তুমি বুঝো—আমি কি বুঝিব তারি ॥
কভু হাঁসাও, কত নাচাও,
কভু বুকে পাষাণ চাপাও,
কভু বা অতলে ডুবাও—ভাঙ্গিয়া ভগ্ন তরী।
আমার জীবনে মধু,
তুমি যে পরাণ বঁধু,
ভুলোনা আমারে শুধু, মিনতি চরণে ধরি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৪০)

সারা দিন রহি বসি তব আশায়, নিশি জাগি তব স্মরণে।
সারাটি জীবন এ মৃতি গোঁয়ানু—আকুল পিয়াস দহনে॥
কত যুগ এলো কোথা লুকাইল,
ষড় ঋতু কত বার এলো গেল,
মিলন লগন নাহি তো উদিল,
বঁধু না আইল স্বপনে।
কত দিনে মোর আসিবে বঁধুয়া,
মিলিবে আমার হিয়াতে সে হিয়া
মিলে যাবে প্রাণ টুটিয়া এ কায়া,
বঁধুর মধুর জীবনে॥

(৩৪১)

কণ্ঠ নীরব হবে, আঁখি না হেরিবে, বধির হইবে শ্রবণ।
লুপ্ত হবে জ্ঞান, প্রাণ স্পন্দহীন, দেহ মৃত অচেতন॥
পড়ে রবে প্রিয় দেহ, গেহ, ধন,
না হেরিবে ফিরে আপনার জন,
চলে যাবে তুমি লয়ে ক্ষুণ্ণ-মন, ত্যজিয়া তোমার স্বজন।
আছে এক জনা সে তব অচেনা,
চির জীবনের সে কিন্তু আপনা,
সেদিন তারি সাথে হবে দেখা শুনা,
চিনিবে তখন আপন॥

(৩৪২)

আজিও ভুলিনি তোমারে।
কত যুগ ডুবে গেল কাল সাগরে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মোর জীবন দেবতা,
হৃদয়ে আসন পাতা,
করি গো মানস পূজা-স্মৃতি মন্দিরে ।
মোর ধ্যানে অনুক্ষণ,
আছ তুমি প্রাণ ধন,
তোমাতে প্রলীন মন,—সুচির তরে ॥

(৩৪৩)

দিনের শেষে এসেছে দীন—তুমি দীন দয়াল শুনে ।
ফিরেনা কেউ তোমার দ্বারে ছুটে এনু শুনি কানে ॥
ভর্‌বে কি গো শূন্য ঝুলি,
পূর্ণ কি কর্‌বে অঞ্জলি,
শুধাই ওগো বনমালী! ফিরবো কি গো শূন্য মনে ।
বড় আশায় নাচে হৃদি,
কপাল গুণে কিন্তু যদি,
শুখাইয়া যায় জলধি, বড়ই ব্যথা পাবো মনে ॥

(৩৪৪)

যেদিন তুমি আস্‌বে প্রিয়! মনে করি এ অধীনে ।
প্রীতি ফুলে কর্‌বো পূজা অশ্রু ঢালি শ্রীচরণে ॥
জানইতো কাঙাল আমি,
নাইক' কিছু প্রাণ স্বামী,
আমি দিব লবে তুমি, মিলায়ে প্রাণ তোমার প্রাণে ।
বিন্দু হবে সিন্ধুতে লয়,
গাহিয়া গো তোমার জয়,
রবেনা হারাবার ভয়, তোমার আমার সে মিলনে ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৪৫)

তিরপিত হিয়া, জুড়াইল কায়া টুটিল গো মায়া মোহ।
পেয়ে পদধূলি, তব বনমালী! মন্দির ভেল মোর গেহ।
ঘোর তমোরাশি নাশি প্রকাশিল গো—পূরণ শশী—মনোলোভ;
সুন্দর ভুবন, সুন্দর জীবন, সুন্দর ভেল মনো দেহ।
তৃষ্ণা বৈতরণী তরিতে, মিলিল গো—তরণী শ্রীচরণ দোঁহ;
ভকতি আমারি লহ গো শ্রীহরি শত শত প্রণতি লহ॥

(৩৪৬)

মধুময়ী যামিনী ভুবন বিমোহিনী
আকুল গো পরাণী মোরি।
বিরহে প্রিয়তম জীবন মরু সম
সিঞ্চহ তব প্রেমবারি॥
সংসার নাগপাশ টুটিয়া প্রিয় পাশ
ছুটে মিলন আশ—হরি।
সিন্ধু পথ গামিনী সে পীরিতি তটিনী
তারে কিগো রুখিতে পারি।
তোমাতে মিলায়ে কায় সে যে ফুরাইতে চায়
সঁপি দিয়া সব কিছু তারি।
দু'কর প্রসারণ করিয়া আলিঙ্গন
বাঁধহ তব প্রেম ডোরি॥

(৩৪৭)

আমি আর কি দিব তোমায় তুমিই তো সব দিয়েছ!
গঙ্গা জলে গঙ্গা পূজা— তুমি আবার নিয়েছ॥
তোমার গড়া বিশ্ব মাঝে
পূজি আমি বিশ্ব রাজে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মরমে মরি গো লাজে, ভুল্‌তো আমার ভেঙ্গেছে।
ভাবি আজি শূন্য মনে,
আছি আমি কোনখানে,
অন্ধ করি দু'নয়নে, আবার কেন বেঁধেছ॥

(৩৪৮)

হাতে ধরে নিয়ে চলো এ অন্ধ জনে।
কেহ তো নাহিক সাথী মোর এখানে॥
কোথা যেতে হবে নাহি,
জানি—কত পথ বাহি,
শুধু তব গান গাহি, চলি ভুবনে।
ভালবাসা বুঝা যাবে,
যবে তুমি সাথী হবে,
যবে তুমি বুকে লবে, আমারে টেনে॥

(৩৪৯)

তোমায় আমি মনে মনে সঁপেছি প্রাণ প্রিয়তম।
লহ বা না লহ তুমি—তুমিই প্রাণনাথ মম॥
মানস মন্দিরে স্বামী,
তোমার মুরতি আমি,
পূজিব গো দিবাযামী, দ্রোণ একলব্য সম।
তোমাতে হয়ে প্রলীন,
গোঁয়াইব গো জীবন,
যাব—এলে গো মরণ, করিয়া তোমারে নমঃ॥

(৩৫০)

এখনো হ'লোনা গাঁথা যে মালা, বরণডালা সাজান।
এখুনি আসিবে বঁধুয়া আমারি উদয় হ'লো যে লগন॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দে-রে-দে জ্বালিয়া প্রদীপ ধূপ,
সুরধনী বারি এনে দে পূত,
লইয়া শঙ্খ বাজারে দ্রুত,
পেতে দে ত্বরা আসন।
দেবগণ করে পুষ্প বৃষ্টি,
হরষ মগন নিখিল সৃষ্টি,
প্রিয় পথ চাহি আকুল দৃষ্টি,
মোর চাতক নয়ন॥

(৩৫১)

মোরে ডাকিবে যখন বাজায়ে বাঁশরী
যাব ছুটে সব ফেলিয়া।
বেঁধেছে যে সব মায়ার বাঁধন
দু'হাতে সে সব ছিঁড়িয়া॥
এ হিয়া যে বাঁধা তোমার হিয়াতে,
বাঁশী যে গো সাধা তোমার নামেতে,
মেতে আছে মন তোমার গানেতে,
সকল যাতনা ভুলিয়া।
প্রাণ যে আমার, চরণে তোমার, চিরতরে আছে লুটিয়া,
স্মৃতি মন্দিরে দেবতা আমার আছ চিরদিন জাগিয়া;
শয়নে স্বপনে ধ্যানে জাগরণে,
মাখামাখি দোঁহে পরাণে পরাণে,
কাজলেরি মত মোর এ নয়নে,
রেখেছি ও মুখ আঁকিয়া॥

(৩৫২)

জাগেনাক' কোন বাসনা ছার।
নিভে গেছে হেথা কামনার চিতা
মরম পুড়াতে জ্বলে না আর॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আলেয়ার পাছু ছুটে নাক' মন,
বুঝেছি সে সব অলীক স্বপন,
নিস্তরঙ্গ আত্মা মায়াতে কম্পন,
স্থজন পালন শুধু সংহার।
হৃদয় সায়রে ফুল্ল-শতদল,
পিয়ে প্রাণ বঁধু প্রেম পরিমল,
শান্তির পবন বহে সুশীতল।
আনন্দ লহরী তুলি অপার ॥

(৩৫৩)

ডেকে ডেকে মোরে ফিরে গেছে গো কতবার আসি বঁধুয়া।
মায়া ঘুমে ছিনু অচেতন আমি সংসার স্বপনে ভুলিয়া ॥
মরমে মরমে মরিয়া আছি,
বঁধুর বিহনে কেমনেবাঁচি,
কেমনে তাঁহার করুণা যাচি,
কেমনে দেখাব এ হিয়া।
এ জীবনে বলো কিবা প্রয়োজন,
বাঁচন মরণ উভয় সমান,
পূজা না হইতে হলো বিসর্জ্জন,
দেবতা গেল গো চলিয়া ॥

(৩৫৪)

দিতে মন চায়, খুঁজিয়া না পায়, পূজা উপচার বঁধু গো তোমার !
করি নিবেদন, ভাবি মনে মন, এ যে গো সে দান বঁধুর দয়ার ॥
ভাবি মনে দিব পীরিতি অমিয়,
দেখি সে যে বিম্ব তব প্রেমময়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি যে আধার তুমিতো আধেয়,
দিতে গিয়ে দেওয়া হলো না আমার।
নিত্যতৃপ্ত তুমি তব তৃপ্তি তরে,
নাই যে কিছু দিতে বঁধু গো তোমারে,
অর্পিণু গো তাই কৃতাঞ্জলি করে,
মোর সে বাসনা তোমার পূজার॥

(৩৫৫)

দিন গত কত, যুগ শত শত, কোথা তুমি বঁধু! কোথা আমি আর।
এনু বারে বারে লয়ে এ অন্তরে অতৃপ্ত কামনা-যাতনা অপার॥
ধরা বঁধু হারা কাঁদে চিরদিন,
দূরে অতি দূরে নভঃ উদাসীন,
ব্যবধান দোঁহে অনন্ত অসীম, ব্যথার ভূধর বুকে চাপা তার।
বঁধুর মিলন সে বুঝি স্বপন,
কবির কল্পনা—শুধুই বচন,
বিরহই বুঝি হেথা চিরন্তর, বিশ্ব ঘিরি যথা নিবিড় আঁধার॥

(৩৫৬)

এবার আমি বাস্‌বো ভাল মাটি-জল-নীল আকাশে।
জনম হতে যারা সাথী মোর এ নিরালা বাসে॥
নীরবে যাহারা ভাল,
বাসে গো মোরে কেবল,
লয়ে কত ফুল ফল, নিতি আসে মোর পাশে।
ব্যথা মোর বুঝে তারা,
মোর সুখে আত্মহারা,
স্বর্গ করি পাষাণ কারা চাঁদের হাঁসি তারা হাঁসে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৫৭)

কে যেন সাথে সাথে এ পথে সাথী মম।
হাতে হাতে ধরি মোর অনুগামী ছায়া সম॥
ওগো ব্যথী ! চিরসাথী এ দূর বন্ধুর পথি,
আমার জীবন রথে হবে কি তুমি সারথি,
জীবনে মরণে বঁধু! আমি যে চির তোমারি—
চাহ না বদন তুলি—মেলি আঁখি প্রিয়তম॥

(৩৫৮)

কত দিন গত নিশি গত কত গত কত বার মাস।
বঁধুয়া এলোনা মিলন হলো না পুরিল না তো গো আশ॥
কত আশা লয়ে গেঁথেছিনু মালা—মালা করে প্রাণ নাশ ;
আঁধার নাশিতে জ্বেলেছিনু দ্বীপ—দীপ দহে মোর বাস।
চাতক যাচিল গো ! ফটিক জল ঘন তো দিল গো ত্রাস ;
হানিয়া অশনি বধিল পরাণি অদৃষ্টের পরিহাস।
সুদূরে নিকট করিবারে চাহি—বাঁধিয়া পীরিতি পাশ ;
সে পাশ হলো যে কপাল গুণেতে আমার গলার ফাঁস॥

(৩৫৯)

কে তুমি দাঁড়ায়ে দ্বারে নীরবে নত নয়নে।
কোথা হতে আগমন, কি বাসনা লয়ে মনে॥
তব প্রেম রবি মম,
ভেঙ্গে দিল মায়া ঘুম,
কহ শুনি প্রিয়তম ! কে তুমি মোর জীবনে।
যেন কত পরিচিত,
তবুও যে চিনিনাতো,
প্রাণে কি আছ সতত, প্রাণপ্রিয় ! সঙ্গোপনে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৬০)

আমোর নয়ন মণি।
কোথা গেলে পাব সে নীল মাধব
খুঁজি যে সারা অবনী॥
খুঁজেছি সায়রে মরুর প্রান্তরে
ভূধর শিখরে ভ্রমি;
কোথা চিতচোর হে শ্যাম সুন্দর
কাঁদিছে মোর পরাণী।
নারি যে বাঁচিতে না পারি মরিতে
উভয় সঙ্কট গণি;
আশা নিরাশায় দুলিছে হৃদয়
পাব না পাব কি জানি॥

(৩৬১)

এনেছি ভরি হৃদয় সাজি তোমারি পদ পূজিতে।
পাদ্য যমুনা জাহ্নবী বারি ভরি এ দুটি আঁখিতে॥
অর্ঘ্য দিব গো করম ফল,
জ্বালি দিব ধূপ কামনা কুল,
দিব পূজিতে পীরিতি ফুল, নিবেদি প্রাণ পদেতে।
লহ লহ মোর হৃদয় দেবতা,
মানস এ পূজা মরমের কথা,
ঠেলোনা পদে দিওনা ব্যথা, দীনের পূজা ঘৃণাতে॥

(৩৬২)

সন্ধ্যা নামিল ধীরি ধীরি।
বসিয়া একেলা পরাণ উতলা নাহি যে গো বেলা হরি॥
বিহঙ্গম কুল কুলার টানে,
ঝাঁকে ঝাঁকে ছুটে আকুল প্রাণে,
ছুটে ছুটে এনু তটিনীপানে, ত্যজি খেলাঘর মোরি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রঙিন আলোকে গগন ছায়
হৃদি নাচে মোর মিলন আশায,
আগমনী তব পরাণী যে গায়, বাজে যেন ঐ বাঁশরী ;—
বহুদূর হ'তে এসেছি বঁধু,
হৃদয়ে লইয়া কামনা শুধু,
ঠেলিবে না পায় পরাণ বিধু! লয়ে যাবে পারে তরী ॥

(৩৬৩)

মাধব ! মাধব ! আমার কপাল কি করো।
রতন আশয়ে পশিনু সায়রে মিলিল বিরহ বাড়ব ॥
কল্পতরু পাশে এসে পরিণাম,
কপাল গুণে মোর সবি হলে বাম,
পরশ মণি পেয়ে পুরিল না কাম, কাঙাল পেলনা বিভব।
কাষ্ঠ তরী হলো কনক শোভন,
চরণ পরশে মানবী—পাষাণ,
মোরে শুধু তুমি করিলে বঞ্চন, হলো না করুণা গো তব ॥

(৩৬৪)

হে সাগর ! হে অনন্ত ! তোমার তীরে ভরিতে আইনু কলস।
মিটাতে আশা প্রাণের তৃষা দাওগো দরশ পরশ ॥
রতন আকর তুমি গুণধর,
তৃষা তো আমার নাহিক তাহার,
এক কণা শুধু করুণা তোমার, দাওগো আমারে প্রাণেশ।
তিরপিত হবে এ চাতক হিয়া,
জুড়াইবে মোর তাপিত এ কায়া,
পাইয়া তোমার শ্রীচরণ ছায়া, ধন্য হবে গো এ দাস ॥

১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৬৫)

পুড়ে পুড়ে ছাই হলো ধূপ।
কেহ না তাকাল ফিরে—এ অন্ধকূপ ॥
হাওয়াতে ছড়ায়ে গেল,
সুবাস সে নিরমল,
ধরারে সে দিয়ে গেল, পীরিতি অনুপ।
অব্যক্ত মরম ব্যথা,
জ্বালা ভরা প্রাণকথা,
লয়ে সে গেল গো তথা, যথা তার ভূপ ॥

(৩৬৬)

পাপিয়া মাতিয়া গাহিছে গান, মলয় পবন মধুর বয়।
পীরিতি পাগলা কোয়েলা দোয়েলা বঁধু সনে বনে কি যেন কয় ॥
বসন্তের বনে ফুলাঙ্গনা যত,
ফুটি লুটাপুটি হাসি অবিরত,
পেয়ে মধুচোর বঁধুয়া ভ্রমর দিতে বুঝি চায় সঁপি হৃদয়।
কাঁদে আজি শুধু বিরহী পরাণ
বঁধুর মিলন করিয়া স্মরণ,
নিভেনা অনল জ্বলে গো দ্বিগুণ, কেবা ব্যথাহারী হে প্রেমময় ॥

(৩৬৭)

কত নিশি আছি বসি তোমার লাগি জাগিয়া।
আশায় আশায় দিন মোর যায় আস্‌বে কখন বঁধুয়া ॥
ফাঁকা ফাঁকা মিলন আসর,
শূন্য যে গো রইলো বাসর,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আকুল আঁখি ব্যথা কাতর, ব্যাকুল পথ চাহিয়া।
হিয়ার বনে কুসুম কলি,
ফুট্‌লো আশার গন্ধ ঢালি,
পর্‌বে কবে বনমালী! বনমালা গাঁথিয়া॥

(৩৬৮)

কেউ নাই—আজি কেউ নাই প্রিয়! কেউ নাই সাথে কেউ নাই,
চলেছি একাকী পথে! আমি চলেছি একাকী পথে।
এ দুর্গম পথি হে পার্থসারথী! ব'সনা জীবন রথে॥
ভাঙিল দিনের মেলা—
বিহঙ্গম কুল হইয়া আকুল খুঁজিছে আপন কূলা;—
অধীর পরাণ অতি এসনা পরাণ পতি
উদয় গোধুলী বেলা,
ধরি তব কর যাব বঁধু ঘর, ত্যজিয়া মর জগতে।
তোমারি নন্দনে রহিব ফুটিয়া ঢালিয়া সুষমারাশি,
পিবে প্রেমমধু হে ভ্রমর বঁধু! নিতি নব রাগে ভাসি;—
সে মহামিলনে মোরা গো দু'জনে
যাপিব জীবন বেলা।
সেথা হবে লীলা রাস পুরিবে গো আশ (বঁধু হে)
শারদ পূর্ণিমা রাতে॥

(৩৬৯)

তোমার লাগিয়া ওগো ও বঁধুয়া আছি গো জাগিয়া নিশি।
হাঁসিয়া হাঁসিয়া অঙ্গনে আসিয়া কখন বাজাবে বাঁশী॥
রুণু রুণু ঝুণু বাজিবে নূপুর,
গাহিবে গো গান মধুর মধুর,
জুড়াইবে প্রাণ কর্‌ণ কুহর, ঢালিয়া অমিয় রাশি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শিহরিবে তনু বিপুল পুলকে,
একাকার হবে ভূলোকে দ্যুলোকে,
দশদিশি নিশি উজলি আলোকে, উদিবে গোলক শশী ॥

(৩৭০)

আজও কি হয়নি প্রিয় ! তোমার আসার দিন।
দিন গুণে যে দিন ফুরাল—আয়ু হলো ক্ষীণ ॥
সাজায়ে যে বরণডালা,
চন্দন আর ফুলের মালা,
প্রীতির প্রদীপ হিয়ায় জ্বালা, বসন্ত নবীন।
রঙিন রাগে কবে মোরি,
হৃদয় আকাশ উঠবে ভরি,
বইবে মলয় মাতাল করি, বাজবে তোমার বীণ ॥

(৩৭১)

হিসাব নিকাশ তোমার সনে হবে গো আমার।
পাওনা কত আছে বাকি বকেয়া দেনার ॥
সুদে আসলে বঁধু ! কত গো পেলে,
কাটছাট ক'রে আমারে বল না খুলে ;
ঋণের দায়ে সব বিকায়ে পথ করেছি সার।
লেঙ্গুটি ঝুলি, আছে গো খালি,
নিতে চাও তা দিতে পারি হে বনমালী ;
ভালবেসে সর্ব্বহারা সান্ত্বনা অপার ॥

(৩৭২)

রহনাক প্রিয় ! রহনা যেথা আমার হৃদয়বাসী।
অন্তর আকাশে প্রকাশ যে চির আমার পরাণ শশী ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মালা চন্দন ধূপধুনা আর,
নাহি প্রয়োজন কোন উপচার,
মিলন মন্দির হৃদয় আমার, পূরিত যে হাঁসিরাশি !
ভূলোকে গোলকে যত ব্যবধান,
হকনাক প্রিয় ! তাতে কিবা আন,
মুদিলে নয়ন নেহারি বয়ান, আনন্দ সায়রে ভাসি ॥

(৩৭৩)

গান গেয়ে যাই আপন মনে—কান পেতে তা তুমি শুনো।
গানেই করি তোমার পূজা—বেসুর বেতাল হোক্‌না কেন ॥
নিভ্‌বে যখন জীবন দীপ,
জ্বেলো তোমার প্রেমের প্রদীপ,
থাম্‌বে যেদিন আমার বাঁশী—তোমার বাঁশী বাজে যেন।
রিক্ত যেদিন হবো আমি,
পূর্ণ সে দিন কর্‌বে তুমি,
চাওয়া আমার সাঙ্গ হলে—সব পাওয়া যে হবে তখন ॥

(৩৭৪)

এখনো হলোনা কাজ সারা তোমার, রবি হ'ল ডুবুডুবু।
কেশে যে ধরেছে শমন তোমার এখনো বাসনা তবু ॥
এখনো চাহিছ প্রিয়জন মুখ,
এখনো কামনা ঐহিক সুখ,
অকুল পাথারে পড়ি কত দুখ, খাইতেছ হাবুডুবু।
একবার ভাবো অন্তিম দিন,
বারেক করনা শ্রীহরি স্মরণ,
ফুরাইয়া এলো এ জীবন, প্রদীপ যে নিবু নিবু ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৭৫)

গীতাশ্রম।

বারেক সম্মুখে দাঁড়াও—দেখে তোমায় চলে যাই।
রবি সাথে সাথী হয়ে অস্তাচলে মুখ লুকাই ॥
যবনিকার অন্তরালে,
দেখিব কি লিখা ভালে,
অতীতে যাইয়া ভুলে, অনাগতে আজি চাই।
নব বেশে নব দেশে,
নবীন আলোকে এসে,
নূতন চোখে দেখ্‌বো নূতন, সেথা যদি খুঁজে পাই ॥

(৩৭৬)

জীবনে মিলিল জীবন মম, পরাণে পরাণ মিলিল গো।
সকল সাধনা বাসনা কামনা, সকল জনম মরণ গো ॥
ডুবিনু আজিকে প্রশান্ত সায়রে,
তিরপিত চিত, আনন্দ না ধরে,
সব পেনু আজি পরিপূর্ণ করে, দরিদ্রতা মনের ঘুচিল গো।
বিন্দু আজি সিন্ধু, অণু হলো মহান,
সসীমে অসীমে হলো এক তান,
কালত্রয় আর যত ব্যবধান, একাকার আজি হইল গো ॥

(৩৭৭)

আজি বিদায়োৎসব মোরি!
স্থাবর জঙ্গম লহ আলিঙ্গন, প্রীতি সম্ভাষণ করি ॥
দেশবাসী ভাই, আজি বিদায় চাই,
শত অপরাধ ক্ষম আজি ভাই,
দূর হতে দূরে আজি চলে যাই, শুভাশীষ দিনু ভরি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করো আশীর্ব্বাদ ওগো মা জননী,
চির স্নেহময়ী মোর জন্মভূমি,
শত শত তব চরণে প্রণমি, বিদায়! জয় শ্রীহরি ॥

(৩৭৮)

নাচত নীলমণি নাচত ভোলা।
বাজাও বাঁশরী ওরে! ননীচোরা ॥
রুণু রুণু ঝুণু বাজত নুপুর,
রাধা রাধা গান গাহত মধুর,
হাঁসত মোহন শোভন অধর,
যোগীজন মনোহরা।
রাধিকা রমণ গোপী প্রাণধন,
ভকত বৎসল যশোদা জীবন,
মদেক শরণ ও রাঙা চরণ,
মোচন সংসার-কারা ॥

(৩৭৯)

"টু" দিয়ে লুকালে কোথা ওগো চিতচোর!
মায়াতে ঢেকেছে প্রিয়, নয়ন যে মোর ॥
তুমি না তুলিলে সখা,
কে তুলিবে যবনিকা,
কেমনে পাইব দেখা, হে শ্যাম সুন্দর ॥
তুমি না দিলে গো ধরা,
খুঁজে খুঁজে হবো সারা,
মুছিবে না আঁখিধারা এ জীবন ভোর ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৮০)

প্রাণের আশাতো মিটিবে না রে ।
যতদিনে তোর মলিন ওমুখ হাঁস্যির জ্যোছনা
আলো না করে ॥

বলহীনা মাগো ! বলে সবে তোরে,
ওরা তবে কারা বলে, দে আমারে,
দেবতা-বিজয়ী ইন্দ্রিয় নিচয়,
বীরের প্রতাপে করে যারা জয়,
তারা নাকি আজি ভয়ে ভীত রয়
ইন্দ্রিয়ের দাস মানব তরে !

কি কহিব মাগো ! কি কহিব আর,
পিঞ্জরে কেশরী যে দশা তাহার,
সেই মত আজি মোদের সবার,
গৰ্জ্জিয়া হৃদয় জ্বলিছে দ্বিগুণ,
কিন্তু যদি মাগো ! কভু ছাড়া পায়,
ডুবাবে ধরায় জলধি নীরে !

থাক্ তুই মাগো ! থাক্ তারা আর,
থাক্ তোর হৃদে অমিয় ভাণ্ডার,
আবার দেখিবি আবার হাঁসিবি,
রাজ মাতা তুই হবি আবার,
শত শতদল নৃপতি-মণ্ডল,
শোভিবে চরণ উজল ক'রে !

দেরে শিরে তুলি রাঙা পদধূলি,
মুখে বল মাগো ! মা ভৈঃ মা ভৈঃ বুলি,
দেখিবি মা তুই দেখিবি আবার,
জ্বলিবে আগুন হবে ছারখার,
তার মাঝে তুই নাচিবি আবার,
বিজয় মুকুট পরিয়া শিরে ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোর মুখ চেয়ে ভুলেছি সকলি,
বিপদের তরে দিছি হৃদি খুলি,
বজ্রসম বাধা লয়ে করি কেলি,
অটল করিতে হৃদয় আমার,
কর্ আশীর্ব্বাদ পূর্ণ হউক্ সাধ,
স্বরগে দেবতা আসুক ফিরে ॥

(৩৮১)

এই সেই আমার জন্মভূমি সুজলা সুফলা বঙ্গভূমি ।
নীলাম্বুধি বিধৌত চরণ, হিমাদ্রি কিরীট নভ চুমি ॥
হেথা সকলি মধুর, সকলি নূতন,
বিভু কর তুলিত সুন্দর ভুবন,
বিশ্ব চরাচর শান্তি নিকেতন,
মর্ত্তধামে যেন স্বরগ ভূমি ।
স্নিগ্ধ নদীতট শোভিত তপোবন,
হৃদে ধরি পূতমন আর্য্য ঋষিগণ,
গাহিছে বিভূ গুণ মাতায়ে ত্রিভুবন
ধরণী লুটিছে চরণে নমি ।
শস্যরূপে করি করুণা বরিষণ,
রাখিছ জগজন সম্ভ্রম প্রাণ মান,
তোমার সন্তানগণ ত্যাগগুণ ভূষণ,
পুত্ররূপে স্বয়ং জননী তুমি ।
জগজনে মাগিছে বিলাস বিভব,
দিতেছ সবারে আপন সম্পদ,
আপন তনয়ে দিতেছ মুক্তিপদ
ধরাধামে যাহা পরশমণি !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশীর্ব্বাদ করো মাগো ! আপন সন্তানে,
থাকে যেন মতি সদা ও রাঙা চরণে,
তোমারে মা বলিলে আনন্দে হৃদি উথলে,
জন্মজনমের জননী তুমি ॥

(৩৮২)

ছুটেছি কি জানি কোন টানে !
ওপারে ঐ ডাকছে বাঁশী, আকুল তানে ॥
সংসার সাগরে আমি পথহারা তরীখানি,
বাহিয়ে চলেছি সখা ! কূল কোথা নাহি জানি ;
অকূলে কূলকাণ্ডারী, শুনেছি তুমি শ্রীহরি !
ভরসা রেখেছি শুধু এইটুকু প্রাণে !
হৃদয় আকাশে হরি ! স্থির ধ্রুব তারা তুমি,
লক্ষ্য ভ্রষ্ট হেন কভু ভুলেও না হই আমি,
কাতরে মিনতি করি, চরণে ঠেলোনা হরি !
ভুলিনা তোমারে যেন জীবনে মরণে !!

(৩৮৩)

নাচিছে কেন গো হিয়া আমারি, শ্বাসের পবন সঘন বয় !
কার আগমন আশয়ে নয়ন, পথপানে যেন চাহিয়া রয় !!
আসিবে বুঝি বা বঁধু মোরি,
এ সব সূচনা বুঝি তারি
স্বাগত বঁধু কেমনে করি, কেমনে জানাবো মোর প্রণয় !
এলে প্রাণবঁধু দিব পাতি,
হৃদয় আসন পূত অতি,
অঞ্জলি দিবগো পরাপ্রীতি, আকুল আবেগ ভরা হৃদয় ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্বেলেছি প্রদীপ ধূপখানি,
সাজায়ে রেখেছি পুষ্প আনি,
তবুও কত ত্রুটি না জানি, সসঙ্কোচ মনে কেমন ভয়।

(৩৮৪)

ঐ যে আসিছে আমার বঁধুয়া বাহিয়া বাহিয়া পারের তরী।
শুনিয়ে বাঁশরী বাজিছে তাঁহারি, নাচিছে হৃদয় পুলকে মোরি॥
আমিও সেজেছি যাত্রাবেশে, লবে তুমি মোরে হেঁসে হেঁসে
যাবো দোঁহে সেথা ভেসে ভেসে, আনন্দ হিল্লোলে কনকপুরী।
গাহিছে প্রকৃতি প্রেমে মাতি,
বঁধুর মিলন মধু রাতি,
হাঁসিছে গগন জ্বালি বাতি, রবি শশী তারা বিমানচারী।
বহিছে হৃদয়ে প্রেমধারা,
ভুবন ভাসায়ে ক্ষিপ্ত পারা,
ছুটিছে বঁধু গো দিশেহারা, মিলাতে তোমাতে পরাণ তারি।

ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভুল সংশোধন

ভুল	শুদ্ধ	পৃষ্ঠা	গীত নং
মমুনা	যমুনা	১২	২৯
বথ্যার	ব্যথার	১৫	৩৬
কাদি	কাঁদি	১৬	৪০
ব্যাথিতের	ব্যথিতের	২৫	৬১
ব্যথি	ব্যথী	৩২	৮০
কুঠির	কুটির	৩৩	৮২
আসে	আশে	৪৯	১২১
বধু	বঁধু	৪৯	১২১
সুথে	সুখে	৬৯	১৭৫
প্রেত	প্রেম	৬৯	১৭৫
ক্রটি	ত্রুটি	৬৯	১৭৬
পাখী	পথি	৭৫	১৯০
পূণিমা	পূর্ণিমা	৮১	২০৬
বুভুক্ষ	বুভুক্ষু	৮২	২০৮
হারনিধু	হারানিধি	৮২	২০৯
ফুরালো	পুরালো	৮৪	২১৩
মাথিয়া	মাখিয়া	৮৬	২১৮
ভালবাসা	ভালবাস	৮৭	২২১
অর্ধ	অর্ঘ	৯২	২৩৩
সাথি	সাথী	৯৬	২৪৩
ক্রটি	ত্রুটি	৯৮	২৪৮
মনোমোহ	মনোমোহন	৯৮	২৪৯
ভোরে	ডোরে	১০৩	২৭০
আবার	আমার	১০৮	৩৪৭
ভেঙ্গেছে	ভেঙ্গেছ	১৩৯	৩৪৭
হৃদয়	হৃদয়	১৪৪	৩৬১
যুকক	যুবক	১৵০	১৯ লাইন
মহায়	মহাশয়	১।০	৩য় লাইন
সামন্দ	সানন্দ	১॥০	২য় লাইন
তব্রুণ	তরুণ	১॥০	২৩ লাইন
জমনী	জননী	২।০	১৮ লাইন
মিষ্প্রয়োজন	নিষ্প্রয়োজন	২।৵০	৫ লাইন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশকের নিবেদন

তমিস্রা রজনীর শেষে যখন নবোদিত অরুণের সাত রঙের আলো দিক্‌চক্রবালে ছড়িয়ে পড়ে' সৃষ্টির নবজাগরণ ঘোষণা করে—, তখন কাহারও আবেদন নিবেদনের অপেক্ষা করে না। কিন্তু তবুও পাখীরা গান গেয়ে বন্দনা জানায়, ফুলগুলি ফুটে উঠে সুগন্ধি ঢেলে অর্চ্চনা করে, মন্দিরে মন্দিরে প্রভাত আরতির ঘণ্টা-কাঁসর বাজে, মস্‌জিদে মস্‌জিদে আজানের সুর ওঠে, গির্জায় গির্জায় ঘণ্টা বাজে। সমগ্র বিশ্ব যেন একটি বন্দনার একতারাতে একটি সুরই বাজায়। কেন এমন হয়? যিনি নিরাকার, নির্গুণ, অব্যক্ত, অবাঙ্‌মনসোগচরম্ তিনি কিসের লোভে 'একমেব' হয়ে বহুধা প্রকাশে অনন্ত রূপের মাধুর্য্য আস্বাদনের জন্য, এই বিশ্ব ময় রূপে, রসে, গন্ধে, আপনাকে ছড়িয়ে দেন?

এই প্রশ্নের উত্তরই মানুষ খুঁজছে অনন্তকাল ধরে'। সৎ চিৎ আনন্দকে লাভ করাই মানুষের উদ্দেশ্য এই কথাই সকল ধর্মশাস্ত্রে ও সমস্ত জ্ঞানীগণ বলেছেন।—এই ক্ষুদ্র শ্রীগুরুসেবক সঙ্ঘ আজ সেই আনন্দের একটি দীপশিখা সেই বিশ্বদেবতার অঙ্গনে জ্বালিয়ে দিয়ে, ব'লছে,—

'সৃষ্টি স্থিতি প্রলয়ের মহা আবর্ত্তনে,
রাখিনু চরণ প্রান্তে একটি প্রণাম।'

যাঁর কাছে যা পাওয়া যায় তার জন্য তাঁকে ধন্যবাদ বা কৃতজ্ঞতা জানিয়ে কতটুকু ঋণ শোধ করা যায়? বরঞ্চ নীরব কৃতজ্ঞতাই দাতা ও গ্রহীতা উভয়কেই মহিমামণ্ডিত করে। কিন্তু তবুও কিছুটা প্রকাশ করা, কর্ত্তব্যে দাঁড়িয়েছে। তাই এই ক্ষুদ্র সঙ্ঘ প্রথম কৃতজ্ঞতা জানাচ্ছে সঙ্ঘপতি ভাগবদাচার্য্য শ্রীবৈদ্যনাথ শাস্ত্রী মহাশয়কে, যাঁর মনে এই গ্রন্থ প্রকাশিত করার সঙ্কল্প প্রথম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অঙ্কুরিত হয়েছিল। তারপর সেই অঙ্কুরে জল সেচন করলেন শ্রীরাখালদাস চক্ররর্ত্তী, লেখকের পূর্ব্বাশ্রমের সম্পর্কে অনুজ এবং তাঁহার প্রতিষ্ঠিত 'শান্তিধাম' আশ্রমের সেবাইৎ ও পরিচালক। তিনি ইং ১৯৬৩ সালের ২৩শে জুন তারিখের পত্র দ্বারা দান করলেন এই পুস্তকের সর্ব্বস্বত্ব পূর্ব্বোক্ত শাস্ত্রীজীকে বা তাঁহার মনোনীত যে কোন ব্যক্তি বা সঙ্ঘকে। অতঃপর শাস্ত্রীজী উক্ত সর্ব্বস্বত্ব এই শ্রীগুরুসেবক সঙ্ঘকে দান করলেন তাঁর ইং ৩০শে অক্টোবর ১৯৬৫ সালের পত্র দ্বারা। সুতরাং এই সঙ্ঘ রাখালবাবু ও শাস্ত্রী মহাশয় উভয় দাতাকেই বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছে। বনফুল ফুটে, লুকিয়েছিল তাকে রক্ষা করে এসেছিলেন, তারপর প্রকাশের সুযোগ দিয়ে নিজেকে ধন্য করলেন। এই গ্রন্থের অধিকাংশ রচিভ হয়েছিল গ্রন্থকারের 'গীতাশ্রম' নামধেয় আশ্রমে, চন্দননগরে। ইহার কতকগুলি রচনা তাঁর ছাত্রজীবনের, আবার কতকগুলি রচনা ব্রহ্মচর্য্য গ্রহণের কিছু পরেই। 'বনফুল' যখনই ফুটুক, তাহার সৌরভে ভক্ত মধুপকুল আকৃষ্ট হয়।

তারপর এই অর্থসঙ্কট সমস্যাময় দিনেও অর্থানুকুল্য এলো তাঁর শিষ্য ও ভক্তদের কাছ হ'তে। তাঁদের নাম উল্লেখ করে বিব্রত করতে চাই না। তাঁরা তাঁদের কর্ত্তব্যই করেছেন, এবং যাঁরা প্রথম অগ্রণী হয়ে এই কাজে উৎসাহ দিয়েছেন এবং পরে এই কাজে সাহায্য করেছেন তাঁদের সবাইকে জানাই আন্তরিক অভিনন্দন।

যাঁরা যাঁরা মূল পাণ্ডুলিপি থেকে, পরিশ্রম করে' গীতগুলিকে মুদ্রণ যন্ত্রালয়ে পাঠাবার জন্য নকল ক'রে দিয়েছেন তাঁরাও বিশেষ-ভাবে ধন্যবাদার্হ। তাঁদের নাম উহ্য রাখলাম। অতঃপর কলিকাতার বিশিষ্ট মুদ্রণশিল্প প্রতিষ্ঠান এম. আই. প্রেসের (৩০ নং গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫) সঙ্গে যোগাযোগ করে দিলেন—স্বনামখ্যাত অধ্যাপক শ্রীলাবণ্যলাল মুখোপাধ্যায় (ঐতিহাসিক শ্রীএল. মুখার্জ্জি, পি. ২৬ গড়িয়াহাট রোড)। উক্ত প্রেস এবং বিশিষ্ট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুস্তক ব্যবসায়ী মণ্ডল ব্রাদার্স কোং (৫৪ বি কলেজ ষ্ট্রীট) যথেষ্ট আনুকূল্য ও সাহায্য করেছেন।

তারপর স্বনামধন্য সাহিত্যিক শ্রীঅচিন্ত্যকুমার সেনগুপ্ত একটি-মাত্র অনুরোধেই লিখে দিলেন এই গীতগ্রন্থের ভূমিকা তাঁর সরস সাবলীল হৃদয়স্পর্শী লেখনীতে। তিনি বলেছেন, 'এই গীতি-মালিকা একটিমাত্র ফুলে গাঁথা, আর সে ফুলটির নাম ভক্তি।' তাঁর ভূমিকাটিও একটি মাত্র ফুলে গাঁথা, আর সে ফুলটির নাম শ্রদ্ধা। তাঁকেও আমরা আমাদের আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

এই গ্রন্থের সমস্ত গীতগুলির সুর ও তাল নির্ণয় করে দিয়েছেন— বহু পরিশ্রম স্বীকার করে—, পূর্ব্বোক্ত পণ্ডিতপ্রবর ৺কুমুদবান্ধব চট্টোপাধ্যায় এম. এ. বিদ্যারত্ন মহোদয়ের জ্যেষ্ঠ পুত্র শ্রীনীরোজ বান্ধব চট্টোপাধ্যায় (৫৭।এ কারবালা ট্যাঙ্ক লেন, কলিকাতা ৬ নিবাসী) ও তাঁহার বৈবাহিক শিবপুর নিবাসী শ্রীজিতেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় এবং জামাতা শ্রীকানাইলাল গঙ্গোপাধ্যায়, এবং পাতিপুকুর নিবাসী প্রবীণ সঙ্গীত শিক্ষক শ্রীহরেন্দ্রনাথ চক্রবর্ত্তী মহাশয়। যে সকল ভক্তগায়ক এই অপূর্ব্ব মনোরম ভক্তি ও জ্ঞানমূলক সঙ্গীতগুলির চর্চ্চা করবেন, তাঁরা পূর্ব্বোক্ত সুরকারগণের কথা স্মরণ করবেন। তাঁদের প্রতি আমরা আমাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করা ছাড়া অন্য কোনই প্রতিদান দিতে পারলাম না।

প্রবীন ও নিপুণ শিল্পী শ্রীগুণেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় (৯ সীতানাথ রোড, কলিকাতা ৬ নিবাসী) এই পুস্তকের প্রচ্ছদপটের চিত্রটি অঙ্কিত করে দান করেছেন, এবং বিখ্যাত ভারত-ফটো-টাইপ ষ্টুডিওর (৭২।১ কলেজ ষ্ট্রীট, কলিকাতা ১২) মালিক শ্রীঅজিত কুমার গুপ্ত, তাহার ব্লক প্রস্তুত করা ও প্রচ্ছদপট ছাপার কাজে আমাদের বিশেষ আনুকূল্য করে ধন্যবাদার্হ হয়েছেন।

এই পুস্তক প্রকাশের আনুকূল্যে চাঁদা প্রদানকারী সকলেই সাধারণ সমিতির সদস্য। উপস্থিত এরূপ সদস্য তের জন আছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে কোন শিষ্য শিষ্যা বা ভক্তই এরূপ সদস্য হবার জন্য সম্পাদক বা যুগ্ম সম্পাদককে লিখিতে পারেন। বই প্রকাশিত হবার পর তাঁদের নাম-ধাম ও ডাকমাশুল পেলেই পুস্তক পাঠানো হবে। বর্ত্তমানে এগার শত পুস্তক ছাপানো হলো এবং ইহার বহু সংখ্যকই বিনামূল্যে বিতরণের ইচ্ছা। দ্বিতীয় সংস্করণ প্রকাশ হওয়ার যোগাযোগ হওয়া না হওয়া তাঁর ইচ্ছার উপর নির্ভর।

প্রকাশকের নিবেদনের শেষে আন্তরিক প্রার্থনা এই যে,—হে আর্য্য, হে প্রভো, হে ব্রহ্মজ্ঞ, হে অমৃতময়, হে জ্যোতির্ম্ময়, হে আনন্দময়, হে অনাদি, হে অনন্ত, হে দয়িত, হে কাণ্ডারী, তুমি যুগে যুগে ছিলে, আছ, এবং আবার এসো!

ওঁ নিতং শুদ্ধং নিরাভাসং নিরাকারং নিরঞ্জনং
নিত্যবোধং চিদানন্দং গুরুংব্রহ্ম বয়ং নুমঃ।

ওঁ নিত্য, শুদ্ধ, নিরাভাস, নিরাকার, নিরঞ্জন,
নিত্যবোধ, চিদানন্দ, গুরুব্রহ্ম নমোনমঃ।
ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ

ইতি—
শ্রীগুরুসেবক সঙ্ঘ পক্ষে,—নিবেদক
সম্পাদক—গৌরীশঙ্কর চট্টোপাধ্যায়।
যুগ্ম সম্পাদক—দেবব্রত বন্দ্যোপধ্যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi